অত্র রুলটিতে যে প্রশ্ন উত্থাপিত হয়েছে তা সংবিধান সম্পর্কিত। আমরা সকলেই জানি, সংবিধান হল একটি রাষ্ট্রের সর্বোচ্চ আইন। ১৯৭২ সালে ১৬ই ডিসেম্বর সংবিধান প্রবর্তন হওয়ার পর হতে আজ পর্যন্ত সংবিধান ১৬ (ষোল) বার সংশোধিত হয়েছে। তন্মধ্যে অত্র ষোড়শ সংশোধনী সহ আরও ৪টি সংশোধনী তথা সংবিধান পঞ্চম সংশোধনী, সংবিধান সপ্তম সংশোধনী, সংবিধান অষ্টম সংশোধনী এবং সংবিধান ত্রয়োদশ সংশোধনীর বৈধতার প্রশ্নে দায়ের করা মামলা নিষ্পত্তি হয়েছে।

স্বভাবতই সংবিধান সংক্রান্ত মামলা জাতির জন্য অতি গুরুত্বপূর্ণ। কারণ এইসব মামলার রায় থেকে জনগণ তাদের পবিত্র সংবিধানকে আরও বেশি গভীরভাবে জানতে এবং বুঝতে পারে। পূর্বতন ৪টি সংবিধান সংশোধন মামলাই বিচার বিভাগের ইতিহাসে গুরুত্বপূর্ণ। উপরে উল্লিখিত ঐতিহাসিক মামলাগুলো ভবিষ্যৎ সকল সাংবিধানিক সংকটে আমাদেরকে পথ দেখাবে। এই ধরনের মামলা জাতির আলোকবর্তিকা হিসেবে কাজ করে। সে কারণে এই ধরনের গুরুত্বপূর্ণ মামলাসমূহের রায় পড়ার জন্য প্রতিটি নাগরিকের অসীম আগ্রহ।

সে প্রেক্ষিতে আমি মনে করি, এই ধরনের জনগুরুত্বপূর্ণ সম্পন্ন মামলাসমূহ, বিশেষ করে সংবিধান সংশোধন সংক্রান্ত মামলাসমূহ এবং যেসব মামলায় সংবিধানের গুরুত্বপূর্ণ ব্যাখ্যা বিশ্লেষণ করা হয় সেই সব মামলাসমূহের রায় অবশ্যই বাংলায় প্রদান করা ন্যায়সঙ্গত।

আমাদের সংবিধানের অনুচ্ছেদ ৩ মোতাবেক প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা। সুপ্রীম কোর্ট এই প্রজাতন্ত্রের একটি বিভাগ। সুতরাং এটা বলার অপেক্ষা রাখে না যে সুপ্রীম কোর্টের ভাষা বাংলা। অর্থাৎ সংবিধান মোতাবেক সুপ্রীম কোর্টের ভাষা বাংলা। সংবিধান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে বাংলা ভিন্ন অন্য কোন ভাষার ব্যবহার সম্পর্কে বলে নাই। সংবিধানের অনুচ্ছেদ ২৩ মোতাবেক রাষ্ট্র জনগণের সাংস্কৃতি ঐতিহ্য ও উত্তরাধিকার রক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণ করবেন এবং জাতীয় ভাষা সাহিত্য ও শিল্পকলাসমূহের এমন পরিপোষণ ও উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করবেন, যাতে সর্বস্তরের জনগণ জাতীয় সংস্কৃতির সমৃদ্ধিতে অবদান রাখার ও অংশগ্রহণ করার সুযোগ লাভ করতে পারে।

তবে আমরা কেন বাংলায় রায় না লিখে ইংরেজীতে রায় লিখছি?

বাংলাদেশ আইন সমিতি কর্তৃক প্রকাশিত “উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার- প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা” গ্রন্থে ভাষা সৈনিক এবং একুশে আন্দোলনের শীর্ষ নেতা আব্দুল মতিন বলেন যে,

“আইনের সর্বক্ষেত্রে আমরা বাংলাকে প্রয়োগ করতে পারি এবং আমি দু’ একটি লোয়ার কোর্টের রায়ে দেখেছি, বাংলায় যখন রায় হয় তখন বেশ বুঝতে পারা যায় বরং ইংরেজি ভাষায় রায় দেওয়া হলে অনেক সময় বুঝতে পারা যায় না। এত জটিল ভাষা এমনভাবে ব্যবহার করা হয়, তার নিরিখে করা কঠিন হয়ে পড়ে আমাদের মতো সাধারণ মানুষের জন্য। তো, এখন আমরা কোথায় যাব? বহু সাধনা, বহু রক্তের বিনিময়ে আমরা রাষ্ট্রভাষা হিসেবে বাংলার মর্যাদা অর্জন করেছি, আমরা একে রক্ষা করতে পারি। যে যত বিরোধিতা করুক, যে যতই কষ্ট করুক এর অবমাননা হতে দেওয়া যায় না।”

বাংলাদেশ আইন সমিতি কর্তৃক প্রকাশিত “উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার- প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা” গ্রন্থে ড. সাখাওয়াত আনসারী বলেন যে,

“বাংলা ভাষায় রচিত পৃথিবীর একমাত্র সংবিধান এই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান। বাহাল্লুর ভাষা আন্দোলনের অবশ্যস্বার্থী পরিণতিতে বাংলা নামের যে-স্বাধীন দেশের জন্ম, তার সংবিধানে বাংলাকে স্বীকৃতিদান

ব্যাপক গুরুত্ববহ। প্রয়োজনীয় সর্বস্তরে বাংলা ভাষা প্রচলনের দাবির মূল সোপানটি যে তাই সংবিধানের ৩ অনুচ্ছেদেই উণ্ড, তাতে সন্দেহ পোষণের ও কিছু নেই।”

বাংলাদেশ আইন সমিতি কর্তৃক প্রকাশিত “উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার- প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা” গ্রন্থে গাজী শামছুর রহমান বলেন যে,

“বাংলাদেশের রাষ্ট্রভাষা যে বাংলা, তা সংবিধান বলে দিয়েছে। সংবিধান বলেনি যে রাষ্ট্রভাষা বাংলা হবে, ভবিষ্যৎব্যঞ্জক কোন উক্তি সংবিধানে নেই। সুতরাং বাংলা ভাষা আইনের ক্ষেত্রে ব্যবহৃত হবে কিনা, সে প্রশ্ন একেবারেই অবাস্তর। সকল ক্ষেত্রে রাষ্ট্রভাষা বাংলা হয়েই আছে।

আইনের পরিভাষার মূল সাহিত্য বা রম্য রচনার তুলনায় বেশি গুরুত্বপূর্ণ। প্রত্যেক পারিভাষিক শব্দকে সাধারণভাবে আইনের ক্ষেত্রে একটিমাত্র অর্থ বহন করতে হয়।

আইন বিষয়ে অনেক বই রচনার সৌভাগ্য আমার হয়েছে। চারটি ছাড়া অন্য সবগুলো বই বাংলাতে লেখা। এই কাজ করতে গিয়ে আমার নিশ্চিত প্রতীতি জন্মেছে যে বাংলা ভাষার শক্তি এবং যোগ্যতা সম্পর্কে সংশয় প্রকাশ মূর্খতারই নামান্তর। পরাধীনতাজনিত হীনমন্যতা কাটিয়ে উঠতে পারলে এই সংশয় আর থাকে না। তদুপরি একখানি পরিভাষা টেবিলে থাকলে ভাষান্তরকালে সাময়িক অসুবিধা থেকে সহজেই পরিত্রাণ পাওয়া যায়। দেশের আইন এখনো ইংরেজি ভাষার নিগড়ে আবদ্ধ। ঐ নিগড় ভেঙ্গে আইনকে মুক্তি দিতে হবে।”

বাংলাদেশ আইন সমিতি কর্তৃক প্রকাশিত “উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার- প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা” গ্রন্থে ভাষা সৈনিক ও সিনিয়র এডভোকেট, জনাব গাজীউল হক বলেন যে,

“সর্বজন শ্রদ্ধেয় জ্ঞানতাপস ড. মুহাম্মদ শহীদুল্লাহ যে অভিভাষণ দিয়েছেন তার কিছুদিন আগে ১৯৪৭ সালের সেপ্টেম্বর মাসের ৭ তারিখে বাংলাদেশের স্থপতি, সে দিনের তরুণ নেতা যৌবনের আবেগে নয় শান্ত, স্থির, অচঞ্চল কণ্ঠে ঘোষণা করেছিলেন আমাদের মাতৃভাষা “বাংলা ভাষাকে পূর্ব পাকিস্তানের শিক্ষার বাহন ও আইন আদালতের ভাষা করা হউক” এটি ছিলো একটি যুগান্তকারী ঘোষণা, যার দ্বারা সমস্ত জাতি উদ্বেলিত হয়েছিল। যেখানে শত্রুরা প্রতিমূহূর্তে শত্রুতার কার্যে লিপ্ত সেখানে বাংলা ভাষার অঙ্গীকারকে সমগ্র চেতনায় পরিব্যাপ্ত করে একটি আলোর শিখা প্রজ্জ্বলিত করে, ঐ চেতনার আলোকে সমগ্রজাতিকে পথপ্রদর্শন করার আন্তরিকতার ছিল একান্ত অভাব, যার ফলে একুশে ফেব্রুয়ারি বিশ্বের মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণার জন্য যে উন্মাদনার সৃষ্টি হয় তা হয় ক্ষণিকের আবেগে। কেননা সে ভাষার প্রতি আবেগ এবং ভালোবাসাকে চিরন্তন করে রাখার জন্য

কেউ আর এগিয়ে আসেন না। সবাই যেন ভুলতে চেষ্টা করেন কত তাড়াতাড়ি অর্জনের গৌরবটুকু কী করে ভোলা যায়। ফলে আজও উচ্চতর আদালতে বাংলা ভাষার প্রচলন হয়নি। যদিও বাঙালিদের ২১ ফেব্রুয়ারি আজ বিশ্বের মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃত।”

বাংলাদেশ আইন সমিতি কর্তৃক প্রকাশিত “উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার- প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা” গ্রন্থে মোহাম্মদ নজরুল ইসলাম, আইনজীবী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বলেন যে,

“আমি মোটেই মনে করি না বাংলাদেশের উচ্চ আদালতসহ প্রজাতন্ত্রের সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার নিশ্চিত করার ক্ষেত্রে কোনো প্রকৃত আইনি প্রতিবন্ধকতা আছে বা থাকতে পারে। এক্ষেত্রে আইনি প্রতিবন্ধকতা স্বরূপে যা কিছু অবতারণা করা হয় সে সব কিছুকে আমি আইনের আবর্জনা নামে এক কথায় বেড়ে ফেলতে চাই।”

বাংলাদেশ আইন সমিতি কর্তৃক প্রকাশিত “উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার- প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা” শীর্ষক গ্রন্থে মিজানুর রহমান খান (যুগ্ম-সম্পাদক, প্রথম আলো) বলেন যে,

“সম্ভবত উচ্চ আদালতে বাংলা চালুর সবচেয়ে বড় বাধা মনোজাতিক। এর সঙ্গে একশ্রেণীর আদালতকেন্দ্রিক মানুষের স্বদেশি ঠকানোর ধান্দাও আছে।..... আদালতের ইংরেজী চর্চা সংবিধানের ৩৫(৩) অনুচ্ছেদে বর্ণিত ‘প্রকাশ্য বিচারের’ ধারণার পরিপন্থী। কারণ, ইংরেজী না-জানা লোকের কাছে গোপন বিচার আর প্রকাশ্য বিচারের পার্থক্য নেই। তাঁকে দুর্বোধ্যতার অন্ধকারে রাখতে বা ঠকাতে পারে যে কেউ। অথচ বাংলাদেশ নামের রাষ্ট্রের জন্মের আগেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন, ‘আমরা ক্ষমতা নেওয়ার সঙ্গে সঙ্গে সর্বত্র বাংলা চালু করে দেব। সে বাংলা যদি ভুল হয়, তবে ভুলই চালু হবে। পরে সংশোধন করে নেব।’..... বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট উদ্বোধন করতে গিয়ে ১৯৯৮ সালের ১ মার্চ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ‘সকল স্তরের আদালতে’ বাংলায় নিপুণভাবে রায়ের জন্য ইনস্টিটিউটকে ব্যবস্থা নিতে বলেছিলেন।”

“বিচারপ্রার্থীর অধিকার সম্পর্কে জাতিসংঘের ইন্টারন্যাশনাল কোভেন্যান্ট অন সিভিল অ্যান্ড পলিটিক্যাল রাইটস আইসিপিপিআরে দুটি বিধান আছে। বাংলাদেশ ২০০০ সালের ৬ সেপ্টেম্বর এটি সই করেছে। এই সনদের যেসব বিষয়ে বাংলাদেশ তার অনিচ্ছা ব্যক্ত করেছে, তার মধ্যে এই বিধান দুটি নেই। সুতরাং বাংলাদেশের উচ্চ আদালত সংসদের পাস করা কোনো মামুলি বিধানের বিচ্যুতি করেছে কি না জানি না, তবে মানবাধিকারের গুরুত্বপূর্ণ সনদ হিসেবে আইসিপিপিআরএর নিশ্চয় ব্যত্যয় ঘটাবে। এর ১৪ ধারার ৩ দফার দুটি উপ-দফা বলছে, a) To be informed promptly and in detail in a language which he understands of the nature and cause of the charge against him; (f) To have the free assistance of an interpreter if he cannot understand

or speak the language used in court. সুতরাং ভাষার অধিকারের সঙ্গে মানবাধিকারের সম্পর্ক অবিচ্ছেদ্য।.....”

“একুশে ফেব্রুয়ারির দেশে, আন্তর্জাতিক মাতৃভাষার দেশের উচ্চ আদালতে ভাষাগত মানবাধিকারের অব্যাহত লঙ্ঘনের অবসান হোক।”

বাংলাদেশ আইন সমিতি কর্তৃক প্রকাশিত “উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার- প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা” শীর্ষক গ্রন্থে ড. সলিমুল্লাহ খান, অধ্যাপক (ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস, বাংলাদেশ) বলেন যে,

“‘বাংলাদেশ সুপ্রীমকোর্ট’ বাংলা ব্যবহার না করে ইংরেজী ব্যবহার করছেন। জাতির সামনে প্রস্তাব; ‘রাষ্ট্রভাষা’ ব্যবহার না করে জাতীয় আদালতে ‘পররাষ্ট্রভাষা’র অবাধ ব্যবহার কি সংবিধানের লঙ্ঘন, না লঙ্ঘন নয়? ইংরেজি পক্ষ বলছেন, সুপ্রীমকোর্টে ইংরেজি ব্যবহার সংবিধানের লঙ্ঘন নয়। আমরা মনে করি তাদের এই মতটি যুক্তিসঙ্গত নয়। তাদের যুক্তি ‘পররাষ্ট্র মন্ত্রণালয়’ ইংরেজি চালায়। তো সুপ্রীমকোর্ট নয় কেন? বাংলাদেশের সংবিধানে ‘পররাষ্ট্রভাষা’ বলে কোন বিধান নেই। যদি থাকত তবে সন্দেহ নেই সেই ভাষা ইংরেজিই হতো। কিন্তু সুপ্রীমকোর্ট নির্বাহী বিভাগের অধীন সংস্থা নয়। সুপ্রীমকোর্ট সর্বোচ্চ কিন্তু সাধারণ ও জাতীয় আদালত। ‘পররাষ্ট্র মন্ত্রণালয়’ বিশেষ নির্বাহী সংস্থা। ১৯৮৭ সালের বাংলা প্রচলন আইনে সে সত্যের স্বীকৃতি আছে। আমাদের আলোচনার বিষয় ‘পররাষ্ট্র ভাষা’ নয় ‘রাষ্ট্রভাষা’। সুপ্রীমকোর্টে ইংরেজি মেনে নেয়ার তিন অর্থ দাঁড়ায়। এক অর্থ বাংলাদেশের ‘রাষ্ট্রভাষা’ বাংলা নয় ইংরেজিও। দ্বিতীয় অর্থ ‘সুপ্রীমকোর্ট’ রাষ্ট্রের অংশ নয়। দুই অর্থই সমান অগ্রহণযোগ্য। তৃতীয় অর্থ আরো আপত্তিকর। ইংরেজি পক্ষ বলছেন সংবিধানের ৩ নম্বর অনুচ্ছেদ-সাপেক্ষে প্রণীত ১৯৮৭ সালের বাংলা ভাষা প্রচলন আইন অপূর্ণাঙ্গ। এই আইন ‘বেসরকারি’ প্রতিষ্ঠানে ইংরেজির ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করেনি। ‘বাংলাদেশ সুপ্রীমকোর্ট’ ও কি তবে বেসরকারি প্রতিষ্ঠান? ‘সুপ্রীম কোর্ট’ বেসরকারী খাতে ছেড়ে দেওয়ার প্রস্তাব যতদূর জানি বিশ্বব্যাপক পর্যন্ত দেয়নি।”

“আসল কথাটা রবীন্দ্রনাথই বলে রেখেছেন: কোনো শিক্ষাকে স্থায়ী করিতে গেলে, গভীর করিতে হইলে, ব্যাপক করিতে হইলে তাহাকে চিরপরিচিত মাতৃভাষায় বিগলিত করিয়া দিতে হয়। যে ভাষা দেশের সর্বত্র সমীরিত, যাহাতে সমস্ত জাতির মানসিক নিঃশ্বাস প্রশ্বাস নিষ্পন্ন হইতেছে, শিক্ষাকে সেই ভাষার মধ্যে মিশ্রিত করিলে তবে সমস্ত জাতির রক্তকে বিশুদ্ধ করিতে পারে, সমস্ত জাতির জীবনক্রিয়ার সহিত তাহার যোগসাধন হয়। বৌদ্ধ সেই জন্য পালি ভাষায় ধর্ম প্রচার করিয়াছেন, চৈতন্য বঙ্গভাষায় তাঁহার প্রেমাবেগ সর্বসাধারণের অন্তরে সঞ্চারিত করিয়া দিয়াছিলেন।

জাতীয় ভাষানীতির আসল কথা জাতি গঠন। শিক্ষা সার্বজনীন না হলে জাতি গঠন হয় না। যে গড়ে ওঠে না বিশ্ববাজারে তাকে কেবল গড়াতে হয়। সে দাসজাতিতে পরিণত হয়। ইংরেজি খুব ভালো ভাষা। তবুও তো ২০০ বছর ইংরেজি পড়ার পরও ভারতে

শতে ২ জন ইংরেজি বোঝে না। এই তথ্য থেকে আমাদের নেওয়ার কোন শিক্ষাই কি নেই? আমাদের শিক্ষার মান বর্তমানে এত যে খারাপ তার মূল কারণ জাতি গড়ার আয়োজন নেই। আমাদের জাতি গড়ছে না, গড়াচ্ছে। বিশ্ববাজারে প্রতিযোগী হওয়ার প্রথম শর্ত জাতীয় রাষ্ট্র জাতীয় বাজার ও স্বর্বেপরি জাতীয় ভাষা। এ সত্যে যারা সন্দেহ করেন তাদের বলি আবার ভেবে দেখুন জাতীয় ভাষাই প্রজাতন্ত্রের পর প্রকৃত ভিত্তি।”

বাংলাদেশ আইন সমিতি কর্তৃক প্রকাশিত “উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার- প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা” গ্রন্থে আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর সাবেক বিচারপতি কাজী এবাদুল হক বলেন যে,

“ উচ্চ আদালতে বাংলা প্রতিষ্ঠার কোন বাধা নেই। আইন আছে, তার প্রয়োগের জন্য অনেক আলোচনা ও বিতর্কের চেয়ে বেশি প্রয়োজন একটি মামলা যে, কেন আদালতে ইংরেজি চলবে না। এভাবে রায় আদায় করে নিলেই বাধা যা আছে তা দূর হয়। অন্য দিকে হাশমতউল্লাহ বনাম আজমিরি বেগমের মামলায় হাইকোর্ট বিভাগ বাংলা ভাষার প্রচলন আইন কে সংবিধানের পরিপন্থী বা বেআইনী ঘোষণা না করলেও অধস্তন দেওয়ানী আদালতে ইংরেজি ভাষা ব্যবহার আইনসম্মত বলে ঘোষণা করেছেন। দেওয়ানী কার্যবিধির ১৩৭ ধারার উপর নির্ভর করে এই মামলায় যে রায় দুই বিচারক দিলেন যে বাংলার সঙ্গে ইংরেজি চলবে, সেটাও সঠিক ছিল না। কেননা, একই বিষয়ে যদি পূর্ববর্তী আইনের সঙ্গে পরবর্তী আইনের বিরোধ দেখা দেয়, তাহলে পূর্ববর্তী আইন বাতিল বলে গণ্য হয়। কিন্তু ঐ রায়ের সময় আইনজীবীদের কেউই বিচারকদের এই যুক্তি দিতে ব্যর্থ হন।”

বাংলাদেশ আইন সমিতি কর্তৃক প্রকাশিত “উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার- প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা” গ্রন্থে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক প্রধান উপদেষ্টা ও বাংলাদেশের সাবেক প্রধান বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান- বলেন যে,

“ ন্যায়বিচার যদি সঙ্গুণ হয় এবং জনগণের কল্যানের জন্যই যদি এর কাজ হয়, তবে তা জনগণের ভাষাতেই হওয়া উচিত।..... ”

“আইন সম্পর্কে সম্যক ধারণা মাতৃভাষার মাধ্যমে যত তাড়াতাড়ি বোঝা, শেখা বা শেখানো যায়, তা পরভাষায় সম্ভব নয়। আমাদের ভাষায় পারঙ্গমতা সম্পর্কে আমরা অহেতুক সন্দ্বিহান। দেশের আদালতে যে দ্বৈতশাসন চলছে- নিচের আদালতে বাংলা এবং ওপরের আদালতে ইংরেজি-তার আশু অবসান হওয়া প্রয়োজন।”

“যে-ভাষায় বাংলাদেশের সংবিধানের মতো একটি জটিল বিষয় বিবেচনা করা সম্ভব হয়েছে, হেন মানবিক সমস্যা নেই, যার ওপর সেই ভাষায় কোনো সহজ সিদ্ধান্ত দেওয়া সম্ভব নয়। পরভাষায় আইনচর্চার ফলে আমরা

আইনশাস্ত্রে স্বাভাবিক সহজতা লাভ করিনি, তেমন কোনো মৌলিক অবদানও রাখতে পারিনি।”

“আইন ও বিচার তো দেশের লোকের জন্য। বিদেশিদের সুবিধা-অসুবিধা গোপন ব্যাপার। দেশের রায় বাংলায় লিখতে হবে, যাতে নিরক্ষরও শুনলে কিছু বুঝতে পারে। বিদেশিদের অসুবিধা এখানে সম্পূর্ণ অপ্রাসঙ্গিক। সব সন্দেহ নিরসনকল্পে সংসদের দ্ব্যর্থহীন উদ্যোগ নেওয়া উচিত। দেশের সাধারণ মানুষ যাতে আদালতে সহজে প্রবেশিকার পায়, সে কথা ভেবে ইংল্যান্ডে লর্ড উলফ তাঁর অ্যাকসেস টু জাস্টিস-এ অবোধ্য ও স্বল্পব্যবহৃত লাতিন শব্দ বাদ দেওয়ার সুপারিশ করেন। ‘আমরা কি যাব না তাদের কাছে, যারা শুধু বাংলায় কথা বলে?’—এই আর্ত প্রশ্ন আমরা অনেকবার করেছি। আমরা উত্তর পাইনি।”

“অনেকের ধারণা, বাংলায় লেখা হলে আমাদের রায় কেউ পড়বে না। আমাদের রায় পড়ার জন্য যেন সারা বিশ্ব রাত জেগে বসে আছে। যেসব দেশের সঙ্গে আমাদের স্বার্থ জড়িত এবং বাণিজ্যের সম্পর্ক, সেসব দেশের বেশি কিছু লাইব্রেরিতে গিয়ে আমি দেখেছি, সেখানে বাংলাদেশের ল জার্নাল বা বই নেই বললেই চলে।”

“যাঁরা ফিয়ার জন্য হুজুতে অজুহাত দিতে পারদর্শী, তাঁরা বলেন, ‘সংবিধানের কোথাও বলা হয়নি, সব ধরনের রাষ্ট্রীয় কার্যকলাপ বাংলায় করতে হবে। ইংরেজী ব্যবহার সংবিধান পরিপন্থী হবে না। সংবিধান ইংরেজিকে বাদ দেয়নি, বরং ইংরেজি টেক্সটের বিধান করে দিয়ে ইংরেজিকে গ্রহণ করেছে, ইংরেজিকে একটি ভাষার মাধ্যম হিসেবেই স্বীকৃতি দিয়েছে ইংরেজি ভাষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা স্বীকার করেছে।’ তাঁরা এমন কথাও বলেন যে, ‘স্বাধীনতার অব্যবহিত পরে অনন্যোপায় হয়ে শিল্পের জাতীয়করণ করে আমাদের অব্যবস্থা ও দুর্গতি হয়েছিল, রাষ্ট্রভাষা নিয়ে বাড়াবাড়ি করলে আমাদের অনুরূপ দুর্গতি ঘটবে।’ তাঁদের ধারণা, অশুভবুদ্ধির প্রণোদনায় রাষ্ট্রভাষা নিয়ে নতুন এক ইস্যু তৈরি করা হচ্ছে।”

“১৯৭১ সালের ১৫ ফেব্রুয়ারী বাংলা একাডেমির একুশের অনুষ্ঠানে উদ্বোধনী ভাষণে শেখ মুজিবুর রহমান বলেন, ‘আমি ঘোষণা করছি, আমাদের হাতে যেদিন ক্ষমতা আসবে, সেদিন থেকেই দেশের সর্বস্তরে বাংলা ভাষা চালু হবে। বাংলা ভাষার পন্ডিতেরা পরিভাষা তৈরি করবেন, তার পরে বাংলা ভাষা চালু হবে, সে হবে না। পরিভাষাবিদেদেরা যত খুশি গবেষণা করুন, আমরা ক্ষমতা হাতে নেওয়ার সঙ্গে সঙ্গে বাংলা ভাষা চালু করে দেব, সেই বাংলা যদি ভুল হয়, তবে ভুলই চালু হবে, পরে তা সংশোধন করা হবে।’”

“২৭ বছর পরে ১৯৯৮ সালের ১ মার্চ ঢাকায় বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের উদ্বোধনী অনুষ্ঠানে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ‘আমাদের পবিত্র সংবিধানে আছে, প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ আর প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা। সুপ্রিম কোর্টসহ দেশের সকল আদালতই এই প্রজাতন্ত্রের আদালত।’”

“আইন ও বিচার তো দেশের লোকের জন্য। বিদেশিদের সুবিধা-অসুবিধা গোঁপ ব্যাপার। দেশের রায় বাংলায় লিখতে হবে, যাতে নিরক্ষরও গুনলে কিছু বুঝতে পারে। বিদেশিদের অসুবিধা এখানে সম্পূর্ণ অপ্রাসঙ্গিক। সব সন্দেহ নিরসনকল্পে সংসদের দ্ব্যর্থহীন উদ্যোগ নেওয়া উচিত।”

“ আদালত.....সম্মানিত বিচারকগণও বাঙালি, বিজ্ঞ আইনজীবীগণ বাঙালি এবং বিচারপ্রার্থীগণও ব্যতিক্রম ব্যতিরেকে সবাই বাঙালি। সকল আদালত কর্তৃক ঘোষিত রায় বাংলা ভাষায় হবে, এটাই তো স্বাভাবিক। মুষ্টিমেয় লোকের জন্য এই বিচারব্যবস্থা নয়। এই বিচারব্যবস্থা দেশের সব মানুষের সর্বস্তরের আদালতের সম্মানিত বিচারকগণ নিজের মাতৃভাষায় যেন নিপুনভাবে রায় লিখতে পারেন, এই বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট এ ব্যাপারে গুরুত্বারোপ করবে বলে জনগণ আশা করে।’ প্রধানমন্ত্রীর ভালো করেই জানার কথা, জনগণের আশা প্রায়ই পূরণ হয় না। এখন জনগণের প্রতিনিধিরা জাতীয় সংসদে দ্ব্যর্থহীনভাবে নির্দেশনা না দিলে জনগণের নিজের ভাষায় রায় শোনার সৌভাগ্য হবে না।.....”

“ভাষার দৈন্যমোচন এবং বাংলা ভাষাকে আন্তর্জাতিক মানসম্পন্ন সমৃদ্ধ ভাষাগুলোর সমকক্ষ করে তোলা আমাদের বড় দায়। সেই দায়মোচনে পরিশ্রমবিমুখ না হয়ে নিজেদের একাগ্রচিত্তে নিবেদন করবে সে হবে আমাদের জন্য মঙ্গলময় ও কল্যাণকর।.....”

“ বহুনির্দিষ্ট দ্বিজাতিতত্ত্ব ধ্বংসের বদৌলতে, বাংলা ভাষায় গুণে, সোনার বাংলার সৌভাগ্যে এবং ইতিহাসের দুর্জয়ের গুচ লীলায় বাংলাদেশ আজ এক স্বাধীন সার্বভৌম দেশ। যাঁরা বলেন, ভারতের উচ্চ আদালতে ইংরেজি ভাষার ব্যবহারে কোন অসুবিধা হচ্ছে না; তাঁদের জানা উচিত, ভারত ইংরেজির পথে যে যাত্রা করেছিল, সে ছিল তার জন্য অগস্ত্যযাত্রা। আর্থাবর্ত ও দাক্ষিণাত্যের একমাত্র যোগসূত্র ইংরেজী, যা ছিন্ন হলে বহুজাতির দেশ ভারত ছিন্নভিন্ন হয়ে যেতে পারে। আমরা সেভাবে দুর্ভাবনাগ্রস্থ নই। আমাদের সৌভাগ্য, আমরা নিজের দেশের সর্বোচ্চ আদালতে নিজের ভাষায় রাষ্ট্রের অন্যতম সার্বভৌম ক্ষমতা বিচারকার্য সমাধা করার সুযোগ পেয়েছি। অর্থনৈতিক ক্ষেত্রে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জন সত্ত্বেও আমরা এ দেশটিকে সুযোগ হারানোর দেশ হিসেবে নষ্ট করার জন্য বদ্ধপারিকর।.....”

“উচ্চ আদালতে রাষ্ট্রভাষার সীমাবদ্ধতার কথা না ভেবে তার প্রয়োজনীয়তার কথা আমাদের আগে ভাবতে হবে। দেশের আদালতে যে দেশের জনগণের ভাষা ব্যবহৃত হচ্ছে না, সে তো এক লজ্জাকর ব্যাপার। এ দুর্গতি যত তাড়াতাড়ি দূর হয়, তার জন্য সর্বতোভাবে আমাদের চেষ্টা করতে হবে।”

আবদুল মান্নান খান বনাম বাংলাদেশ {৬৪ ডি,এল,আর (এডি) (২০১২) পাতা-১৬৯ প্যারা ১১৪৮} মামলায় প্রধান বিচারপতি এ,বি,এম, খায়রুল হক বলেন যে,

“এই রায়টি বিশেষ করিয়া আমাদের মাতৃভাষা বাংলায় প্রদান করা হইল কারণ ‘The judicial department comes home in its effect to every man’s fire side (John Marshall)’”

এ পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কিছু বাণী নিম্নে উদ্ধৃত করা হলঃ

মাতৃভাষার অপমান কেউ সহ্য করতে পারে না

-বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

আমি বাঙালি,

বাংলা আমার দেশ,

বাংলা আমার ভাষা।

-বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

এ পর্যায়ে বাংলা ভাষার শ্রেষ্ঠ কয়েকজন কবির কবিতা থেকে এবং বাংলা ভাষার কয়েকজন শ্রেষ্ঠ সাহিত্যিক এর কিছু বাণী নিম্নে উদ্ধৃত করা হলঃ

আমার মাতৃভাষা তিব্বতের গুহাচারী, মনসার দর্পচূর্ণকারী

আরাকানের রাজসভার মণিময় অলঙ্কার, বরেন্দ্রভূমির

বাউলের উদাস আহবান, মাইকেল-রবীন্দ্রনাথ-নজরুল ইসলাম

আমার মাতৃভাষা। আমার মাতৃভাষা বাংলাভাষা।

-মুনীর চৌধুরী

মাগো ওরা বলে

সবার কথা কেড়ে নেবে

তোমার কোলে শুয়ে

গল্প শুনতে দেবে না।

বলো মা তাইকি হয়?

-আবু জাফর ওবায়দুল্লাহ

এ ভাষার মান রাখিতে

হয় যদিবা জীবন দিতে

চার কোটি ভাই রক্ত দিয়ে

পুরাবে এর মনের আশা।

-জসীমউদদীন

আবুল বরকত, সালাম, রফিকউদ্দিন, জব্বার

কি আশ্চর্য, কি বিষণ্ণ নাম! একসার জ্বলন্ত নাম।।

-হাসান হাফিজুর রহমান

রাষ্ট্রভাষা সেই ভাষাই হওয়া উচিত, রাষ্ট্রের অধিকাংশ

মানুষ যে ভাষা ব্যবহার করে এবং আমি মনে করি যে,

বাংলাভাষাই আমাদের রাষ্ট্রের লিংগুয়া ফ্রাংকা।

-ধীরেন্দ্রনাথ দত্ত

সাবাস, বাংলা দেশ, এ পৃথিবী

অবাক তাকিয়ে রয়,

জ্বলেপুড়ে-মরে ছারখার

তবু মাথা নোয়াবার নয়।

-সুকান্ত ভট্টাচার্য

স্বাধীনতা তুমি

শহীদ মিনারে অমর একুশে ফেব্রুয়ারির উজ্জ্বল সভা।

-শামসুর রহমান

জানার কথাকে জানানো

আর হৃদয়ের কথাকে বোধে জাগানো,

এ ছাড়া ভাষার আর-একটা খুব বড়ো কাজ আছে।

সে হচ্ছে কল্পনাকে রূপ দেওয়া।

-রবীন্দ্রনাথ ঠাকুর।

আবার আসিব ফিরে 'ধানসিঁড়িটির তীরে' -এই বাংলায়

হয়তো মানুষ নয়-হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে,

হয়তো ভোরে কাক হয়ে এই কার্তিকের নবাম্বের দেশে

কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল ছায়ায়;

-জীবনানন্দ দাশ

ধনধান্য পুষ্পভরা আমাদের এই বসুন্ধরা,

তাহার মাঝে আছে দেশ এক- সকল দেশের সেরা;

ও সে স্বপ্ন দিয়ে তৈরী সে দেশ স্মৃতি দিয়ে ঘেরা;

এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাক তুমি,

সকল দেশের রাণী সে যে- আমার জন্মভূমি।

-দ্বিজেন্দ্রলাল রায়

জনগণের ভাষা ও রাষ্ট্রভাষা এক না হইলে

প্রকৃত গণতান্ত্রিক রাষ্ট্র গড়িয়া উঠিতে পারে না।

-আবুল মনসুর আহমদ

মাতৃভাষায় যাহার শ্রদ্ধা নাই সে মানুষ নহে।

-মীর মশাররফ হোসেন

যাঁহারা বাংলাদেশে বাংলাভাষাকে ছাড়িয়া কিংবা বাংলার
স্কুল কলেজে শিক্ষার মাধ্যমরূপে অথবা বাংলাদেশের
আইন আদালতের ব্যবহার্য ভাষারূপে উর্দুর পক্ষে
ওকালতি করিতেছেন আমি তাঁহাদিগকে কাণ্ডজ্ঞানবিহীন
পণ্ডিতমূর্খ ভিন্ন আর কিছুই মনে করিতে পারি না।

-মুহম্মদ শহীদুল্লাহ

মোদের গরব, মোদের আশা, আ মরি বাংলা ভাষা!
তোমার কোলে, তোমার বোলে, কতই শান্তি ভালবাসা!

-অতুলপ্রসাদ সেন

নানান দেশে নানান ভাষা।

বিনে স্বদেশীয় ভাষা পূরে কি আশা।

-রামনিধি গুপ্ত

যারে যেই ভাষে প্রভু করিল সৃজন
সেই ভাষ হয় তার অমূল্য রতন।।

-সৈয়দ সুলতান

যে সবে বঙ্গত জন্মি হিংসে বঙ্গবাণী
সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।

-আবদুল হাকিম

মাইকেল মধুসূদন দত্ত বাংলা ভাষা চর্চার পরিবর্তে ইংরেজি ভাষা চর্চাকে ভিখারিসম মানসিকতা হিসেবে উল্লেখ করেছেন তাঁর ‘বঙ্গভাষা’ কবিতায়। ‘বঙ্গভাষা’ কবিতাটি নিম্নে উদ্ধৃত হলোঃ

“বঙ্গভাষা-

মাইকেল মধুসূদন দত্ত

হে বঙ্গ, ভাভারে তব বিবিধ রতন;--
তা সবে, (অবোধ আমি!) অবহেলা করি,
পর-ধন-লোভে মত্ত, করিনু-ভ্রমণ
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচারি।
কাটাইনু বহু দিন সুখ পরিহরি।
অনিদ্রায়, অনাহারে সাঁপি কায়, মনঃ,
মজিনু বিফল তপে অবরণ্যে বরি;--
কেলিনু শৈবালে, ভুলি কমল-কানন।
স্বপ্নে তব কুললক্ষ্মী কয়ে দিলা পরে;--
“ওরে বাছা, মাতৃকোষে রতনের রাজি,
এ ভিখারি-দশা তবে কেন তোর আজি?
যা ফিরি, অজ্ঞান তুই, যারে ফিরি ঘরে।”
পালিলাম আজ্ঞা সুখে পাইলাম কালে
মাতৃভাষা-রূপ খনি, পূর্ণ মণিজালে।।”

আব্দুল গাফফার চৌধুরী রচিত কবিতাটি, যার প্রথম ছয় চরণ একুশের গান হিসাবে পরিচিতি লাভ করেছে, তা নিম্নরূপঃ

আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি

আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি

আমি কি ভুলিতে পারি

ছেলেহারা শত মায়ের অশ্রু গড়ায়ে ফেব্রুয়ারি

আমি কি ভুলিতে পারি

আমার সোনার দেশের রক্তে রাঙানো ফেব্রুয়ারি

আমি কি ভুলিতে পারি।।

জাগো নাগিনীরা জাগো নাগিনীরা জাগো কালবোশেখীরা

শিশু হত্যার বিক্ষোভে আজ কাঁপুক বসুন্ধরা,

দেশের সোনার ছেলে খুন করে রোখে মানুষের দাবী

দিন বদলের ক্রান্তিলগ্নে তবু তোরা পার পাবি?

না, না, না, না খুন রাঙা ইতিহাসে শেষ রায় দেওয়া তারই

একুশে ফেব্রুয়ারি একুশে ফেব্রুয়ারি।

সেদিনও এমনি নীল গগনের বসনে শীতের শেষে

রাত জাগা চাঁদ চুমো খেয়েছিল হেসে;

পথে পথে ফোটে রজনীগন্ধা অলকনন্দা যেন,

এমন সময় ঝড় এলো এক খ্যাপা বুনো।।

সেই আঁধারের পশুদের মুখ চেনা,

তাহাদের তরে মায়ের, বোনের, ভায়ের চরম ঘৃণা

ওরা গুলি ছোঁড়ে এদেশের প্রাণে দেশের দাবীকে রোখে

ওদের ঘৃণ্য পদাঘাত এই সারা বাংলার বুকে

ওরা এদেশের নয়,

দেশের ভাগ্য ওরা করে বিক্রয়

ওরা মানুষের অন্ন, বস্ত্র, শান্তি নিয়েছে কাড়ি

একুশে ফেব্রুয়ারি একুশে ফেব্রুয়ারি।।

তুমি আজ জাগো তুমি আজ জাগো একুশে ফেব্রুয়ারি

আজো জালিমের কারাগারে মরে বীর ছেলে বীর নারী

আমার শহীদ ভায়ের আত্মা ডাকে

জাগো মানুষের সুপ্ত শক্তি হাতে মাঠে ঘাটে বাটে

দারুণ ক্রোধের আগুনে আবার জ্বালানো ফেব্রুয়ারি

একুশে ফেব্রুয়ারি একুশে ফেব্রুয়ারি।।

সুকান্ত ভট্টাচার্য রচিত ‘দুর্মর’ কবিতাটি নিম্নে উদ্ধৃত হলোঃ

হিমালয় থেকে সুন্দরবন, হঠাৎ বাংলাদেশ

কেঁপে কেঁপে ওঠে পদ্মার উচ্ছ্বাসে,

সে কোলাহলে রুদ্ধস্বরের আমি পাই উদ্দেশ

জ্বলে ও মাটিতে ভাঙনের বেগ আসে।

হঠাৎ নিরীহ মাটিতে কখন

জন্ম নিয়েছে সচেতনতার দান,

গত আকালের মৃত্যুকে মুছে

আবার এসেছে বাংলাদেশের প্রাণ।

“হয় দান নয় প্রাণ” এ শব্দে
সারা দেশ দিশাহারা,
একবার মরে ভুলে গেছে আজ
মৃত্যুর ভয় তারা।

সাবাস, বাংলাদেশ, এ পৃথিবী
অবাক তাকিয়ে রয়ঃ
জ্বলে পুড়ে-মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।

এবার লোকের ঘরে ঘরে যাবে
সোনালী নয়কো, রক্তে রঞ্জিন দান,
দেখবে সকলে সেখানে জ্বলছে
দাউ দাউ করে বাংলাদেশের প্রাণ।।

সালাম, রফিক, বরকত, জব্বার এবং শফিউর রহমানসহ অজস্র শহীদের রক্তের বিনিময়ে অর্জিত আমাদের মাতৃভাষা বাংলা ভাষা। পৃথিবীর আর কোন জাতিকে তার মুখের ভাষা তথা মায়ের ভাষায় কথা বলার অধিকারের জন্য রক্ত দিতে হয়নি। তাইতো একুশে ফেব্রুয়ারীর শ্লোগান “মোদের গরব মোদের আশা আ মরি বাংলা ভাষা”, “রাষ্ট্রভাষা বাংলা চাই” এবং “সর্বস্তরে বাংলা ভাষা চালু কর”। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ স্বাধীনের পূর্বেই ১৯৭১ সালের ১৫ই ফেব্রুয়ারী বাংলা একাডেমির একুশের অনুষ্ঠানের উদ্বোধনী ভাষণে দীপ্ত কণ্ঠে ঘোষণা করেছিলেন “আমি ঘোষণা করছি, আমাদের হাতে যেদিন ক্ষমতা আসবে সেদিন থেকেই দেশের সর্বস্তরে বাংলা ভাষা চালু হবে।” তাইতো আমাদের সংবিধানে রাষ্ট্রভাষা হিসেবে শুধুমাত্র বাংলার কথা বলা হয়েছে। বাংলাদেশ পৃথিবীর একমাত্র দেশ যার সংবিধান “বাংলায়” লেখা হয়েছে। আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৮ সালের ১ মার্চ ঢাকায় বিচার প্রশাসন ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের উদ্বোধনী অনুষ্ঠানে বলেন, “আমাদের পবিত্র সংবিধানে আছে, প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ আর প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা। সুপ্রিম কোর্টসহ দেশের সকল আদালতই এই প্রজাতন্ত্রের আদালত।”

উপর্যুক্ত আলোচনায় ইহা কাঁচের মত পরিষ্কার যে, সংবিধান মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্র ভাষা একমাত্র ‘বাংলা ভাষা’। সংবিধানের অনুচ্ছেদ ৭ মোতাবেক এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন। সাংবিধানিক পদাধিকারী সকল ব্যক্তি এই মর্মে শপথ পাঠ করেন যে, তিনি এই সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান করবেন। সুতরাং সংবিধানের নির্দেশনা অনুযায়ী প্রজাতন্ত্রের সকল কর্ম শুধুমাত্র বাংলা ভাষায় হবে। এর অন্যথা অর্থ সংবিধান ভঙ্গ করা। সংবিধান মোতাবেক প্রজাতন্ত্রের তিনটি বিভাগ। আইন বিভাগ, নির্বাহী বিভাগ এবং বিচার বিভাগ। সংবিধান মোতাবেক উপর্যুক্ত তিনটি বিভাগেরই একমাত্র ভাষা ‘বাংলা ভাষা’।

এখন দেখব সংবিধান কি? ইংরেজী Constitution শব্দটির প্রতিশব্দ হিসাবে বাংলায় তিনটি শব্দ ‘গঠনতন্ত্র’, ‘শাসনতন্ত্র’ এবং ‘সংবিধান’ ব্যবহৃত হতে দেখা যায়। তবে, ‘শাসনতন্ত্র’ এবং ‘সংবিধান’ শব্দ দু’টি রাষ্ট্রীয় পর্যায়ের সর্বোচ্চ আইন অর্থে এবং ‘গঠনতন্ত্র’ শব্দটি রাষ্ট্রীয় পর্যায়ের বাইরে সামাজিক, সাংস্কৃতিক বা অন্য কোনো সংগঠনের উদ্দেশ্য ও পরিচালনার বিধান সম্বলিত মূল দলিল অর্থে

ব্যবহৃত হয়। দেশের সর্বোচ্চ আইন অর্থে ‘শাসনতন্ত্র’ শব্দটি সাধারণত ব্যবহার করা হয়। ১৯৭২ সনে গণপরিষদ কর্তৃক রাষ্ট্রীয় পর্যায়ে সর্বোচ্চ আইনকে ‘শাসনতন্ত্র’ এর পরিবর্তে ‘সংবিধান’ নামে অভিহিত করায় তখন থেকে ‘শাসনতন্ত্র’ শব্দটির পরিবর্তে সার্বজনীনভাবে ‘সংবিধান’ শব্দটি ব্যবহার হচ্ছে। ফলশ্রুতিতে আমাদের রাষ্ট্র পরিচালনার দলিলটিকে তথা Constitution কে ‘শাসনতন্ত্র’ না বলে ‘সংবিধান’ নামকরণ করা হয়েছে।

সংবিধানিক আইন বা Constitutional Law বলতে সরকার সম্পর্কিত সেই সকল আইনকে বোঝায় যা রাষ্ট্রের প্রকৃতি, সরকারের ধরণ, কার্যাবলী, ক্ষমতা, সরকারের প্রধান প্রধান বিভাগের মধ্যে ক্ষমতার বন্টন এবং রাষ্ট্রের সাথে নাগরিকের সম্পর্ক নির্ধারণ করে।

Aristotle এর মতে সংবিধান হল *“The way of life the state has chosen for itself.”*

“সংবিধান হলো রাষ্ট্রের এমন এক জীবন পদ্ধতি যা রাষ্ট্র স্বয়ং নিজের জন্য বেছে নিয়েছে।”

সংবিধানিক আইন দেশের মৌলিক বা সর্বোচ্চ আইন। ইহা সকল আইনের উর্ধ্বে স্থান লাভ করে থাকে। গেটেলের ভাষায়ঃ

“ইহা রাষ্ট্রের মধ্যে সার্বভৌম শক্তির অবস্থান ক্ষেত্র নির্ণয় করে এবং আইনের উৎসের নির্দেশ করে।”

Thomas Paine এবং D.C. Tocqueville এর মতে, *“Constitution means the aggregate of only those written principle which regulate the administration of the state. In the sence that, if the constitution cannot be produce in the possible document it cannot be said to be constitution at all a written documents which defines basic rights of the Governed and the limitation of the government. A document which contained “those” rules which provides the frame work for government.”*

Lord Bryee এর মতে, *“Constitution is the aggregate of laws and customs under which the life of the state goes on.”*

K.C. Wheare, Hood Phillips এবং Gilthrist সংবিধানকে বলেছেন *“The term “constitution” is used to denote all written and unwritten principal regulating the administration of state.”*

Professor K.C. Wheare সংবিধানকে বর্ণনা করেন এই ভাবে- *“The whole system of government of a country, the collection of rule which established and regulate or governed the government.”*

C.F. Strongs এর মতে, *“A constitution may be said to be a collection of principle according to which the powers of the government, the rights of the governed and relation between the two are adjusted.”*

মোঃ আব্দুল হালিম তাঁর “সংবিধান, সাংবিধানিক আইন ও রাজনীতিঃ বাংলাদেশ প্রসঙ্গ” গ্রন্থে (২৭ পাতা) বলেন যে,

“সংবিধান হলো লিখিত বা অলিখিত কতগুলো আইনের সমষ্টি যা রাষ্ট্রের প্রকৃতি, সরকারের ধরণ নির্দেশ করে, সরকারের বিভিন্ন বিভাগের মাঝে ক্ষমতা নির্ধারণ করে এবং শাসক ও শাসিতের মাঝে সম্পর্ক নির্দেশ করে।”

ডঃ বেলাল হোসেন জয় তার Constitutional History of Bangladesh বই-এর Preface এ সংবিধান সম্বন্ধে বলেন যে,

“ A constitution can be written or unwritten, is a fundamental document: an act of the people not only of the government; a device of limiting the power of the government; a device to develop and reinforce democratic process; a device of effective implementation of Rule of Law; a social contract between the government, society and ordinary citizens; and has effective means of ‘checks and balances’ and ‘separation of powers’; and should grow with a growing nation amending to suit people’s needs in changing society to achieve political stability and to increase efficiency in public service to bring happiness, prosperity and dignity to people’s lives.”

উক্ত Preface এর শেষ অংশে তিনি সংবিধান এবং সংবিধান প্রণয়নের ইতিহাস জানাকে গুরুত্ব দিয়ে বলেন যে,

“Finally, reshaping the theme- ‘Constitution with its History’ by Late Barister S A Siddique, I would add, ‘constitution with its history is the prime legal guide of a nation. A nation without the knowledge of its own Constitution is like a ship without a profiler and that is bound to be lost in the currents and cross currents of the judicial cyclone. The Constitution of Bangladesh, with background history, supported by comments on contemporary political crisis and leading case-laws, will hopefully act as an educator to the law students, a trainer to the practicing lawyers, an inspirer to the professionals, a guide to the citizens in general and a generator of self-confidence in general for all people of all walks of lives.”

সংবিধান এবং সংবিধান প্রণয়নের ইতিহাস হল একটি জাতির মূল আইনগত নির্দেশিকা। সংবিধান এবং সংবিধান প্রণয়নের ইতিহাস না জানার অর্থ হল ‘একটি নৌকা যার কোন বৈঠা নেই।’ শুধুমাত্র সংবিধান পড়ে কিন্তু এর প্রণয়নের ইতিহাস না জেনে তথা এর প্রণয়নের ইতিহাসের সাথে নিজেকে সম্পৃক্ত না করে কিংবা উক্ত ইতিহাস সম্যক্রূপে আত্মস্থ না করে সংবিধানের ব্যাখ্যা করা অসম্ভব। অর্থাৎ বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম এবং এর ধারাবাহিক ইতিহাসকে যিনি অন্তরে ধারণ করতে সক্ষম নন, তিনি এই সংবিধানকে কখনই সঠিকভাবে ব্যাখ্যা করতে পারবেন না তথা সংবিধান মোতাবেক সঠিকভাবে রাষ্ট্র পরিচালনার দিক নির্দেশনা দিতে পারবেন না।

একটি দেশের সংবিধান সে দেশের মানুষের দীর্ঘ দিনের সংগ্রাম তথা অর্থনৈতিক এবং সামাজিক বৈষম্যের বিরুদ্ধে সংগ্রামের মাধ্যমে, তারা যেসব বঞ্চনার স্বীকার হয় তার প্রেক্ষাপট বিবেচনা করে, সে দেশের জনগণ এর আশা আকাংখার প্রতিফলন হিসেবে প্রণীত হয়। প্রতিটি দেশ তার সংবিধান প্রণয়নকালে সংবিধান পূর্ববর্তী রাজনৈতিক ঘোষণাবলী গুরুত্বের সাথে পর্যালোচনা করে।

আমাদের সংবিধানকে অর্থপূর্ণরূপে বুঝতে হলে এবং এর ব্যাখ্যা বিশ্লেষণ করতে হলে সংবিধান প্রণয়নের পূর্বাপর রাজনৈতিক, অর্থনৈতিক এবং সামাজিক ইতিহাস জানা গুরুত্বপূর্ণ। বাঙ্গালী জাতি দীর্ঘদিন যাবৎ শোষণ বঞ্চনার বিরুদ্ধে সংগ্রাম করে আসছে তথা তার অধিকার আদায়ের সংগ্রাম করে আসছে।

বাংলাদেশের জনগণ স্বাধীনতা সহজে অর্জিত হয়নি। জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রাম এর মাধ্যমে বাঙ্গালী জাতি স্বাধীনতা পেয়েছে। আমাদের বীর জনগণ কতগুলো মহান আদর্শকে সামনে রেখে ঐতিহাসিক জাতীয় মুক্তির সংগ্রামে আত্মনিয়োগ করে তাদের প্রাণ উৎসর্গ করেছেন। সেসব আদর্শকে বুঝতে হলে আমাদের দীর্ঘ স্বাধীনতার সংগ্রামসহ স্বাধীনতার সম্পূর্ণ ইতিহাস জানতে হবে, বুঝতে হবে এবং অন্তরে ধারণ করতে হবে। তবেই সংবিধানের মূল চেতনাকে অনুধাবন করা যাবে। সংবিধানের মূল চেতনাকে যিনি অন্তরে ধারণ করতে ব্যর্থ হবেন তিনি সংবিধানের ভুল ব্যাখ্যা করতে বাধ্য।

মোঃ রুহুল কুদ্দুস, এ্যাডভোকেট গং বনাম বিচারপতি এম এ আজিজ গং (২৮ বিএলডি (এইচসিডি) ২০০৮ পাতা ৫৬৮-তে মাননীয় প্রধান বিচারপতি এ, বি, এম, খায়রুল হক বলেন যে,

“৪৫৫। উপরের বর্ণিত আলোচনা হইতে নিম্নলিখিত সত্য উদ্ভাসিত হইয়াছেঃ

১। সংবিধান হইল পৈত্রধন (heirloom) ইহা বাংলাদেশ প্রজাতন্ত্র স্থাপন ও ইহার সকল মূল বিভাগ বা স্তম্ভ সৃষ্টি করিয়াছে। সবিশেষ প্রয়োজন ব্যতিরেকে ইহাতে কোন পরিবর্তন আনয়ন বিধেয় নহে। সংবিধানে যে কোন ধরনের পরিবর্তন আনিতে হইলে বাংলাদেশের স্বাধীনতার জন্য যাঁহারা প্রাণ বিসর্জন দিয়াছিলেন তাঁহাদের সহ স্বাধীনতার সময় হইতে বাংলাদেশের সকল জনগোষ্ঠীর আশা আকাঙ্ক্ষা ও স্বাধীনতার মূল চেতনাকে বিবেচনায় অবশ্যই লইতে হইবে। (অধোরেখা প্রদত্ত)

৪৫৪ প্যারায় তিনি আরও বলেন যে, “.....সাংবিধানিক পদাধিকারী ব্যক্তিগণের হৃদয়ে যদি সংবিধান ও আইনের মর্মবাণীর (sprit) মৃত্যু ঘটে তবে কোন সংবিধান, কোন আইনই দেশকে সঠিক পথে অধিষ্ঠিত রাখিতে পারে না।”

আব্দুল মান্নান খান বনাম বাংলাদেশ মামলায় (যা ত্রয়োদশ সংশোধনী সংক্রান্ত মামলা হিসেবে পরিচিত) {৬৪ ডি.এল. আর. (এডি), পৃষ্ঠা-৩৪০} মাননীয় প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিন্হা সংবিধান এবং সংবিধান প্রণয়নের ইতিহাস জানার উপর গুরুত্ব আরোপ করে বলেন যে,

“1160. It should have to be remembered that the judiciary is not in a position to provide solutions to each and every problem of the state. The problem of the day which is a burning issue has to be solved by the politicians by using their solemn responsibility and ethos, and not by egoism. The problem is so massive that it can be solved on taking into consideration the historical background of achieving liberation, democracy and the Constitution. They should not forget the past history that whenever crisis comes, their strength both moral and physical have been generated by the mass people. While discussing on the characteristics of the Indian Constitution, Jennings stated “All Constitutions are the heirs of the past as well as the testators of the future.” In this context, Rowland, J of the Federal Court in Benoarilal Sharma, 1943 FCR96 observed, “I do not see why historical facts should be excluded from the purview. Such topics as the history of legislation and the facts which give rise to the enactment may usefully be employed to interpret the meaning of the statute, though they do not afford conclusive argument.” Accordingly, for understanding the constitutional law of a country, one must have to refer to the laws and the principles that exist outside the Constitution, he must acquaint with

the historical background and also require to make a brief review of the Constitutional set-up in the preceding periods. Such historical account would not only enable us to lay the lessons of the past before the future, but to see the remarkable achievement of the Constitution against its historical background.....

1178. The moot questions involved in this appeal are to be considered in the light of the above historical background, whether the impugned judgment conflicts the basic feature of the Constitution or in the alternative, such amendment was made against the spirit of the Constitution and the constitutional convention. If the answer is in positive it is our duty to express opinion as to how and why it is unconstitutional. The Court has a special responsibility to ensure that the Constitution works in practice.

1179. The Proclamation of Independence reflected the true feelings and emotions of the people. The people took arms against the Pakistani rulers for liberation of the country against exploitation. This has been reflected in the beginning of the Proclamation that there was "free elections" to elect representatives for the purpose of framing the Constitution but the Pakistani authority declared an unjust and treacherous war, and Sheikh Mujibur Rahman, the undisputed leader in due fulfillment of the legitimate right of self determination of the people declared independence and urged the people to defend the honour and integrity of Bangladesh. It was also pointed out in unequivocal terms that the will of the people is

supreme and the independence was declared to ensure the people of Bangladesh to present a modern democratic country where equality, human dignity and social justice will be served.

1180. The following day of Sheikh Mujibur Rahman's return from Pakistani incarceration the provisional Constitutional Order, 1972 was issued on 11th January, 1972. The President of the Republic having realised the mischief committed by the Constituent Assembly of Pakistan after independence in 1947 that it failed to frame a Constitution because of conflicting interests, ideologies, and power struggle, did not waste a single moment and declared that the Parliamentary form of Government would be the basis for running the country. Though he was sworn in as the President of the newly born country immediate after his return, again he was sworn in as Prime Minister although the Constitution was not framed and transacted the business of the Government in a Parliamentary form in all practical purposes during the interim period. He constituted the Constituent Assembly with the members of National and East Pakistan Provisional Assemblies who were elected by the people of East Pakistan in December, 1970 for drafting a Constitution. The Constituent Assembly thereupon within a short period adopted a Constitution on 16th December, 1972. The preamble of the Constitution reads:

"We, the people of Bangladesh having proclaimed our Independence on the 26th day of March, 1971 and, through a historic struggle for national liberation, established the

independent, sovereign People's Republic of Bangladesh.;

Pleading that the high ideals of nationalism, socialism, democracy and secularism, which inspired our heroic people to dedicate themselves to, and our brave martyrs to sacrifice their lives in, the national liberation struggle, shall be the fundamental principles of the Constitution;

Further pleading that it shall be a fundamental aim of the State to realise through the democratic process a socialist society, free from exploitation-a society in which the rule of law, fundamental human rights and freedom, equality and justice, political, economic and social, will be secured for all citizens;

Affirming that it is our sacred duty to safeguard, protect and defend this Constitution and to maintain its supremacy as the embodiment of the will of the people of Bangladesh so that we may prosper in freedom and may make our full contribution towards international peace and co-operation in keeping with the progressive aspirations of mankind;

In our Constituent Assembly, the eighteenth day of Kartick, 1379 BS, corresponding to the fourth day of November, 1972 AD, do hereby adopt, enact and give to ourselves this Constitution.

1181. The preamble starts with the expression 'we' the people of Bangladesh. The independence of Bangladesh was achieved not as a course but it was achieved by the people through a historic struggle for national liberation. The Constituent Assembly pledged

that the fundamental aim of the state should be realized through 'democratic process' free from exploitation a society in which the rule of law, fundamental human rights and freedom, equality and justice, political, economic and social, will be secured for all citizens. The supremacy of the Constitution was declared. The framers of the Constitution describe the qualitative aspects of the polity the Constitution is designed to achieve. In this situation, the preamble of the Constitution and in its role cannot be relegated to the position of the preamble of a statute.

1182. This preamble is different from other Constitutions of the globe which reflected the philosophy, aims and objectives of the Constitution and describes the qualitative aspects of the Constitution as designed to achieve. the preamble declares in clear terms that all powers in the Republic belong to the people. It emphatically declares to constitute a sovereign Peoples Republic in which democracy with equality of status and of opportunity of all citizens in all spheres of life be ensured. Their exercise on behalf of the people shall be effected only under and by the authority of the Constitution. This preamble speaks of representative democracy, rule of law and the supremacy of the Constitution. The beginning of the expressions 'we the people' means the machineries and the apparatus of the Republic, that is, the Executive, the Legislature, the Judiciary including the President and the Cabinet, the disciplinary forces including the army are subservient to the will of the people.

They are answerable to the people for every action taken. If this preamble is read along with Articles 7 and 11, provisions of Parts III, IV, V and VI, there is no denying the fact that the sovereignty of the people, the four ideals, such as, nationalism, socialism, democracy and secularism which inspired the martyrs to sacrifice their lives, the will of the people, the rule of law, the fundamental rights of the citizens and the parliamentary form of Government are the main pillars of the Constitution. The will of the people is to be expressed through their elected representatives in the administration at all levels.

1183. Thus, our preamble contains the clue to the fundamentals of the Constitution and the basic constituent of our Constitution is the administration of the Republic through their elected representatives. These two integral parts of the Constitution form a basic element which must be preserved and cannot be altered. The Parliament has power to amend the Constitution but such power is subject to certain limitation which is apparent from a reading of the preamble. The broad contours of the basic elements and fundamental features of the Constitution are delineated in the preamble.

”. (অধরেখা প্রদত্ত)

বিশ্বের অন্যান্য সংবিধানের প্রস্তাবনা হতে আমাদের সংবিধানের প্রস্তাবনা ব্যতিক্রমধর্মী। কেননা আমাদের সংবিধানের “প্রস্তাবনায়” সমগ্র সংবিধানের দর্শন তথা রাষ্ট্রের লক্ষ্য-উদ্দেশ্য প্রতিফলিত হয়েছে এবং সেই সব লক্ষ্য অর্জনের জন্য বিভিন্ন চারিত্রিক বৈশিষ্ট্য বা দিকসমূহ বর্ণিত হয়েছে। বাংলাদেশের স্বাধীনতা অর্জন কোন স্বাভাবিক প্রক্রিয়ায় হয়নি; জনগণের ঐতিহাসিক সংগ্রামের মাধ্যমে তা অর্জিত হয়েছে। সুতরাং আমাদের সংবিধানকে এবং এর প্রস্তাবনাকে পরিপূর্ণভাবে বুঝতে হলে প্রস্তাবনায়

উল্লিখিত জাতীয় মুক্তির জন্য আমাদের যে ঐতিহাসিক সংগ্রাম সে সম্পর্কে পূর্ণ জ্ঞান রাখতে হবে এবং যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদগণকে প্রণোৎসর্গ করতে উদ্বুদ্ধ করেছিল সেই সকল মহান আদর্শসমূহকে জানতে হবে ও অন্তরে ধারণ করতে হবে। জনগণের ঐতিহাসিক সংগ্রাম এবং আমাদের বীর জনগণ যেসব মহান আদর্শসমূহকে ধারণ করে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ করেছিল সেসব আদর্শসমূহকে সামনে রেখে সংবিধানের ব্যাখ্যা বিশ্লেষণ এবং এর যে কোন সংশোধন করতে হবে।

সংবিধানের প্রস্তাবনার প্রথম প্যারায় বলা হয়েছে, “জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রাম” এবং প্রস্তাবনার দ্বিতীয় প্যারায় বলা হয়েছে, “যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদগণকে প্রণোৎসর্গ করিতে উদ্বুদ্ধ করিয়াছিল।” সুতরাং এটা নির্দিষ্টভাবে বলা যায় যে, সংবিধানের “প্রস্তাবনা” যেমন সমগ্র সংবিধানের দর্শন, তেমনি যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ এবং প্রণোৎসর্গ করতে উদ্বুদ্ধ করেছিল সেই সকল আদর্শসমূহ এবং জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রামের ইতিহাস হল “প্রস্তাবনার” দর্শন তথা প্রস্তাবনার অংশ তথা সংবিধানের অংশ। এর থেকে কোন বিচ্যুতি চলবে না। অর্থাৎ জাতীয় মুক্তি সংগ্রামের ইতিহাস তথা জাতীয় মুক্তি সংগ্রামের মহান আদর্শসমূহের সাথে সাংঘর্ষিকভাবে সংবিধানের কোন ব্যাখ্যা প্রদান করা যাবে না বা আইন প্রণয়ন করা যাবে না। সংবিধানের প্রস্তাবনাসহ জাতীয় মুক্তির জন্য আমাদের যে ঐতিহাসিক সংগ্রাম এবং যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদগণকে প্রণোৎসর্গ করতে উদ্বুদ্ধ করেছিল সেই সকল মহান আদর্শসমূহকে সংরক্ষণ করতে হবে এবং তা পরিবর্তন করা যাবে না। সংবিধানের প্রস্তাবনা তথা ৭২ এর সংবিধানে যে প্রস্তাবনা তথা মূল যে প্রস্তাবনা তা হল আমাদের সংবিধানের মূল কাঠামো। আমাদের সংবিধান মূলতঃ দাড়িয়ে আছে এই প্রস্তাবনার উপর তাই এই মূল কাঠামো তথা প্রস্তাবনার একটি শব্দ একটি দাড়ি কমাও পাল্টানো যাবে না। কারণ সংবিধানের প্রস্তাবনা সকল সংযোজন, বিয়োজন এবং সংশোধনের উর্ধ্বে।

এ পর্যায়ে প্রসঙ্গের প্রয়োজনে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রকাশিত সংগ্রাম থেকে স্বাধীনতা শীর্ষক গ্রন্থে থেকে (পুনঃমুদ্রন মে ২০১১) বাংলাদেশের স্বাধীনতার সচিত্র ইতিহাস (১২০৪-১৯৭১) নিয়ে উদ্ধৃত হলঃ

“ **প্রাচীন বাংলা**

বাংলা বা বাংলাদেশ নামে কোন রাষ্ট্রের অস্তিত্ব প্রাচীনকালে ছিল না, কারণ সে সময়ে পুরো বাংলাজুড়ে একক কোন রাষ্ট্র গড়ে ওঠেনি। গোটা বাংলা অনেকগুলো ছোট ছোট অঞ্চলে বিভক্ত ছিল আর প্রতিটি অঞ্চলের শাসক যার যার মত সে অঞ্চল শাসন করতেন। অঞ্চলগুলো ছিল ছোট ছোট স্বাধীন দেশের মত। কিন্তু এগুলোকে ঠিক রাজ্য রাষ্ট্র বলা যাবে না। বাংলার এ অঞ্চলগুলোকে বলা হতে জনপদ।

বাংলার রাজনৈতিক ইতিহাসের ধারাবাহিক বিবরণ পাওয়া যায় পাল রাজাদের শাসনকাল থেকে। এর আগে কোনো শাসক দীর্ঘদিন ধরে সমগ্র বাংলা অঞ্চল শাসন করতে পারেননি। তাই বিচ্ছিন্নভাবেই বাংলার রাজনৈতিক জীবনের বিকাশ ঘটেছে। সম্রাট অশোকের রাজত্বকালে বাংলার একটি অংশ মৌর্য সাম্রাজ্যের প্রদেশে পরিণত হয়। মৌর্য শাসনের সময়ই বাংলার কোন কোন অঞ্চলে কিছু স্বাধীন রাজ্যের উত্থান ঘটে। এ সময়ে দেশ বিদেশের সাথেও সম্পর্ক গড়ে ওঠে বাংলার। মৌর্য শাসনের অবসান হলে গুপ্ত সাম্রাজ্যের অধীনে চলে আসে এদেশ। এ

যুগেও বাংলার সমৃদ্ধির কথা জানা যায়। গুপ্ত শাসনের অবসানের পর এক অস্থিতিশীল অবস্থার সৃষ্টি হয়। এরই মধ্য দিয়ে উত্থান ঘটে স্বাধীন কিছু রাজ্যের।

উত্তর বাংলার রাজা শশাঙ্ক ছিলেন স্বাধীন রাজ্য উত্থানের যুগে সবচেয়ে শক্তিশালী শাসক। তাঁর মৃত্যুর পর রাজাজুড়ে বিশ্জালা ও অরাজকতা দেখা দেয়। প্রায় শত বছর ধরে এ অবস্থা চলতে থাকে। এ সময়কে বলা হয় মাৎস্যন্যায়। এরপর গোপাল নামে এক শাসকের হাত ধরে এ অরাজক অবস্থার অবসান ঘটে এবং প্রতিষ্ঠিত হয় পাল বংশ। প্রায় চার দশক জুড়ে পাল বংশ বাংলা শাসন করে। একাদশ শতকের মাঝামাঝিতে পাল বংশের পতন ঘটে। পাল শাসন যুগেই দক্ষিণ-পূর্ব বাংলায় খড়্গ, দেব, চন্দ্র, বর্ম প্রভৃতি বংশের ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাজ্য গড়ে ওঠে। এরপর দক্ষিণ ভারতের কর্ণাট থেকে আগত সেন বংশ পূর্ব বাংলায় রাজ্য স্থাপন করে। এয়োদশ শতকের প্রথমদিকে তুর্কি শক্তির হাতে সেন রাজত্বের অবসান ঘটে।

বাংলায় মুসলিম শাসন

দিল্লির আদেশ ছাড়াই অযোধ্যার হিশামুদ্দিন-এর নির্দেশে তুর্কি বীর বখতিয়ার খলজী ১২০৩ সালে বাংলার পার্শ্ববর্তী বিহার জয় করেন। সঙ্গত কারণে আক্রমণ ভীতি কাজ করছিল নদীয়াসহ বাংলার অন্যান্য ক্ষমতাকেন্দ্রে। সে সময় তেলিয়াগর্হি গিরিপথই ছিল নদীয়া আক্রমণের একমাত্র পথ। সেন রাজা তাকে ঠেকানো জন্য এ পথে যে সৈন্যবাহিনী প্রস্তুত রাখবেন সেটা আগেই বুঝে গিয়েছিলেন বখতিয়ার খলজী। তাই ঝাড়ুভেড়ের জঙ্গল ধরে বিকল্প পথে অগ্রসর হন তিনি। বিশাল সৈন্যবাহিনীকে ছোট ছোট ভাগে ভাগ করে নিজে ১৭ বা ১৮ জন সৈন্যকে নিয়ে অগ্রবর্তী দলের নেতৃত্ব দেন। কথিত আছে বখতিয়ার খলজীর বাহিনীকে ঘোড়া ব্যবসায়ীর দল ভেবে প্রতিরোধের কোনো ব্যবস্থাই নেয়া হয়নি, প্রাসাদের প্রহরীরা না-কি খুলে দিয়েছিল দরজা। বখতিয়ার খলজীর ঝাটিকা আক্রমণেই পতন ঘটে লাখণ সেনের। পালিয়ে গিয়ে তিনি বিক্রমপুরে আশ্রয় নেন। নদীয়া আসে মুসলমানদের অধিকারে।

নদীয়ার পর বখতিয়ার খলজী ১২০৫ সালে সেনদের রাজধানী লাখনাবতী অধিকার করেন, নাম দেন লখনৌতি। পরে দেবকোট অধিকার করে সেখানে তাঁর রাজধানী স্থাপন করেন। কামরূপ-এর রাজার সম্মতিতে তিব্বতে এক ব্যর্থ অভিযানের পর এখানেই থিতু হন তিনি। ১২০৫ সালে তাঁর মৃত্যু হয়। বাংলায় স্থায়ীভাবে তুর্কি শাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বখতিয়ার খলজী তাঁর অধিকারভুক্ত অঞ্চলগুলো কয়েকটি প্রদেশ বা জেলায় ভাগ করে মুসলিম শাসনের সূচনা করেন, মুসলিম সমাজ ও সংস্কৃতি বিকাশের জন্য স্থাপন করেন অনেক মসজিদ, মাদ্রাসা।

বাংলায় তুর্কি শাসন

তুর্কি শাসকদের হাতেই বাংলায় মুসলিম শাসনের সূচনা হয় আর এই শাসন পর্বের প্রথম পর্যায় ছিল ১২০৪ থেকে ১৩৩৮ সাল। এ যুগের শাসনকর্তাদেরও পুরোপুরি স্বাধীন বলা যাবে না। এঁদের কেউ ছিলেন বখতিয়ারের সহযোগী খলজী মালিক, আবার কেউ তুর্কি বংশের শাসক। দিল্লির সুলতানদের অধীনে বাংলার শাসনকর্তা হয়ে এলেও এদের মধ্যে কেউ কেউ দিল্লির বিরুদ্ধে বিদ্রোহ করে স্বাধীনতা ঘোষণা করেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত কোন বিদ্রোহ সফল হয়নি, দিল্লির আক্রমণের মুখে ব্যর্থ হয়ে যায়। দিল্লির ঐতিহাসিক জিয়াউদ্দিন বারানী এ কারণে বাংলার নাম দিয়েছিলেন 'বুলগাকপুর', যার অর্থ 'বিদ্রোহের নগরী'।

বখতিয়ার খলজীর মৃত্যুর পর ক্ষমতা নেন আলী মর্দান। তাঁকে হটিয়ে মুহাম্মদ শিরণ খলজী নিজেকে শাসক ঘোষণা করেন। দিল্লির সহায়তায় হুসামউদ্দিন ইওয়াজ খলজী দেবকোটের শাসনকর্তার দায়িত্ব গ্রহণ করেন এবং দু'বছর পর আলী মর্দান খলজীর কাছে ক্ষমতা ফিরিয়ে দেন। ক্ষমতায় নিজের অবস্থান সুসংহত করে আলী মর্দান ১২১০ সালে স্বাধীনতা ঘোষণা করেন এবং নিজের নাম দেশ সুলতান আলাউদ্দিন আলী মর্দান খলজী। কিন্তু তার নিপীড়নমূলক রাষ্ট্র পরিচালনার বিরুদ্ধে ক্রমে বিক্ষোভ বাড়তে থাকে। খলজী মালিকরা এক জোট হয়ে বিদ্রোহ করেন এবং এদের হাতেই নিহত হন আলী মর্দান খলজী। হুসামউদ্দিন দ্বিতীয়বার ক্ষমতায় আসেন। গিয়াসউদ্দিন ইওয়াজ খলজী নাম নিয়ে তিনি ১২১২ থেকে ১২২৭ সাল পর্যন্ত বাংলা শাসন করেন। খলজী মালিকদের মধ্যে ইওয়াজ খলজী ছিলেন সবচেয়ে খ্যাতিমান। তাঁর সময়ে বাংলায় মুসলিম শাসন অঞ্চল আরো বিস্তৃত হয়। তিনি দেবকোটের পরিবর্তে লখনৌতিতে রাজধানী স্থাপন করেন। বাংলায় প্রথম নৌবাহিনী গড়ে তোলার কৃতিত্ব তাঁরই। তিনি জিন নামে মুদ্রা জারি করেন এবং মসজিদ, মাদ্রাসাসহ বেশকিছু রাস্তাঘাট তৈরি করেন। বাংলার এই স্বাধীনতা দিল্লির সুলতান স্বাভাবিকভাবেই মেনে নেয়নি। সুলতান ইলতুতমিশের সৈন্যদের হাতে ১২২৭ সালে ইওয়াজ খলজী নিহত হন।

এর পর থেকে ১২৮৭ সাল পর্যন্ত বাংলা মূলত দিল্লির মুসলিম শাসকদের একটি প্রদেশে পরিণত হয়। পনের জন শাসনকর্তা এ সময় বাংলা শাসন করেন এবং এঁদের মধ্যে দশ জনই ছিলেন দাস। দাসদের বলা হত 'মামলুক' এবং এ কারণে ষাট বছরের এই শাসনকালকে দাস শাসন বা মামলুক শাসন বলে ঐতিহাসিকরা অভিহিত করেন। পরবর্তী যুগের মামলুক তুর্কিদের মধ্যে অন্যতম শাসক ছিলেন তুঘরিলা। উত্তর এবং পশ্চিম বাংলা ছাড়াও ঢাকা এবং ফরিদপুরের বেশ কিছু অঞ্চল তিনি অধিকার করেন, সোনারগাঁওয়ের কাছে নির্মাণ করেন নারকিলা নামে একটি দুর্গ। দিল্লির ক্ষমতা হাতবদলের মধ্যেও ১৩৩৮ সাল পর্যন্ত বাংলা দিল্লির অধীনে ছিল।

বাংলায় স্বাধীন সুলতানি শাসন

বাংলায় স্বাধীন সুলতানি শাসনের ইতিহাস প্রায় দুই'শ বছরের (১৩৩৮-১৫৩৮)। ফখরুদ্দিন মুবারক শাহের হাত ধরে এই শাসনামল শুরু হয় এবং স্থিতিশীলতা লাভ করে ইলিয়াসশাহী বংশের সুলতানদের হাতে। এর মধ্যে দিল্লির সুলতানরা বাংলাকে বশে আনার চেষ্টা করেন কয়েকবার, কিন্তু শেষাবধি ব্যর্থ হন। তাছাড়া, এ সময় বাইরে থেকে বাংলা আক্রমণের তেমন কোন শংকাও ছিল না।

স্বাধীন সুলতানি যুগের সূচনা

১৩৩৮ সালে সোনারগাঁওয়ের শাসনকর্তা বাহরাম খানের মৃত্যু হলে তাঁর বর্মরক্ষক 'ফখরা' নামের এক রাজকর্মচারী স্বাধীনতা ঘোষণা করেন এবং ফখরুদ্দিন মুবারক শাহ নাম নিয়ে সোনারগাঁওয়ের সিংহাসনে বসেন। তাঁর হাত ধরেই বাংলায় স্বাধীন সুলতান যুগের সূচনা হয়। দিল্লির সুলতান মুহাম্মদ বিন তুঘলকের এ সময় সুদূর বাংলার দিকে দৃষ্টি দেওয়ার ফসরত ছিল না। স্বাধীন সুলতান হিসেবে ফখরুদ্দিন নিজ নামে মুদ্রা জারি করেছিলেন। মুদ্রায় খোদিত তারিখ দেখে ধারণা করা যায় তিনি ১৩৩৮ সাল থেকে ১৩৩৯ সাল পর্যন্ত সোনারগাঁও শাসন করেন। তাঁর মৃত্যুর পর পুত্র ইখতিয়ার উদ্দিন গাজী শাহ সিংহাসনে বসেন এবং ১৩৫২ সাল পর্যন্ত রাজত্ব করেন।

ইলিয়াসশাহী বংশের শাসন

ফখরুদ্দিন মুবারক শাহ যখন সোনারগাঁওয়ের স্বাধীন সুলতান, তখন লখনৌতির সিংহাসন দখল করেছিলেন সেখানকার সেনাপতি আলী মুবারক। আলাউদ্দিন আলী শাহ উপাধি গ্রহণ করে লখনৌতিতে তিনিও স্বাধীন রাজ্য গড়ে তোলেন। পরে পাভুয়ায় রাজধানী স্থানান্তর করেন। ১৩৪২ সালে হাজী ইলিয়াস শাহের হাতে নিহত হওয়ার আগ পর্যন্ত ক্ষমতায় ছিলেন তিনি। ইলিয়াস শাহ শামসুদ্দিন ইলিয়াস শাহ নাম নিয়ে প্রতিষ্ঠা করেন ইলিয়াস শাহী বংশ। তার উত্তরসূরীরাই দীর্ঘদিন ধরে বাংলা শাসন করেন।

ইলিয়াস শাহের স্বপ্ন ছিল পুরো বাংলার অধিপতি হওয়া। সাতগাঁও দখল করেন ১৩৪৬ সালে, নেপাল আক্রমণ করেন ৪ বছর পর। উত্তর বিহারের কিছু অংশও নিজের অধীনে আনেন। তবে, ইলিয়াস শাহের গুরুত্বপূর্ণ সাফল্য ছিল পূর্ববাংলা অধিকার। ১৩৫২ সালে ইখতিয়ার উদ্দিন গাজী শাহকে পরাজিত করে পুরো বাংলায় নিজের শাসন পাকাপোক্ত করেন। বাংলার বাইরে বিহারের কিছু অংশ, গোরক্ষপুর এবং কাশীও জয় করেন ইলিয়াস শাহ। এ কারণেই দিল্লির ঐতিহাসিক শামস-ই-সিরাজ আফীফ ইলিয়াস শাহকে ‘শাহ-ই-বাঙালাহ’ ও ‘শাহ-ই-বাঙালিয়ান’ উপাধি দেন।

এদিকে বাংলাকে দিল্লির অধিকারভুক্ত করতে সুলতান ফিরুজ শাহ (১৩৫৮-১৩৯৩ সাল) বাংলার সিংহাসনে বসেন। আবারও বাংলায় ফিরুজ শাহ ব্যর্থ আক্রমণ চালান। ইলিয়াস শাহ প্রতিষ্ঠিত স্বাধীন সুলতানি শাসন আরো শক্ত ভিত্তির ওপর দাঁড় করান সিকান্দার শাহ। তাঁর মৃত্যুর পর পুত্র গিয়াসউদ্দিন আজম শাহ (১৩৯৩-১৪১১) বাংলার সিংহাসনে বসেন। তিনি ছিলেন এ যুগের সবচেয়ে জনপ্রিয় সুলতান। আজম শাহ পিতা এবং পিতামহের গড়ে তোলা বিশাল রাজত্বকে অটুট রাখতে পেরেছিলেন। ইতিহাসে তিনি একজন দক্ষ শাসক হিসেবে প্রসিদ্ধ। পারস্যের কবি হাফিজের সঙ্গে তার পত্রযোগাযোগ ঘটেছিল।

গণেশ বংশের শাসন

বাংলার ইতিহাসের দুই শ বছর (১৩৩৮-১৫৩৮ সাল) মুসলমান সুলতানদের স্বাধীন রাজত্বের যুগে অল্প কিছুকাল ছেদ পড়েছিল। গিয়াসউদ্দিন আজম শাহের মৃত্যুর পর তাঁর পুত্র সাইফুদ্দিন হামজা শাহ সিংহাসনে অধীন হওয়ার মাত্র এক বছরের মাথায় ১৪১২ সালে ক্রীতদাস শিহাবউদ্দিনের হাতে নিহত হন। শিহাবউদ্দিন নিজের নাম নেন শিহাবুদ্দিন বায়জিদ শাহ। কিন্তু দুই বছরের মাথায় তিনিও প্রাসাদ ষড়যন্ত্রে নিহত হন। এ সুযোগে হিন্দু অভিজাত রাজা গণেশ বাংলার ক্ষমতা দখল করেন।

রাজা গণেশ ছিলেন গিয়াসউদ্দিন আযম শাহের একজন প্রভাবশালী আমত্যা। কিন্তু ক্ষমতা দখলের পরপরই তিনি ধর্মীয় ও রাজনৈতিক বিরোধীতার মুখোমুখি হন। এ সময়ে জৌনপুরের সুলতান ইব্রাহিম শর্কি বাংলা আক্রমণ করলে গণেশ তাঁর পুত্র যদুকে ইসলামে দীক্ষিত করে তাঁর হাতে ক্ষমতা হস্তান্তর করেন। জালালউদ্দিন মাহমুদ শাহ নামে তিনি ১৪৩২ সাল পর্যন্ত বাংলা শাসন করে। পাভুয়া থেকে রাজধানী গৌড়ে স্থানান্তরিত করার পাশাপাশি তিনি বাংলার রাজ্যসীমাও বিস্তৃত করেন। তাঁর মৃত্যুর পর পুত্র শামসুদ্দিন আহমদ শাহ সিংহাসনে বসেন। ১৪৩৩ সালে নিজের ক্রীতদাসদের হাতে নিহত হওয়ার মধ্য দিয়ে রাজা গণেশ ও তাঁর বংশধরদের প্রায় ত্রিশ বছরের শাসনের অবসান ঘটে।

পরবর্তী ইলিয়াসশাহী বংশের শাসন

১৪৫২ সালে বাংলার সিংহাসনে অধিষ্ঠিত হন ইলিয়াস শাহের এক বংশধর নাসির শাহ, ইতিহাসে তিনি নাসিরউদ্দিন মাহমুদ শাহ নামে পরিচিত। এ যুগকে বলা হয় পরবর্তী ইলিয়াসশাহী আমল। নাসিরউদ্দিন মাহমুদ শাহ ছিলেন একজন দক্ষ সেনাপতি ও ন্যায়পরায়ণ শাসক। ১৪৫৯ সালে তাঁর মৃত্যুর পর পুত্র রুকনউদ্দিন বারবক শাহ বাংলার সিংহাসনে বসেন। পিতার রাজত্বকালে শাহজাদা বারবক শাহ দক্ষতার সাথে সাতগাঁও শাসন করেন। তিনি বাংলার রাজ্যসীমা বেশ খানিকটা বিস্তৃত করেন। প্রায় ৮ হাজার হাবশী ক্রীতদাসকে তিনি বিভিন্ন পদে নিয়োগ দেন।

বারবক শাহের মৃত্যুর পর তাঁর পুত্র শামসুদ্দিন আবু মুজাফফর ইউসুফ শাহ (১৪৭৪-১৪৮১ সাল) বাংলার সুলতান হন। একজন আদর্শবান ও সুদক্ষ সুলতান হিসেবে তিনি পিতা ও পিতামহের গড়া বিশাল সাম্রাজ্য অটুট রাখেন। তাঁর মৃত্যুর পর সিংহাসনে বসেন পুত্র সিকান্দার শাহ। কিন্তু অসুস্থ হয়ে পড়ায় তাঁকে অপসারণ করে বারবক শাহের ছোট ভাই জালালুদ্দিন ফতেহ শাহকে (১৪৮১-১৪৮৭ সাল) সিংহাসনে বসানো হয়। বারবক শাহ ও ইউসুফ শাহের সময় আমদানি করা হাবশী ক্রীতদাসরা এ যুগে প্রচণ্ড ক্ষমতাসালী হয়ে ওঠে। এক পর্যায়ে তাদের হাতেই জালালুদ্দিন ফতেহ শাহ নিহত হন।

হাবশী শাসন

বাংলায় হাবশী শাসন টিকে ছিল মাত্র ৬ বছর (১৪৮৭-১৪৯৩ সাল) আর এ সময় জুড়েই চলেছিল অন্যায়, অবিচার, ষড়যন্ত্র, বিদ্রোহ। এ স্বল্প সময়ে চার জন হাবশী সুলতানকে হত্যা করা হয়। হাবশী নেতা বারবক শাহজাদা প্রথম ক্ষমতায় বসেন। কিন্তু কয়েক মাসের মধ্যেই তিনি হাবশী সেনাপতি মালিক আন্দিলের হাতে নিহত হন। মালিক আন্দিল সাইফুদ্দিন ফিরুজ শাহ উপাধি নিয়ে সিংহাসনে বসেন। তাঁর তিন বছরের রাজত্বকাল ছিল তুলনামূলক শান্তিপূর্ণ। প্রাসাদরক্ষীদের হাতে তিনি নিহত হওয়ার পর ক্ষমতায় আসেন দ্বিতীয় নাসিরউদ্দিন মাহমুদ শাহ। কিন্তু তিনিও কিছুদিনের মধ্যে নিহত হন। এক হাবশী সর্দার তাকে হত্যা করে শামসুদ্দিন মুজাফফর শাহ নাম নিয়ে সিংহাসনে বসেন (১৪৯১-১৪৯৩ সাল)। অত্যাচারী ও হত্যাকারী হিসেবে তার কুখ্যাতি ছিল। ফলে গৌড়ের অমাত্যরা মুজাফফর শাহের বিরুদ্ধে বিদ্রোহ করলে তিনি নিহত হন এবং ক্ষমতায় বসে তার উজির সৈয়দ হুসেন। এভাবে বাংলায় হাবশী যুগের অবসান ঘটে।

হুসেনশাহী বংশের শাসন

সিংহাসনে বসে সৈয়দ হুসেন আলাউদ্দিন হুসেন শাহ উপাধি গ্রহণ করেন এবং বাংলায় হুসেনশাহী বংশ নামে একটি নতুন বংশের শাসনপর্ব শুরু হয়। হুসেন শাহী যুগের শ্রেষ্ঠ সুলতান ছিলেন আলাউদ্দিন হুসেন শাহ (১৪৯৩-১৫১৯ সাল)। তিনি মুজাফফর শাহের অধীনে চাকরি নিয়ে এক পর্যায়ে উজির হন এবং একসময় বাংলার ক্ষমতায় আসেন।

আলাউদ্দিন হুসেন শাহের ২৬ বছরের রাজত্বকাল ছিল অত্যন্ত কৃতিত্বপূর্ণ। তিনি কামরূপ, কামতা জয় করেন। উড়িষ্যা ও ত্রিপুরা রাজ্যের কিছু অংশও নিজের অধীনস্থ করেন, অধিকারে আনেন উত্তর ও দক্ষিণ বিহারের অংশবিশেষ। আরাকানিদের চট্টগ্রাম থেকে বিতাড়িত করেন তিনি। এ সময় দিল্লির সুলতান সিকান্দার লোদী বাংলা

আক্রমণ করলে তিনি তা প্রতিহত করেন। একমাত্র আসাম অভিযানে তিনি সফল হতে পারেননি। সাফল্যের সাথে রাজ্য পরিচালনা করে আলাউদ্দিন হুসেন শাহ ১৫১৯ সালে মৃত্যুবরণ করেন।

আলাউদ্দিন হুসেন শাহের সময় বাংলা ভাষা ও সাহিত্যের প্রভূত উন্নতি হয়। তারই সময়ে শ্রীকর নন্দী রচনা করেন মহাভারতের নতুন সংস্করণ, কবীন্দ্র পরমেশ্বর রচনা করেন পাণ্ডব বিজয়। আলাউদ্দিন হুসেন শাহের সভাসদ যশোরাজ খান বৈষ্ণব পদাবলী রচয়িতাদের অন্যতম ছিলেন। এমনকি বিজয় গুপ্তের বিখ্যাত মনসা মঙ্গলা কাব্যও এ সময়েই রচিত হয়। আলাউদ্দিন হুসেন শাহের নির্দেশে নির্মাণ করা হয় গৌড়ের সোনা মসজিদ। অসাম্প্রদায়িক শাসক ছিলেন আলাউদ্দিন হুসেন শাহ। তাঁর শাসনামলেই নদীয়ায় চৈতন্যদেবের নেতৃত্বে ভক্তিমূলক বৈষ্ণব আন্দোলন শুরু হয়। এ আন্দোলনের প্রতি সহনশীল আচরণ করতে নির্দেশ দেন তিনি।

পিতার মৃত্যুর পর নুসরত শাহ (১৫১৯-১৫৩২ সাল) বাংলার হিংহাসনে বসেন। পিতার মত তিনিও ছিলেন একজন দক্ষ শাসক। এ সময় সমগ্র বিহার তাঁর অধিকারে আসে। এদিকে ভারতে তখন মুঘল সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়েছিল। প্রথম মুঘল সম্রাট বাবর বাংলা অভিযানের জন্য সৈন্য পাঠালে নুসরত শাহ প্রথমে বাবরের সাথে মিত্রতা স্থাপন করেন। পরে যুদ্ধ শুরু হলে সন্ধি করে বাংলার সিংহাসনকে নিরাপদ রাখেন। ১৫৩১ সালে নুসরত শাহ আততায়ীর হাতে নিহত হন।

পরবর্তী সুলতান ছিলেন নুসরত শাহের পুত্র আলাউদ্দিন ফিরুজ শাহ। চাচা গিয়াসউদ্দিন মাহমুদ শাহের হাতে নিহত হওয়ার আগে মাত্র বছর খানেক তিনি ক্ষমতায় ছিলেন। তখন থেকেই স্বাধীন সুলতানি যুগের পতন শুরু হয়। এ সময় আসাম রাজ্যের সাথে বাংলার সংঘর্ষ চলছিল। আফগান নেতা শেরশাহও বাংলা আক্রমণ করেন। অবশেষে ১৫৩৮ সালে শেরশাহ গৌড় দখল করেন। গিয়াসউদ্দিন মাহমুদের মৃত্যুর সঙ্গে সঙ্গে বাংলার দুই'শ বছরের স্বাধীনতার অবসান হয়।

বাংলায় আফগান শাসন

হুসেনশাহী যুগের শেষদিক থেকেই মুঘল সম্রাট বাবর ও তাঁর পুত্র হুমায়ুন চেষ্টা করছিলেন বাংলাকে মুঘল অধিকারে আনতে। কিন্তু আফগানদের কারণে সুবিধা করতে পারেননি। অবশেষে শের খানের সঙ্গে যুদ্ধে জড়িয়ে পড়েন সম্রাট হুমায়ুন। সমগ্র ভারতের অধিপতি হওয়ার বাসনা থেকে শের খান গোপনে নিজের শক্তি বৃদ্ধি করতে থাকেন। এ লক্ষ্যে অল্প সময়ের মধ্যে তিনি শক্তিশালী চুলার দুর্গ ও বিহার দখল করেন। ১৫৩৭ সালে দু'বার তিনি বাংলার রাজধানী গৌড় আক্রমণ করেন। এ সুযোগে মুঘল সম্রাট হুমায়ুন চুলার দুর্গ ও বিহার অধিগত করে শের খানের পিছু ধাওয়া করে বাংলার রাজধানী গৌড় অধিকার করেন। গৌড়ের চমৎকার প্রাসাদ আর প্রাকৃতিক সৌন্দর্যে মুগ্ধ হয়ে হুমায়ুন এর নামকরণ করেন জান্নাতবাদ। সম্রাট গৌড়ে বিলাসী জীবন কাটাতে থাকলে শের খান গঙ্গা নদীর তীরে চৌসা নামক স্থানে হুমায়ুনের ওপর ঝাঁপিয়ে পড়েন। অপ্রস্তুত হুমায়ুন পরাজিত হন।

মুঘল সম্রাট হুমায়ুনকে পরাজিত করে শের খান 'শেরশাহ' উপাধি নেন। নিজেই তিনি বিহারের স্বাধীন সুলতান হিসেবে ঘোষণা করেন। ১৫৪০ সালে মুঘল শাসনকর্তা আলী কুলিকে পরাজিত করে তিনি বাংলা দখল করেন। সে বছরই তিনি হুমায়ুনকে চূড়ান্তভাবে পরাজিত করে দিল্লির সিংহাসন অধিকার করেন। বাংলা দীর্ঘদিন পর পুনরায় দিল্লির শাসনে আসে। শেরশাহ চট্টগ্রাম ও সিলেট তাঁর সাম্রাজ্যভুক্ত করেন। বাংলা চলে যায় আফগান শাসনের অধীনে। শেরশাহের পুত্র ইসলাম শাহের রাজত্বকাল পর্যন্ত (১৫৪৫-৫৩ সাল) বাংলা দিল্লির অধীনে ছিল। ইসলাম শাহের পর আফগান নেতাদের দলাদলিতে দিল্লির সাম্রাজ্য ভেঙে পড়ে। এ সুযোগে আফগান শাসনকর্তা মুহাম্মদ শাহ গুর বাংলার স্বাধীনতা ঘোষণা করেন। কিন্তু দিল্লির সুলতান মুহাম্মদ আদিল শাহের হাতে পরাজিত হন তিনি। ১৫৫৫ সালে মুহাম্মদ শাহ শূর নিহত হলে পুত্র বাহাদুর শাহ শূর গৌড়ের সিংহাসনে বসে পিতার হত্যাকারী আদিলশাহ শূরকে হত্যা করেন। ১৫৬০ সালে বাহাদুর শাহের মৃত্যুর পর তাঁর ভাই জালাল শাহ শূর গৌড়ের সুলতান হন। অতঃপর জালাল শাহ শূরের পুত্রকে হত্যা করে গিয়াসউদ্দিন নামে এক ব্যক্তি বাংলার সিংহাসন দখল করেন। এভাবে বাংলায় শূর আফগান বংশের অবসান হয়। শুরু হয় করবানী আফগান বংশের শাসন।

শেরশাহের সেনাপতি ছিলেন তাজ খান করবানী ও সুলায়মান খান করবানী। দক্ষিণ বিহারে তাঁরা জায়গির লাভ করেছিলেন। তাজ খান ছিলেন ইসলাম শাহের সেনাপতি ও পরামর্শদাতা। ১৫৬৪ সালে তাজ খান করবানীর বাংলা জয়ের মাধ্যমে এ অঞ্চলে প্রতিষ্ঠিত হয় করবানী বংশের শাসন। তাজ খান করবানীর মৃত্যুর পর তার ভাই সুলায়মান খান করবানী বাংলার সুলতান হন। দক্ষ এই শাসক আফগান নেতাদের দলভুক্ত করে বাংলা ও বিহারের অধিকাংশ এলাকা তাঁর অধিকারভুক্ত করেন। উড়িষ্যাও তাঁর অধিকারে আসে। সুলায়মান করবানী তাঁর প্রাজ্ঞ উজির লোদীর পরামর্শে মুঘল সম্রাট আকবরের সাথে সুসম্পর্ক রক্ষা করে চলছিলেন। ১৫৭২ সালে সুলায়মান করবানীর হাতে নিহত হলে ক্ষমতায় বসেন সুলায়মান করবানীর দ্বিতীয় পুত্র দাউদ করবানী। তিনিই ছিলেন বাংলায় শেষ আফগান শাসক। অদূরদর্শী এই শাসক বিশাল রাজ্য ও ঐশ্বর্যের মোহে গা ভাসিয়ে দেন এবং স্বাধীন সম্রাটের মত বাদশাহ উপাধি গ্রহণ করেন। ততদিন বাংলা ও বিহারের আফগান শাসকরা প্রকাশ্যে মুঘল সম্রাটের প্রতি আনুগত্য প্রকাশ করেছেন। অবশেষে দাউদ করবানীর এই আচরণ আকবরকে বাংলা আক্রমণের সুযোগ করে দেয়। ১৫৭৬ সালে রাজমহলের কাছে মুঘল ও আফগানদের মধ্যে তুমুল এক যুদ্ধে দাউদ করবানীর চূড়ান্ত পরাজয় ঘটে এবং তাঁকে মৃত্যুদণ্ড দেওয়া হয়। শেষ হয় বাংলায় করবানী আফগান শাসন এবং শুরু হয় মুঘল শাসনের। অবশ্য বারভূইয়াদের বাধার মুখে মুঘল শাসন বেশিদূর বিস্তৃত হতে পারেনি।

বারভূইয়াদের ইতিহাস

বাংলার জমিদারদের বিরোধীতার মুখে সম্রাট আকবর পুরো বাংলার ওপর অধিকার প্রতিষ্ঠা করতে পারেননি। এই জমিদাররা তাঁদের নিজ নিজ জমিদারিতে স্বাধীন ছিলেন এবং তাদের ছিল শক্তিশালী সৈন্যদল ও নৌবহর। বাংলার ইতিহাসে এ জমিদাররা বারভূইয়া নামে পরিচিত, যদিও বার বলতে বার জনকে বুঝায় না। ধারণা করা হয়, অনির্দিষ্টসংখ্যক জমিদারদের বোঝাতেই 'বার' শব্দটি ব্যবহার করা হত।

বারভূইয়াদের নেতা ঈসা খান ছিলেন করবানী বংশের অনুগত। হুসেনশাহী বংশের অবসান হলে তাঁর পিতা সুলায়মান খান সোনারগাঁও অঞ্চলে জমিদারি প্রতিষ্ঠা করেন। ভাওয়ালের গাজী পরিবার জমিদারি স্থাপন করেছিলেন শেরশাহের বাংলা জয়ের পূর্বেই। ক্রমেই যশোর, ফরিদপুর, সিলেট, ময়মনসিংহ, বিক্রমপুর, বরিশাল, নোয়াখালী, মানিকগঞ্জ প্রভৃতি অঞ্চলে গড়ে ওঠে স্বাধীন জমিদারি ব্যবস্থা।

বারভূঁইয়াদের দমনের উদ্দেশ্যে সম্রাট আকবর ১৫৫৩ সালে শাহবাজ খান, ১৫৮৫ সালে সাদিক খান, ১৫৮৬ সালে উজির খান ও ১৫৯৪ সালে রাজা মানসিংহকে বাংলার সুবাদার করে পাঠান। ঈসা খান ও অন্যান্য জমিদারের সাথে বহুবার যুদ্ধ করেও তারা বারভূঁইয়াদের নেতা ঈসা খানকে পরাজিত করতে পারেনি। ১৫৯৯ সালে ঈসা খানের মৃত্যুর পর বারভূঁইয়াদের নেতৃত্ব পান তাঁর পুত্র মুসা খান। ১৬০১ সালে দ্বিতীয়বারের মত মানসিংহকে বাংলায় পাঠানো হলে এবার কিছুটা সফল হন তিনি। কিন্তু চূড়ান্ত বিজয়ের আগেই সম্রাটের আদেশে তাঁকে ফিরে যেতে হয় আগ্রায়।

মুঘল সম্রাট জাহাঙ্গীরের আমলেই বাংলার বারভূঁইয়াদের চূড়ান্তভাবে দমন করা সম্ভব হয়। এ সাফল্যের দাবিদার সুবেদার ইসলাম খান (১৬০৮-১৬১৩)। বারভূঁইয়াদের দমনের উদ্দেশ্যে তিনি বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তরিত করেন এবং গড়ে তোলেন শক্তিশালী নৌবহর। মুসা খানের সাথে তাঁর প্রথম সংঘর্ষ হয় ১৬০৯ সালে করতোয় নদীর পূর্বতীর যাত্রাপুরে। যুদ্ধে মুসা খান ও অন্যান্য জমিদারগণ পরাজিত হন। সম্রাটের নামে ঢাকার নাম রাখা হয় জাহাঙ্গীরনগর।

মুসা খানের নেতৃত্বে জমিদারদের নৌবহর পরবর্তী সময়ে একত্রিত হয় শীতলক্ষ্যা নদীতে। নদীর পূর্বপাড়ে অবস্থিত মুসা খানের কদম রসুল দুর্গ মুঘলদের অধিকারে চলে গেলে তিনি আরও পিছু হটে চলে আসেন সোনারগাঁওয়ে। শেষ পর্যন্ত মুঘল সৈন্যরা সোনারগাঁও দখল করে। ফলে জমিদাররা বাধ্য হন আত্মসমর্পণ করতে এবং মুসা খান তার জমিদারিতে মুঘলদের অধীনস্থ জায়গীরদারের দায়িত্ব পান। মুসা খানের আত্মসমর্পণের পর অনেক জমিদারই নিরাশ হয়ে পড়েন এবং একে একে সবাই মুঘলদের বশ্যতা মেনে নেন। অবসান ঘটে বাংলায় বারভূঁইয়াদের শাসন।

বাংলায় মুঘল শাসন

বাংলায় মুঘল শাসন চলেছিল সুবাদারি ও নবাবি এই দুই পর্বে। মুঘল প্রদেশগুলো 'সুবা' নামে পরিচিত ছিল। বাংলা ছিল মুঘলদের অন্যতম সুবা। সতের শতকের প্রথম দিক থেকে আঠার শতকের সূচনা পর্যন্ত ছিল সুবাদারি শাসনের স্বর্ণযুগ। সম্রাট আওরঙ্গজেবের পর উত্তরাধিকারীদের মধ্যে দ্বন্দ্ব সংঘাতে মুঘল শাসন শক্তিশীল হয়ে পড়ে। এ সুযোগে বাংলার সুবাদারগণ প্রায় স্বাধীনভাবে বাংলা শাসন করতে থাকেন। মুঘল আমলের এই যুগ নবাবি আমল নামে পরিচিত। নবাবদের শাসনকাল টিকে ছিল ১৭৫৭ সাল পর্যন্ত, প্রায় অর্ধশত বছর।

বাংলায় সুবাদারি শাসন

বারভূঁইয়াদের দমন করে সুবাদার ইসলাম খান ১৬১০ সালে সমগ্র বাংলায় সুবাদারি শাসন প্রতিষ্ঠা করেছিলেন। তাঁর মৃত্যুর পর থেকে ১৬৬০ সালে সুবাদার মীর জুমলা ক্ষমতা গ্রহণের আগ পর্যন্ত কোন সুবাদারই উল্লেখযোগ্য কোন ভূমিকা পালন করতে সক্ষম হননি।

বাংলায় পর্তুগিজরা বাণিজ্য শুরু করে হুসাইনশাহী যুগ থেকে এবং ক্রমে পর্তুগিজ বণিকদের প্রতিপত্তি বাড়তে থাকে। সম্রাট শাহজাহান নিযুক্ত বাংলার সুবাদার কাসিম খান জুয়িনী শক্ত হাতে পর্তুগিজদের দমন করেন। কাসিম খানের পর সুবাদার ইসলাম খান মাসহাদী (১৬৩৫-১৬৩৯ সাল) চার বছর শাসন করেন। এরপর সম্রাট শাহজাহান তাঁর দ্বিতীয় পুত্র শাহ সুজাকে বাংলার সুবাদার করে পাঠান। সুজার বিশ বছরের শাসনকাল ছিল শান্তিপূর্ণ। বিদেশী বণিকগোষ্ঠীর মধ্যে ইংরেজরা এ সময় সুবাদারের কাছ থেকে বাড়তি কিছু সুবিধা লাভ করেছিল। এতে বাণিজ্যের পাশাপাশি ইংরেজদের ক্ষমতাও বৃদ্ধি পায়।

১৬৫৭ সালে সম্রাট শাহজাহান অসুস্থ হয়ে পড়লে তাঁর চার পুত্রের সিংহাসন নিয়ে শুরু হয় দ্বন্দ্ব। এক সময় আওরঙ্গজেবের সাথে শাহ সুজার বিরোধিতা হয়। দুই ভাইয়ের যুদ্ধে ১৬৫৯ সালে শাহ সুজা পরাজিত হন। আওরঙ্গজেব তাঁর সেনাপতি মীরজুমলাকে (১৬৬০-১৬৬৩) বাংলার সুবাদারের দায়িত্ব দেন। সুবাদার হিসেবে মীরজুমলা আসাম ও কুচবিহার মুঘল সাম্রাজ্যভুক্ত করেন। মীর জুমলার মৃত্যুর পর আওরঙ্গজেবের মামা শায়েস্তা খান (১৬৬৪-১৬৬৮ সাল) বাংলার সুবাদার হিসেবে নিয়োগ পান। মাঝখানে এক বছর সম্রাটের আদেশে তিনি দিল্লিতে অবস্থান করেন। ১৭৭৯ সালের সেপ্টেম্বরে তিনি দ্বিতীয়বারের মত বাংলার সুবাদার হন।

শায়েস্তা খান কঠোর হাতে জলদস্যুদের বিতাড়িত করে বাংলার মানুষদের রক্ষা করেন। এ সময় তিনি চট্টগ্রামও দখল করেন। সুবাদারির শেষ দিকে তাঁর সাথে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানির বিরোধ বাধে। ইংরেজদের ক্ষমতা এতটাই বৃদ্ধি পায় যে, ক্রমে তারা এদেশের জন্য হুমকি হিসেবে দেখা দেয়। দীর্ঘদিনের চেষ্টার পর শায়েস্তা খান বাংলা সুবা থেকে ইংরেজদের বিতাড়িত করতে সক্ষম হন।

সম্রাট আওরঙ্গজেবের পুত্র শাহজাদা আযমের পরবর্তী সময়ে দক্ষ সুবাদার হিসেবে বাংলার ক্ষমতায় আসেন মুর্শিদকুলী খান (১৭০০-১৭২৭ সাল)। রাজস্ব সংস্কারের জন্য তিনি খ্যাতিমান হয়ে আছেন। আওরঙ্গজেবের মৃত্যুর পর মুঘল সম্রাটগণের দুর্বলতার সুযোগ নিয়ে সুবাদাররা অনেকটা স্বাধীনভাবে নিজেদের অঞ্চল শাসন করতে থাকেন। মুর্শিদকুলী খানও নামেমাত্র সম্রাটের আনুগত্য প্রকাশ করতেন এবং বার্ষিক ১ কোটি ৩ লাখ টাকা রাজস্ব পাঠাতেন। মুর্শিদকুলী খানের পর তাঁর জামাতা সুজাউদ্দিন খান সিংহাসনে বসলে বাংলার সুবাদার বংশ পরম্পরায় চলতে থাকে। আর এরই পথ ধরে পুনরায় প্রতিষ্ঠিত হয় স্বাধীন শাসন।

বাংলার নবাবি শাসন

নবাব মুর্শিদকুলী খানের সময় থেকেই বাংলা সুবা প্রায় স্বাধীন হয়ে পড়ে। এ সময় সুবাকে বলা হত 'নিজামত' সুবাদারের বদলে পদবী হয় নাজিম। নাজিম পদটি হয়ে পড়ে বংশগত। তাই আঠার শতকের বাংলায় মুঘল শাসনের ইতিহাস নিজামত বা নবাবি আমলরূপে পরিচিত। আর প্রায় স্বাধীন শাসকরা পরিচিত হন নবাব হিসেবে। মুর্শিদকুলী খানের পুত্রসন্তান না থাকায় তাঁর জামাতা সুজাউদ্দিন খানকে (১৭২৭-১৭৩৯ সাল) সম্রাট ফররুখ শিয়ার বাংলার সুবাদার নিয়োগ করেন। সুজাউদ্দিন একজন স্বাধীন নবাবের মর্যাদা নিয়ে বাংলা, বিহার, উড়িষ্যা তিন প্রদেশই শাসন করেন। তিনি তাঁর আত্মীয়স্বজন ও বিশ্বাসভাজনদের উচ্চপদে স্থান দেন। জমিদারদের সাথেও সুসম্পর্ক গড়ে তোলেন। সুজাউদ্দিনের মৃত্যুর পর তাঁর পুত্র সরফরাজ খান বাংলা-বিহার-উড়িষ্যার নবাব হন। তাঁর অযোগ্যতার কারণে দেশজুড়ে বিশৃঙ্খলা দেখা দেয় আর এ সুযোগে বিহারের নায়ের-ই-নাজিম আলবদী খান সরফরাজকে পরাজিত করে বাংলার ক্ষমতা দখল করেন। তাঁর শাসনকালে (১৭৪০-১৭৫৬ সাল) বাংলায় শান্তি প্রতিষ্ঠিত হয়।

বর্গী নামে পরিচিত মারাঠী দস্যুরা দীর্ঘদিন ধরে বাংলার বিভিন্ন অঞ্চলে আক্রমণ করে জনজীবন অতিষ্ঠ করে তুলছিল। আলীবর্দী খান ১৭৪২ থেকে ১৭১ সাল পর্যন্ত ১০ বছর প্রতিরোধ করে বর্গীদের দেশছাড়া করতে সক্ষম হন। আফগান সৈন্যদের বিদ্রোহও দমন করেন তিনি। পাশাপাশি তিনি ইংরেজসহ অন্যান্য ইউরোপীয় বণিকের বাণিজ্যিক ও সামরিক তৎপরতা শক্ত হাতে রোধ করেন।

আলীবর্দী খান তাঁর কনিষ্ঠ কন্যা আমেনা বেগমের পুত্র সিরাজউদ্দৌলাকে উত্তরাধিকারী মনোনীত করেন। আলীবর্দীর প্রথম কন্যা ঘোষণা বেগমের ইচ্ছে ছিল তাঁর দ্বিতীয় ভগ্নীর পুত্র শওকত জঙ্গ নবাব হবেন। তার এই ইচ্ছে পূরণে তিনি সিরাজউদ্দৌলার বিরুদ্ধে যড়যন্ত্রে নামলে রায় দুর্লভ, জগৎশেঠ, মীর জাফর, উমিচাঁদ, রাজবল্লভ প্রমুখ অভিজাতের সমর্থন পান। এই প্রাসাদ যড়যন্ত্রে যোগ দেয় ইংরেজরা। অবশেষে তাদের সঙ্গে নবাবের যুদ্ধ বাধে। ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে নবাবের সেনাপতি মীর জাফর যুদ্ধে অংশগ্রহণে বিরত থাকেন এবং পরাজয় ঘটে সিরাজউদ্দৌলার। এই যুদ্ধের মধ্য দিয়ে বাংলায় ইংরেজ শাসনের ভিত্তি স্থাপিত হয় এবং অবসান ঘটে বাংলার মধ্যযুগের।

ঔপনিবেশিক যুগ

প্রকৃত রাজস্বমত নিজেদের হাতে রেখে ইংরেজরা মীর জাফরকে বাংলার নবাব হিসেবে সিংহাসনে বসায়। পলাশীর যুদ্ধের গোপন চুক্তি অনুযায়ী চব্বিশ পরগণা জেলার জমিদারি কোম্পানির হাতে তুলে দেওয়া হয়। সামরিক শক্তির ব্যাপারেও নবাব নির্ভরশীল হয়ে পড়েন ইংরেজদের ওপর। ফলে মীর জাফর যখন ইংরেজদের চাহিদা মতো অর্থ দিতে ব্যর্থ হন, তখনই তারা তাকে সরিয়ে দেয় সিংহাসন থেকে। নতুন ইংরেজ গভর্নর হেনরি ভেস্টিটর্ট নবাব মনোনীত করে মীর জাফরের জামাতা মীর কাসিমকে। মীর কাসিমও ইংরেজদের সাথে গোপন চুক্তি অনুযায়ী অর্থ কোম্পানীকে দেওয়ার প্রতিশ্রুতি দেন। পাশাপাশি বর্ধমান, মেদিনীপুর, চট্টগ্রাম জেলার জমিদারিও ইংরেজদের প্রদান করা হয়।

মীর কাসিম কিছুটা স্বাধীনচেতা নবাব ছিলেন। ফলে অবধারিতভাবে ইংরেজদের সাথে মীর কাসিমের যুদ্ধ বাধে (১৭৬৩ সাল)। বীরত্বের সাথে যুদ্ধ করেও পরাজিত হন তিনি। অযোধ্যার নবাব সুজাউদ্দৌলা ও মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলমের সাহায্যে নিয়ে মীর কাসিম পুনরায় ইংরেজদের ওপর ঝাঁপিয়ে পড়েন। ১৭৬৪ সালে বক্সারের যুদ্ধে মীর কাসিম শোচনীয়ভাবে পরাজিত হন।

মীর কাসিম পরাজিত হলে ইংরেজরা দ্বিতীয়বারের মত মীর জাফরকে বাংলার সিংহাসনে বসায়। ১৭৬৫ সালে তার মৃত্যুর পর পুত্র নজমুদ্দৌলাকে ইংরেজরা নবা নির্বাচন করে। তাঁর সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী বাংলার সম্পূর্ণ শাসন ক্ষমতা থাকে 'নায়ব-ই-নাজিম' উপাধিকারী একজন উচ্চপদস্থ কর্মকর্তার হাতে আর তাকে নিয়োগ বা অপসারণ করার পুরো ক্ষমতাই থাকে ইংরেজদের কাছে। নবাব থাকেন নামমাত্র শাসনকর্তা। এভাবে বাংলায় ইংরেজ ঔপনিবেশিক শাসন প্রতিষ্ঠিত হয়।

বাংলার রাজ ক্ষমতায় ইংরেজ শক্তি

পলাশীর যুদ্ধের পর থেকে ইংরেজরা ধীরে ধীরে বাংলায় ক্ষমতা সুসংহত করতে থাকে। রবার্ট ক্লাইভ ১৭৬৫ সালে দ্বিতীয়বারের মত বাংলার গভর্নর হয়ে এসে কোম্পানীকেই সরাসরি বাংলার ক্ষমতায় বসার ব্যবস্থা করেন। সম্রাটকে বার্ষিক ২৬ লাখ টাকা দেওয়ার বিনিময়ে বাংলা, বিহার ও উড়িষ্যার রাজস্ব আদায়ের অধিকার স্থায়ীভাবে লাভ করেন তিনি। পাশাপাশি বাংলার শাসন কার্য চালানোর জন্য কোম্পানি নবাবকে ৫৩ লাখ টাকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে বাংলার রাজস্ব আদায়ের সম্পূর্ণ দায়িত্ব অর্থাৎ দিওয়ানি লাভ করে।

কোম্পানীর হাতে দিওয়ানি আর শাসনকার্যের ভার নবাবের হাতে থাকায় ইতিহাসে এটা দ্বৈত শাসন নামে পরিচিত। এ ব্যবস্থায় শাসন পরিচালনার দায়িত্ব নবাবের হাতে থাকলেও অর্থনৈতিক কোন অধিকার তার ছিল না। অন্যদিকে রাষ্ট্রীয় কোন দায়-দায়িত্ব না নিয়ে প্রশাসনের মূল ক্ষমতা অর্থাৎ অর্থনৈতিক ক্ষমতা থেকে যায় কোম্পানীর হাতে। এদিকে অতিরিক্ত রাজস্ব আদায়ের জন্য বাংলার মানুষের ওপর নেমে আসে নিপীড়ন। ব্যবসায় ইংরেজ বণিকদের একচেটিয়া অধিকার প্রতিষ্ঠিত হওয়ার কারণে দেশী-বিদেশী বণিকরা মার খেতে থাকে। ফলে বাংলার কৃষি ও বাণিজ্য ক্ষেত্রে নেমে আসে দুর্যোগ। সেই সংগে ১৭৭০ সালের অনাবৃষ্টি ও খরায় ভয়াবহ দুর্ভিক্ষ ছড়িয়ে পড়ে পুরো বাংলায়। এ দুর্ভিক্ষ হয় বাংলা ১১৭৬ সনে। তাই ইতিহাসে এ দুর্ভিক্ষ ছিয়াত্তরের মনুস্তর নামে পরিচিত।

১৭৭২ সালে ওয়ারেন হেস্টিংস বাংলার গভর্নর নিযুক্ত হয়ে রাজস্ব আদায়ের নতুন ব্যবস্থা গ্রহণ করেন। প্রথমে তিন জমিদারদের কাছে পাঁচ বছরের জন্য জমি ইজারা দেন। কিন্তু এতে তেমন সফল না পাওয়ায় এক বছরের জন্য জমি বন্দোবস্ত দেয়ার ব্যবস্থা করেন তিনি। কৃষকদের দুর্দশা তাতে কমেনি এতটুকুও। ১৭৮৬ সালে লর্ড কর্নওয়ালিস বাংলার নতুন গভর্নর জেনারেল নিযুক্ত হন। তিনি জমি বন্দোবস্তের নতুন পদক্ষেপ গ্রহণ করেন। এ লক্ষ্যে ১৭৯০ সালে তিনি জমিদারদের সাথে ১০ বছরের জন্য দশসনা বন্দোবস্ত করেন। এই বন্দোবস্তই পরবর্তীকালে (১৭৯৩ সালে) চিরস্থায়ী বন্দোবস্ত পরিণত হয়।

বাংলাকে কেন্দ্র করে ধীরে ধীরে সমগ্র ভারতে ব্রিটিশ শাসন ক্ষমতার বিস্তার ঘটতে থাকে। ১৭৭৩ সালে ব্রিটিশ পালার্মেন্টে একটি আইন পাস হয়। রেগুলেটিং অ্যাক্ট নামে পরিচিত এ আইনের বলে উপমহাদেশে বাংলা ব্রিটিশ শাসনের কেন্দ্রে পরিণত হয়। ওয়ারেন হেস্টিংসের বিভিন্ন নীতি একদিকে বাণিজ্য ক্ষেত্রে ইংরেজদের একচেটিয়া অধিকার প্রতিষ্ঠা করে, অন্যদিকে দেশীয় রাজ্যগুলো তাদের অধীনস্থ হতে শুরু করে।

লর্ড কর্নওয়ালিস পরবর্তী গভর্নর জেনারেল লর্ড ওয়েলসলি (১৭৯৮-১৮০৫ সাল) ভারতে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারে সবচেয়ে বেশি তৎপর ছিলেন। এ সময় ভারতবর্ষের অনেক রাষ্ট্রের ওপর ব্রিটিশ আধিপত্য প্রতিষ্ঠিত হয়। পরবর্তী গভর্নর জেনারেলদের মধ্যে লর্ড হেস্টিংস (১৮১৩-২৩ সাল), উইলিয়াম বেন্টিক (১৮২৫-৩৫ সাল) ও লর্ড ডালহৌসি (১৮৪৮-৫৬) উল্লেখযোগ্য। এদের ধারাবাহিক প্রচেষ্টায় সমগ্র উপমহাদেশে ব্রিটিশ শাসনের প্রসার ঘটে। ইংরেজদের সাম্রাজ্যবাদী নীতি ও শোষণের ফলে উপমহাদেশের সর্বস্তরের মানুষ ক্ষুব্ধ হয়ে উঠে। এর প্রতিক্রিয়ায় ১৮৫৭ সালে সংঘটিত হয় ব্রিটিশবিরোধী মহাঅভ্যুত্থান, যা সিপাহী বিদ্রোহ হিসেবে খ্যাত।

পলাশীর যুদ্ধের পর থেকে বিদেশী শাসন ও শোষণের বিরুদ্ধে ধীরে ধীরে এদেশের মানুষের মনে বিক্ষোভ বাড়তে থাকে। বিক্ষোভ বেশি ছিল মুসলমানদের মনে। কারণ তাদের হাত থেকেই ইংরেজরা শাসন ক্ষমতা কেড়ে নিয়েছিল। ১৭৫৭ সাল থেকে ১৮৫৭ সাল পর্যন্ত শত বছরে বাংলার মানুষ বিভিন্নভাবে বিদ্রোহ-বিক্ষোভ প্রকাশ করতে থাকে। সংঘটিত হয় বিভিন্ন আন্দোলন। ফকির-সন্ন্যাসী আন্দোলন, তিতুমীরের আন্দোলন, ফরায়েজী

আন্দোলন ছিল অন্যতম। ১৮৫৯-৬০ সালের নীল বিদ্রোহ রাজনৈতিক ও সামাজিক জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

উপমহাদেশের প্রথম স্বাধীনতা সংগ্রাম

ব্রিটিশবিরোধী চেতনা বাংলার মানুষের মনে যখন দানা বেঁধে উঠছিল তখনই এক বিরাট আলোড়নের সৃষ্টি হয়। বিদেশী শাসনের বিরুদ্ধে সমগ্র উত্তর ভারতজুড়ে এক সশস্ত্র অভ্যুত্থান ঘটে।

সামান্য বন্দুকের টোটার অজুহাতে সংগঠিত হয় ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে প্রথম ঐক্যবদ্ধ প্রতিবাদ। ইংরেজরা একে সিপাহী বিদ্রোহ হিসেবে আখ্যায়িত করলেও এই বিপ্লবের মূল কারণ ছিল ইস্ট ইন্ডিয়া কোম্পানির শোষণ ব্যবস্থা। সিপাহী বিপ্লবের সূচনা ঘটে বাংলা থেকেই। ১৮৫৭ সালের জানুয়ারী মাস থেকে সিপাহীরা ইংরেজ অধিনায়কদের আদেশ অমান্য করা শুরু করে। ব্যারাকপুরে মঙ্গল পাণ্ডের একক প্রতিবাদ জেলে দেয় বিপ্লবের আগুন। মার্চে এই বিপ্লব ছড়িয়ে যায় লক্ষ্মী আর মীরাতে। বাংলাদেশের পাবনা ও ফরিদপুরে কোম্পানির কুঠি আক্রান্ত হয়। যশোর, বরিশাল প্রভৃতি জেলা হয়ে উঠে উত্তপ্ত। এ সময় দূরবীন নামে একটি উর্দু পত্রিকার উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়। চট্টগ্রামে বিপ্লব ঘটে প্রথম। বিপ্লবীরা ব্যারাকে অগ্নিসংযোগ করে ও অস্ত্রাগার থেকে অস্ত্র ও গোলাবারুদ সংগ্রহ করে ঢাকার উদ্দেশ্যে রওনা হয়। ২২ নভেম্বর সিপাহীরা বিদ্রোহ ঘোষণা করে। নভেম্বরের মধ্যে নৌবাহিনীর জেনোরিয়া জাহাজের নাবিকদের দিয়ে কোম্পানী ঢাকার বিদ্রোহ দমন করে। এ সময় বিনা বিচারে সিপাহীদের ফাঁসি দেয় হয়। চট্টগ্রাম ও ঢাকার পলাতক বিদ্রোহীদের সঙ্গে কোম্পানির সৈন্যদের সংঘর্ষ হয় সিলেটে। প্রহসনমূলক বিচারে বিদ্রোহীদের ফাঁসি দেয় হয় উন্মুক্ত স্থানে।

১৮৫৭ সালে মহাবিপ্লবে এদেশের সিপাহীরা তাদের সামান্য শক্তি নিয়ে ঝাঁপিয়ে পড়ে ইংরেজদের ওপর। মোঘল সম্রাট বাহাদুর শাহ জাফরকে নেতা মেনে কয়েক মাস ইংরেজদের প্রতিহত করতে সক্ষম হলেও শেষ পর্যন্ত টিকে থাকতে পারেনি তারা। ইংরেজরা শক্ত হাতে এ বিদ্রোহ দমন করে। অবশেষে ১৮৫৭ সালে ব্রিটিশ পার্লামেন্ট ভারত শাসনের জন্য একটি নতুন আইন পাস করে। ‘ভারত শাসন আইন’ বলে পরিচিত এ আইন এদেশে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটায় এবং সরাসরি এদেশের শাসনভার গ্রহণ করে ব্রিটিশ সরকার।

আধুনিক যুগের বাংলার সামাজিক ও সাংস্কৃতিক জীবন

দু’জন বিশিষ্ট বাঙালি-রাজা রামমোহন রায় ও হাজী শরিয়তউল্লাহ বাংলার সামাজিক ও ধর্মীয় জীবন সংস্কারে এগিয়ে আসেন। রামমোহন রায়কে ভারতের প্রথম আধুনিক পুরুষ বলা হয়। এদেশের মানুষকে কুসংস্কারের অন্ধকার থেকে মুক্ত করার জন্য তিনি ধর্মীয় ক্ষেত্রে সংস্কারের প্রয়োজন অনুভব করেন। ১৮০৩ সালে তিনি ‘তুফাত-উল-মোয়াহিন্দীন’ নামে আরবি ও ফার্সি ভাষায় একটি বই লেখেন। এখানে তিনি মূর্তিপূজার বিরোধিতা করে এক ঈশ্বরের আরাধনার কথা বলেন। পরে বিভিন্ন ধর্মের ওপর আলোচনামূলক বই ‘মানাজারাতুল আধিয়ান’ প্রকাশ করেন। একেশ্বরবাদের বাণী প্রচারের জন্য ১৮১৫ সালে রামমোহন রায় ‘আত্মীয় সভা’ নামে একটি সমিতি গঠন করেন। সে যুগের কলকাতার শিক্ষিত অভিজাত ও মধ্যবিত্ত শ্রেণীর অনেককেই এ সমিতির সদস্য হন। ১৮২৫ সালে তিনি প্রতিষ্ঠা করেন বেদান্ত কলেজ। পাশ্চাত্যের বিজ্ঞান, দর্শন ও বেদান্ত শিক্ষা প্রদানই ছিল এ কলেজের উদ্দেশ্যে। রামমোহন রায় তার ধর্মীয় চিন্তাকে প্রতিষ্ঠা করার জন্য ১৮২৮ সালে ‘ব্রাহ্ম সমাজ’ নামে একটি ধর্মীয় প্রতিষ্ঠান স্থাপন করেন।

রামমোহন রায় সমাজ সংস্কারেও বিশেষ ভূমিকা রেখেছিলেন। তিনি কৌলীন্য প্রথা, বাল্য বিবাহ, বহু বিবাহ, সতীদাহ ইত্যাদি প্রথাগুলো তুলে দেওয়ার জন্য জনমত গড়ে তুলতে থাকেন। শিক্ষা বিস্তারের ক্ষেত্রে রামমোহন রায় বিশেষ অবদান রেখেছিলেন। তিনি উপলব্ধি করেছিলেন ইংরেজ অধীনস্থ এদেশবাসীর মঙ্গলের জন্য প্রয়োজন ইংরেজি শিক্ষায় শিক্ষিত হওয়া। ১৮২২ সালে কলকাতায় তিনি ‘অ্যাংলো হিন্দু স্কুল’ প্রতিষ্ঠা করেন। দিল্লির নামমাত্র সম্রাট দ্বিতীয় আকবর তাঁর দাবি দাওয়া ব্রিটিশ সরকারের কাছে পেশ করার জন্য রামমোহন রায়কে প্রতিনিধি নিয়োগ করেন। তিনি রামমোহনকে ‘রাজা’ উপাধি দিয়ে ১৮৩০ সালে লন্ডনে পাঠিয়েছিলেন। ১৮৩৩ সালে ইংল্যান্ডের ব্রিস্টল শহরে মৃত্যুবরণ করেন এই আলোকিত ব্যক্তি।

একই সময়ে বাংলার মুসলমান বিশেষ করে পূর্ববঙ্গের মুসলমানদের কুসংস্কারের অন্ধকার থেকে বের করে আনার জন্য এগিয়ে আসেন আরেক সংস্কারক হাজী শরিয়তউল্লাহ। তিনি মুসলমানদের ধর্মীয় কুসংস্কারগুলো উচ্ছেদে অগ্রণী ভূমিকা রাখেন। এ আন্দোলন মূলতঃ মধ্যপ্রাচ্যের ওয়াহাবী চিন্তা দ্বারা অনুপ্রাণিত ছিল।

বাংলার মুসলমানদের মধ্যে অধিকাংশই ছিল ধর্মান্তরিত। ইসলাম গ্রহণের আগে তারা ছিল হিন্দু, বৌদ্ধ বা প্রকৃতির উপাসক। এ কারণে ধর্মান্তরিত হওয়ার পরও স্বাভাবিকভাবে তাদের মধ্যে পূর্বধর্ম ও সংস্কৃতির অনেক উপাদান বিদ্যমান ছিল। শিশুর জন্ম, মৃত্যু, বিয়ে বিভিন্ন সামাজিক উৎসবের মধ্যে এগুলোর প্রতিফলন দেখা যেত। হাজী শরিয়তউল্লাহর সংস্কার আন্দোলন পূর্ব বাংলার মুসলমানদের মধ্যে ব্যাপক সাড়া জাগায়। তবে, পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত কিছু মুসলমান তার এই আন্দোলনের সমালোচনা করতে থাকে।

হাজী শরিয়তউল্লাহ মৃত্যুর পর ফরায়াজি আন্দোলনের নেতৃত্ব দেন পুত্র মুহসীন উদ্দিন দুদু মিয়া। কিন্তু দুদু মিয়া ছিলেন বিপ্লবী। তিনি ফরায়াজি আন্দোলনকে শান্তিপূর্ণ ধর্মীয় সংস্কার আন্দোলন থেকে বের করে এনে জমিদার, নীলকর, সুদখোর মহাজনদের শোষণ ও অত্যাচারের বিরুদ্ধে দরিদ্র কৃষক ও মেহনতি মানুষদের ঐক্যবদ্ধ করেন। বাংলার শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে বড় ধরনের আলোড়ন সৃষ্টি হয় উনিশ শতকে। ইংরেজদের প্রভাবে এ শতকের শুরু থেকেই বাংলায় পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত একটি বুদ্ধিজীবী শ্রেণীর উদ্ভব হয়। শুধু বাংলাদেশ নয়, উনিশ শতকে সমগ্র পৃথিবীতে জ্ঞান বিজ্ঞানের ক্ষেত্রে চরম উন্নতি ঘটে থাকে। ইউরোপে এ সময় উদার চিন্তাভাবনা, জাতীয়তাবাদ ও গণতন্ত্রের বিকাশ ঘটে। ইউরোপের সাথে যোগাযোগ বৃদ্ধি পাওয়ায় এসব চিন্তাধারা বাংলায়ও প্রবেশ করে। বাংলার সামাজিক, অর্থনৈতিক ও রাষ্ট্রীয় জীবনে পরিবর্তন আসতে শুরু করে।

ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন কেন্দ্র কলকাতায় থাকায় ইংরেজ জীবনযাত্রার সাথে বাঙালিরই প্রথম পরিচয় ঘটে। যদিও ১৮৩৫ সালের আগ পর্যন্ত এদেশে প্রচলিত ভাষারই পৃষ্ঠপোষকতা করে কোম্পানি, তবু উচ্চ শ্রেণীর বাঙালি হিন্দুদের অনেককেই এ সময় ইংরেজী শিক্ষা গ্রহণ করতে থাকে। বাঙালিদের একাংশ এ সময় নিজেদের প্রয়োজনে ইংরেজী শিখে সরকারি চাকরিতে ঢোকে। এ ব্যাপারে খ্রিষ্টান মিশনারিদেরও সহায়তা মেলে। তারা ছাপাখানা প্রতিষ্ঠা করলে ইংরেজি শিক্ষার গতিও বেড়ে যায়।

গভর্নর জেনারেল বেক্টিকের সময় বাঙালির জন্য ইংরেজি শিক্ষার দিগন্ত খুলে যায়। এদেশে ইংরেজি শিক্ষা সম্প্রসারণের পক্ষে লর্ড মেকলে একটি শিক্ষানীতির প্রস্তাব করলে বেক্টিক ১৮৩৫ সালে তা গ্রহণ করেন। এরপর থেকে সরকারি উদ্যোগে বিভিন্ন অঞ্চলে ইংরেজি বিদ্যালয়, চিকিৎসা বিদ্যালয় ও আইন বিদ্যালয় প্রতিষ্ঠিত হতে থাকে। শুধু কলকাতা নয়, কলকাতার বাইরেও এই জোয়ার ছড়িয়ে পড়ে। আর তাই ১৮৩৬ সালে হুগলি কলেজ, ১৮৪১ সালে ঢাকা কলেজ, ১৮৪৫ সালে কৃষ্ণনগর কলেজ ও ১৮৫৩ সালে বহরমপুর কলেজ প্রতিষ্ঠিত হয়।

শিক্ষার পাশাপাশি বাংলার সমাজ সংস্কারেও কিছু ব্যক্তিত্ব এগিয়ে আসেন। রামমোহন রায়ের আন্দোলনে যখন ভাটা পড়ে আসছিল, তখন এগিয়ে আসেন পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। বাংলা গদ্য রচনার নতুন রীতি তিনিই প্রচলন করেন। বিদ্যাসাগর বিধবা বিবাহের পক্ষে আন্দোলন করতে থাকেন। ১৮৫৬ সালে তাঁর প্রচেষ্টার বিধবা বিবাহ বৈধ বলে আইন পাস হয়।

মুসলমান সমাজ ইংরেজি শিক্ষার ক্ষেত্রে পিছিয়ে পড়লে তাদের সজাগ করতে এগিয়ে আসেন হাজী মুহম্মদ মহসীন। মৃত্যুর আগে মহসীন সব সম্পত্তি জনগণের কল্যাণে বিশেষ করে শিক্ষা বিজ্ঞানে উৎসর্গ করে যান। আরও কয়েকজন ব্যক্তিত্ব পিছিয়ে পড়া মুসলমান সমাজকে এগিয়ে নিতে ভূমিকা রাখেন। এঁদের মধ্যে প্রধান ছিলেন নওয়াব আব্দুল লতিফ ও সৈয়দ আমীর আলী। ‘খাঁন বাহাদুর’ ও পরে ‘নওয়াব’ উপাধিতে ভূষিত আব্দুল লতিফের প্রচেষ্টায় ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম প্রভৃতি স্থানে মাদ্রাসা স্থাপিত হয়। মুসলমানদের রাজনৈতিকভাবে সচেতন করতে সৈয়দ আমীর আলী ১৮৭৭ সালে কলকাতায় সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান অ্যাসোসিয়েশন নামে একটি সমিতি গঠন করেন। ১৯০৬ সালে ঢাকায় মুসলমানদের ভিন্ন রাজনৈতিক প্রতিষ্ঠান মুসলিম লীগ প্রতিষ্ঠিত হলে আমীর আলী তাতে সমর্থন জানান। ১৯১২ সালে তিনি নিখিল ভারত মুসলিম লীগের সভাপতি নির্বাচিত হন।

কোম্পানির শাসনের শেষ দিক বাংলা বা ভারতের ইতিহাসে ‘উন্নয়নের যুগ’ হিসেবে পরিচিত। এ সময় রেলপথ-সড়কপথ নির্মাণ, টেলিফোন ব্যবস্থা প্রবর্তন করা হলে যোগাযোগ ব্যবস্থায় ঘটে আমূল পরিবর্তন। ফলে শিক্ষা নীতি ও শিক্ষা ব্যবস্থার রূপান্তর ঘটে। ১৮৫৪ সালে চালর্স উডের শিক্ষানীতির ফসল হিসেবে ১৮৫৭ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ফলে এ সময় থেকেই বাংলায় দ্রুত একটি শিক্ষিত সমাজ গড়ে উঠেছিল। শিক্ষাসচেতনতা ও শিক্ষার অগ্রগতির সাথে সাথে বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতি হয় প্রভূত।

১৮৫৭ সালে সিপাহী বিপ্লব ব্যর্থ হওয়ার পর এদেশের নেতৃবর্গ নিজেদের অধিকার রক্ষার জন্য রাজনৈতিক প্রতিষ্ঠান গড়ে তোলার চিন্তা শুরু করে। সেই ধারাবাহিকতায় ১৮৮৫ সালে প্রতিষ্ঠিত হয় ‘ভারতীয় জাতীয় কংগ্রেস’।

বঙ্গভঙ্গ ও তৎকালীন রাজনীতি (১৯০৫-১৯১১)

১৯০৫ সালে লর্ড কার্জন বঙ্গভঙ্গ ঘোষণা করলে পূর্ববঙ্গের মুসলমানরা আশাবাদী হয়ে পড়ে। এতে অনগ্রসর পূর্ববঙ্গে বিভিন্ন ক্ষেত্রে উন্নতির সম্ভাবনা দেখা যায়। প্রশাসনিক কারণে বঙ্গভঙ্গ করা হলেও ক্রমশ তা ব্রিটিশ শাসন নীতিকে সাহায্য করতে থাকে। কারণ বঙ্গভঙ্গের মাধ্যমেই বাংলার হিন্দু ও মুসলমান দুই ভাগে বিভক্ত হয়ে পড়ে। মুসলিম লীগের প্রতিষ্ঠার মাধ্যমে মুসলমানদের রাজনৈতিক সচেতনতা প্রকাশ পায়। ১৯০৯ সালের মর্লি-মিন্টো সংস্কার মুসলমানদের পৃথক নির্বাচন দাবিকে স্বীকৃতি দিলে রাজনীতির ক্ষেত্রে নতুন ধারার সূচনা হয়।

বঙ্গভঙ্গের পটভূমি

বাংলা, বিহার ও উড়িষ্যা নিয়ে গঠিত বাংলা প্রদেশ ১৯০৫ সালের ১৬ অক্টোবর ভারতের বড়লাট লর্ড কার্জনের এক ঘোষণায় দুই ভাগে বিভক্ত হয়ে পড়ে। এই ঘোষণা অনুযায়ী বাংলাদেশের ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী বিভাগ এবং আসাম নিয়ে গঠিত হয় পূর্ববঙ্গ ও আসাম প্রদেশ। নবগঠিত এই প্রদেশের রাজধানী হয় ঢাকা। অন্যদিকে পশ্চিম বাংলা, বিহার ও উড়িষ্যা নিয়ে গঠিত হয় পশ্চিম বাংলা প্রদেশ, যার রাজধানী থাকে কলকাতায়। প্রশাসনিক সুবিধা বিবেচনায় নিয়ে বঙ্গভঙ্গ যৌক্তিক হলেও এর পেছনে আরো অনেক কারণ ছিল। ব্রিটিশ শাসনের শুরু থেকেই পূর্ববঙ্গ ছিল অর্থনৈতিকভাবে অনুন্নত ও অবহেলিত। এ অঞ্চলের শিক্ষা, ব্যবসা-বাণিজ্য ও যোগাযোগ ব্যবস্থার কোন উন্নতি এর পূর্বে হয়নি। অন্যদিকে রাজধানী কলকাতা ছিল ব্রিটিশ শাসনের প্রশাসনিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক উন্নয়নের মূল কেন্দ্র। বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিদ্যালয় ইত্যাদি প্রতিষ্ঠায় কলকাতা সবসময় অগ্রাধিকার পেত। পূর্ববঙ্গে কৃষিই ছিল প্রধান অর্থনৈতিক কর্মকাণ্ড। অথচ কৃষকের উন্নতির জন্য তখন কোন সরকারি প্রচেষ্টা গৃহীত হয়নি। পূর্ববঙ্গের জমিদারদের অধিকাংশই ছিলেন কলকাতার স্থায়ী বাসিন্দা। তাদের নায়েব, গোমস্তা ও পাইকদের অত্যাচারে কৃষকদের অবস্থা হয়ে পড়ে শোচনীয়। যোগাযোগ ব্যবস্থার উন্নতি না হওয়ায় অর্থনৈতিক দূরবস্থা চিরস্থায়ী হবার উপক্রম হয়। শিক্ষা, যোগাযোগ ও অর্থনৈতিক ক্ষেত্রে পূর্ব ও পশ্চিমবঙ্গের মধ্যে এই পার্থক্য ব্রিটিশ শাসকদের জানা ছিল এবং তারা বঙ্গভঙ্গের মাধ্যমে পূর্ববঙ্গে উন্নতি সাধনের পক্ষে মত প্রকাশ করেন। প্রশাসনিক উন্নতি ও অর্থনৈতিক সমতা বিধানের উদ্দেশ্য ছাড়াও বাংলা বিভাগের পেছনে ব্রিটিশ সরকারের রাজনৈতিক উদ্দেশ্য ছিল। লর্ড কার্জন বাংলার রাজনৈতিক সচেতনতার বিষয়ে বিশেষভাবে উদ্বিগ্ন ছিলেন। তিনি লাক্ষ করেছিলেন যে, বাঙালি মধ্যবিত্ত ও বুদ্ধিজীবীরা ক্রমশ জাতীয়তাবাদী ও রাজনীতি সচেতন হয়ে উঠেছে। এ সময় ভারতীয় কংগ্রেস কলকাতা থেকে সমগ্র ভারতে আন্দোলন পরিচালনা করছিল। বাংলা ভাগ হলে বাঙালিরা দুর্বল হয়ে পড়বে এবং কলকাতা থেকে ব্রিটিশবিরোধী আন্দোলনের কেন্দ্র সরে যাবে এ বিবেচনায় লর্ড কার্জন ‘বিভেদ ও শাসন’ নীতি প্রয়োগ করে বাংলাকে বিভক্ত করতে চাইলেন। কারণ ঐক্যবদ্ধ বাংলা ছিল এক বিরাট শক্তি এবং বাংলার হিন্দু ও মুসলমানদের মিলিত ও ঐক্যবদ্ধ আন্দোলন ব্রিটিশ সাম্রাজ্যের পক্ষে মোটেও নিরাপদ ছিল না। তাছাড়া বঙ্গভঙ্গের ফলে পূর্ববঙ্গের মুসলমানরাও সন্তুষ্ট হয়ে ব্রিটিশ সরকারের প্রতি অনুগত থাকবে এবং ভারতের জাতীয় ঐক্য এ কারণে দুর্বল হয়ে পড়বে।

বঙ্গভঙ্গের প্রতিক্রিয়া

বাংলার মানুষের মধ্যে বঙ্গভঙ্গের প্রতিক্রিয়া ছিল মিশ্র। যেদিন সরকারিভাবে বঙ্গভঙ্গ ঘোষণা করা হয় সেদিন কংগ্রেস দেশব্যাপী শোক দিবস পালন করে। ১৯০৫ সালে ১৬ অক্টোবর বঙ্গভঙ্গের প্রতিবাদে হরতাল পালিত হয় এবং রবীন্দ্রনাথ ঠাকুরের পরামর্শে ‘রাখী বন্ধন’ অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহন করা হয়। বাঙালির ঐক্যের আহ্বান জানিয়ে রবীন্দ্রনাথ ‘বাংলার মাটি, বাংলার জল, গানটি রচনা করেন।’ বাংলার মুসলমান নেতৃবৃন্দের একাংশ বঙ্গভঙ্গের বিরোধীতা করেন। মৌলভী আব্দুল রসুলের সভাপতিত্বে কলকাতার রাজাবাজারে অনুষ্ঠিত জনসভায় নেতৃবৃন্দ বঙ্গভঙ্গের বিরুদ্ধে প্রতিবাদ জানান। তবে মুসলমানদের একাংশ বঙ্গভঙ্গকে স্বাগত জানান। ঢাকার নবাব

সলিমুল্লাহ বঙ্গভঙ্গকে মুসলমানদের স্বার্থের স্বপক্ষে বলে মত প্রকাশ করেন। এছাড়া ফজলুল হক, ধনবাড়ীর জমিদার নওয়াব আলী চৌধুরীও বঙ্গভঙ্গকে স্বাগত জানান।

বাঙালি বুদ্ধিজীবী, শিক্ষিত সম্প্রদায় ও রাজনীতিকদের মধ্যে যারা বঙ্গভঙ্গের বিরোধিতা করেন তাঁদের প্রায় সকলেই ছিলেন কংগ্রেস সমর্থক এবং উচ্চবিত্ত হিন্দু সম্প্রদায়ভুক্ত। বঙ্গভঙ্গকে তারা জাতীয়তাবাদের ওপর সম্রাজ্যবাদী শক্তির আঘাত বলে মনে করেন। এ সময় পশ্চিমবঙ্গ থেকে প্রকাশিত ইংলিশম্যান, স্টেটম্যান, পাইওনিয়ার, যুগান্তর, সন্ধ্যা, সঞ্জীবনী, নবশক্তি, হিতবাদী ইত্যাদি পত্রিকাগুলো বঙ্গভঙ্গের বিরোধিতা করতে থাকে। কিন্তু এক পর্যায়ে এসব পত্র-পত্রিকা সরকারি দমননীতির শিকার হয়। ১৯০৬-১৯০৮ সালের মধ্যে বন্দেমাতরম, সন্ধ্যা, যুগান্তর পত্রিকা বন্ধ করে দেয়া হয়। ময়মনসিংহ ও বরিশাল থেকে প্রকাশিত 'চারু মিহির' ও 'বরিশাল হিতৈষী' পত্রিকা দুটি সরকারি দমননীতির কবলে পড়ে।

বঙ্গভঙ্গের প্রতি হিন্দু ও মুসলমানদের পরস্পরবিরোধী প্রতিক্রিয়ার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কলকাতার শিক্ষিত বাঙালি বুদ্ধিজীবীরা পূর্ব বাংলার অনুন্নত ও অবহেলিত মুসলমানদের উন্নতির বিষয়টিকে সুনজরে গ্রহণ করেননি। বঙ্গবিভাগ কার্যকর হলে নবগঠিত প্রদেশের রাজধানী হবে ঢাকা এবং সেখানেই প্রতিষ্ঠিত হবে হাইকোর্ট, অফিস-আদালতসহ বাণিজ্য কেন্দ্র। ফলে কলকাতা হারাতে এর একচেটিয়াত্ব। এ অবস্থায় কলকাতার ব্যবসায়ী, উকিল ও শিক্ষিত সমাজ নিজেদের স্বার্থবাদী অবস্থান থেকেই বঙ্গভঙ্গের বিরোধিতা করেন।

একইভাবে ভূস্বামী ও মধ্যবিত্ত শ্রেণীর স্বার্থ কলকাতাকেন্দ্রিক থাকার কারণে পূর্ববঙ্গকে নতুন প্রদেশের মর্যাদা দান ছিল তাদের স্বার্থবিরোধী। আর এদিকে বঙ্গভঙ্গ অবহেলিতদের মধ্যে নতুন আশা জাগাতে শুরু করে। পূর্ববঙ্গের জনগণ স্বাভাবিকভাবেই বঙ্গভঙ্গের মাধ্যমে নবগঠিত পূর্ববঙ্গ ও আসাম প্রদেশে তাদের স্বার্থ অধিকতর সংরক্ষিত হবে বলে মনে করে। নতুন প্রদেশের শিক্ষা ও অর্থনৈতিক উন্নতির সুযোগ-সুবিধার সম্ভাবনা তাদেরকে আশাবাদী করে তোলে। ফলে মুসলমানদের সম্পাদিত পত্রপত্রিকাগুলো বঙ্গভঙ্গকে সমর্থন করে। কলকাতার মুসলিম সাহিত্য সংসদ বঙ্গভঙ্গকে আশীর্বাদ হিসেবে গণ্য করে। এখানে উল্লেখ করা গুরুত্বপূর্ণ যে, বাংলার নিম্নবর্ণ তথা তফসিল সম্প্রদায়ভুক্ত হিন্দুরাও বঙ্গ বিভাগকে সমর্থন করে।

মুসলিম লীগের প্রতিষ্ঠা

অনগ্রসর মুসলমানদের ইংরেজী শিক্ষার প্রয়োজনীয়তা উপলব্ধি করেন আলীগড়ের স্যার সৈয়দ আহমদ খান। তাঁর উদ্যোগে প্রতিষ্ঠিত হয় মোহামেডান অ্যাংলো ওরিয়েন্টাল কলেজ, অনুবাদ সমিতি ও মুসলিম শিক্ষা সম্মেলন। ১৯০৫ সালের বঙ্গভঙ্গ ঘোষণা বাংলার অবহেলিত মুসলমানদের মধ্যে নতুন আশা ও উদ্দীপনা সৃষ্টি করে এবং তারা একটি স্বতন্ত্র রাজনৈতিক সংগঠনের প্রয়োজনীয়তা উপলব্ধি করে। ১৯০৬ সালে ব্রিটিশ সরকার নতুনভাবে শাসন সংস্কার চালু করার বিষয় বিবেচনা করতে থাকে। এ অবস্থায় রাজনীতিতে সক্রিয়ভাবে অংশগ্রহণের ইচ্ছা মুসলমানদের মধ্যে দেখা দেয়।

১৯০৬ সালের ৩০ ডিসেম্বর ঢাকায় 'নিখিল ভারত মুসলিম এডুকেশনাল কনফারেন্স' অনুষ্ঠিত হয়। ওই সম্মেলনে নবাব সলিমুল্লাহ 'নিখিল ভারত মুসলিম লীগ' নামে একটি রাজনৈতিক দল গঠনের প্রস্তাব করলে সংখ্যাগরিষ্ঠ প্রতিনিধিরা প্রস্তাবটি সমর্থন করেন। পরদিন ৩১ ডিসেম্বর মুসলমানদের রাজনৈতিক সংগঠন হিসেবে 'মুসলিম লীগ' আত্মপ্রকাশ করে।

বঙ্গভঙ্গবিরোধী আন্দোলন

বঙ্গভঙ্গের প্রতিবাদে যে আন্দোলন গড়ে ওঠে তাকে মোটাদাগে বলা হয় স্বদেশী আন্দোলন। এ আন্দোলন চারটি পর্যায়ে বিভক্ত ছিল। প্রচলিত নিয়ম অনুযায়ী সভা-সমিতিতে বক্তৃতাদান ও প্রস্তাব গ্রহণের মাধ্যমে বঙ্গভঙ্গের বিরুদ্ধে প্রতিবাদ জ্ঞাপন ছিল প্রথম পর্যায়। দ্বিতীয় পর্যায়ে ছিল আত্মশক্তি গঠন ও জাতীয় শিক্ষা আন্দোলন। 'বয়কট' বা বিলাতি পণ্যদ্রব্য বর্জন এবং স্বদেশী পণ্যের উৎপাদন ও ব্যবহার ছিল বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনের তৃতীয় পর্যায় এবং চতুর্থ পর্যায়ে চলে বিপ্লবী বা সশস্ত্র আন্দোলন।

বয়কট আন্দোলন

শুরুতে 'বয়কট' আন্দোলন বিলাতি পণ্যসস্তার বর্জনের মধ্যে সীমাবদ্ধ থাকলেও আন্দোলন বিস্তারের সাথে সাথে 'বয়কট' এর অর্থ ক্রমেই ব্যাপকতর হতে শুরু করে। বিলাতি পণ্য ও শিক্ষা বর্জনের পাশাপাশি স্বদেশী পণ্যসস্তার ব্যবহার, স্বদেশী শিল্প ও শিক্ষার প্রসার ইত্যাদি চেতনাও প্রাধান্য পায়। ১৯০৫ সালের অক্টোবর মাস থেকে 'বয়কট' ও 'স্বদেশী' কর্মপন্থা নিয়ে যে আন্দোলন গড়ে ওঠে সেটাই স্বদেশী আন্দোলন নামে পরিচিত। এই আন্দোলন ক্রমশ বাংলার বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়ে। কংগ্রেসের নেতৃত্বে পরিচালিত এ আন্দোলনের সময় শহর এবং গ্রামে-গঞ্জে প্রকাশ্যে বিলাতি দ্রব্য পুড়িয়ে ফেলা এবং স্বদেশী পণ্য ব্যবহারের উৎসাহ প্রদান করা হয়। স্বদেশী আন্দোলনের ফলে বিদেশী পণ্যের চাহিদা যথেষ্ট পরিমাণে হ্রাস পায়। ১৯০৬ সালে সরকারি বিবরণী থেকে জানা যায় যে, বিলেতি সাবান, লবণ, সুতি কাপড় ও সিগারেটের আমদানি অনেক বেশি হ্রাস পেয়েছিল। এ সময় বাংলার বিভিন্ন অঞ্চলে গড়ে ওঠে স্বদেশী আন্দোলন কেবল বাংলার মধ্যেই সীমাবদ্ধ ছিল না, ভারতের বিভিন্ন অঞ্চলেও এ আন্দোলনের প্রসার ঘটে।

স্বদেশী আন্দোলন

স্বদেশী আন্দোলন শিক্ষা ক্ষেত্রে জাতীয় শিক্ষা আন্দোলনে রূপ নেয়। বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনে যোগদানের অপরাধে সরকারি স্কুল ও মহাবিদ্যালয় থেকে বহুসংখ্যক ছাত্র বহিস্কৃত হলে জাতীয় শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা জরুরি হয়ে পড়ে। ফলে বাংলার বিভিন্ন অঞ্চলে বেশকিছু বিদ্যালয় স্থাপিত হয় এবং গড়ে ওঠে কয়েকটি কারিগরি শিক্ষা কেন্দ্র। বাংলাদেশের রংপুর, দিনাজপুর, ময়মনসিংহ ও বরিশালে এ জাতীয় বিদ্যালয় স্থাপিত হয়। স্বদেশী আন্দোলনে বাংলার বিভিন্ন শ্রেণীর মানুষ যোগদান করে এবং আন্দোলনের পক্ষে জনমত তৈরির জন্য বিভিন্ন জেলায় সমিতি গঠন করা হয়। বরিশালের 'স্বদেশী বান্ধব', ফরিদপুরের 'ব্রতি', ময়মনসিংহের 'সাধনা' এবং ঢাকার 'অনুশীলন' ছিল উল্লেখযোগ্য সংগঠন। স্বদেশী আন্দোলনে উদ্দীপনা সৃষ্টির জন্য কবি ও সাহিত্যিকরা পত্র-পত্রিকায় দেশাত্মবোধক রচনা প্রকাশ করতে থাকেন। এদের মধ্যে রবীন্দ্রনাথ ঠাকুর, দ্বিজেন্দ্রলাল রায় ও রজনীকান্ত সেনের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। বরিশালের চারণ কবি মুকুন্দ দাস গ্রামে গ্রামে ঘুরে 'পরো না রেশমী চুড়ি, বঙ্গনারী, কভু হাতে আর পরো না' গান গেয়ে সারাদেশে জনগণের মধ্যে তীব্র আবেগ সৃষ্টি করেন। বাংলার নারী সমাজ স্বদেশী আন্দোলনে অংশগ্রহণের মাধ্যমে উপমহাদেশের রাজনীতিতে সর্বপ্রথম যোগ দেয়।

বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনের দুই একজন মুসলমান নেতার সমর্থন থাকলেও শেষ পর্যন্ত এই আন্দোলনকে বাংলার মুসলমানরা সমর্থন করেনি। এছাড়া স্বদেশী আন্দোলনের উগ্র হিন্দুয়ানি ভাবধারা ও হিন্দুধর্মের আদর্শের প্রভাবে আন্দোলন পরিচালনার পদ্ধতি মুসলমান সমাজের মধ্যে নৈরাশ্যের সৃষ্টি করে। বঙ্গবঙ্গ ও স্বদেশী আন্দোলনকে কেন্দ্র করে রাখী বন্ধন, কালীঘাটে পূজা দেওয়া, গীতার শ্রোকের ব্যবহার ইত্যাদি মুসলমানদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া তৈরি করে। ফলে বঙ্গবঙ্গ ও স্বদেশী আন্দোলনকে কেন্দ্র করে হিন্দু ও মুসলমানদের সম্পর্কে ফাটল ধরে, যার ফলাফল ছিল সুদূরপ্রসারী।

স্বদেশী আন্দোলন নানা কারণে জাতীয় আন্দোলন হিসেবে বিকশিত হতে পারেনি। সরকারি দমন নীতি স্বদেশী আন্দোলনের সমর্থকদের মনোবল ভেঙ্গে দেয়। কলকাতার মাড়োয়ারি বণিক এবং বাংলার গ্রামাঞ্চলের ব্যবসায়ীরা বয়কট আন্দোলনে অংশগ্রহণ না করে বিলাতি দ্রব্য আমদানি ও বিক্রয়ের উৎসাহ দেখায়। স্বদেশী আন্দোলন বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনের একটি অর্থনৈতিক-সাংস্কৃতিক কর্মসূচি হলেও এর রাজনৈতিক প্রভাব ছিল লাঞ্ছনীয়। ভারতে ব্রিটিশবিরোধী এবং স্বাধীনতা আন্দোলনের সূচনা করে এ আন্দোলন। স্বদেশী আন্দোলনে ছাত্রদের যোগদানের ফলে রাজনীতিতে ছাত্র সমাজের গুরুত্ব বৃদ্ধি পায়। ‘বয়কট’ আন্দোলনের ফলে একদিকে বিদেশী পণ্য আমদানি হ্রাস পায় এবং দেশীয় শিল্প প্রতিষ্ঠান ও কলকারখানা স্থাপনের বিষয়টি গুরুত্ব লাভ করে। সাংস্কৃতিকভাবে এ আন্দোলন দেশীয় ভাষা, শিক্ষা ও সাহিত্যচর্চায় উৎসাহ সৃষ্টি করে। কিন্তু বঙ্গভঙ্গবিরোধী আন্দোলন হিন্দু-মুসলমান সম্পর্কে যে ফাটল সৃষ্টি করেছিল স্বদেশী আন্দোলন তা আরো বাড়িয়ে দেয় এবং জাতীয় রাজনীতি ও আন্দোলনের ওপর এটা মারাত্মক প্রভাব রাখে।

বিপ্লবী আন্দোলন (১৯১১-১৯৩০)

বাংলায় সশস্ত্র আন্দোলন

বাংলায় সশস্ত্র আন্দোলনের ফলে সৃষ্ট জাতীয়তাবাদী আন্দোলন সশস্ত্র বিপ্লবী আন্দোলন হিসেবে পরিচিত হলেও ব্রিটিশ সরকারের দৃষ্টিতে সেটা ছিল সন্ত্রাসবাদী আন্দোলন। বিপ্লবীদের উদ্দেশ্য ছিল দেশ থেকে ব্রিটিশ শক্তিকে উৎখাত করে স্বাধীনতা অর্জন।

বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনের ফলে সৃষ্ট জাতীয়তাবাদী আন্দোলন মূলত কংগ্রেস সমর্থিত দলের মধ্যেই সীমাবদ্ধ ছিল। কিন্তু আন্দোলনের পদ্ধতি প্রশ্নে সংগঠনটি নরমপন্থী এ দুই দলে বিভক্ত হয়ে পড়ে। নরমপন্থীরা নিয়মতান্ত্রিক আন্দোলনের মধ্যে রাজনৈতিক তৎপরতা সীমাবদ্ধ রাখার পক্ষপাতী ছিলেন। তাদের মত ছিল নিষ্ক্রিয় প্রতিরোধ বা বয়কট আন্দোলনের মাধ্যমে ব্রিটিশ সরকারকে অচল করে দেয়া। অন্যপক্ষ সশস্ত্র বিপ্লবের মাধ্যমে স্বাধীনতা অর্জনের পক্ষপাতী ছিলেন। বঙ্গভঙ্গকে কেন্দ্র করেই সশস্ত্র বৈপ্লবিক তৎপরতা শুরু হয় এবং ১৯১১ সালে বঙ্গভঙ্গ রদ হলেও এ আন্দোলন বন্ধ হয়নি। ১৯০৮ সালে ইংরেজ ম্যাজিস্ট্রেট কিংসফোর্ডকে হত্যার জন্য ক্ষুদিরামের বোমা নিষ্ক্ষেপের মধ্য দিয়ে সশস্ত্র বিপ্লবী আন্দোলন প্রকাশ্য রূপ নেয়।

বাংলার সশস্ত্র আন্দোলন প্রথম থেকেই সংগঠিত ও পরিচালিত হয় সভা-সমিতির মাধ্যমে। ঢাকার ‘অনুশীলন সমিতি’ ও কলকাতায় ‘যুগান্তর’ ছিল দুটি প্রধান সংগঠন। তবে ঢাকার অনুশীলন সমিতি ছিল অধিক তৎপর। স্বামী বিবেকানন্দের সাথে আগত আইরিশ জাতীয়তাবাদী মিস মার্গারেট নোবল বা ভগিনী নিবেদিতা এবং জাপানি অধ্যাপক ওকাকুরা বাংলার সশস্ত্র আন্দোলনকে সমর্থন ও সহযোগিতা দান করেছিলেন।

ঢাকার ‘ন্যাশনাল স্কুল’ ও ‘সোনারং ন্যাশনাল স্কুল’ পূর্ব বাংলায় বিপ্লবী আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ঢাকার অনুশীলন সমিতির প্রতিষ্ঠাতা ও পরিচালক পুলিন বিহারী দাশ এবং তাঁর অন্যতম সহকর্মী ভূপেশচন্দ্র রায় ছিলেন ‘ন্যাশনাল স্কুল’ এর শিক্ষক। ১৯১০ সালে পুলিন বিহারী দাশসহ ৫৫ জনকে গ্রেফতার করা হয় এবং সরকার তাঁদের বিরুদ্ধে ‘ঢাকা যড়যন্ত্র’ মামলা চাপিয়ে রাষ্ট্রদ্রোহিতার অভিযোগ আনে। পুলিশ সন্দেহভাজনদের তড়া করতে থাকে এবং বন্দুকযুদ্ধে সেকালের জাঁদেরেল বিপ্লবী নেতা যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় (ওরফে ‘বাঘা যতীন’) নিহত হন।

স্বদেশী আন্দোলন ও বৈপ্লবিক তৎপরতা অব্যাহত থাকলেও ব্রিটিশ শাসক প্রথমদিকে বঙ্গভঙ্গর সিদ্ধান্ত পরিবর্তন করেনি। ১৯১০ সালের শেষ দিকে লর্ড মিন্টোর স্থলে লর্ড হার্ডিঞ্জ ভারতের নতুন ভাইসরয় হিসেবে ক্ষমতা গ্রহণ করেন। কিন্তু শেষ পর্যন্ত স্বদেশী ও বৈপ্লবিক আন্দোলনের তীব্রতা ব্রিটিশ সরকারকে বঙ্গভঙ্গ রদ করতে বাধ্য করে। লর্ড হার্ডিঞ্জ আপোষ নীতি গ্রহণ করে বঙ্গভঙ্গ রদ করার মনস্থ করেন। ১৯১১ সালের ১২ ডিসেম্বর ইংল্যান্ডের সন্মত পঞ্চম জর্জের অভিষেক অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত দিল্লির দরবারে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেওয়া হয়। তারপরও বিপ্লবী আন্দোলন চলতে থাকে। বাংলায় সশস্ত্র আন্দোলনের উল্লেখযোগ্য ঘটনা হচ্ছে ১৯৩০ সালে চট্টগ্রামে সরকারি অস্ত্রাগার লুণ্ঠন।

চট্টগ্রাম যুব বিদ্রোহ

স্কুল শিক্ষক সূর্য সেনের অধিনায়কত্বে চট্টগ্রামে গড়ে ওঠে বিপ্লবী যুব বাহিনী। ১৮ এপ্রিল ১৯৩০ সালের ‘গুড ফ্রাইডে’ এর রাতে বিপ্লবীরা সামরিক পোশাকে সজ্জিত হয়ে অতর্কিত আক্রমণে শহরের দুটি অস্ত্রাগার দখল করেন। সরকারি দমন-পীড়ন সত্ত্বেও মাস্টারদাকে সর্বাধিনায়ক করে স্বাধীনতার সংগ্রাম প্রায় চার বছর ধরে চলতে থাকে। ১৯৩৩ সালের ১৬ ফেব্রুয়ারী মাস্টারদা গ্রেফতার হন এবং ১৯৩৪ সালের ১২ জানুয়ারী মাস্টারদা সূর্য সেন ও তারকেশ্বর দস্তিদারকে ব্রিটিশরা ফাঁসিতে ঝুলিয়ে হত্যা করে। স্বল্পস্থায়ী এই দুঃসাহসিক অভ্যুত্থানের নেতা ছিলেন স্থানীয় ন্যাশনাল ইনস্টিটিউটের শিক্ষক সূর্য সেন, যিনি মাস্টারদা হিসেবে সুপরিচিত। অস্ত্রাগার লুণ্ঠনের পর চট্টগ্রামের উল্লেখযোগ্য বিপ্লবী ঘটনা ছিল প্রীতিলতা ওয়াদ্দেদারের নেতৃত্বে পাহাড়তলীতে রেলওয়ে ক্লাব আক্রমণ। ১৯৩২ সালের ২৪ সেপ্টেম্বর পাহাড়তলী রেলওয়ে ইউরোপীয়ান ক্লাব আক্রমণে ৭ তরুণ বিপ্লবী দলের নেতৃত্ব দেন প্রীতিলতা ওয়াদ্দেদার। সফল হামলার পর পুলিশের গ্রেফতার এড়াতে তিনি পটাশিয়াম সায়ানাইড ক্যাপসুল খেয়ে ঘটনাস্থলেই আত্মহত্যা করেন।

মর্লে-মিন্টো সংস্কার আইন

১৯০৯ সালে প্রবর্তিত মর্লে-মিন্টো সংস্কার আইনের উল্লেখযোগ্য বিষয় ছিল কেন্দ্রীয় ও প্রাদেশিক আইনসভা গঠন এবং এর কাঠামো পরিবর্তন। কেন্দ্রীয় আইনসভার সদস্য সংখ্যা ১৬ থেকে ৬০ জন করা হয় এবং মুসলমানদের পৃথকভাবে সদস্য নির্বাচনের অধিকার প্রদান করা হয়। পৃথক নির্বাচনের নীতি এ আইনে

সংযোজিত হলে মুসলমানদের দীর্ঘদিনের দাবি পূরণ হয়। সম্প্রদায়ভিত্তিক প্রতিনিধিত্বের নীতিকে স্বীকৃতি দিয়ে ইংরেজ সরকার প্রকৃতপক্ষে মুসলমান ও হিন্দুদের মধ্যে ব্যবধান গড়ে তোলে।

বঙ্গভঙ্গ পরবর্তী রাজনীতি (১৯১১-১৯৩৬)

১৯১১ সালে বঙ্গভঙ্গ রদ করা হলে বাংলার মুসলমানদের মধ্যে হতাশার সৃষ্টি হয়। তারপরও এ সময়ের উল্লেখযোগ্য রাজনৈতিক অর্জন হচ্ছে হিন্দু ও মুসলমানদের রাজনৈতিক সমঝোতা ও ঐক্যবদ্ধ ব্রিটিশবিরোধী আন্দোলন। ১৯১৬ সালের লক্ষ্মী চুক্তির মাধ্যমে হিন্দু ও মুসলিমদের মধ্যে সমঝোতা হয়। ১৯২০-২৪ সালে খিলাফত ও অসহযোগ আন্দোলনের মাধ্যমে হিন্দু ও মুসলিমদের ঐক্যবদ্ধ ব্রিটিশবিরোধী আন্দোলন ছিল খুবই গুরুত্বপূর্ণ। দেশীয় ও আন্তর্জাতিক পরিস্থিতি এবং ব্রিটিশ শাসন ও দমন নীতির জন্য এ আন্দোলন একসময় ব্যর্থতায় পর্যবসিত হয়। বাংলা চুক্তি বা বেঙ্গল প্যাক্ট (১৯২৩) হিন্দু-মুসলমানদের মধ্যে ঐক্যের পথ পুনরায় উন্মোচন করলেও শেষ পর্যন্ত সেটাও বাধাগ্রস্ত হয়।

লক্ষ্মী চুক্তি

১৯১৪ সালে প্রথম বিশ্বযুদ্ধ শুরু হলে ভারতীয় রাজনীতিতেও নতুন গতি সঞ্চারিত হয়। জাতীয় পর্যায়ে রাজনৈতিক দলগুলোর মনোভাব ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন ছিল এ সময়ের উল্লেখযোগ্য ঘটনা। মাওলানা মুহম্মদ আলী ও মুহম্মদ আলী জিন্নাহ জাতীয় আন্দোলন থেকে মুসলমানদের দূরে সরে থাকার জন্য সমালোচনা করেন। মুসলমান যুবকদের জাতীয় আন্দোলনে অংশগ্রহণের আহ্বান জানান তারা। ১৯১৫ সালে মুহম্মদ আলী জিন্নাহ মুসলিম লীগের সভাপতি নির্বাচিত হলে মুসলিম লীগে ব্রিটিশবিরোধী মনোভাব গড়ে ওঠে। সে বছর মুসলিম লীগের অধিবেশনে মুহম্মদ আলী জিন্নাহ উত্থাপিত গুরুত্বপূর্ণ এক প্রস্তাবে বলা হয় যে, মুসলিম লীগ জনগণের জন্য কল্যাণকর কাজে অন্যান্য দলের সাথে সম্মিলিতভাবে কাজ করবে। জিন্নাহ মূলত কংগ্রেস ও মুসলিম লীগকে পরস্পরের কাছাকাছি আনার জন্য হিন্দু ও মুসলমানদের মধ্যে ঐক্যের ওপর জোর দেন।

১৯১৬ সালের ১৬ ডিসেম্বর কংগ্রেস ও মুসলিম লীগ লক্ষ্মী শহরে নিজ নিজ দলীয় সম্মেলন আহ্বান করে। এই সম্মেলনে উভয় দলের নেতারা ঐতিহাসিক 'লক্ষ্মী-চুক্তি' প্রণয়ন করেন। লক্ষ্মী চুক্তি মূলত ছিল হিন্দু ও মুসলমানদের সম্প্রীতি ও সমঝোতার এক মূল্যবান দলিল। এই চুক্তি হিন্দু ও মুসলমানদের মধ্যে সমঝোতার পরিবেশ সৃষ্টিতে সহায়ক হয়। ব্রিটিশ সরকার ১৯১৯ সালের ভারত শাসন আইনে এ চুক্তির অনেকগুলো ধারা অন্তর্ভুক্ত করে।

১৯১৯ সালে মন্টেগু-চেমসফোর্ড সংস্কার আইন

ব্রিটিশ সরকার ১৯১৭ সালে ভারতীয়দের স্বায়ত্তশাসন প্রদানের সম্ভাবনার কথা প্রথম পার্লামেন্টে উত্থাপন করে। উদ্দেশ্য ছিল প্রথম বিশ্বযুদ্ধে ভারতীয় সাহায্য। স্যার এডউইন মন্টেগু এ শাসন সংস্কার পরিকল্পনা বিষয়ে বডলাট লর্ড চেমসফোর্ড ও ভারতের রাজনৈতিক নেতাদের সঙ্গে আলোচনার ভিত্তিতে ১৯১৮ সালে 'মন্টেগু-চেমসফোর্ড' রিপোর্ট প্রকাশ করেন। ১৯১৯ সালে ব্রিটিশ পার্লামেন্ট এ রিপোর্টের ওপর ভিত্তি করে একটি শাসন সংস্কার আইন পাস করে যা ভারত শাসন আইন নামে পরিচিত।

খিলাফত ও অসহযোগ আন্দোলন (১৯২০-১৯২৪)

প্রকৃতপক্ষে খিলাফত ও অসহযোগ আন্দোলন ছিল প্রথম সর্বভারতীয় গণআন্দোলন। এ আন্দোলনে বাংলার জনগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে এবং সাময়িকভাবে হলেও এটা হিন্দু ও মুসলিমদের ঐক্যবদ্ধ ব্রিটিশবিরোধী চেনায় উদ্বুদ্ধ করতে সাহায্য করেছিল।

আন্দোলনের পটভূমি

১৯১৯ সালে ব্রিটিশ সরকার রাওলাট আইন পাস করে। এ সময় মোহন দান করম চাঁদ কংগ্রেসের নেতা হিসেবে ভারতের রাজনীতিতে আবির্ভূত হন। এর আগে তিনি দক্ষিণ আফ্রিকার শ্বেতাঙ্গ সরকারের ধর্ম ও বর্ণবিদ্বেষী অত্যাচার ও নিপীড়নের বিরুদ্ধে সত্যপ্রহ আন্দোলন পরিচালনা করে খ্যাতি অর্জন করেন। গান্ধী ছিলেন অহিংস নীতিতে বিশ্বাসী। রাওলাট আইন ভারতের সর্বস্তরের জনগণকে ব্রিটিশ শাসনের প্রতি বিক্ষুব্ধ করে তোলে। মহাত্মা গান্ধীর ডাকে ১৯১৯ সালে ৬ এপ্রিল সারা ভারতব্যাপী হরতাল পালিত হয়। রাওলাট আইনের বিরুদ্ধে অনুষ্ঠিত সমাবেশে পাঞ্জাবের অমৃতসরের জালিয়ানওয়ালাবাগে ১৩ এপ্রিল জেনারেল ও'ডায়ারের নির্দেশে বহুসংখ্যক নিরীহ জনগণকে নিষ্ঠুরভাবে হত্যা করা হয়। ইতিহাস এ ঘটনা 'জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড' নামে পরিচিত। এই হত্যাকাণ্ডের প্রতিবাদে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ব্রিটিশ সরকার প্রদত্ত 'নাইট' উপাধি পরিত্যাগ করেন।

খিলাফত আন্দোলন

জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডে যখন গোটা ভারতবাসী বেদনাহত, তখন তুরস্কের প্রতি ব্রিটিশ নীতি মুসলমানদের বিক্ষুব্ধ করে তোলে। প্রথম বিশ্বযুদ্ধে তুরস্ক জার্মানির পক্ষ অবলম্বন করে। ভারতের মুসলমানরা তুরস্কের সুলতানকে মুসলিম বিশ্বের খলিফা বা ধর্মীয় নেতা হিসেবে শ্রদ্ধা করত। এই যুদ্ধে সুলতান ব্রিটেনের বিরুদ্ধে যোগদান করলে ভারতের মুসলমানরা এক অস্বস্তিকর পরিস্থিতির মুখোমুখি হয়। ধর্মীয় দিক থেকে তারা ছিল তুরস্কের সুলতানের সমর্থক, অন্যদিকে রাজনৈতিকভাবে ব্রিটিশ সরকারের প্রতি অনুগত।

জার্মানির পক্ষ নেয়ার অপরাধে ব্রিটিশ তথা মিত্রশক্তি সেভার্স সন্ধি'র মাধ্যমে তুরস্ক সাম্রাজ্যকে বিভক্ত করে। তুরস্কের সমর্থনে এ উপমহাদেশে খিলাফত আন্দোলন শুরু হয়। মাওলানা আবুল কালাম আজাদ, মাওলানা মুহম্মদ আলী, মাওলানা শওকত আলী ও আনসারীর নেতৃত্বে গঠিত হয় সর্বভারতীয় খিলাফত কমিটি। ১৯১৯ সালের ১৭ অক্টোবর পালিত হয় খিলাফত দিবস।

দিল্লিতে অনুষ্ঠিত নিখিল ভারত খিলাফত সম্মেলনে গান্ধীকে সভাপতি নির্বাচিত করা হয়। এ সম্মেলনে ব্রিটিশ সরকারের দেওয়া খেতাব ও চাকরি বর্জন এবং প্রয়োজনে খাজনা বন্ধ করার সিদ্ধান্ত নেয়া হয়। মুসলিম লীগও খিলাফতের প্রশ্নে মহাত্মা গান্ধীর সহযোগীতা প্রয়োজন বলে মনে করে। গান্ধীও খিলাফত আন্দোলনে কংগ্রেসের অংশগ্রহণের পক্ষপাতী ছিলেন।

অসহযোগ আন্দোলন (১৯২০-১৯২২)

প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী অর্থনৈতিক মন্দা, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যবৃদ্ধি সাধারণ জনগণের অসন্তোষকে তীব্রতর করে। এ পরিস্থিতিতে গান্ধী ১৯২০ সালে হিন্দু-মুসলিম ঐক্যের ভিত্তিতে অহিংস অসহযোগ আন্দোলনের ডাক দেন। অসহযোগ আন্দোলন কর্মসূচীর অন্তর্ভুক্ত স্বদেশী পণ্যের প্রসার, সরকারি খেতাব ও বিদ্যালয় বর্জন, কেন্দ্রীয় ও প্রাদেশিক আইনসভার নির্বাচন বর্জন, ব্রিটিশ বস্ত্র বর্জন, চরকা ও খন্ডরের ব্যাপক প্রচলন এবং হিন্দু-

মুসলমানদের ঐক্য শক্তিশালীকরণ। খিলাফত ও অসহযোগ আন্দোলন ভারতব্যাপী এক গণআন্দোলনে রূপ নেয়। হিন্দু-মুসলমান নির্বিশেষে সব স্তরের মানুষ এই আন্দোলনে অংশগ্রহণ করে।

খিলাফত ও অসহযোগ আন্দোলনের তাৎপর্য

ভারত ও বাংলায় মুসলমানরা খিলাফত ও অসহযোগ আন্দোলনের মাধ্যমে প্রথমবারের মত ব্রিটিশবিরোধী আন্দোলনে অংশগ্রহণ করে। হিন্দু-মুসলমান নেতাদের যৌথ নেতৃত্বে পরিচালিত এই আন্দোলন দুই সম্প্রদায়ের মধ্যে রাজনৈতিক সমঝোতা সৃষ্টি করে, শহরের শিক্ষিত মুসলমান যুবকদের রাজনৈতিক আন্দোলনের প্রতি উৎসাহী করে তোলে। তবে, খিলাফত ও অসহযোগ আন্দোলন হিন্দু-মুসলমানদের ঐক্যকে চিরস্থায়ী করতে পারেনি। অসহযোগ আন্দোলন হঠাৎ বন্ধ করার ফলে মুসলমানগণ কংগ্রেসের ওপর ক্ষুব্ধ হয়। ভবিষ্যতে হিন্দুদের সাথে ঐক্যবদ্ধ জাতীয় আন্দোলনে তাদের সংশয় সৃষ্টি হয়। বাংলায় খিলাফত ও অসহযোগ আন্দোলনের ব্যর্থতার পর হিন্দু-মুসলিম মিলন আর সম্ভব হয়নি।

স্বরাজ ও বেঙ্গল প্যাঙ্ক ১৯২২-১৯২৬

১৯২২ সালে অসহযোগ আন্দোলন প্রত্যাহারের পর ভারতীয় কংগ্রেস নেতৃবৃন্দের মধ্যে পার্টির ভবিষ্যৎ কর্মপন্থা নিয়ে মতবিরোধ দেখা যায়। মতিলাল নেহেরু ও চিত্তরঞ্জন দাসের নেতৃত্বে কংগ্রেসের একাংশ ১৯২৩ সালে গঠন করে স্বরাজ পার্টি।

১৯১৯ সালের সংস্কার আইন অনুযায়ী ১৯২৩ সালে অনুষ্ঠিত দ্বিতীয় নির্বাচনে অংশ নিয়ে স্বরাজ দল আশাতীত ফল লাভ করে। নির্বাচনে স্বরাজ দল কেন্দ্রীয় আইনসভায় সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে আত্মপ্রকাশ করে। বাংলার ৮৫টি সাধারণ হিন্দু ও মুসলমান আসনের মধ্যে স্বরাজ দল লাভ করে ৪৭ টি এবং এর মধ্যে ২১ টি ছিল মুসলমান আসন। দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের কুশলী নেতৃত্বের কারণে স্বরাজ দলের অসামান্য এই বিজয় অর্জিত হয়। চিত্তরঞ্জন দাশের নেতৃত্বে বঙ্গীয় কংগ্রেস কমিটি বাংলার মুসলমান নেতাদের সঙ্গে ১৯২৩ সালে একটি সমঝোতায় পৌঁছেন। এই সমঝোতা বেঙ্গল প্যাঙ্ক বা বাংলা চুক্তি নামে পরিচিত হয়। আবুল কালাম আজাদ, ওয়াহেদ হোসেন, আব্দুল করিম, নাসিম আলী প্রমুখ মুসলিম নেতা বাংলা চুক্তি সম্পাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। এই চুক্তি ছিল বাংলায় হিন্দু-মুসলিম মিলনের জন্য একটি বলিষ্ঠ পদক্ষেপ। চুক্তিতে প্রতিশ্রুতি ছিল যে, স্বরাজ অর্জনের পর সব প্রশাসনিক পদের শতকরা ৫৫ ভাগ পাবে মুসলমানরা। এই প্রতিশ্রুতির অংশ হিসেবে হোসেন শহীদ সোহরাওয়ার্দী এবং হাজী আব্দুর রশিদ খানকে যথাক্রমে কলকাতা পৌর কর্পোরেশনের ডেপুটি মেয়র এবং কাউন্সিল স্বরাজ পার্টির সম্পাদকের পদ প্রদান করা হয়।

কিন্তু হিন্দু-মুসলমানদের এই ঐক্যও বেশিদিন টিকে থাকেনি। কংগ্রেস ও স্বরাজ দল বিরোধী হিন্দুরা বাংলা চুক্তির তীব্র বিরোধিতা করে। হিন্দু মহাসভার 'শুদ্ধি' ও 'সংগঠন' আন্দোলন এবং মুসলমানদের 'তাবলীগ' ও 'তানজীম' আন্দোলন সাপ্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করার জন্য যথেষ্ট ছিল। ১৯২৫ সালের ১৬ জুন চিত্তরঞ্জন দাশের অকালমৃত্যু হিন্দু-মুসলিম মিল ও ঐক্যের সম্ভাবনাকে শুদ্ধ করে দেয়।

সাইমন কমিশন

ভারত শাসন আইনের কার্যকারিতা এবং ভারতে আরো রাজনৈতিক ও শাসনতান্ত্রিক অধিকাটর প্রদানের সম্ভাবনা যাচাইয়ের জন্য ভারত শাসন আইনে একটি সমীক্ষা গ্রহণের বিধান ছিল। সেই বিধান অনুযায়ী তৎকালীন ব্রিটিশ সরকার ১৯২৭ সালে স্যার জন সাইমনকে চেয়ারম্যান নিযুক্ত করে ৮ সদস্যের একটি বিধিবদ্ধ পার্লামেন্টারী কমিশন গঠন করে। এই কমিশনে কোন ভারতীয় না থাকায় কংগ্রেস, জিন্নাহর নেতৃত্বে মুসলিম লীগের একাংশ, ভারতীয় লিবারেল পার্টি এ কমিশন প্রত্যাখান করে। ভারতবাসীর জন্য উপযোগী শাসন সংস্কারের জন্য কংগ্রেস মতিলাল নেহেরুর নেতৃত্বে একটি রিপোর্ট পেশ করে, অন্যদিকে মুহম্মদ আলী জিন্নাহ ঘোষণা করেন মুসলিম লীগের সদস্যরাই ভারতে মুসলমানদের একমাত্র প্রতিনিধি।

আইন অমান্য আন্দোলন

ভারতকে ডেভিনিয়নের মর্যাদা দেয়াই ব্রিটিশ সরকারের উদ্দেশ্য-বড়লাট লর্ড আরউইনের এই ঘোষণার পর মহাত্মা গান্ধী, মতিলাল নেহেরু ও মুহম্মদ আলী জিন্নাহ ডেভিনিয়নের ব্যাপারে বড়লাটের সাথে সাক্ষাৎ করেন। কিন্তু হতাশ হতে হয় তাদের। এদিকে ১৯২৯ সালে ভারতে পুনরায় সশস্ত্র বিপ্লবী আন্দোলন শুরু হয়। 'পূর্ণ স্বরাজ' প্রতিষ্ঠার দাবিতে ১৯৩০ সালে গান্ধী শুরু করেন আইন অমান্য ও সত্যগ্রহ আন্দোলন।

প্রথমে শুরু হয় লবণ আইন অমান্য আন্দোলন। সমুদ্রের পানি ফুটিয়ে লবণ তৈরি করার ওপর ব্রিটিশ সরকারের নিষেধাজ্ঞা ছিল। মহাত্মা গান্ধী ৭৯ জন সত্যগ্রহীকে নিয়ে সাবরমতী আশ্রম হতে দুইশ মাইল হেঁটে গুজরাটের ডাভি নামক স্থানে পৌঁছে সমুদ্রের পানি থেকে লবণ তৈরি করে আইন অমান্য আন্দোলনের সূচনা করেন। এ আইন অমান্য ও সত্যগ্রহ আন্দোলন খুব দ্রুত ভারতের সর্বত্র ছড়িয়ে পড়ে। মুন্সীগঞ্জ ও পটুয়াখালীতে সত্যগ্রহ আন্দোলন ছিল খুবই শক্তিশালী। আইন অমান্য আন্দোলনের একটা গুরুত্বপূর্ণ দিক ছিল নারী সমাজের অংশগ্রহণ।

গোল টেবিল বৈঠক

ভারতের শাসনতন্ত্র প্রণয়ন প্রশ্নে ব্রিটিশ সরকার ১৯৩০ সালে লন্ডনে 'গোল টেবিল বৈঠক' আহ্বান করলে মুহম্মদ আলী জিন্নাহ, এ কে ফজলুল হক, তাজ বাহাদুর সফ্র ও বিআর আশ্বদকারসহ বেশি কিছু রাজনীতিক যোগ দিলেও কংগ্রেস এ বৈঠকে যোগদানে বিরত থাকে। জিন্নাহ এই বৈঠকে তাঁর চৌদ্দ দফা দাবি পেশ করলে হিন্দু প্রতিনিধিদের সাথে এ নিয়ে তীব্র মতবিরোধ হয়। শেষ পর্যন্ত ভেঙে যায় প্রথম 'গোলটেবিল বৈঠক'। কংগ্রেস যেন গোল টেবিল বৈঠকে যোগদান করে এ জন্য ১৯৩১ সালে বড়লাট লর্ড আরউইন মহাত্মা গান্ধীর সাথে এক চুক্তি করেন যা 'গান্ধী আরউইন চুক্তি' নামে পরিচিত। এ চুক্তি অনুযায়ী ব্রিটিশ সরকার সব রাজবন্দীকে মুক্তি এবং দমনমূলক আইন রদ করার প্রতিশ্রুতি দেয়। কিন্তু ভারতে সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতিনিধিত্বের প্রশ্নে গান্ধী এবং মুসলমান প্রতিনিধিদের মধ্যে কোন আপোষ না হওয়াও দ্বিতীয় গোল টেবিল বৈঠকও ব্যর্থ হয়।

১৯৩২ সালের ১৭ আগস্ট ইংল্যান্ডের প্রধানমন্ত্রী র্যামসে ম্যাকডোনাল্ড 'সাম্প্রদায়িক বাটোয়ারা'র ঘোষণা দেন, যেখানে ভারতের মুসলমান, শিখ, খ্রিষ্টান প্রভৃতি সংখ্যালঘু সম্প্রদায়কে পৃথক নির্বাচনের অধিকার দেয়া হয়।

১৯৩৩ সালে কেন্দ্রিক বিশ্ববিদ্যালয়ের ছাত্র চৌধুরী রহমত আলী ভারতের রাজনৈতিক জটিলতার সমাধান হিসেবে পাঞ্জাব, বেঙ্গলিস্তান, উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ, সিন্ধু ও কাশ্মীর এই পাঁচটি প্রদেশ নিয়ে পাকিস্তান নামে একটি

পৃথক রাষ্ট্র গঠনের প্রস্তাব করেন। তৃতীয় গোল টেবিল বৈঠকে তিনি জিন্নাহ প্রস্তাবিত যুক্তরাষ্ট্রীয় সরকার গঠনের সমালোচনা করেন। সাইমন কমিশন ও গোলটেবিল বৈঠকের আলোকে ১৯৩৫ সালে ভারত শাসন আইন প্রবর্তন করা হয়। এই আইনের প্রধান বৈশিষ্ট্য ছিল ভারত শাসনে যুক্তরাষ্ট্রীয় সরকার পদ্ধতি এবং প্রদেশগুলোর প্রাদেশিক স্বায়ত্তশাসন প্রবর্তন।

লাহোর প্রস্তাব (১৯৪০)

১৯৪০ সালের ২৩ মার্চ লাহোরে অনুষ্ঠিত মুসলিম লীগের অধিবেশনে এ কে ফজলুল হক উত্থাপিত প্রস্তাবই ঐতিহাসিক লাহোর প্রস্তাব হিসেবে পরিচিত। উপমহাদেশের রাজনীতিতে এ প্রস্তাবের গুরুত্ব অপরিমিত। লাহোর প্রস্তাবে উপমহাদেশের উত্তর-পশ্চিম ও পূর্বখণ্ডের মুসলিম সংখ্যাগরিষ্ঠ এলাকাগুলোর একাধিক স্বাধীন রাষ্ট্র গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রস্তাবের মূল বক্তব্য ছিল আঞ্চলিক স্বাধিকার, আত্মনিয়ন্ত্রণের অধিকার ও সার্বভৌমত্ব অর্জন। পাশাপাশি এ প্রস্তাবে সংখ্যালঘুদের ধর্মীয়, সাংস্কৃতিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও প্রশাসনিক অধিকার এবং স্বার্থরক্ষার পক্ষেও মত প্রকাশ করা হয়। ১৯৪৬ সালের ৯ এপ্রিল মুসলিম লীগ দলীয় আইনসভার সদস্যদের এক কনভেনশনে 'লাহোর প্রস্তাব' সংশোধন করে মুসলিম সংখ্যাগরিষ্ঠ অঞ্চল নিয়ে একটিমাত্র স্বাধীন সার্বভৌম রাষ্ট্র গঠনের কথা প্রস্তাব করা হয়।

১৯৩৯ সালে মুহম্মদ আলী জিন্নাহ ঘোষণা করেন 'দ্বি-জাতি তত্ত্ব' জিন্নাহর মতে, মুসলমানরা ভারতের সংখ্যালঘু সম্প্রদায় নয় বরং একটি জাতি। হিন্দু ও মুসলমান উভয়ই পৃথক দুটি জাতি। উল্লেখ্য যে, লাহোর প্রস্তাবের কোথাও দ্বি-জাতি তত্ত্বের উল্লেখ ছিল না, এমনকি 'পাকিস্তান' শব্দটিও না, যদিও এ প্রস্তাব দ্রুত 'পাকিস্তান প্রস্তাব' হিসেবে পরিচিতি লাভ করে।

ক্রীপস মিশন (১৯৪২)

দ্বিতীয় বিশ্বযুদ্ধে পূর্ব রণাঙ্গনে ব্রিটিশ বাহিনীর বিপর্যয় ও জাপানিদের বার্মা দখলের পর ভারতীয় জনগণের সহযোগিতার প্রয়োজন অনুভব করে ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল তাঁর মন্ত্রিসভার সদস্য স্টাফোর্ড ক্রীপসকে একটি শাসনতান্ত্রিক পরিকল্পনা দিয়ে ভারতে পাঠান। ১৯৪২ সালের ২৩ মার্চ ক্রীপস নয়াদিল্লি পৌঁছান এবং কংগ্রেস, মুসলিম লীগ ও অন্যান্য দলের সালে আলাপ-আলোচনা করে তাঁর শাসনতান্ত্রিক পরিকল্পনা উদ্ভাপন করেন। ক্রীপস প্রস্তাবে বলা হয় যে, যুদ্ধ শেষ হবার পর ভারতকে ঔপনিবেশিক স্বায়ত্তশাসন দেওয়া হবে এবং শাসনতন্ত্র রচনার জন্য একটি সংবিধান সভা গঠন করা হবে। কিন্তু এই প্রস্তাব কংগ্রেস বা মুসলিম লীগ কেউ গ্রহণ করেনি। কংগ্রেস অবিভক্ত ভারত সমর্থন করে এবং মুসলিম লীগ লাহোর প্রস্তাব বাস্তবায়নের মনোভাব পোষণ করে। ফলে ব্যর্থ হয় ক্রীপস মিশন এবং কংগ্রেস শুরু করে ভারত ছাড় আন্দোলন।

ইন্ডিয়ান ন্যাশনাল আর্মি ও নেতাজী সুভাষ বসু

সুভাষ চন্দ্র বসু দুই মেয়াদে সর্বভারতীয় কংগ্রেসের সভাপতি ছিলেন। তিনি বিশ্বাস করতেন যে, অহিংস পদ্ধতিতে ভারতের স্বাধীনতা অর্জন সম্ভব নয়। তিনি সর্বভারতীয় কংগ্রেস কমিটিতে পূর্ণ স্বাধীনতার সমর্থনে বক্তব্য দিয়ে মহাত্মা গান্ধীর সাথে তাত্ত্বিক দ্বন্দ্ব জড়িয়ে কংগ্রেস সভাপতির পদ ত্যাগ করেন। এরপর তিনি সর্বভারতীয় ফরোয়ার্ড ব্লক নামে একটি রাজনৈতিক দল গড়ে তুলে প্রত্যক্ষ সংগ্রামের মাধ্যমে ব্রিটিশদের বিতাড়িত করার কর্মসূচী ঘোষণা করেন।

১৯৪১ সালে ১৬ জানুয়ারী গৃহবন্দী সুভাষ বসু গোপনে গৃহ ত্যাগ করে পেশোয়ার হয়ে কাবুল পৌঁছান। তার উদ্দেশ্য ছিল সোভিয়েত ইউনিয়নের সাহায্য নিয়ে ভারত স্বাধীন করা। কিন্তু স্টালিনের সাহায্য না পেয়ে তিনি রোম হয়ে বার্লিন যান। জার্মানিতে তৎকালীন নাৎসি শাসকবাহিনীর সহায়তায় তিনি প্রবাসী ভারতীয়দের নিয়ে একটি সেনাবাহিনী গড়ে তোলেন। এছাড়া বার্লিন থেকে তিনি একটি রেডিও ও সংবাদপত্র প্রকাশ করেন। ১৯৪৩-এ সুভাষ বসু গোপনে একটি সাবমেরিনে চড়ে ইন্দোনেশিয়ার সুমাত্রা পৌঁছান। জাপানের আশ্রাসে তিনি জাপানীদের হাতে বন্দী ভারতীয় সৈন্যদের একত্রিত করেন ও রাসবিহারী বসুর সালে যৌথভাবে একটি ভারতীয় সেনাদলের নেতৃত্ব গ্রহণ করেন। এরপর ১৯৪৩ সালের ২১ অক্টোবর তিনি আজাদ হিন্দ সরকার প্রতিষ্ঠা করেন। জাপান অধিকৃত সিংগাপুরে আজাদ হিন্দ সরকারের অস্থায়ী কার্যালয় স্থাপিত হয়। সুভাষ চন্দ্র বসু এই সময়ে 'চলো দিল্লি' এই শ্লোগান নিয়ে ব্রিটিশ-ভারতের উত্তর-পূর্বখণ্ডের সীমানা জয়ের চেষ্টা করেন, কিন্তু তার ইচ্ছা ও বার্মা অভিযান ব্যর্থ হয়। তবে জাপানী নৌ-বাহিনীর সহায়তায় ব্রিটিশ অধিকৃত আন্দামান ও নিকোবর দ্বীপ দুটি আজাদ হিন্দ ফৌজ স্বাধীন করে সেখানে তিনি আজাদ হিন্দ সরকারের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেন। জাপানী বিমানে করে রণাঙ্গন থেকে ফেরার সময় তাকে বহনকারী বিমানটি নিখোঁজ হয়ে যায়। এরপর অক্ষশক্তি পিছু হটতে শুরু করলে আজাদ হিন্দ ফৌজও বিভিন্ন সেন্টরে আত্মসমর্পণ করতে শুরু করে। তার বিখ্যাত একটি উক্তি ছিল- 'তোমরা আমাকে রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দেব'।

১৯৪৩ সালের দুর্ভিক্ষ

নাজিমউদ্দিন মন্ত্রিসভা গঠনের পরপরই দুর্ভিক্ষের কবলে পড়ে বাংলা। জাপানিরা বার্মা দখল করলে সেখান থেকে বাংলায় চাল আমদানি বন্ধ হয়ে যায়। যুদ্ধের কারণে নৌ যোগাযোগ ব্যবস্থাও বিপর্যস্ত হয়ে পড়ে। বাংলার খাদ্যশস্য সৈনিকদের রসদ হিসেবে পাঠানো হয় অন্যত্র এবং অসাপু ও মুনাফাখোর ব্যবসায়ীরা খাদ্যশস্য গুদামজাত করে। পাঞ্জাব সরকার বাংলায় খাদ্যশস্য প্রেরণে আগ্রহী হলেও ধান-চালের কর্ডিনে ব্যবস্থা চালু থাকার জন্য তা সম্ভব হয়নি। এছাড়া অনাবৃষ্টির ফলে বাংলার খাদ্য উৎপাদনও হ্রাস পায়। সর্বনাশা এ দুর্ভিক্ষ ৩০ লাখেরও বেশি মানুষের মৃত্যু হয় বলে অনুমান করা হয়। দুর্ভিক্ষের কারণ অনুসন্ধানের সরকার গঠিত 'উড হেড' কমিশন ফজলুল হক মন্ত্রিসভা ও মুসলিম লীগকে দায়ী করে।

কেবিনেট মিশন পরিকল্পনা

১৯৪৬ সালে ভারত সচিব পেথিক লরেন্সের নেতৃত্বে একটি প্রতিনিধি দল ভারতে আসে। এ সময় মুসলিম লীগের একটি কনভেনশন থেকে কেবিনেট মিশনকে পাকিস্তান দাবি মেনে নিয়ে রাজনৈতিক সংকট নিরসনের আহ্বান জানানো হয়। কেবিনেট মিশন কংগ্রেস ও মুসলিম লীগের সাথে আলাপ আলোচনার পর ১৯৪৬ সালের মে মাসে ভারতের ভবিষ্যৎ শাসনতন্ত্র সম্পর্কে সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করে। কংগ্রেস এ পরিকল্পনায় এককেন্দ্রিক সরকার গঠনের মধ্যে তাদের অঞ্চল ভারত গঠন দাবির প্রতিফলন দেখতে পায়। অন্যদিকে মুসলিম লীগ গ্রহণ্য ব্যবস্থার মধ্যে তাদের কাজিত পাকিস্তান রাষ্ট্রের সম্ভাবনা প্রত্যক্ষ করে। কিন্তু শেষ পর্যন্ত কংগ্রেস এ পরিকল্পনা প্রত্যাখান করলে এর প্রতিক্রিয়ায় মুসলিম লীগও এ পরিকল্পনা প্রত্যাখান করে। কেবিনেট মিশন

পরিকল্পনা ব্যর্থ হওয়ার পর ১৯৪৬ সালের জুলাইয়ে বোম্বেতে অনুষ্ঠিত মুসলিম লীগের অধিবেশনে পাকিস্তান অর্জনের জন্য প্রত্যক্ষ সংগ্রামের সিদ্ধান্ত গৃহীত হয়। ১৬ আগস্ট দেশব্যাপী 'প্রত্যক্ষ সংগ্রাম দিবস' পালনের ডাক দেয় মুসলিম লীগ। ফলে কলকাতায় সংঘটিত হয় হিন্দু মুসলমানদের মধ্যে রক্তক্ষয়ী এক সাম্প্রদায়িক দাঙ্গা। মুসলিম লীগ শাসিত কলকাতা পুরসভা দাঙ্গা নিরসনে শৈথিল্য দেখায়। পাঁচ হাজারেরও বেশি নিরীহ মানুষ এতে প্রাণ হারায়। এ দাঙ্গা ক্রমশ নোয়াখালী, কুমিল্লা, সাতক্ষীরা, বরিশালসহ বাংলার বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়ে। সাম্প্রদায়িক অবস্থার মারাত্মক অবনতি ঘটলে ব্রিটিশ সরকার ভারতীয়দের কাছে ক্ষমতা হস্তান্তরের ইচ্ছা ঘোষণা করে এবং লর্ড ওয়াভেলের পরিবর্তে লর্ড মাউন্টব্যাটেনকে ভারতে বড়লাট হিসেবে প্রেরণ করে।

বসু সোহরাওয়ার্দী প্রস্তাব

কংগ্রেস নেতা শরৎ বসু এবং সোহরাওয়ার্দী ১৯৪৭ সালের এপ্রিলে অখণ্ড বাঙলা প্রতিষ্ঠার প্রস্তাব করলে বাংলার মুসলিম লীগ সম্পাদক আবুল হাশিম এ প্রস্তাব সমর্থন করেন। বসু সোহরাওয়ার্দী প্রস্তাব নামে পরিচিত এ প্রস্তাবে বাংলার নিজস্ব সংস্কৃতি ও ঐতিহ্য সমুন্নত রাখার আকাঙ্ক্ষা পোষণ করা হয়। প্রকৃতপক্ষে বাংলার স্বাধীন সত্তা ও হিন্দু মুসলমান সম্প্রীতি পুনরুদ্ধারে এই প্রস্তাব ছিল সর্বশেষ প্রচেষ্টা। কংগ্রেসের অবাঙালি ও রক্ষণশীল নেতারা এ প্রচেষ্টার তীব্র বিরোধিতা করে। অন্যদিকে কংগ্রেস পাকিস্তান দাবি মেনে নিলে রাজনৈতিক পরিস্থিতি ভিন্ন চেহারা নেয়। ফলে বসু-সোহরাওয়ার্দীর অখণ্ড বাংলা গঠনের প্রচেষ্টা ব্যর্থ হয় এবং ভারত বিভাগ অনিবার্য হয়ে পড়ে। ১৯৪৭ সালের ১৪ ও ১৫ আগস্ট পাকিস্তান ও ভারত নামের দুটি নতুন রাষ্ট্রের জন্ম হয়।

পাকিস্তানি আমল (১৯৪৭-১৯৭১)

দ্বি-জাতি তত্ত্বের ভিত্তিতে ১৯৪৭ সালের ১৪ আগস্ট জন্ম হয় পাকিস্তান রাষ্ট্রের। ঐতিহাসিক লাহোর প্রস্তাবের আলোকে সংখ্যাগরিষ্ঠ মুসলমানদের জন্য বেশ কয়েকটি রাষ্ট্র প্রতিষ্ঠার কথা থাকলেও বাস্তবে তা হয়নি। ফলে দু'টি আলাদা বৈশিষ্ট্যপূর্ণ ভূখণ্ড নিয়ে দেড় হাজার মাইলের ব্যবধানে পাকিস্তান রাষ্ট্রের উদ্ভব ঘটে, যার একটি পূর্ব বাংলা বা পূর্ব পাকিস্তান, অন্যটি পশ্চিম পাকিস্তান। পাকিস্তানের প্রথম গণপরিষদে পূর্ব বাংলার সংখ্যাধিকার থাকা সত্ত্বেও গভর্নর জেনারেল ও প্রধানমন্ত্রী উভয়ই নির্বাচিত হয় পশ্চিম পাকিস্তান থেকে, রাজধানীও স্থাপিত হয় সেখানে। পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ মানুষের ভাষা বাংলা হলেও রাষ্ট্রীয়ভাবে এ ভাষাকে পাকিস্তানি শাসকগোষ্ঠী কখনও স্বীকৃত দেয়নি। ফলে প্রথম সংঘাত তৈরি হয় ভাষা নিয়ে।

ভাষা আন্দোলন

বাংলাদেশের রাজনৈতিক সংগ্রামের ইতিহাসে ভাষা আন্দোলন একটি অনন্য ঐতিহাসিক ঘটনা। পাকিস্তানের জনসংখ্যার প্রায় শতকরা ৫৬ ভাগ মানুষের মাতৃভাষা ছিল বাংলা, অন্যদিকে উর্দু ভাষাভাষীর সংখ্যা ছিল মাত্র ৬ ভাগ। সংখ্যাগরিষ্ঠের ভাষা বাংলা হওয়া সত্ত্বেও পাকিস্তানি শাসকগোষ্ঠী রাষ্ট্রভাষার প্রশ্নে বাংলাকে উপেক্ষা করতে থাকে। উপেক্ষিত হয় পশ্চিম পাকিস্তানের অন্যান্য সংখ্যাগরিষ্ঠ ভাষাও।

১৯৪৭ সালের ৬ ও ৭ সেপ্টেম্বর ঢাকায় তাসাদুক হোসেনের সভাপতিত্বে পূর্ব পাকিস্তান যুব কর্মী সম্মেলনে পূর্ব পাকিস্তানের অফিস-আদালতে এবং শিক্ষার মাধ্যম হিসেবে বাংলা প্রচলনের দাবি জানিয়ে প্রস্তাব গৃহীত হয়। এরপর তমদ্দুন মজলিশ ১৯৪৭ সালের ১৫ সেপ্টেম্বর প্রকাশ করে ভাষা আন্দোলনের প্রথম পুস্তিকা 'পাকিস্তানের রাষ্ট্রভাষা, বাংলা না উর্দু'। এ পুস্তিকায় অধ্যাপক আবুল কাসেম, কাজী মোতাহার হোসেন এবং আবুল মনসুর আহমদ বাংলা ভাষার পক্ষে যুক্তি প্রদর্শন করে উর্দুর সাথে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে মর্যাদা দেয়ার দাবি জানান। ১৯৪৭ সালের অক্টোবরে তমদ্দুন মজলিশ ভাষা আন্দোলনকে সংগঠিত করতে গঠন করে রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ। এ সময় রাষ্ট্রভাষা বাংলার যৌক্তিকতা ব্যাখ্যা করার উদ্দেশ্যে আয়োজিত বেশ কয়েকটি আলোচনা সভায় বক্তব্য রাখেন কবি জসীমউদ্দিন, হাবীবুল্লাহ বাহার, কাজী মোতাহার হোসেন, অধ্যাপক আবুল কাসেম প্রমুখ।

১৯৪৭ সালের ডিসেম্বরে করাচিতে অনুষ্ঠিত শিক্ষা সম্মেলনে উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ সিদ্ধান্তের প্রতিবাদে ৬ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে অধ্যাপক আবুল কাসেমের সভাপতিত্বে এক ছাত্রসভা অনুষ্ঠিত হয়। সভাশেষে অনুষ্ঠিত একটি মিছিল সৈয়দ আফজল প্রমুখ মন্ত্রীদের সঙ্গে সাক্ষাৎ করে বাংলা ভাষার সমর্থনে তাদের প্রতিশ্রুতি আদায় করে।

১৯৪৮ সালের জানুয়ারিতে বাংলাকে রাষ্ট্রভাষা করার উদ্দেশ্যে ঢাকায় নতুন করে গঠিত হয় 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ'। সংগ্রাম পরিষদ ভাষার প্রশ্নে যে দু'টি দাবি পেশ করে তা হচ্ছেঃ এক, বাংলা ভাষাই হবে পূর্ব বাংলার (পূর্ব পাকিস্তান) শিক্ষার বাহন ও অফিস আদালতের ভাষা এবং দুই, পাকিস্তানের রাষ্ট্রভাষা হবে দু'টি-বাংলা ও উর্দু।

১৯৪৮ সালের ফেব্রুয়ারি মাসে পাকিস্তানি গণপরিষদের প্রথম অধিবেশনে ইংরেজির পাশাপাশি উর্দু ভাষাতে অধিবেশনের কার্যক্রম রেকর্ড শুরু হলে পূর্ব বাংলার গণপরিষদ সদস্য কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত এর প্রতিবাদ করেন এবং বাংলা ভাষাকে গণপরিষদের অন্যতম ভাষা হিসেবে স্বীকৃতির দাবি জানান। কিন্তু গণপরিষদ এ দাবি প্রত্যাখ্যান করলে পূর্ব বাংলার ছাত্র-শিক্ষক-বুদ্ধিজীবী মহলে অসন্তোষ দেখা দেয় এবং এর প্রতিবাদে ২৬ ফেব্রুয়ারি ঢাকায় ধর্মঘট আহ্বান করা হয়। ২ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হলে পূর্ব বাংলার বিভিন্ন সংগঠনের এক সভা অনুষ্ঠিত হয় এবং কামরুদ্দিন আহমেদকে সভাপতি নির্বাচিত করে গঠিত হয় সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ। সংগ্রাম পরিষদ ১১ মার্চ থেকে সাধারণ ধর্মঘটের ডাক দেয়। ওই দিন ঢাকায় বহু ছাত্র আহত হয় এবং বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে ১৩ মার্চ পুনরায় ঢাকা বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট পালিত হয় এবং এই ধর্মঘট ১৫ মার্চ পর্যন্ত চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত হয়। দেশের সব জেলাতেও এই ধর্মঘট পালিত হয়। এ অবস্থায় মুখ্যমন্ত্রী খাজা নাজিমউদ্দিন সংগ্রাম পরিষদের সাথে ১৫ মার্চ আলোচনায় বসে একটি চুক্তি স্বাক্ষর করেন। চুক্তিতে আটক ছাত্রদের মুক্তি, পুলিশী অত্যাচারের তদন্ত, বাংলাকে রাষ্ট্রভাষা করার প্রস্তাব আইন পরিষদে উত্থাপন এবং ১৪৪ ধারাসহ সংবাদপত্রের ওপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহার ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত ছিল।

১৯৪৮ সালের মার্চে মুহম্মদ আলী জিন্নাহ ঢাকায় আসেন এবং ২১ মার্চ ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে এক ভাষণ দেন। জনসভায় তিনি ঘোষণা করেন উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা। ২৪ মার্চ কার্জন হলে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে একই কথার পুনরাবৃত্তি করলে উপস্থিত ছাত্ররা

‘না’ ‘না’ বলে তীব্র প্রতিবাদ জানায়। ওইদিন রাষ্ট্রভাষা পরিষদের পক্ষ থেকে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবি জানিয়ে জিন্নাহকে একটি স্মারকলিপি প্রদান করা হয়।

আরবি হরফে বাংলা প্রচলনের চেষ্টা

১৯৪৮ সালে করাচিতে অনুষ্ঠিত নিখিল পাকিস্তান শিক্ষা সম্মেলনে ইসলামি আদর্শের ধুর্যো তুলে বাংলা ভাষার জন্য ‘আরবি হরফ’ প্রবর্তনের প্রস্তাব করা হয়। আরবি হরফ প্রচলনের জন্য ড. মুহম্মদ শহীদুল্লাহকে নিয়োগের প্রস্তাব উঠলে তিনি তা প্রত্যাখ্যান করেন। এই প্রচেষ্টার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ছাত্রছাত্রীরা ১৯৪৯ সালের এপ্রিলে বাংলা হরফ পরিবর্তন না করার দাবি জানিয়ে পাকিস্তান শিক্ষা উপদেষ্টা, বোর্ড ও বর্ণমালা বিশেষজ্ঞ কমিটির কাছে একটি স্মারকলিপি পেশ করে।

ভাষা আন্দোলনের চূড়ান্ত পর্যায়

১৯৪৯ সালের শেষদিকে পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান ঢাকায় আসলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদের পক্ষ থেকে তাঁকে দেয়া মানপত্রে বাংলা ভাষার দাবি পুনরায় উত্থাপন করা হয়। কিন্তু বিষয়টি এড়িয়ে যান তিনি। একই বছর অনুষ্ঠিত পূর্ব পাকিস্তান সাহিত্য সম্মেলনেও ড. মুহম্মদ শহীদুল্লাহ ভাষার প্রশ্টি উত্থাপন করেন। ১৯৫০ সালের সেপ্টেম্বরে মাসে প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান গণপরিষদে ঘোষণা করেন যে, উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা। পূর্ব বাংলার জনগণ এ ঘোষণার প্রতিবাদ জানালে গণপরিষদে ভাষার প্রশ্লে আলোচনা স্থগিত হয়ে যায়।

১৯৫১ সালে আতায়ীর হাতে লিয়াকত আলী খান নিহত হলে খাজা নাজিমউদ্দিন পাকিস্তানের প্রধানমন্ত্রী নিযুক্ত হন। ১৯৫২ সালের জানুয়ারি ঢাকার এক জনসভায় তিনি ঘোষণা করেন, ‘উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা।’ খাজা নাজিমউদ্দিনের এ ঘোষণায় পূর্ব বাংলার গণমানসে প্রচণ্ড ক্ষোভের সৃষ্টি হয় এবং এর প্রতিবাদে প্রদেশব্যাপী ধর্মঘট ও হরতাল কর্মসূচী ডাকা হয়। সেদিনই আতাউর রহমান খানের সভাপতিত্বে কাজী গোলাম মাহবুবকে আহবায়ক করে সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি গঠন করা হয়। এ সংগ্রাম কমিটি রাষ্ট্রভাষার দাবি প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত ঘোষণা করে এবং ৪ ফেব্রুয়ারি ছাত্র ধর্মঘট ও ২১ ফেব্রুয়ারি রাষ্ট্রভাষা দিবস পালনের সিদ্ধান্ত নেয়। এদিকে ১৯৫২ সালের ১৬ ফেব্রুয়ারি ঢাকার কেন্দ্রীয় কারাগারে বন্দী থাকা অবস্থায় শেখ মুজিব ও ছাত্রনেতা মহিউদ্দিন আহমেদ রাষ্ট্রভাষা বাংলা ও বন্দী মুক্তির দাবিতে আমরণ অনশন শুরু করেন। নুরুল আমিন সরকার ছাত্র আন্দোলনের ভয়ে ভীতসন্ত্রস্ত হয়ে ২০ ফেব্রুয়ারি বিকাল ৩টায় ১৪৪ ধারা জারি করে মিছিল ও জনসমাবেশ নিষিদ্ধ ঘোষণা করে। কিন্তু ২১ ফেব্রুয়ারিতে ছাত্রছাত্রীরা সংগঠিতভাবে ১৪৪ ধারা ভঙ্গ করে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে মিছিল বের করে এবং ‘রাষ্ট্রভাষা বাংলা চাই’ শ্লোগান দিতে দিতে প্রাদেশিক পরিষদ মুখে অগ্রসর হয়। পুলিশ উপস্থিত ছাত্র জনতাকে ছত্রভঙ্গ করতে কাঁদানে গ্যাস ব্যবহার করলে সংঘর্ষ বাঁধে। এক পর্যায়ে পুলিশের গুলিতে জব্বার, রফিক, বরকত, সালামসহ অনেকে শহীদ হন, আহত হন বহু ছাত্র জনতা। এ হত্যাকাণ্ডের খবর দাবানলের মত ঢাকা শহরে ছড়িয়ে পড়ে এবং এর প্রতিবাদে ২২ ফেব্রুয়ারি একটি বিশাল শোভাযাত্রা বের হয়। এ শোভাযাত্রার ওপরে ও পুলিশ গুলি চালায় এবং নিহত হন শফিউর রহমান। এদিনই মেডিকেল কলেজ ছাত্রাবাসে ছাত্রদের আলোচনায় শহীদদের স্মৃতি রক্ষার্থে শহীদ মিনার নির্মাণ করে। ২৩ ফেব্রুয়ারি শহীদ শফিউর রহমানের পিতা আনুষ্ঠানিকভাবে শহীদ মিনার উদ্বোধন করেন। কিন্তু শহীদ মিনারটি পুলিশ ২৪ ফেব্রুয়ারি সন্ধ্যায় গুড়িয়ে দেয়।

এ পরিস্থিতিতে নুরুল আমিন সরকার প্রাদেশিক পরিষদে সিদ্ধান্ত নেয় যে, বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে গণ্য করার জন্য গণপরিষদে প্রস্তাব উত্থাপন করা হবে। অবিরাম ছাত্র ও গণআন্দোলনের মুখে পাকিস্তান সরকার বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিতে বাধ্য হয়। ১৯৫৬ সালের শাসনতন্ত্রে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা প্রদান করা হয়।

১৯৫২ সালের ভাষা আন্দোলন ছিল পূর্ব বাংলার জনগণের গণচেতনার প্রথম সংগঠিত বহিঃপ্রকাশ। এ আন্দোলনের চেতনাই পরবর্তী সময়ে সংঘটিত প্রতিটি আন্দোলনের প্রেরণা জোগায় এবং জনগণের রাজনৈতিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক মুক্তির পথকে সুগম করে স্বাধীনতা অর্জনে ভূমিকা রাখে।

পাকিস্তানে মুসলীম লীগ বিরোধী আন্দোলন

ক্ষমতায় আসার পর মুসলীম লীগ সরকার পূর্ব বাংলায় দুটি বিশাল আন্দোলনের মুখোমুখি হয়। পূর্ব বাংলার কমিউনিস্ট পার্টির নেতৃত্বে তেভাগা আন্দোলনের ব্যাপ্তি বৃদ্ধি পেলে নুরুল আমীন সরকার দমন নীতির আশ্রয় নেয়। ১৯৪৯ সালে ময়মনসিংহের হাজং অঞ্চল ‘লেভি’ প্রথার বিরুদ্ধে কমিউনিস্ট নেতা মনি সিংহের নেতৃত্বে হাজং কৃষকরা সশস্ত্র আন্দোলন শুরু করে। অন্যদিকে উত্তরবঙ্গে শুরু হয় কৃষক বিদ্রোহ। রাজশাহীর নাচোলে সাঁওতাল কৃষকদের এই বিদ্রোহে নেতৃত্ব দিয়েছিলেন রমেন মিত্র ও ইলা মিত্র। ইলা মিত্রের সাংগঠনিক দক্ষতা ও আপোষহীনতার কারণে তিনি হয়ে ওঠেন ওই আন্দোলনের ‘রাণী মা’। এই বিদ্রোহ দমনে এসে পুলিশের পাঁচ সদস্য ও একজন কর্মকর্তা নিহত হলে প্রশাসন ও মুসলীম লীগের পেটোয়া বাহিনী আদিবাসী সাঁওতালদের উপর নারকীয় হত্যাযজ্ঞ শুরু করে। ইলা মিত্রের ওপর চলে অমানুষিক নির্যাতন। ১৯৫০ সালের এই ঘটনা বাংলার প্রগতিশীল আন্দোলনে নতুন মাত্রা যোগ করে।

স্বাধিকার সংগ্রাম ১৯৫৪-১৯৭০

আওয়ামী মুসলিম লীগ গঠন

ভাষা আন্দোলনের পটভূমি, পাকিস্তান সরকারের অগণতান্ত্রিক মনোভাব, পক্ষপাতমূলক সরকারি নীতির প্রতিবাদে ১৯৪৯ সালের জুন মাসে ঢাকায় গঠিত হয় আওয়ামী মুসলিম লীগ। আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি ছিলেন মাওলানা আবদুল হামিদ খান ভাসানী ও সাধারণ সম্পাদক নিযুক্ত হয়েছিলেন শামছুল হক। আওয়ামী মুসলিম লীগ গোড়া থেকেই পূর্ব বাংলার স্বাধিকারের প্রশ্লে আপোষহীন ছিল। তাদের গঠনতন্ত্রে পাকিস্তানের আঞ্চলিক ইউনিটগুলোর আত্মনিয়ন্ত্রণের পূর্ণ অধিকার এবং পূর্ব বাংলার নিজস্ব পদাতিক, নৌ ও বিমানবাহিনী রাখার বিষয়টি অন্তর্ভুক্ত ছিল। অসাম্প্রদায়িক দল হিসেবে প্রতিষ্ঠা পেতে ১৯৫৫ সালে এ দলের নাম থেকে মুসলিম শব্দটি বাদ দেয়া হয়।

চয়ান্ন সালের প্রাদেশিক নির্বাচন ও যুক্তফ্রন্ট

মুসলিম লীগ সরকার বারবার পূর্ব বাংলার সাধারণ নির্বাচনের তারিখ পেছাতে পেছাতে অবশেষে ১৯৫৪ সালের মার্চে সাধারণ নির্বাচন অনুষ্ঠানের ঘোষণা দেয়। নির্বাচনে মুসলিম লীগকে প্রতিরোধ করতে

বিরোধী রাজনৈতিক দলগুলো জোটবদ্ধ হয়ে গঠন করে যুক্তফ্রন্ট। মাওলানা আবদুল হামিদ খান ভাষানী, শেরে বাংলা এ কে ফজলুল হক এবং শহীদ সোহরাওয়ার্দীর নেতৃত্বে আওয়ামী মুসলিম লীগ, কৃষক প্রজা পার্টি, নেজামে ইসলাম ও গণতন্ত্রী দলের সমন্বয়ে ১৯৫৩ সালের ৪ ডিসেম্বর গঠিত হয় যুক্তফ্রন্ট।

যুক্তফ্রন্টের ২১ দফা কর্মসূচি

পূর্ব বাংলার গণমানুষের আশা-আকাঙ্ক্ষাকে প্রতিফলিত করে যুক্তফ্রন্ট ২১ দফাভিত্তিক নির্বাচনী ইশতেহার প্রণয়ন করে এবং এ কর্মসূচির ভিত্তিতে নির্বাচনে অংশ নেয়। যুক্তফ্রন্ট প্রণীত ২১ দফা ছিল মূলত পূর্ব বাংলার জনগণের স্বায়ত্তশাসনের দাবি। এ কারণে বাংলার জনসাধারণ যুক্তফ্রন্টের ২১ দফার প্রতি অকুণ্ঠ সমর্থন জানায়। এ নির্বাচনে পূর্ব বাংলার আইন পরিষদের ৩০৯ টি আসনের মধ্যে যুক্তফ্রন্ট ২৩৬ টি, মুসলিম লীগ ৯টি, কংগ্রেস ২৪ টি, তফসিলি ফেডারেশন ২৭টি, খেলাফত রাক্বানী পার্টি ১টি, খ্রিষ্টান ১টি, বৌদ্ধ ২টি, কমিউনিস্ট পার্টি ৪টি এবং নির্দলীয় সদস্যরা ৫ টি আসন লাভ করে। মুসলিম লীগের মুখ্যমন্ত্রী নুরুল আমিনসহ প্রাদেশিক মন্ত্রীদের সবাই শোচনীয়ভাবে পরাজিত হয়।

শেরে বাংলার নেতৃত্বে যুক্তফ্রন্ট মন্ত্রিসভা

যুক্তফ্রন্ট নেতা এ কে ফজলুল হক সর্বসম্মতিক্রমে প্রাদেশিক আইন পরিষদের নেতা নির্বাচিত হলে পূর্ব বাংলার গভর্নর চৌধুরী খালেদুজ্জামান ফজলুল হককে মন্ত্রিসভা গঠনের আহ্বান জানান। ১৯৫৪ সালের ৩ এপ্রিল গঠিত হয় যুক্তফ্রন্ট মন্ত্রিসভা। মন্ত্রিসভার তরুণ সদস্য শেখ মুজিবুর রহমান পূর্ব বাংলার দাবি দাওয়া, বিশেষত স্বায়ত্তশাসন আদায়ে বিশেষভাবে তৎপর ছিলেন। বাংলাকে রাষ্ট্রভাষা, ২১ ফেব্রুয়ারিকে শহীদ দিবস ও সরকারি ছুটি ঘোষণা এবং বর্ধমান হাটসকে বাংলা একাডেমী করার প্রস্তাব যুক্তফ্রন্ট মন্ত্রিসভা অনুমোদন করে।

পাকিস্তানের শাসকগোষ্ঠী যুক্তফ্রন্টের এ বিজয়কে সহজভাবে গ্রহণ করেনি। ফজলুল হক প্রতিবেশী রাষ্ট্র ভারতের সাথে সৌহার্দপূর্ণ সম্পর্ক স্থাপনে আগ্রহী ছিলেন। শেরে বাংলার এ উদার মনোভাবের বিরুদ্ধে তারা কুৎসা রটনা শুরু করে, এমনকি তাঁকে রাষ্ট্রদ্রোহী হিসেবেও আখ্যা দেয়। যুক্তফ্রন্ট মন্ত্রিসভা বাতিল করার অজুহাত সৃষ্টির জন্য কেন্দ্রীয় সরকার নানাভাবে চেষ্টা চালাতে থাকে। এ প্রচেষ্টায় অবাঙালি আমলারা তৎপর হয়ে ওঠে।

আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর জন্য পাকিস্তানি শাসকগোষ্ঠী ১৯৫৪ সালের মে মাসে নারায়ণগঞ্জের আদমজী জুট মিল ও চন্দ্রঘোনায় কর্ণফুলি কাগজের কলে বাঙালি ও অবাঙালি শ্রমিকদের মধ্যে প্রচণ্ড এক দাঙ্গা বাধিয়ে দেয়। এমনকি পূর্ব বাংলার একমাত্র সশস্ত্র বাহিনী 'ইস্ট পাকিস্তান রাইফেলস' কে পাঞ্জাব জিওসি'র কর্তৃত্বাধীন করা হয়। এভাবে যুক্তফ্রন্ট মন্ত্রিসভার বিরুদ্ধে ষড়যন্ত্র চূড়ান্ত হলে গভর্নর জেনারেল গোলাম মুহম্মদ ১৯৫৮ সালের ৩০ মে মন্ত্রিসভা ভেঙ্গে দেন।

পূর্ব বাংলায় কেন্দ্রের শাসন

পাকিস্তানি শাসকরা নিজেদের সৃষ্ট অরাজকতা ও প্রদেশে অশান্তির জন্য যুক্তফ্রন্টকে দায়ী করে। গভর্নর জেনারেল গোলাম মুহম্মদ যুক্তফ্রন্ট মন্ত্রিসভা ভেঙে দেয়ার পর শাসনতন্ত্রের ৯২(ক) ধারা অনুযায়ী পূর্ব বাংলায় কেন্দ্রের শাসন জারি করেন এবং মেজর জেনারেল ইক্সান্দার মীর্জা পূর্ব বাংলার গভর্নর নিযুক্ত হন। গভর্নর নিযুক্ত হয়েই তিনি শেরে বাংলা এ কে ফজলুল হককে স্বগৃহে আটকসহ অসংখ্য যুক্তফ্রন্ট নেতা-কর্মীকে প্রেফতার করেন।

১৯৫৬ সালে সংখ্যাগম্যের ভিত্তিতে পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র রচিত হয়। এ শাসনতন্ত্রের মাধ্যমে পাকিস্তান ইসলামি প্রজাতন্ত্রের নাম ধারণ করে। পশ্চিমাঞ্চলীয় প্রদেশগুলোকে একত্রিত করে এক ইউনিট গঠনের ফলে এর নাম হয় 'পশ্চিম পাকিস্তান' এবং পূর্ব বাংলার নাম হয় 'পূর্ব পাকিস্তান'। গোলাম মুহম্মদ এ সময়ে পদত্যাগ করলে ১৯৫৬ সালের ২৩ মার্চ ইক্সান্দার মীর্জা গণতান্ত্রিক সরকারবিরোধী ভূমিকায় অবতীর্ণ হন এবং তারই হস্তক্ষেপের কারণে কেন্দ্রে মুসলিম লীগ কোয়ালিশন সরকারের পতন হয়। ১৯৫৬ সালের ১২ সেপ্টেম্বর শহীদ সোহরাওয়ার্দীর নেতৃত্বে কেন্দ্রে গঠিত হয় আওয়ামী লীগ-রিপাবলিকান কোয়ালিশন মন্ত্রিসভা। এ মন্ত্রিসভা পূর্ব পাকিস্তানের উন্নয়নে কতকগুলো জন্য ডিআইটি এবং চট্টগ্রাম উন্নয়নের জন্য সিডিএ, গঠন, আইডব্লিউটিএ, জুট মার্কেটিং কর্পোরেশন এবং এফডিসি ইত্যাদি ওই সময়েই প্রতিষ্ঠিত হয়েছিল। কিন্তু বৈদেশিক নীতির প্রশ্নে সোহরাওয়ার্দী ও মাওলানা ভাসানীর সাথে মতবিরোধ হয়। ফলে দল থেকে পদত্যাগ করে মাওলানা ভাসানী ১৯৫৭ সালের ২৭ জুলাই গঠন করেন ন্যাশনাল আওয়ামী পার্টি।

এদিকে ইক্সান্দার মীর্জার চক্রান্তে ১৯৫৭ সালের ১০ অক্টোবর কেন্দ্রে সোহরাওয়ার্দী মন্ত্রিসভার পতন ঘটে। এরপর ১৮ অক্টোবর ইসমাইল ইব্রাহীম চুন্দিগড়-এর নেতৃত্বে মুসলিম লীগ-রিপাবলিকান মন্ত্রিসভা গঠিত হয়। এর কিছুদিন পর রিপাবলিকান পার্টির ফিরোজ খান নূন প্রধানমন্ত্রী হন। তিনি ১৯৫৬ সালের শাসনতন্ত্র অনুযায়ী ১৯৫৯ সালের ১৬ ফেব্রুয়ারি পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচনের তারিখ ঘোষণা করেন। এ সময়ে পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদে গোলযোগের ফলে ডেপুটি স্পিকার শাহেদ আলীর মৃত্যু হয়।

সামরিক শাসন জারি

প্রাদেশিক পরিষদে বিশৃঙ্খলা এবং ডেপুটি স্পিকার নিহত হওয়ার ফলে পাকিস্তানি শাসকগোষ্ঠী সহজেই এ অঞ্চলে রাজনৈতিক হস্তক্ষেপের অজুহাত খুঁজে পায়। প্রেসিডেন্ট ইক্সান্দার মীর্জা ১৯৫৮ সালের ৭ অক্টোবর এ ঘোষণাবলে দেশে সামরিক শাসন জারি করে দেশের শাসনতন্ত্র, আইন পরিষদ, কেন্দ্রীয় ও প্রাদেশিক মন্ত্রিসভা বাতিল করেন। তিনি রাজনৈতিক দলগুলো নিষিদ্ধ ঘোষণা করে সকল রাজনৈতিক কার্যক্রম বন্ধ ঘোষণা করেন। প্রধান সেনাপতি জেনারেল মুহম্মদ আইয়ুব খানকে প্রধান সামরিক শাসনকর্তা নিয়োগ করে সমগ্র পাকিস্তানকে কয়েকটি সামরিক এলাকায় বিভক্ত করা হয়। মেজর জেনারেল ওমরাও খান পূর্ব পাকিস্তানের প্রধান সামরিক আইন প্রশাসক নিযুক্ত হন। এভাবে পাকিস্তানের ইতিহাসে সামরিক শাসনের সূত্রপাত হয়। নতুন সামরিক নিরাপত্তা আইনে আবুল মনসুর আহমদ, শেখ মুজিবসহ বহু নেতা ও পরিষদ সদস্য প্রেফতার হন। প্রধান সেনাপতি জেনারেল আইয়ুব খান মাত্র ২০ দিনের ব্যবধানে প্রেসিডেন্ট ইক্সান্দার মীর্জাকে ক্ষমতাচ্যুত করে তাকে দেশত্যাগে বাধ্য করেন।

১৯৫৮ সালের ২৭ অক্টোবর জেনারেল আইয়ুব খান নিজেকে পাকিস্তানের স্বনির্বাচিত প্রেসিডেন্ট হিসেবে ঘোষণা করেন। রাজনৈতিক নেতাদের বিরুদ্ধে নির্বিচারে স্বজনপ্রীতি ও দুর্নীতির অভিযোগ আনেন।

রাজনৈতিক নির্যাতনের পাশাপাশি আইয়ুব খান 'মৌলিক গণতন্ত্র' নামে একটি রাজনৈতিক প্রক্রিয়া শুরু করেন। এ পদ্ধতিতে তিনি পরোক্ষ এক নির্বাচন ব্যবস্থা চালু করেন, যেখানে কেবল ইউনিয়ন পরিষদ

চেয়ারম্যানরাই ভোট প্রদানের যোগ্য ছিল। ১৯৬০ সালে এসব মৌলিক গণতন্ত্রীর আস্থা ভোটে আইয়ুব খান পাকিস্তানের প্রথম প্রেসিডেন্ট নির্বাচিত হন।

আইয়ুব খান ১৯৬০ সালের ৫ এপ্রিল জাকির হোসেনের পরিবর্তে জেনারেল আয়ম খানকে পূর্ব পাকিস্তানের গভর্নর নিযুক্ত করেন। আজম খান স্বীয় কার্যকলাপের কারণে পূর্ব পাকিস্তানে জনপ্রিয় হয়ে উঠলেও বেশি দিন গভর্নর থাকতে পারেননি। এরপর কিছুদিন গভর্নর ছিলেন গোলাম ফারুক। তাকে সরিয়ে আইয়ুব খান তার পছন্দের লোক আব্দুল মোনেম খানকে পূর্ব পাকিস্তানের গভর্নর নিযুক্ত করেন। তার আমলে রাজনৈতিক সন্ত্রাস ও অরাজকতা চরমে পৌঁছে। ১৯৬৯ সালে গণঅভ্যুত্থানে পতন ঘটে মোনেম খানের।

সামরিক শাসনবিরোধী আন্দোলন

আইয়ুব খান ১৯৬০ সালের ২ মার্চ সামরিক আইন প্রত্যাহার করেন এবং একটি শাসনতন্ত্র চালু করেন। এ সময়ে পাকিস্তানের রাজধানী করাচি থেকে ইসলামাবাদে স্থানান্তর করা হয়। সংখ্যাগরিষ্ঠতা সত্ত্বেও ঢাকাকে কেবল নামমাত্র দ্বিতীয় রাজধানীর মর্যাদা দেয়ার কথা বলা হয়। এ শাসনতন্ত্রে আইনসভা, মন্ত্রিপরিষদ, গভর্নরের ক্ষমতাকে সংকুচিত করে প্রকৃত ক্ষমতা প্রেসিডেন্টের হাতে রাখা হয়। এ সময়ে হোসেন শহীদ সোহরাওয়ার্দীকে দেশদ্রোহীতার অভিযোগে গ্রেফতার করা হলে পূর্ব পাকিস্তানে প্রচণ্ড বিক্ষোভ দেখা যায়। ফলে রাজবন্দীদের মুক্তিসহ নতুন শাসনতন্ত্র বাতিলের দাবি তীব্র রূপ নেয়। পরিস্থিতি মোকাবেলার জন্য আইয়ুব খান দমন নীতির আশ্রয় নেন এবং গ্রেফতার হন শেখ মুজিবসহ বহু রাজনৈতিক নেতা।

নতুন শাসনতন্ত্র বাতিল, দেশে পূর্ণ গণতন্ত্র প্রতিষ্ঠা, সোহরাওয়ার্দী ও শেখ মুজিবসহ সব রাজবন্দীর মুক্তির দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা অনিদিষ্টকালের জন্য ধর্মঘট শুরু করে। ছাত্ররা ১৯৬২ সালের ১৭ সেপ্টেম্বর হায়দুর রহমান শিক্ষা কমিশনের বিরুদ্ধে প্রতিবাদ জানায় এবং সৈরাচারী আইয়ুবের বিরুদ্ধে প্রদেশব্যাপী হরতাল পালন করে। এটাই ছিল প্রেসিডেন্ট আইয়ুবের বিরুদ্ধে প্রথম গণ-আন্দোলন। আইয়ুব ছিলেন রাজনৈতিকভাবে উচ্চাভিলাসী। সে কারণে ‘রাজনৈতিক দলবিধি’ নামে একটি আইন প্রণয়ন করে তিনি রাজনৈতিক দলগুলোর পুনরুজ্জীবন ঘটান এবং স্বয়ং মুসলিম লীগের একাংশ নিয়ে গঠন করেন কনভেনশন মুসলিম লীগ নামে একটি রাজনৈতিক দল। আইয়ুব খানের স্বৈরশাসনের অবসান এবং মৌলিক অধিকারকে পুনরুদ্ধারের জন্য রাজনৈতিক নেতৃবৃন্দ ন্যাশনাল ডেমোক্রাটিক ফ্রন্ট-এনডিএফ নামে একটি রাজনৈতিক মার্চা গঠন করেন। এ ফ্রন্টের অন্যতম দাবি ছিল ১৯৫৬ সালের সংবিধান পুনর্বহাল করা।

১৯৬৫ সালের ২ জানুয়ারী মৌলিক গণতন্ত্রের ভিত্তিতে আইয়ুব খান প্রেসিডেন্ট নির্বাচন ঘোষণা করেন এবং নিজে কনভেনশন মুসলিম লীগের পক্ষ থেকে প্রার্থী হন। এমতাবস্থায় অধিকাংশ বিরোধী দল মিলিত হয়ে ‘সম্মিলিত বিরোধী জোট’ জোট গঠন করে মুহম্মদ আলী জিন্নাহর বোন ফাতেমা জিন্নাহকে প্রার্থী নির্বাচন করে। পাকিস্তানের প্রগতিশীল জনগণ সমর্থন করলেও মৌলিক গণতন্ত্রী প্রথায় ফাতেমা জিন্নাহ পরাজিত হন।

মুক্তির সংগ্রামে রবীন্দ্রনাথ ও নজরুল

সামরিক শাসনামলে বাঙালির সাংস্কৃতিক জীবনের উপরেও আঘাত আসে। রবীন্দ্রনাথ বাঙালির জাতিসত্তার অচ্ছেদ্য অঙ্গ। রবীন্দ্রনাথের বাণী পাকিস্তানি শাসকদের জন্য ছিল ভীতিকর, কারণ তাদের রাষ্ট্রচিন্তা রবীন্দ্রনাথের উন্নত বাঙালি জাতীয়তাবোধ ও মুক্ত চিন্তার পরিপন্থী। এ কারণেই ১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধের সময় পাকিস্তান সরকার রবীন্দ্রনাথের রচনার প্রচার সরকারি বেতার ও সকল গণমাধ্যমে নিষিদ্ধ ঘোষণা করে। তুমুল আন্দোলনের ফলে সরকার এ নির্দেশ প্রত্যাহারে বাধ্য হয়। সাংস্কৃতিক সংগঠন ছায়ানট এ আন্দোলন সংগঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সংগঠনটি এ সময় থেকেই বাংলাদেশ স্বাধীনতা অর্জনের জন্য সাংস্কৃতিক অঙ্গনে বাঙালি জাতীয়তাবাদী চেতনার বিকালে উদ্যোগী ভূমিকা রাখে।

রবীন্দ্রনাথের মতো বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামও বাঙালিকে চিরকাল অনুপ্রাণিত করেছেন অন্যায় অবিচারের বিরুদ্ধে প্রতিবাদে। তার কবিতা ও গান বাঙালির সকল আন্দোলন সংগ্রাম থেকে শুরু করে ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধেও হানাদারদের বিরুদ্ধে লড়াই করতে সাহস যুগিয়েছে।

১৯৬৫ সালের ভারত-পাকিস্তান যুদ্ধ

১৯৬৫ সালের সেপ্টেম্বরে কাশ্মীর প্রশ্নে ভারত-পাকিস্তান সম্পর্কের অবনতি ঘটলে শুরু হয় যুদ্ধ। ১৭ দিনের এই পাক-ভারত যুদ্ধে স্থল ও বিমান বাহিনীতে বাঙালি সেনারা অসম্ভব কৃতিত্ব দেখান, এমনকি তাদের সাহসিকতার কারণেই লাহোর রক্ষা পায়। জাতিসংঘের হস্তক্ষেপে যুদ্ধবিরতি ঘটে। সোভিয়েত প্রধানমন্ত্রী কোসিগিনের আমন্ত্রণে পাকিস্তানের প্রেসিডেন্ট আইয়ুব খান ও ভারতের প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী ১৯৬৬ সালের ১০ জানুয়ারী সোভিয়েত উজবেকিস্তানের রাজধানী তাসখন্দে এক শান্তি চুক্তি স্বাক্ষর করেন। ইতিহাসে এ চুক্তি ‘তাসখন্দ চুক্তি’ নামে পরিচিত।

১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধে নিরাপত্তার ক্ষেত্রে পূর্ব পাকিস্তানের ভৌগোলিক অসহায়ত্ব উন্মোচিত হয়। যুদ্ধের সময় পশ্চিম পাকিস্তানের সাথে সব যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়লে পূর্ব পাকিস্তান একেবারেই অরক্ষিত হয়ে পড়ে। এ অঞ্চলের জনগণ সর্বপ্রথম বুঝতে পারে বহিঃশত্রুর হাত থেকে রক্ষা পাওয়ার ক্ষেত্রে তাদের জন্য কোন ব্যবস্থা নেই।

বাংলাদেশের প্রতি বৈষম্য

পাকিস্তান সৃষ্টির শুরু থেকেই দুই অংশের রাজনৈতিক, সামরিক, প্রশাসনিক ও অর্থনৈতিক বৈষম্য ক্রমাগত বাড়তে থাকে। এক পর্যায়ে এ বৈষম্যের মাত্রা প্রকট আকার ধারণ করে।

রাজনৈতিক বৈষম্য

পাকিস্তান রাষ্ট্রের জন্মের পর থেকেই পূর্ব বাংলা রাজনৈতিক বৈষম্যের শিকার হতে শুরু করে। রাষ্ট্রের গুরুত্বপূর্ণ পদ দুটি ছিল পশ্চিম পাকিস্তানের দখলে। জনসংখ্যার দিক থেকে সংখ্যাগরিষ্ঠ থাকা সত্ত্বেও প্রায় সব ক্ষেত্রে পূর্ব পাকিস্তানের প্রতি বৈষম্যমূলক নীতি অনুসরণ করা হয়। এমনকি আইন পরিষদে পূর্ব পাকিস্তানকে সংখ্যাসাম্য নীতি মানতে বাধ্য করা হয়।

পাকিস্তানের এসব বৈষম্যমূলক নীতির প্রতিবাদে যখন পূর্ব পাকিস্তানের জনগণ স্বায়ত্বশাসন ও স্বাধিকারের দাবি তোলে, তখনই পশ্চিম পাকিস্তানি শাসকচক্র চালাতে থাকে দমন নীতি। শেরে বাংলা ফজলুল হক, শেখ মুজিবুর রহমানসহ এ অঞ্চলের রাজনৈতিক নেতাদের দেশদ্রোহী আখ্যা দিতেও কৃষ্ঠাবোধ করেনি তারা।

সামরিক বৈষম্য

সামরিক ক্ষেত্রে বৈষম্য ছিল সীমাহীন। পাকিস্তানের দেশরক্ষা বাহিনীর ৩টি দপ্তরই ছিল পশ্চিম পাকিস্তানে। সমরাস্ত্র কারখানাও ছিল সেখানে। দেশরক্ষা বাহিনীর উচ্চপদে বাঙালিদের কোন স্থান ছিল না, পশ্চিম পাকিস্তানিদের স্থান ছিল প্রায় একচেটিয়া। সামরিক দিক থেকে পূর্ব পাকিস্তান ছিল খুবই অবহেলিত এবং অরক্ষিত। ১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধের সময় এ সত্য সবার কাছে পরিষ্কার হয়ে ওঠে।

অর্থনৈতিক বৈষম্য

পাকিস্তানি শাসনামলে পূর্ব পাকিস্তান মারাত্মক অর্থনৈতিক মারাত্মক অর্থনৈতিক বৈষম্যের শিকার হয়। প্রাদেশিক সরকারের হাতে মুদ্রা ব্যবস্থা ও অর্থনীতি নিয়ন্ত্রণের কোন ক্ষমতা না থাকায় পূর্ব পাকিস্তানের সব আয় চলে যেত পশ্চিম পাকিস্তানে। কেন্দ্রীয় ব্যাংকসহ প্রায় সব ব্যাংক, বীমা, বাণিজ্য, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং বিদেশী মিশনগুলোর কার্যালয় ছিল পশ্চিম পাকিস্তানে। এ অঞ্চলের জন্য প্রয়োজনীয় অর্থ যোগানের ব্যাপারটি ছিল পশ্চিম পাকিস্তানের দয়ার ওপর নির্ভরশীল। অন্যদিকে উদ্বৃত্ত সঞ্চয় সেখানে জমা থাকত, যে কারণে বাংলাদেশ কখনো মূলধন গড়ে উঠতে পারেনি।

পাকিস্তানের বৈদেশিক মুদ্রার দুই-তৃতীয়াংশ অর্জিত হত পূর্ব পাকিস্তানের পাট থেকে। কিন্তু পাটের ন্যায্যমূল্য পাটচাষীরা কখনও পায়নি। নানা অজুহাতে বৈদেশিক মুদ্রাও ব্যয় হত পশ্চিম পাকিস্তানে। বিদেশী ঋণ ও আর্থিক সাহায্যের অধিকাংশ ব্যয় করা হত পশ্চিম পাকিস্তানের উন্নয়নে। শিল্পক্ষেত্রেও পূর্ব পাকিস্তান ছিল অনগ্রসর। পাটকলসহ যে কয়টি শিল্পকারখানা এদেশে ছিল তার অধিকাংশের মালিক ছিল পশ্চিম পাকিস্তানি ধনিকগোষ্ঠী। বস্ত্রশিল্পের ক্ষেত্রেও পূর্ব পাকিস্তান ছিল পশ্চিম পাকিস্তানের ওপর নির্ভরশীল।

৬ দফাঃ বাঙালির মুক্তিসনদ

পাকিস্তানি শাসকগোষ্ঠীর অর্থনৈতিক, রাজনৈতিক, সামরিক বৈষম্যের বিরুদ্ধে ৬ দফা কর্মসূচী ছিল এক বলিষ্ঠ প্রতিবাদ। ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারী লাহোরে বিরোধী দলের এক সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের রাজনৈতিক, অর্থনৈতিক ও প্রতিরক্ষার দাবি সংবলিত যে কর্মসূচি ঘোষণা করেন ইতিহাসে তা ৬ দফা নামে পরিচিত। লাহোরে আহত এক সাংবাদিক সম্মেলনে তিনি আনুষ্ঠানিকভাবে ৬ দফা কর্মসূচি পেশ করেন। এই দফাগুলো হচ্ছেঃ

১. ঐতিহাসিক লাহোর প্রস্তাবের ভিত্তিতে পাকিস্তানের জন্য সত্যিকার একটি যুক্তরাষ্ট্রীয় শাসনতন্ত্র প্রণয়ন করতে হবে এবং এই সরকার হবে সংসদীয় পদ্ধতির। সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে প্রাপ্ত বয়স্কদের সরাসরি ভোটে সব নির্বাচন অনুষ্ঠিত হবে এবং আইনসভাগুলোর সার্বভৌমত্ব স্বীকৃত হবে।
২. কেন্দ্রীয় সরকারের হাতে কেবল দেশরক্ষা ও পররাষ্ট্র বিষয় থাকবে। অবশিষ্ট ক্ষমতা প্রদেশগুলোর হাতে থাকবে।
৩. দেশের দুই অংশের দুইটি পৃথক অথচ সহজে বিনিময়যোগ্য মুদ্রা থাকবে। অথবা ফেডারেল ব্যাংকের অধীনে দুই প্রদেশে দুইটি রিজার্ভ ব্যাংক ব্যবস্থাসহ একই ধরনের মুদ্রা চালু থাকবে।
৪. সব ধরনের কর ধার্য করার ও আদায়ের ক্ষমতা থাকবে আঞ্চলিক সরকারের হাতে। আদায়কৃত রাজস্বের একটা অংশ কেন্দ্রীয় সরকারকে দেয়ার ব্যবস্থা থাকবে ;
৫. দুই অঞ্চলের বৈদেশিক মুদ্রার আলাদা আলাদা হিসাব থাকবে। প্রয়োজনে দুই অঞ্চল থেকে সমানভাবে কিংবা শাসনতন্ত্রে নির্ধারিত হারে অর্থ কেন্দ্র পাবে;
৬. অঙ্গরাজ্যগুলোর নিরপত্তার জন্য আঞ্চলিক সৈন্যবাহিনী তথা মিলিশিয়া বা প্যারামিলিশিয়া গঠন করতে দিতে হবে।
- ৬ দফা পাকিস্তানের শোষিত ও নির্যাতিত জনগণের কাছে মুক্তির সনদ হিসেবে সমর্থন লাভ করে। এই কর্মসূচির জনপ্রিয়তা বৃদ্ধি পেতে থাকলে সরকার ভীতসন্ত্রস্ত হয়ে ৬ দফাকে রাত্তিরেই আন্দোলন বলে প্রচার করতে থাকে। ৬ দফা আন্দোলনকে প্রতিহত করতে সরকার ০৯৬৬ সালের ৮ মে শেখ মুজিবসহ বহু আওয়ামী লীগ নেতা ও কর্মীকে গ্রেফতার করে। এ গ্রেফতারের বিরুদ্ধে ঢাকাসহ প্রদেশের সবখানে ক্ষোভের সৃষ্টি হয়। আওয়ামী লীগ প্রথমে প্রতিবাদ দিবস পালন করে। তারপর বন্দী নেতাদের মুক্তির দাবিতে ১৯৬৬ সালের ৭ জুন প্রদেশব্যাপী এক সর্বাঙ্গিক হরতালের ডাক দেয়। সরকার হরতাল বন্ধে ১৪৪ ধারা জারি করলেও জনসাধারণ এ নিষেধাজ্ঞা উপেক্ষা করে স্বতঃস্ফূর্তভাবে মিছিল বের করে। পুলিশ মিছিলকারীদের ওপর গুলিবর্ষণ করলে কিশোর মনু মিয়াসহ ১১ জন নিহত হয়, আহত হয় শত শত বিক্ষোভকারী।

আগরতলা ষড়যন্ত্র মামলা

দমন নীতির মাধ্যমে ৬ দফা আন্দোলনকে নস্যাৎ করতে না পেরে সরকার ভিন্ন কৌশল অবলম্বন করে। ১৯৬৮ সালের জানুয়ারিতে শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামী করে মোট ৩৫ জন সামরিক ও বেসামরিক ব্যক্তির বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহিতার মিথ্যা মামলা দায়ের করা হয়। অভিযোগ ছিল যে, তারা প্রতিবেশী ভারতের সহায়তায় সশস্ত্র বিপ্লবের মাধ্যমে পাকিস্তান থেকে পূর্ব পাকিস্তানকে বিচ্ছিন্ন করার জন্য ভারতের আগরতলায় ষড়যন্ত্র করেছে। এ মামলা বিচারের জন্য একটি বিশেষ ট্রাইবুনাল গঠন করা হয়। আসামিরা নিজেদের নিদেয় বলে দাবি করে। কিন্তু স্বীকারোক্তি আদায়ের জন্য তাঁদের ওপর অমানুষিক অত্যাচার চালানো হয়।

আগরতলা ষড়যন্ত্র মামলার প্রতিক্রিয়ায় সমগ্র পূর্ব পাকিস্তানের জনগণ আইয়ুববিরোধী গণআন্দোলনে সম্পৃক্ত হয়। এ মামলার অন্যতম আসামি সার্জেন্ট জহুরুল হক ঢাকা সেনানিবাসে পুলিশের গুলিতে শহীদ হলে আন্দোলন আরো তীব্র রূপ নেয়। এ আন্দোলনে নেতৃত্ব দেয় এগার দফার ভিত্তিতে গঠিত সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ। অবশেষে ছাত্র আন্দোলন ও গণআন্দোলনের মুখে সরকার মামলাটি তুলে নিতে বাধ্য হয়।

ছাত্রদের ১১ দফা

১৯৬৮ সালের ডিসেম্বরে গণআন্দোলনের সময় ছাত্রসমাজ ডাকসুর তৎকালীন সহ-সভাপতি তোফায়েল আহমদের নেতৃত্ব সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ গঠন করে। এই সংগ্রাম পরিষদে পূর্ব বাংলার প্রগতিশীল সব ছাত্র সংগঠনের নেতারা জড়িত ছিলেন। সংগ্রাম পরিষদ ১৯৬৯ সালের জানুয়ারিতে ১১ দফা

কর্মসূচি গ্রহন করে। ১১ দফার মধ্যে ৬ দফা কর্মসূচিকে অন্তর্ভুক্ত করা হয়েছিল। ১১ দফা কর্মসূচিতে বিশ্ববিদ্যালয় অর্ডিন্যান্স বাতিলসহ শিক্ষার সুযোগ সুবিধা বৃদ্ধি, আঞ্চলিক স্বায়ত্বশাসন, প্রাপ্ত বয়স্কদের ভোটারাধিকার বাক-স্বাধীনতা, বৃহৎ শিল্প জাতীয়করণ, কৃষক-শ্রমিকের সুযোগ সুবিধা বৃদ্ধি, নিরপেক্ষ পররাষ্ট্র নীতি, জরুরি নিরাপত্তা আইন প্রত্যাহার ও রাজবন্দীদের মুক্তিসহ আরও কিছু দাবি অন্তর্ভুক্ত ছিল।

উনসত্তরের গণঅভ্যুত্থান

১৯৬৮ সালের ২৭ অক্টোবর আইয়ুব ঘটা করে পাকিস্তানের 'উন্নয়ন দশক' পালন করেন। কেবল অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষেত্রেই নয়, ভাষা ও সাংস্কৃতিক ক্ষেত্রেও পাকিস্তানি শাসকদের আঘাত পূর্ব পাকিস্তানের সাধারণ মানুষকে ক্ষুব্ধ এবং প্রতিবাদী করে তোলে। এই পরিস্থিতিতে আইয়ুবের উন্নয়ন দশক পালন গণমানে তীব্র ক্ষোভের সঞ্চার করে। রাজনৈতিক নেতৃত্ব একনায়কতন্ত্র অবসান ও মৌলিক অধিকার প্রতিষ্ঠার জন্য গঠন করেন সংগ্রাম পরিষদ। ছাত্রদের ১১ দফা আন্দোলন এই উত্তপ্ত পরিস্থিতিতে নতুন মাত্রা যোগ করে।

আইয়ুবের স্বৈরাচারী ভূমিকার কারণে কেবল পূর্ব পাকিস্তান নয়, পশ্চিম পাকিস্তানেও গণঅসন্তোষ দানা বেঁধে ওঠে। ১৯৬৮ সালের নভেম্বরে পশ্চিম পাকিস্তানে ছাত্র জনতার ওপর নির্যাতনের প্রতিবাদে সেখানেও ছাত্র বিক্ষোভ হয়। ১৯৬৮ সালের ডিসেম্বর থেকে ১৯৬৯ সালের ফেব্রুয়ারি পর্যন্ত পূর্ব ও পশ্চিম পাকিস্তানে আইয়ুববিরোধী বিক্ষোভ চরম আকার ধারণ করে।

১৯৬৯ সালের ১৮ জানুয়ারি ১১ দফার দাবিতে ছাত্র ধর্মঘট পালনকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদল ছাত্র ১৪৪ ধারা ভঙ্গ করে এবং এদের অনেকে আহত অবস্থায় বন্দী হয়। ২০ জানুয়ারি হাজার হাজার ছাত্র-জনতার সাথে পুলিশ এবং ইপিআর-এর সংঘর্ষ বাঁধে। পুলিশ এক পর্যায়ে গুলিবর্ষণ করলে শহীদ হন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের ছাত্র আসাদুজ্জামান। ২১ জানুয়ারি আসাদের রক্তমাখা শাট নিয়ে হাজার হাজার মানুষ রাস্তায় নেমে পড়ে, সৃষ্টি হয় এক চেতনার যা পরবর্তী সময়ে স্বাধীনতা সংগ্রামে ভূমিকা রাখে।

পরপর কয়েক দিন ধর্মঘট চলার পর ২৪ জানুয়ারির প্রতিবাদ দিবসটি রূপ নেয় মারাত্মক গণঅভ্যুত্থানে। ওইদিন পুলিশের উপর্যুপরি গুলিতে শহীদ হন নবকুমার স্কুলের ছাত্র মতিউর রহমানসহ আরো ৬ জন। বিক্ষুব্ধ জনতা শহীদ মতিউরের লাশ নিয়ে ঢাকায় বৃহৎ শোভাযাত্রা বের করে। আর সেই জনরোষে আক্রান্ত হয় 'দৈনিক পাকিস্তান' ও 'দৈনিক মর্নিং নিউজ' পত্রিকা অফিস। ক্রমে এ আন্দোলন সারাদেশে ছড়িয়ে পড়ে, পশ্চিম পাকিস্তানেও এ আন্দোলনের ঢেউ লাগে। ১৮ ফেব্রুয়ারি রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে হত্যা করা হয় ড. শামসুজ্জোহা। তাঁর মৃত্যুর খবর ঢাকায় এসে পৌঁছেলে হাজার হাজার ছাত্র-জনতা বিক্ষোভে ফেটে পড়ে। পরিস্থিতি এমন মারাত্মক ও বিপজ্জনক হয়ে পড়ে যে, ঢাকায় রাতে কারফিউ জারি করতে হয়। ছাত্রদের ১১ দফা আন্দোলনের পাশাপাশি এ গণঅসন্তোষ যে গণঅভ্যুত্থানের সৃষ্টি করে সামরিক বাহিনী নিয়োগ করেও তা দমন করা সম্ভব হয়নি। উপরন্তু প্রবল আন্দোলনের কারণে পাকিস্তান সরকার ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি আগরতলা মামলা প্রত্যাহার করে নিতে বাধ্য হয়। ফলে প্রেসিডেন্ট আইয়ুবের পতনও অনিবার্য হয়ে ওঠে। জনতার চাপে সরকার ২২ ফেব্রুয়ারি শেখ মুজিবকেও মুক্তি দিতে বাধ্য হয়। পাকিস্তানের শাসনতান্ত্রিক সমস্যা সমাধানের জন্য আইয়ুব খান ১৯৬৯ সালের ১০ মার্চ রাওয়ালপিণ্ডিতে রাজনৈতিক নেতাদের এক গোলটেবিল বৈঠক ডাকেন। এ বৈঠকে শেখ মুজিবুর রহমান পুনরায় ৬ দফা ও ১১ দফার ভিত্তিতে স্বায়ত্বশাসনের দাবি উত্থাপন করেন। কিন্তু এ দাবি অগ্রাহ্য হলে শেখ মুজিব বৈঠক বর্জন করেন। এভাবে আলোচনা ব্যর্থ হওয়ার সাথে সাথে আইয়ুব খানের ক্ষমতা রক্ষার শেষ প্রচেষ্টাও বিফলে যায়। গণআন্দোলনের মুখে পাকিস্তানের সামরিক শাসক ফিল্ড মার্শাল মুহম্মদ আইয়ুব খানের পতন ঘটে, শাসন ক্ষমতায় আনে পাকিস্তানের চতুর্থতম সামরিক শাসক ইয়াহিয়া খান।

আইন কাঠামো আদেশ

নির্বাচিত জনপ্রতিনিধিদের মাধ্যমে পাকিস্তানের সংবিধান রচনার লক্ষ্যে ১৯৭০ সালের ৩০ মার্চ লিগ্যাল ফ্রেমওয়ার্ক বা আইন কাঠামো আদেশ জারি করা হয়। এ আদেশ উল্লেখ করা হয় যে, নির্বাচনের ভিত্তি হবে সার্বজনীন ভোটাধিকার। জাতীয় পরিষদের মোট সদস্য সংখ্যা ৩১৩ জন রাখার কথা বলা হয়, এর মধ্যে ১৩ টি আসন ছিল মহিলাদের জন্য সংরক্ষিত। এ আদেশে আরো বলা হয় যে, জাতীয় পরিষদ গঠনের পর থেকে ১২০ দিনের মধ্যে সংবিধান প্রণয়ন করতে হবে। এ আইন কাঠামো আদেশ পূর্ব পাকিস্তানের অধিকাংশ রাজনৈতিক নেতা গ্রহণ করেননি। তাঁরা নির্বাচিত গণপরিষদের সার্বভৌমত্ব দাবি করেন।

সত্তরের সাধারণ নির্বাচন

ইয়াহিয়া খান ৫ অক্টোবর পাকিস্তানের সাধারণ নির্বাচনের তারিখ নির্ধারণ করলেও আগস্ট মাসে কয়েকটি জেলায় বন্যার কারণে তা পিছিয়ে যায়। ৭ ডিসেম্বর জাতীয় পরিষদ এবং ১৭ ডিসেম্বর প্রাদেশিক পরিষদ নির্বাচনের তারিখ স্থির হয়। আওয়ামী লীগ তাদের ৬ দফা ও ছাত্রদের ১১ দফার ভিত্তিতে এককভাবে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত নেয়।

স্বরণকালের ভয়াবহ দুর্ভোগ

ডিসেম্বরে অনুষ্ঠিতব্য নির্বাচনের আগে ১২ নভেম্বর পূর্ব পাকিস্তানের উপকূলভাগে ইতিহাসের ভয়াবহতম জলোচ্ছ্বাসে আনুমানিক ১০ থেকে ১৫ লাখ লোকের মৃত্যু ঘটে। উপগ্রহ থেকে বাড়ের পূর্বাঙ্গ পাওয়া সত্ত্বেও যথাসময়ে সরকারিভাবে কোন সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হয়নি। এমনকি এ ভয়াবহ ঘূর্ণিঝড়ের পরেও কেন্দ্রীয় সরকার অবিশ্বাস্য রকম নিষ্ক্রিয় ছিল। ন্যাপ নেতা ওয়ালী খান ছাড়া পশ্চিম পাকিস্তানের রাজনৈতিক নেতারাও তেমন কোন সাহায্য সহযোগিতা নিয়ে এগিয়ে আসেননি। এ ঘটনা পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে বিদ্যমান বিভেদকে আরো বাড়িয়ে তোলে।

নির্বাচনের ফলাফল

১৯৭০ সালের ৭ ও ১৭ ডিসেম্বর পাকিস্তানের জাতীয় ও প্রাদেশিক পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। তবে ঘূর্ণিঝড়বিধ্বস্ত এলাকায় জাতীয় ও প্রাদেশিক পরিষদের ৩০ টি আসনে নির্বাচন অনুষ্ঠিত হয়। ১৯৭১ সালের ১৭ জানুয়ারী। পাকিস্তানের দীর্ঘ প্রতীক্ষিত এই সাধারণ নির্বাচনে আওয়ামী লীগ পূর্ব পাকিস্তানের ১৬৯ টি আসনের মধ্যে ১৬৭ টি লাভ করে। পশ্চিম পাকিস্তানের আওয়ামী লীগ কোন আসন না পেয়েও জাতীয় পরিষদে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জনে সক্ষম হয়। অন্যদিকে পাকিস্তান পিপলস পার্টি পশ্চিম পাকিস্তানে ৮৮ টি আসন পেয়ে দ্বিতীয় বৃহত্তম দল হিসেবে আত্মপ্রকাশ করে। তবে পিপলস পার্টিও পূর্ব পাকিস্তানে কোন আসন পায়নি। পূর্ব

পাকিস্তান প্রাদেশিক আইন পরিষদের ৩১০ টি আসনের মধ্যে আওয়ামী লীগ ২৯৮ টি আসন পেয়ে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করে।

আওয়ামী লীগের এ অভূতপূর্ব বিজয়ে পাকিস্তানি শাসকগোষ্ঠী আতঙ্কিত হয়ে পড়ে এবং জনগণের রায়কে বানচাল করার ষড়যন্ত্রে লিপ্ত হয়।

আবারও ষড়যন্ত্র

পাকিস্তান পিপলস পার্টির নেতা জুলফিকার আলী ভুট্টো ও জেনারেল ইয়াহিয়া খান আওয়ামী লীগের হাতে ক্ষমতা হস্তান্তর না করার গোপন ষড়যন্ত্র শুরু করেন। নির্বাচনের পর জেনারেল ইয়াহিয়া খান ঢাকায় এসে ১২ ও ১৩ জানুয়ারী আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমানের সাথে দুই দফা বৈঠকে বসেন। এমনকি ঢাকা থেকে করাচি বন্দরে ফিরে ইয়াহিয়া খান সাংবাদিকদের জানান, শেখ মুজিবুর রহমান দেশের ভারী প্রধানমন্ত্রী। জানুয়ারী মাসের শেষদিকে জুলফিকার আলী ভুট্টো ঢাকায় এসে শেখ মুজিবের সাথে সাক্ষাৎ করেন। ইয়াহিয়া খানও ইতোমধ্যে শেখ মুজিব ও ভুট্টোর সাথে জাতীয় পরিষদের অধিবেশনের সম্ভাব্য তারিখ নিয়ে আলোচনা করেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পশ্চিম পাকিস্তানি নেতাদের স্পষ্ট জানিয়ে দেন যে, শাসনতন্ত্র হবে ৬ দফাভিত্তিক। তিনি ১৫ ফেব্রুয়ারি অধিবেশন আহ্বানের দাবি জানান।

শেখ মুজিবকে ‘ভারী প্রধানমন্ত্রী’ বলে অভিহিত করলেও জাতীয় পরিষদের অধিবেশন আহ্বানে ইয়াহিয়া খান টাল-বাহানা নীতি অব্যাহত রাখেন। অবশেষে ১৩ ফেব্রুয়ারি তিনি ঘোষণা করেন যে, ৩ মার্চ ঢাকায় জাতীয় পরিষদের অধিবেশন বসবে। কিন্তু ১৫ ফেব্রুয়ারি ভুট্টো জানিয়ে দেয় যে, ৬ দফা দাবির রদবদল না হলে তিনি অধিবেশনে যোগ দেবেন না। তিনি পশ্চিম পাকিস্তানের অন্যান্য নেতাদের অধিবেশনে যোগ না দেয়ার পরামর্শ দেন। জাতীয় পরিষদের অধিবেশন বানচালের অজুহাত সৃষ্টির জন্য ভারতীয় বিমান ‘গঙ্গা’ ছিনতাই করানো হয় এবং লাহোর বিমানবন্দরে তা ধ্বংস করা হয়। ভুট্টো ছিনতাইকারীদের জাতীয় বীর হিসেবে স্বীকৃতি দেন। ইয়াহিয়া খান ইতোমধ্যে ভুট্টোর সাথে শলাপরামর্শ করে ১৯৭১ সালের ১ মার্চ আকস্মিকভাবে জাতীয় পরিষদের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা করেন।

ইয়াহিয়া খানের এ আকস্মিক ঘোষণায় ঢাকাসহ সারা প্রদেশে বিক্ষোভ ও প্রতিবাদের ঝড় ওঠে। আওয়ামী লীগ প্রধান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক সাংবাদিক সম্মেলন আহ্বান করে ২ মার্চ ঢাকায়, ৩ মার্চ দেশব্যাপী হরতাল এবং ৭ মার্চ রেসকোর্স ময়দানে জনসভার কর্মসূচি প্রদান করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনে এক সভায় সংগ্রামী ছাত্রসমাজ ‘স্বাধীন বাংলাদেশ’ প্রতিষ্ঠার শপথ নিয়ে স্বাধীন বাংলার পতাকা উত্তোলন করে। হরতালের দিনে ঢাকায় পুলিশের গুলিবর্ষণে পরিষ্কৃতির আরো অবনতি ঘটে। জনগণ কারফিউ ভঙ্গ করে মিছিল করে এবং সেনাবাহিনীর চলাচলের পথে ব্যারিকেড গড়ে তোলে। পরিস্থিতি ক্রমশ আয়ত্তের বাইরে চলে যাচ্ছে দেখে ইয়াহিয়া খান ১০ মার্চ ঢাকায় রাজনৈতিক নেতৃবৃন্দের একটি সম্মেলন আহ্বান করেন। পাকিস্তানের সাম্প্রতিক পরিস্থিতি ও সামরিক বাহিনীর হত্যাযজ্ঞের প্রতিবাদে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এ সমাবেশে যোগদান করতে অস্বীকৃতি জানান।

অসহযোগ

রাজনৈতিক এই পরিস্থিতিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৩ মার্চ পল্টনের এক জনসভায় ৬ মার্চ পর্যন্ত প্রতিদিন ভোর ৫টা থেকে দুপুর ২টা পর্যন্ত একটানা হরতাল ঘোষণা করেন। এ সময়ে কোর্ট-কাছারি, সরকারি অফিস, কলকারখানা, রেল, স্ট্রিমারসহ সব ধরনের যোগাযোগ ব্যবস্থা বন্ধ রাখার আহ্বান জানানো হয়। সভায় সামরিক বাহিনী প্রত্যাহার ও জনগণের দাবি না মানা পর্যন্ত খাজনা বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়। পল্টনের ঐতিহাসিক জনসভায় ‘স্বাধীন বাংলাদেশ ছাত্র সংগ্রাম পরিষদ’ কর্তৃক স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠার ঘোষণাপত্র প্রচার করা হয়। অবস্থার ভয়াবহতা উপলব্ধি করে ইয়াহিয়া খান ৬ মার্চ ঘোষণা করেন যে, ২৫ মার্চ জাতীয় পরিষদের অধিবেশন বসবে। এ সময় লেফটেন্যান্ট জেনারেল টিলা খানকে পূর্ব পাকিস্তানের সামরিক আইন-প্রশাসক ও গভর্নর নিযুক্ত করা হয়।

৭ মার্চ বঙ্গবন্ধু

মার্চের শুরু থেকেই সমগ্র বাংলাদেশ জনতার সরকার দ্বারা পরিচালিত হয়ে আসছিল, যে সার্বভৌম সরকারের নেতৃত্ব দিচ্ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। মূলতঃ সৈন্য ও গোলাবারুদ সমাবেশের জন্য পাকিস্তানি সামরিক জাভা তখন একের পর এক অজুহাতে আইনসভা স্থগিত করে চলেছে। ঠিক সে সময়ই বঙ্গবন্ধু ঘোষণা করেন, ৭ মার্চ বঙ্গবন্ধু জাতির উদ্দেশ্যে তাঁর ঐতিহাসিক ভাষণ দেন রেসকোর্স ময়দানে। আগের রাতে প্রেসিডেন্ট ইয়াহিয়া বেতার ভাষণে সামরিক শক্তি ব্যবহারের হুকমিও দিয়েছেন। মার্কিন রাষ্ট্রদূত ফারল্যান্ড ও কূটনৈতিক নীতির তোয়াক্কা না করেই বলেছিলেন, স্বাধীনতার ঘোষণা যুক্তরাষ্ট্র গ্রহণ করবে না।

বিকলে রেসকোর্সে পৌঁছালেন বঙ্গবন্ধু। সমগ্র ময়দান তখন জনসমুদ্র। পৃথিবীর ইতিহাসের অন্যতম বৃহৎ গণসমাবেশ। মাত্র উনিশ মিনিটের ভাষণে তিনি তার সমগ্র জীবনের রাজনীতির মূল লক্ষ্য তুলে ধরেন। তাঁর দাবি ছিল চারটি-

এক. সামরিক আইন প্রত্যাহার।

দুই. নির্বাচিত জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর। লক্ষ

তিন. সেনাবাহিনী প্রত্যাহার এবং

চার. বাঙালি হত্যার বিচার বিভাগীয় তদন্ত।

তিনি প্রস্তুত হতে বলেন দেশবাসীকে। বলেন ঘরে ঘরে দুর্গ গড়ে তুলতে, শত্রু প্রতিহত করতে যার যা আছে তাই নিয়ে লড়াই করতে। বঙ্গবন্ধু জানতেন যে, তিনি নিহত হতে পারেন কিংবা তাকে গ্রেফতার করা হতে পারে। যদি আর কোন নির্দেশ দেয়ার সুযোগ না পান, সেক্ষেত্রে তিনি এই নির্দেশকেই চূড়ান্ত নির্দেশ বলে ঘোষণা করেন।

ভাষণের শেষ মুহূর্তে ঘোষণা করেন দৃঢ় প্রত্যয়- ‘আমরা যখন মরতে শিখেছি, তখন কেউ আমাদের দাবায়ে রাখতে পারবে না...। রক্ত যখন দিয়েছি, তখন আরও দেবো। এই দেশের মানুষকে মুক্ত করবো ইনশা-আল্লাহ। এবারের সংগ্রাম- আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম-স্বাধীনতার সংগ্রাম।’

বঙ্গবন্ধুর ৭ মার্চের এই ভাষণ বিশ্বের ইতিহাসে শ্রেষ্ঠ ভাষণগুলির একটি। সারা জীবন নিয়মতান্ত্রিক রাজনীতির অভিজ্ঞ রাজনীতিবিদ বঙ্গবন্ধু এখানে বৈপ্লবিক সিদ্ধান্ত নিতে দ্বিধা করেননি। স্বাধীন বাংলাদেশ গঠনের স্বপ্ন নিয়ে জাতিকে প্রস্তুত করেন চূড়ান্ত মুক্তির লক্ষ্যে।

কালক্ষেপণ ও নীল নকশা

দেশের সার্বভৌমত্ব যখন জনগণের হাতে তখন ইয়াহিয়া খান পরিকল্পনামত ১৫ মার্চ ঢাকায় আসেন। তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে আলোচনায় বসার অনুরোধ জানান। ১৬ মার্চ থেকে ইয়াহিয়া তাঁর সাথে আলোচনায় বসেন। এক পর্যায়ে পিপলস পার্টি নেতা জুলফিকার আলী ভুট্টোকেও বৈঠকে ডাকা হয়। ভুট্টো ছয় দফা সংশোধন এবং ক্ষমতায় অংশীদারিত্ব দাবি করেন। পরিস্থিতি ক্রমশ জটিল হতে থাকে। আলোচনার নামে কালক্ষেপণ করে পশ্চিম পাকিস্তান থেকে সৈন্য ও রসদ নিয়ে আসাই ছিল পাকিস্তানি শাসকদের উদ্দেশ্য। এদিকে আওয়ামী লীগের নেতৃত্বে সারাদেশে স্বাধীনতার আন্দোলন আরো দুর্বীর হয়ে ওঠে। নেতৃবৃন্দের আহবানে চট্টগ্রামের জাহাজ থেকে অস্ত্র নামাতে শ্রমিকরা অস্বীকার করে। ২৩ মার্চ পাকিস্তান প্রজাতন্ত্র দিবসে ঘরে ঘরে স্বাধীন বাংলার পতাকা উত্তোলন করা হয়।

২৪ মার্চ আওয়ামী লীগ নেতৃবৃন্দ সংকট সমাধানের শেষ চেষ্টা করেন। কিন্তু ইয়াহিয়া খানের সাথে দুই ঘণ্টা আলোচনা করেও শেষ রক্ষা হয়নি। ২৫ মার্চ সন্ধ্যায় ইয়াহিয়া খান ঢাকা ত্যাগের আগে সামরিক বাহিনীকে নিরস্ত্র বাঙালির ওপর আক্রমণ চালানোর নির্দেশ দেন। শুরু হয় ইতিহাসের নির্মম গণহত্যা।

স্বাধীনতার ঘোষণা ও মুক্তিযুদ্ধের সূচনা

২৫ মার্চের কালো রাতে ঢাকার রাস্তায় ট্যাংক-মেশিনগান নিয়ে বাঙালি নিধনে নামে পাকিস্তান বাহিনী, শ্রেফতার করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। কিন্তু শ্রেফতারের আগ মুহূর্তে ২৬ মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। ঢাকায় অবস্থিত দলীয় নেতৃবৃন্দসহ ওয়ারারলেসযোগে চট্টগ্রামের ঘনিষ্ঠ সহকর্মীদের কাছে তিনি বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা প্রচারের নির্দেশ দেন।

পাকিস্তানি বাহিনী শুরুতেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হল, সলিমুল্লাহ মুসলিম হল, জগন্নাথ হল এবং হলসংলগ্ন শিক্ষকদের বাসগৃহে ভারি অস্ত্র নিয়ে আক্রমণ করে। পিলখানার ইপিআর ঘাঁটি, রাজারবাগ পুলিশ লাইনসহ বিভিন্ন রাজনৈতিক দলের কার্যালয় এবং ঢাকার বিভিন্ন স্থানে তারা হত্যাযজ্ঞ চালায়। পুরো ঢাকা যেন লাশের নগরীতে পরিণত হয়। ওই রাতে ঢাকা শহরেই নিহত হয় প্রায় ৩০ হাজার নিরীহ বাঙালি। রারবাগ ও পিলখানার বাঙালি সৈনিকরা বীরত্বের সাথে প্রতিরোধ গড়ে তোলে, কিন্তু পাকিস্তানিদের মেশিনগান, কামান আর ট্যাংকের মুখে বেশিক্ষণ টিকে থাকতে না পেরে একসময় পিছু হটতে বাধ্য হয়।

পাকিস্তানি সেতা সরকার ঢাকায় অবস্থিত বিদেশী সাংবাদিকদের দেশত্যাগে বাধ্য করে এবং যে গুটিকয়েক বিদেশী সাংবাদিক এখানে অবস্থান করছিলেন তাদের প্রেরিত সংবাদের ওপর কড়া নিয়ন্ত্রণ আরোপ করে। ব্রিটিশ সাংবাদিক সায়মন ড্রিং ৩০ মার্চ ডেইলী টেলিগ্রাফে প্রকাশিত প্রতিবেদনে জানান যে, ২৮ মার্চও ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে শত শত ছাত্রের আধা-পাঁচ মৃতদেহ পড়ে ছিল। এদিকে, ২৫ মার্চের রাতে পাকিস্তানি ফিরে পিপিপি প্রধান জুলফিকার আলী ভুট্টো বলেন, ‘আল্লাহকে ধন্যবাদ, পাকিস্তানকে রক্ষা করা গেছে।’

বাঙালির ন্যায্য সংগ্রামকে স্তব্দ করতেই ২৫ মার্চ রাতে পাকিস্তানি বাহিনী পরিচালনা করে ইতিহাসের জঘন্যতম হত্যাযজ্ঞ। এই নৃসংশতার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলে গোটা বাঙালি জাতি। বাংলার কৃষক, শ্রমিক, ছাত্র-যুবক, নারী, শিক্ষক, শিল্প, বুদ্ধিজীবীসহ সব পেশার মানুষ ঝাঁপিয়ে পড়ে স্বাধীনতা সংগ্রামে, দেশকে শত্রুমুক্ত করার জন্য শুরু হয় মহান মুক্তিযুদ্ধ।

স্বাধীনতার ঘোষণা

“পাকিস্তান সেনাবাহিনী অতর্কিতভাবে পিলখানা, ইপিআর ঘাঁটি, রাজারবাগ পুলিশ লাইন আক্রমণ করেছে এবং শহরের রাস্তায় রাস্তায় যুদ্ধ চলছে, আমি বিশ্বের জাতিসমূহের কাছে সাহায্যের আবেদন করছি। আমাদের মুক্তিযোদ্ধারা বীরত্বের সঙ্গে মাতৃভূমি মুক্ত করার জন্য শত্রুদের সঙ্গে যুদ্ধ করছে। সর্বশক্তিমান আল্লাহর নামে আপনাদের কাছে আমার আবেদন ও আদেশ দেশকে স্বাধীন করার জন্য শেষ রক্তবিন্দু থাকা পর্যন্ত যুদ্ধ চালিয়ে যান। আপনাদের পাশে এসে যুদ্ধ করার জন্য পুলিশ, ইপিআর, বেঙ্গল রেজিমেন্ট ও আনসারদের সাহায্য চান। কোন আপোষ নাই। জয় আমাদের হবেই। পবিত্র মাতৃভূমি থেকে শেষ শত্রুকে বিতাড়িত করুন। সকল আওয়ামী লীগ নেতা কর্মী এবং অন্যান্য দেশপ্রেমিক প্রিয় লোকদের কাছে এ সংবাদ পৌঁছে দিন। আল্লাহ আপনাদের মঙ্গল করুন। জয় বাংলা।”

স্বাধীন বাংলা বেতারের উদ্দীপ্ত আহবান

২৬ মার্চ স্বাধীন বাংলা বেতার কেন্দ্র চালুর পরই পাঠ করে শোনানো হয় বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণার বার্তাটি। চট্টগ্রামের আওয়ামী লীগ নেতা এম এ হান্নান পাঠ করেন বঙ্গবন্ধুর ঐতিহাসিক সেই ঘোষণা, ‘পাকিস্তান সেনাবাহিনী অতর্কিত পিলখানা ইপিআর ঘাঁটি, রাজারবাগ পুলিশ লাইন আক্রমণ করেছে। ঢাকা ও চট্টগ্রামের রাস্তায় যুদ্ধ চলছে। আমি বিশ্বের জাতিসমূহের কাছে সাহায্যের আবেদন করছি। আমাদের মুক্তিযোদ্ধারা বীরত্বের সাথে মাতৃভূমিকে মুক্ত করার জন্য শত্রুর সঙ্গে যুদ্ধ করছে। সর্বশক্তিমান আল্লাহর নামে আপনাদের কাছে আমার আদেশ দেশকে স্বাধীন করার জন্য শেষ রক্তবিন্দু থাকা পর্যন্ত যুদ্ধ চালিয়ে যান।’ ২৭ মার্চ মেজর জিয়া কালুরঘাট বেতার কেন্দ্র থেকে বঙ্গবন্ধুর পক্ষে এই ঘোষণা দেন।

প্রাথমিক প্রতিরোধ

২৫ মার্চের আকস্মিক আক্রমণে বাঙালি জাতি হতভম্ব হয়ে পড়ে, যদি ও আক্রমণের গুজব কয়েকদিন ধরেই চলছিল। তবে, প্রতিরোধ সংগ্রাম থেকে থাকেনি। ২৬ মার্চ থেকেই সশস্ত্র প্রতিরোধ শুরু হয়। ভারী অস্ত্র ও যুদ্ধ সরঞ্জাম ছাড়াই নিরাপত্তা বাহিনীর বাঙালি সদস্য ও জনগণ লাড়াইয়ে ঝাঁপিয়ে পড়ে। ক্যাপ্টেন রফিকুল ইসলাম চট্টগ্রামে প্রথম যুদ্ধ শুরু করেন। পরবর্তী বিদ্রোহ ছিল মেজর জিয়াউর

রহমানের। ২৬ মার্চেই মুক্তিযোদ্ধাদের দখলে চলে যায় চট্টগ্রাম। ১১ এপ্রিল পাকিস্তানি বাহিনীর ব্যাপক আক্রমণের মুখে এখান থেকে পিছু হটেন মুক্তিযোদ্ধারা। ২৮ মার্চ মেজর সফিউল্লাহ প্রতিরোধ যুদ্ধে প্রতিরোধের মুখোমুখি হয় পাবনা ও কুষ্টিয়ায়। এপ্রিলের মাঝামাঝি পাকিস্তানিদের দখলে চলে যায় বাংলাদেশ-আগরতলা সীমান্তে পাকিস্তানিদের বিরুদ্ধে ব্যাপক প্রতিরোধ গড়ে তোলেন। সমন্বয়হীন খন্ড খন্ড এই প্রতিরোধ সংগ্রাম সংগঠিত হতে থাকে এপ্রিলের শুরু দিকে। এ সময় রাজনৈতিক নেতৃত্বন্দ ও মুক্তিযুদ্ধে অংশ নেয়া সামরিক সদস্যরা সংগঠিত হওয়ার প্রচেষ্টা শুরু করেন।

তেলিয়াপাড়া সম্মেলন

২৫ মার্চ পাকিস্তানি বাহিনী নিরীহ বাঙালিদের উপর ঝাঁপিয়ে পড়লে বাঙালিরা সশস্ত্র প্রতিরোধ শুরু করে। সশস্ত্র আন্দোলনে স্বতঃস্ফূর্তভাবে অংশ নেয় ছাত্র-জনতা, সেনা, পুলিশ, ইপিআর, আনসারসহ সর্বস্তরের মানুষ। তবে, প্রাথমিক অবস্থায় বিচ্ছিন্নভাবেই চলতে থাকে এই প্রতিরোধ সংগ্রাম, ছিল না কোন যুদ্ধ প্রস্তুতি। উপযুক্ত যুদ্ধ সরঞ্জাম এবং সগঠন। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ প্রথম সাংগঠনিক রূপ লাভ করে বৃহত্তর সিলেট জেলার হবিগঞ্জ মহকুমার অন্তর্ভুক্ত তেলিয়াপাড়া নামক স্থানে। ১ এপ্রিল তেলিয়াপাড়া চা বাগানের ম্যানেজার বাংলায় ২ ও ৪ নং ইস্ট বেঙ্গল রেজিমেন্টের একটি যৌথ অস্থায়ী হেড কোয়ার্টার স্থাপন করা হয়, পাকিস্তানি সেনাবাহিনীর নৃশংসতার বিরুদ্ধে একটি বৃহৎ যুদ্ধ পরিকল্পনা প্রণয়নে এখানে বাঙালি সামরিক অফিসাররা একত্রিত হন। ভারতীয় সীমান্ত রক্ষীবাহিনীর (বিএসএফ) পূর্বাঞ্চলীয় মহাপরিচালক ব্রিগেডিয়ার পাণ্ডে তেলিয়াপাড়া হেডকোয়ার্টারে লেফটেন্যান্ট কর্নেল এস এম রেজা, মেজর সফিউল্লাহ, মেজর খালেদ মোশাররফ ও মজর শাফায়াত জামিলের সঙ্গে দেখা করে কর্নেল ওসমানীর সীমান্ত অতিক্রম এবং ৮ নং ইস্ট বেঙ্গল রেজিমেন্টের বিদ্রোহে নেতৃত্বদানকারী মেজর জিয়ার সশস্ত্র প্রতিরোধ সংগ্রামের সংবাদ দেন।

লেফটেন্যান্ট কর্নেল এস এম রেজা বিদ্রোহী বাহিনীগুলোর কার্যক্রম সমন্বিত করা এবং ভারতীয় বিএসএফ এর পক্ষ থেকে সম্ভাব্য সাহায্যের ব্যাপারে ৪ এপ্রিল তেলিয়াপাড়া চা বাগানের ডাকবাংলায় একটি জরুরি আলোচনা সভার প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। ব্রিগেডিয়ার পাণ্ডে এ ব্যাপারে সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস দেন।

পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী ৪ এপ্রিল সকাল ১০ টায় ব্রিগেডিয়ার পাণ্ডে ভারতীয় বিএসএফ প্রধান সাইগল এবং কর্নেল মুহাম্মদ আতাউল গনি ওসমানীকে সঙ্গে নিয়ে তেলিয়াপাড়া হেডকোয়ার্টারে এসে উপস্থিত হন। এখানে উপস্থিত হয়েছিলেন লেফটেন্যান্ট কর্নেল এসএম রেজা, লেফটেন্যান্ট কর্নেল আব্দুর রব, মেজর (অব.) কাজী নূরুজ্জামান, মেজর কে এম সফিউল্লাহ, মেজর খালেদ মোশাররফ, মেজর নূরুল ইসলাম, মেজর সাফায়াত জামিল, মেজর মইনুল হোসেন চৌধুরী, মেজর জিয়াউর রহমান, ক্যাপ্টেন আব্দুল মতিন এবং ব্রাহ্মণবাড়িয়ার মহকুমা প্রশাসক কাজী রফিক উদ্দিনসহ আরো কিছু সংখ্যক সেনা অফিসার। সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, মুক্তিযুদ্ধ একটি কেন্দ্রীয় নেতৃত্বে পরিচালিত হবে এবং প্রধান সেনাপতির দায়িত্ব পালন করবেন কর্নেল মুহাম্মদ আতাউল গনি ওসমানী। তেলিয়াপাড়ায় অনুষ্ঠিত এই সভা বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে সেনাবাহিনীর উর্ধ্বতন বাঙালি কর্মকর্তাদের প্রথম সমন্বয় সভা।

শরণার্থীর মিছিল

২৭ মার্চ থেকেই নিরাপদ আশ্রয়ের খোঁজে ছুটতে থাকে মানুষ। প্রথমদিকে শহর ছেড়ে গ্রামের দিকে যেতে থাকলেও দেশব্যাপী যুদ্ধ ছড়িয়ে পড়লে লাখ লাখ লোক সীমান্ত অতিক্রম করে ভারতে আশ্রয় নেয়। ভারত তার সীমান্ত খুলে দেয়। সীমান্তবর্তী প্রদেশগুলো ছেয়ে যায় শরণার্থীদের ভীড়ে। শুধুমাত্র পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, মেঘালয় ও আসামে খোলা হয় ৮-২৯ টি শরণার্থী শিবির। এখানে আশ্রয় নেয় ৯৮,৯৯,৩০৫ জন অসহায় বাঙালি, যার অধিকাংশই নারী, বৃদ্ধ ও শিশু। শরণার্থী শিবিরের বাইরেও অসংখ্য মানুষ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় আত্মীয় পরিজনের কাছে আশ্রয় নেয়। একপর্যায়ে ভারতের মাটিতে আশ্রয় নেয়া শরণার্থীদের সংখ্যা এক কোটি ছাড়িয়ে যায়। শরণার্থী শিবিরগুলোর মানবিক বিপর্যয় শিরোনাম হয় বিশ্বের প্রচার মাধ্যমগুলোতে।

বাংলাদেশ সরকার প্রতিষ্ঠা

শীর্ষ আওয়ামী লীগ নেতারা ভারতে পৌছানোর পরপরই তারা স্বাধীন বাংলাদেশ সরকার গঠন প্রক্রিয়া শুরু করেন। এই প্রচেষ্টায় মূল উদ্যোক্তা ছিলেন তাজউদ্দীন আহমেদ। বাংলাদেশ পরিস্থিতি বিষয়ে আন্তর্জাতিক সম্প্রদায়কে অবগত করা, কূটনৈতিক প্রচারণা চালানো এবং একইসঙ্গে সর্বাঙ্গিক যুদ্ধের নেতৃত্ব দিতে প্রবাসী সরকার গঠন ছিল খুবই জরুরি। কারণ, যুক্তরাষ্ট্র ও চীন প্রথম থেকেই পাকিস্তানের পক্ষে অবস্থান নিয়েছিল। এপ্রিলের প্রথম থেকে প্রবাসী রাজনৈতিক নেতারা সরকার গঠনের যে তৎপরতা শুরু করেন তারই ধারাবাহিকতায় ১০ এপ্রিল ঘোষণা করা হয় স্বাধীনতার সনদ। ১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলা গ্রামে (বর্তমান মুজিবনগর) অস্থায়ী বাংলাদেশ সরকার শপথ গ্রহণ করে। ১৬ ডিসেম্বর পর্যন্ত মুজিবনগরই ছিল অস্থায়ী সরকারের রাজধানী। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন নির্বাচিত জাতীয় পরিষদ সদস্য অধ্যাপক ইউসুফ আলী। এ ঘোষণাপত্রে ১৯৭১ সালের ২৬ মার্চ থেকে বাংলাদেশের স্বাধীনতা কার্যকর বলে উল্লেখ করা হয়। অস্থায়ী সরকারের রাষ্ট্রপতি নির্বাচিত হন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। কিন্তু তিনি পাকিস্তানের কারণে আটক থাকায় তাঁর অনুপস্থিতিতে অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব অর্পিত হয় উপ-রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামের ওপর। তাজউদ্দীন আহমেদ নির্বাচিত হন প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পান খন্দকার মোশতাক আহমদ এবং অর্থমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে নির্বাচিত হন যথাক্রমে ক্যাপ্টেন (অব.) মুনসুর আলী ও এ এইচ এম কামরুজ্জামান। কর্নেল মুহাম্মদ আতাউল গনি ওসমানীকে মুক্তি বাহিনীর সর্বাধিনায়ক নিযুক্ত করা হয়। মুজিব নগরের এই ঐতিহাসিক শপথ অনুষ্ঠান থেকে অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম এবং প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমেদ বিশ্বের সব দেশের প্রতি নতুন রাষ্ট্র বাংলাদেশকে স্বীকৃতি দান এবং সাহায্যে এগিয়ে আসার আহ্বান জানান।

কলকাতা থেকেই প্রবাসী সরকার দেশ পরিচালনার কার্যক্রম শুরু করে। সরকার পরিচালনায় সহায়তার জন্য বিশেষজ্ঞ ও গবেষকদের নিয়ে গঠিত হয় নীতি-নির্ধারক গোষ্ঠী। অর্থনীতিবিদ রেহমান

সোবহান, আনিসুর রহমান, মোশাররফ হোসেন ছিলেন প্রবাসী সরকারের গুরুত্বপূর্ণ দায়িত্বে। পরিকল্পনা বিভাগে ছিলেন হান সরওয়ার মুরশিদ, মোজাফফর আহমদ ও ড. আনিসুজ্জামান। এ ছাড়াও মঈদুল হাসান, এইচ টি ইমাম, ব্যারিস্টার আমীর-উল ইসলামসহ আরো অনেকে প্রবাসী সরকারের সাথে জড়িত ছিলেন।

মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী ও অধ্যাপক মোজাফফর আহমদের নেতৃত্বাধীন ন্যাশনাল আওয়ামী পার্টির দুই অংশ, পূর্ব পাকিস্তান কমিউনিস্ট পার্টির নেতা কমরেড মাণি সিংহ ও কংগ্রেস নেতা মনোরঞ্জন ধর অস্থায়ী বাংলাদেশ সরকারের প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন করেন। পরবর্তী সময়ে তাঁরাসহ আওয়ামী লীগ সদস্যদের নিয়ে গঠন করা হয় ৯ সদস্যের একটি উপদেষ্টা কমিটি।

প্রবাসী সরকারের সদর দপ্তর কলকাতার ৮নং থিয়েটার রোডে ১২ থেকে ১৫ জুলাই ও ৩ দিনব্যাপী অনুষ্ঠিত এক সম্মেলনে সেক্টর কমান্ডারদের ডাকা হয়। মুক্তিযুদ্ধ শুরু পর এটাই ছিল সেক্টর কমান্ডারদের প্রথম সম্মেলন। সেক্টর কমান্ডার সম্মেলনের আলোচনায় বিভিন্ন সেক্টরের সীমানা পুনর্নির্ধারণ, মুক্তিবাহিনীর শ্রেণীবিন্যাস ও দায়িত্ব অর্পণ, সশস্ত্র তৎপরতার লক্ষ্য ও পরিসীমা নির্ধারণপ দেশের অভ্যন্তরে গেরিলা ঘাঁটি নির্মাণ, প্রতিপক্ষের গতিবিধি সম্পর্কে তথ্যসংগ্রহ, যোগাযোগ ইত্যাদি মোট ২৬টি বিষয়ের ওপর আলোচনা হয়।

মুক্তিযুদ্ধ সংগঠন

প্রবাসী বাংলাদেশ সরকার গঠনের পর থেকে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ একটি সংগঠিত রূপ লাভ করে। মুক্তিযোদ্ধাদের রিক্রুট করার জন্য ভারত ও প্রবাসী সরকারের সমন্বয়ে এসময়েই গড়ে তোলা হয় যুব শিবির ও অভ্যর্থনা শিবির। মুক্তিপাগল হাজার হাজার তরুন এসে যোগ দিতে থাকে এই শিবিরগুলোতে। প্রথমদিকে গড়ে পাঁচশ যুবককে অভ্যর্থনা শিবিরে গ্রহণ করা হত। এদের মধ্য থেকে যোগ্যতার ভিত্তিতে এক এক বারে হাজার জনকে পাঠানো হত যুব শিবিরে। নৈতিকতা ও দৈহিক যোগ্যতার ভিত্তিতে চূড়ান্তভাবে মনোনীতদেরই পাঠানো হতো প্রশিক্ষণ শিবিরে। এখান থেকে মাত্র দুই বা তিন সপ্তাহের প্রশিক্ষণ শেষে যোদ্ধারা ঝাঁপিয়ে পড়তেন পাক বাহিনীর প্রশিক্ষিত সেনাবাহিনীর বিপক্ষে।

জুন ও আগস্ট মাসেই মুক্তিযোদ্ধারা অভ্যন্তরীণ সড়ক ও রেল যোগাযোগ ব্যবস্থা ধ্বংস করে দিতে শুরু করে, চালাতে থাকে একের পর এক গেরিলা আক্রমণ। মুক্তিযোদ্ধাদের আক্রমণের তীব্রতার মাত্রা টের পাওয়া যায় মূলতঃ ইউএসএআইডি'র এক জরিপে। মার্কিন এই দাতা গোষ্ঠী উল্লেখ করে যে, সেপ্টেম্বর নাগাদ পূর্ব পাকিস্তানে স্থলপথে পণ্য পরিবহনের হার যুদ্ধ পূর্ববর্তী যে কোন সময়ের চেয়ে এক-দশমাংশে নেমে এসেছে। আগস্টের মাঝামাঝি থেকে অক্টোবরের প্রথম সপ্তাহ পর্যন্ত নৌবাহিনীর কমান্ডেরা একের পর এক আঘাত হানতে থাকে, ভেঙ্গে পড়ে পাক রসদ সরবরাহ ব্যবস্থা। গেরিলা আক্রমণের তীব্রতার মুখে অক্টোবরের মাঝামাঝিতে বিহবল হয়ে পড়ে পাকিস্তানি বাহিনী।

প্রবাসী সরকারের যুদ্ধ সংগঠন প্রচেষ্টার পাশাপাশি বাংলাদেশ লিবারেশন ফোর্স বা মুজিব বাহিনী নামে আরেকটি বিকল্প বাহিনী গড়ে ওঠে। এ বাহিনীর মূল নেতৃত্বে ছিলেন শেখ ফজলুল হক মনি, সিরাজুল আলম খান, আব্দুর রাজ্জাক, তোফায়েল আহমেদ, আ স ম আব্দুর রব এবং শাহজাহান সিরাজ। পার্বত্য চট্টগ্রাম হয়ে চট্টগ্রাম অঞ্চল স্বাধীন করার ক্ষেত্রে এ বাহিনী গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এছাড়াও পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন, কমিউনিটি পার্টি ও ন্যাপ সদস্যদের সমন্বয়ে গঠিত হয় একটি বিশেষ গেরিলা বাহিনী।

জুলাইয়ে অস্থায়ী সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমেদের সভাপতিত্বে সশস্ত্র বাহিনীর একটি বৈঠক অনুষ্ঠিত হয়। এ বৈঠকে বাংলাদেশকে এগারো সেক্টরে ভাগ করে প্রতিটি সেক্টরের দায়িত্ব একজন সেক্টর কমান্ডারের অধীনে ন্যস্ত করা হয়। মুক্তিযোদ্ধাদেরও দুটি ভাগে ভাগ করা হয়-পুলিশ, ইপিআর কিংবা সেনা সদস্যের নিয়ে নিরাপত্তা বাহিনী এবং গেরিলা যুদ্ধের প্রশিক্ষণপ্রাপ্তদের নিয়ে গণবাহিনী। মুক্তিযুদ্ধের সব সেক্টরে গণবাহিনী যোদ্ধাদেরই আধিক্য ছিল।

জেনারেল ওসমানীর নির্দেশনায় গঠিত হয় নিয়মিত বাহিনীর তিনটি ব্রিগেড। সেক্টর ১-এর সেক্টর কমান্ডার জিয়াউর রহমানের নেতৃত্বে গঠিত হয় জেড ফোর্স, সেক্টর ২-এর অধিনায়ক খালেদ মোশাররফের তত্ত্বাবধানে গড়ে ওঠে কে ফোর্স আর ৩নং সেক্টরে মেজর শফিউল্লাহ গড়ে তোলেন এস ফোর্স। এছাড়াও আরো কিছু বাহিনী দেশের অভ্যন্তরে পাকিস্তানি বাহিনীর মোকাবেলা করতে থাকে। এসব বাহিনীর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে টাঙ্গাইলের কাদের সিদ্দিকীর নেতৃত্বে কাদেরিয়া বাহিনী, ময়মনসিংহের আফসার ও আফতাব বাহিনী।

গেরিলা যুদ্ধের সাফল্য বিবেচনায় নিয়ে প্রশিক্ষণ শিবিরের সংখ্যা দ্রুত বাড়ানো হতে থাকে। ভারতও মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী স্বাধীনতাকামীদের সাহায্যের পরিমাণ বাড়িয়ে দেয়। মুক্তিযোদ্ধারা নিয়মিত ও গেরিলা বাহিনীর সমন্বয়ে পাকিস্তানিদের উপর আক্রমণ চালিয়ে তাদের ব্যতিব্যস্ত করে তোলে। এ সময়ে গেরিলা যুদ্ধের কবলে দিশেহারা হয়ে পড়ে পাক বাহিনী। এছাড়া, গুরুত্বপূর্ণ সামরিক লক্ষ্য নৌ-কমান্ডোদের উপর্যুপরি আক্রমণ এতটাই বৃদ্ধি পায় যে, এক পর্যায়ে পূর্ব পাকিস্তান থেকে পাক সেনাদের লাশ পশ্চিম পাকিস্তানে পাঠানো বন্ধ করে দিতে হয়। পশ্চিম পাকিস্তানেও যুদ্ধবিরোধী মনোভাব গড়ে উঠতে থাকে। ঢাকায় গেরিলারা একের পর এক সফল হামলা চালিয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের দৃষ্টি আকর্ষণ করতে থাকে। ৯ জুন গেরিলারা হোটেল ইন্টারকন্টিনেন্টাল (বর্তমান হোটেল শেরাটন) এর সামনে বিশ্ব ব্যাংকের গাড়ী বোমা মেরে উড়িয়ে দেয়। ওইদিন স্বাধীনতার বিরুদ্ধাচরণকারী পাকিস্তানি দালালদের মগবাজার কার্যালয়ে আক্রমণ চালানো হয়। আক্রমণ চালানো হয় পাকিস্তানপন্থী পত্রিকা মর্নি নিউজ এবং দৈনিক পাকিস্তান কার্যালয়ে। এ ঘটনার ঠিক দুদিন পর পাকিস্তানিদের কড়া নিরাপত্তা বলয় ভেদ করে গেরিলারা আবারও আক্রমণ চালায় হোটেল ইন্টারকন্টিনেন্টালে। এছাড়া অক্টোবরে গেরিলারা আঘাত হানে টেলিভিশন কেন্দ্রে। ডিআইটি ভবনের এই কেন্দ্রটি ছিল বিশেষভাবে সুরক্ষিত। সাধারণ একজন কর্মচারীর সহযোগিতায় মাত্র দুজন গেরিলা এ ভবনে বিস্ফোরণ ঘটায়। গেরিলারা নারায়নগঞ্জের সিদ্ধিরগঞ্জ বিদ্যুৎকেন্দ্রে হামলা চালিয়ে কেন্দ্রটি

অচল করে দেয়। সমগ্র ঢাকা বিদ্যুৎহীন হয়ে পড়ে। পরে কেন্দ্রটি পুনরায় চালু করতে পশ্চিম পাকিস্তান থেকে যেসব বিশেষজ্ঞদের ঢাকায় আনা হয় গেরিলারা তাদেরও নিধন করে। পাকিস্তানি সেনাকর্তারা এসব গেরিলা আক্রমণে এতটাই ভীত হয়ে পড়ে যে সারা দেশ এমনকি ঢাকাতেও তারা প্রতিদিন নিজেদের অবস্থান পরিবর্তন করতে বাধ্য হয়।

মুক্তিযুদ্ধে পাকিস্তানিদের দোসর

সর্বস্তরের মানুষের অংশগ্রহণে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ প্রকৃত অর্থে ছিল এক সার্বজনীন গণযুদ্ধ। তরুণ, জামায়াত ইসলামী, মুসলিম লীগসহ বেশকিছু প্রতিক্রিয়াশীল ধর্মদ্বন্দ্বিতা রাজনৈতিক দল এ যুদ্ধের বিরুদ্ধাচারণ করে পাকিস্তানি ঘাতকদের পক্ষে অবস্থান নেয়। ২৫ মার্চের কালো রাতের পর পাকিস্তানিদের পক্ষে সংগঠিত হতে থাকে এই গোষ্ঠী। নুরুল আমিনের নেতৃত্বে এপ্রিলের শুরুতেই চিল্লা খানের সাথে বৈঠক করে গোলাম আযম, মৌলভী ফরিদ আহমেদ, খাজা খয়েরুদ্দিন, এ কিউ এম শফিকুল ইসলাম, মাওলানা নুরুজ্জামান। রেডিও-টেলিভিশন ও পত্র-পত্রিকায় শুরু হয় পাকিস্তানি বাহিনীর সমর্থনে বানোয়াট প্রচার-প্রপাগান্ডা। এ সময় পাকিস্তানের অন্যতম সমর্থক হামিদুল হক চৌধুরীর মধ্যস্থতায় গঠিত হয় ঢাকা নাগরিক শান্তি কমিটি। অবাঙালি বিহারীরাও যোগ দেয় এই কমিটিতে। এই কমিটির আয়োজনে একটি মিছিল আজিমপুর, শান্তিনগর ও পুরনো ঢাকায় লুটতরাজ চালায় ও আশ্রয় লাগিয়ে দেয়। শান্তি কমিটির কার্যক্রম মূলত জামায়াতে ইসলামীর নেতৃত্বে সারা দেশে ছড়িয়ে পড়ে। প্রথমদিকে এই বাহিনী লুটপাটে ব্যস্ত থাকলেও পরবর্তী সময়ে পাকবাহিনীর সহযোগিতায় হত্যাজ্ঞাও শুরু করে। গোলাম আযম নিজে পাকিস্তানের দুশমনদের তন্ন তন্ন করে খুঁজে তাদের অস্তিত্ব বিলোপ করার নির্দেশ দেয়। এ সময় পাকিস্তানের দোসররা বাঙ্গালি সংস্কৃতির ইসলামীকরণের ঘোষণা দেয়। এই ইসলামীকরণের অংশ হিসেবে ঢাকার ২৪০ টি রাস্তার নতুন নামকরণ করা হয়। মাথায় সাদা পট্টা বাধা শান্তি কমিটির শান্তি স্কোয়াড ঢাকা শহরে হত্যা, লুট ও ধর্ষণের মাধ্যমে এক ত্রাসের রাজত্ব কায়েম করে। শান্তি কমিটির পাশাপাশি জামায়াতে ইসলামী প্রতিষ্ঠা করে রাজাকার ও আলবদর বাহিনী। মুসলিম লীগের সংগঠনটির নাম ছিল আল শামস। অক্টোবরের মধ্যে ৫৫ হাজার রাজাকারকে অস্ত্র ও প্রশিক্ষণ প্রদান করে পাক সেনারা। লড়াই নয়, লুটতরাজই ছিল এদের একমাত্র কাজ। পাশাপাশি মুক্তিযোদ্ধাদের অবস্থান, বাসস্থান, তাদের সাহায্যকারী এবং পরিবার-পরিজন সম্পর্কে তথ্য দেয়া ও দখলদার বাহিনীর বিকৃত রুচি চরিতার্থ করতে বাঙালী নারী সংগ্রহ করে দেয়ার দায়িত্ব পালন করত এ বাহিনী। রাজাকার বাহিনীর সর্বাধিনায়ক ছিল জামায়াতে ইসলামীর ছাত্র সংগঠন ইসলামী ছাত্র সংঘের মোহাম্মদ ইউনুস। আল শামস ছিল মুসলিম লীগের তৈরি দোসর সংগঠন, মজিয়াতে তালাবায়ের অরাবিয়র ছাত্ররাই ছিল আল শামসের সদস্য। বুদ্ধিজীবী হত্যায় আল বদরের পরে পাকবাহিনীর সবচেয়ে ঘনিষ্ঠ সহযোগী ছিল এরাই। এছাড়াও মুজাহিদ বাহিনী নামে একটি আধা সামরিক দালাল বাহিনীও পাকিস্তানি হানাদাররা গঠন করে।

পাকিস্তানের দোসর এসব বাহিনীর মধ্যে সবচেয়ে নৃশংস ছিল আল বদর। পাক হানাদারদের পরিকল্পনা অনুযায়ী জামায়াতে ইসলামীর ছাত্র সংঘের সদস্যদের নিয়ে গঠিত এ বাহিনী ডিসেম্বরে ঘটায় বুদ্ধিজীবী হত্যাকাণ্ড। প্রায় ২০ হাজার বুদ্ধিজীবী হত্যার নীল নকশা বাস্তবায়নের দায়িত্ব নেয় আল বদর। নভেম্বরে শেষ সপ্তাহে শুরু হয় আল বদরের পরিকল্পিত বুদ্ধিজীবী নিধনপর্ব। নাৎসী গেস্টাপো বাহিনীর স্টাইলে তারা বুদ্ধিজীবীদের ঘর থেকে উঠিয়ে নিয়ে অমানুষিক নির্যাতন করে একে একে হত্যা করতে থাকে। পাকিস্তানের আল বদর প্রধান ছিল মতিউর রহমান নিজামী। তৎকালীন পূর্ব পাকিস্তান আল বদর বাহিনীর সভাপতি ও সাধারণ সম্পাদক ছিল আলী আহসান মোহাম্মদ মুজাহিদ ও মীর কাশেম আলী। এদের সবাই ছিল পাকিস্তান জামায়াতে ইসলামীর ছাত্র সংগঠনের নেতা।

কেবল প্রতিক্রিয়াশীল রাজনৈতিক গোষ্ঠী নয়, বিশ্ববিদ্যালয়ের কিছু শিক্ষকও পাকিস্তানিদের সমর্থনে অবস্থান নেয়। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পাক বাহিনীকে সহায়তার পুরস্কার স্বরূপ ড. সৈয়দ সাজ্জাদ হুসাইন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদ লাভ করে। তার সঙ্গে ছিল আরবী বিভাগের ড. মুজাফ্ফির রহমান, বাংলা বিভাগের ড. কাজী দীন মুহাম্মদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান আব্দুল বারী ও মনোবিজ্ঞানের অধ্যাপক ড. মীর ফখরুজ্জামান। সরাসরি বুদ্ধিজীবী হত্যাকাণ্ডের সাথে জড়িত ছিল এ এফ এম আব্দুর রহমান। গণিত বিভাগের এই শিক্ষক ছিল আল বদর বাহিনীর চৌধুরী মঈনুদ্দিনের ঘনিষ্ঠ পরামর্শক।

মুক্তিযুদ্ধে নৌ-সেনা

মুক্তিযুদ্ধ শুরুর কিছুদিন আগে ফ্রান্স থেকে ৩টি সাবমেরিন কিনেছিল পাকিস্তান। সাবমেরিনগুলো সংগ্রহ করতে পাকিস্তান নৌবাহিনীর একদল সাবমেরিনারকে ফ্রান্সে পাঠানো হয়। পাক বাহিনীর হত্যাজ্ঞার খবর জানতে পেরে ৩১ মার্চ ফ্রান্স থেকে করাচী যাত্রার আগেই ৯ জন বাঙালি সাবমেরিনার পালিয়ে বিভিন্ন দেশ হয়ে ভারতে পৌঁছান এবং মুক্তিযুদ্ধে অংশগ্রহণের প্রত্যয় ঘোষণা করেন। পাশাপাশি পাকিস্তানি নৌবাহিনীর বাঙালী নাবিক ও অফিসাররা পালিয়ে এসে মুক্তিযুদ্ধে অংশ নেন। ‘অজয়’ ও ‘অক্ষয়’ নামের দুটি জাহাজ ও ৪৫ জন ক্রু নিয়ে প্রথম বাংলাদেশ নৌবাহিনী গঠিত হয়। নভেম্বরের প্রথমে নৌবহরে আরো ৬ টি নৌযান যুক্ত হয়। বাংলাদেশের ভৌগোলিক অবস্থা ও রাজনৈতিক পরিস্থিতি বিবেচনা করে সমস্ত সামুদ্রিক এলাকা ও অভ্যন্তরীণ নৌ অঞ্চল নিয়ে জুলাইয়ে একটি আলাদা সেক্টর গঠন করা হয়। সেক্টর ১০ নামের এই নৌ সেক্টরটি সরাসরি বাংলাদেশ মুক্তিবাহিনীর সদর দপ্তরের অধীনে ছিল। নৌবাহিনীর লক্ষ্য ছিল যুদ্ধের সাথে সঙ্গতি রেখে নৌপথে সৈন্য সমাবেশ করা এবং পাক বাহিনীর সমর সরঞ্জাম ও রসদ পরিবহন ব্যবস্থা বিঘ্নিত করার জন্য তাদের জাহাজ ও নৌযানগুলো ধ্বংস করা। এছাড়া, চট্টগ্রাম ও মংলা বন্দরে পাকিস্তানি ও বিদেশী

জাহাজ ধ্বংস করে বন্দর অচল করার মাধ্যমে আন্তর্জাতিক মহলের দৃষ্টি আকর্ষণ করাও ছিল নৌবাহিনীর রণপরিকল্পনার অংশ।

অপারেশন জ্যাকপটে নৌবাহিনী বিশেষত নৌকমান্ডারা ছিলেন মুক্তি বাহিনীর বিজয়ের অন্যতম সহায়ক শক্তি। চট্টগ্রামে মাত্র ৩১ জন নৌ কমান্ডো পাক বাহিনীর দুটি যুদ্ধ জাহাজ এম ভি আব্বাস ও এম ভি হরমুজ ডুবিয়ে দেয়, তলিয়ে দেয় ১৯ হাজার টন অস্ত্র গোলাবারুদ বোঝাই অরিয়েন্ট বার্ড। এ সময় নারায়নগঞ্জ ও চাঁদপুরে পাকিস্তানি হানাদারদের ব্যবহৃত জাহাজ ও স্টিমার ধ্বংস করে নৌ কমান্ডোরা। মংলায় মাত্র ২০ জন নৌ কমান্ডো ৬ টি বিদেশী জাহাজ ক্ষতিগ্রস্ত করতে সক্ষম হয়।

মুক্তিযুদ্ধে বিমান সেনা

মুক্তিযুদ্ধের শুরুতে প্রবাসী বাংলাদেশ সরকারের পক্ষে বিমান বাহিনী গড়ে তোলা ছিল প্রায় দুঃসাধ্য। তবে, যুদ্ধ পরিস্থিতির নাটকীয় পরিবর্তনের ফলে গ্রুফ ক্যাপ্টেন এ কে খন্দকারের নেতৃত্বে বাংলাদেশ সরকার একটি বিমান বাহিনী গঠন করে এবং এই বাহিনীতে যুক্ত হয় ভারত সরকার প্রদত্ত একটি পুরানো ডিসি-৩ ডাকোটা বিমান, একটি উভচর অটার বিমান ও একটি অ্যালুয়েট হেলিকপ্টার। এছাড়া, ভারত বাংলাদেশ বিমান বাহিনীর প্রশিক্ষণ কেন্দ্র ও বেইস হিসেবে নাগাল্যান্ডের ডিমাপুর বিমানবন্দরটি ব্যবহারের অনুমতি দেয়। এই সামান্য শক্তি নিয়েই বাংলাদেশ বিমানবাহিনী কিলোফ্লাইট নামে একটি ফ্লাইং ইউনিট প্রতিষ্ঠা করে। বিমান বাহিনীর এই ক্ষুদ্র দলটি একাধিক সমন্বিত আকাশ আক্রমণ চালিয়ে নারায়নগঞ্জ ও চট্টগ্রামে পাক বাহিনীর সামরিক কৌশলগত স্থান ধ্বংসের সফলতা দেখায়।

মুক্তাঞ্চল

চট্টগ্রামে ক্যাপ্টেন রফিক প্রথমে পাকিস্তানীদের আক্রমণ করে ব্যাপক সাফল্য অর্জন করেন। ২৫ মার্চ দিবাগত রাত হতেই কার্যত চট্টগ্রাম স্বাধীন হয়ে গিয়েছিল। যে কারণে এ সময় চট্টগ্রামের কালুরঘাটে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রতিষ্ঠা করা সম্ভব হয়েছিল। এপ্রিলের মাঝামাঝি সময়ে প্রবাসী বাংলাদেশ সরকারের নেতৃত্বে মুক্তিযুদ্ধ সংগঠিত হতে থাকলে মুক্তিবাহিনীর সদস্যরা সমগ্র দেশের বিভিন্ন স্থানেই গড়ে তুলতে আরম্ভ করে মুক্তাঞ্চল। উল্লেখযোগ্য মুক্তাঞ্চল ছিল যশোর, ব্রাহ্মনবাড়িয়া, পার্বত্য চট্টগ্রাম প্রভৃতি। টাঙ্গাইলে কাদের সিদ্দিকী, রোমারীতে আফসার বাহিনী, ফরিদপুর-বরিশালে হেমায়েত বাহিনী মুক্তাঞ্চল প্রতিষ্ঠা করেন। মুক্তাঞ্চলগুলো বিদেশী গণমাধ্যম ও যুদ্ধকৌশল নির্ধারণে ছিল খুব গুরুত্বপূর্ণ। এই মুক্তাঞ্চল দিয়েই মুক্তিবাহিনীর সদস্যরা দেশের অভ্যন্তরে আক্রমণ পরিচালনা করতেন এবং রসদ সংগ্রহ করতেন। এসব মুক্তাঞ্চলেই গড়ে ওঠে সামরিক প্রশিক্ষণ কেন্দ্র, ব্রিগেডগুলোর ঘাঁটি, বাংলাদেশ সরকার নিয়ন্ত্রিত ডাক ব্যবস্থা ইত্যাদি।

মুক্তির সংগ্রামে শিল্পী সমাজ

প্রবাসী বাংলাদেশ সরকারের তত্ত্বাবধানে মে মাসে প্রতিষ্ঠিত হয় স্বাধীন বাংলা বেতার কেন্দ্র। স্বাধীনতার প্রথম প্রহরে চট্টগ্রামের কালুরঘাটে এই নামে একটি বেতার কেন্দ্র থেকেই ঘোষিত হয়। বঙ্গবন্ধুর স্বাধীনতার বাতী। পরবর্তী সময়ে প্রবাসী সরকারের গণসংযোগ ও যোগাযোগ দফতরের অধীনে কলকাতায় পুনরায় স্বাধীন বাংলা বেতার কেন্দ্র চালু হয়। এই বেতার কেন্দ্রের মাধ্যমেই মুক্তিযুদ্ধের গতি-প্রকৃতি সম্পর্কে জানতে পারতেন অপরূদ্ধ বাঙালিরা। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের খবর আর এম আর ভাহরার মুকুলের ব্যঙ্গাত্মক কথিকা 'চরমপত্র' মুক্তিযোদ্ধাদের রণাঙ্গনে লড়াই চালিয়ে যেতে উদ্বুদ্ধ করত নিরন্তর।

ষাটের দশকে ঢাকায় ছায়ানট প্রতিষ্ঠার অন্যতম প্রধান উদ্যোক্তা ওয়াহিদুল হক শরণার্থী শিল্পীদের প্রথম সংগঠিত করতে শুরু করেন। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের মাধ্যমে এই শিল্পীরা গান, কবিতা, কথিকা ও নাটক প্রচারের মাধ্যমে মুক্তিযোদ্ধাদের মনোবল বৃদ্ধিতে ভূমিকা রাখতেন। এ সময় একদল শিল্পী সীমান্ত এলাকার যুব শিবিরগুলোতে ঘুরে ঘুরে গান ও নাটক পরিবেশন করে মুক্তিযোদ্ধাদের উৎসাহ যোগাতেন।

মুক্তিযুদ্ধের সময় নির্বাসিত খেলোয়াড়রা জাকারিয়া পিন্টুর নেতৃত্বে গঠন করে স্বাধীন বাংলা ফুটবল দল। ভারতের বিভিন্ন স্থানে প্রদর্শনী খেলায় অংশ লনয়ে এই দল মুক্তিযুদ্ধের পক্ষে জনমত তৈরি ও অর্থ সংগ্রহ ভূমিকা রাখে। ইংলিশ চ্যানেল বিজয়ী সাঁতার ব্রজেন দাশও কলকাতায় একটি প্রদর্শনী সাঁতার আয়োজনের মাধ্যমে মুক্তিযোদ্ধাদের জন্য অর্থ সংগ্রহ করেছিলেন। পাকবাহিনীর বর্বরতার চিহ্ন ধরে রাখতে নন্দিত চলচ্চিত্রকার জহির রায়হান তৈরি করেন তার বিখ্যাত প্রামাণ্যচিত্র 'স্টপ জেনোসাইড'।

কূটনৈতিক উদ্যোগ

পাকিস্তানী বাহিনীকে মোকাবেলায় সশস্ত্র যুদ্ধ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের পাশাপাশি প্রবাসী বাংলাদেশ সরকারের উদ্যোগে কূটনৈতিক প্রচেষ্টা জোরতালে এগিয়ে চলে। মুক্তিযুদ্ধের শুরুতেই বৃটেনের বাঙালিরা পাকিস্তানি হাইকমিশনের সামনে বিক্ষোভ সমাবেশ করেন। এপ্রিলের শুরুতেই বিচারপতি আবু সাঈদ চৌধুরী বাংলাদেশ সরকারের প্রতিনিধি হিসেবে আন্তর্জাতিক মহলের সমর্থন লাভের দায়িত্বপ্রাপ্ত হন। তিনি ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী, প্রতাবশালী এমপি ও ব্রিটিশ সরকারের নীতি নির্ধারণকদের সঙ্গে বৈঠক করেন। পাশাপাশি ইউরোপের প্রধান দেশগুলোতেও তিনি বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে প্রচারণা চালান। মার্কিন সরকারের পাকিস্তানপন্থী পররাষ্ট্রনীতি পরিবর্তনের আহ্বান জানানও তিনি। জাতিসংঘের সাধারণ পরিষদের সামনে তিনি বাংলাদেশের চলমান পরিস্থিতি বিষয়ে বক্তব্য রাখেন। এছাড়া বাঙালি কূটনীতিকরা যেন পাকিস্তান পক্ষ ত্যাগ করে বাংলাদেশের প্রতি আনুগত্য প্রকাশ করে সে ব্যাপারেও উদ্যোগ নেন তিনি।

রেহমান সোবহান প্রবাসী সরকার গঠনের প্রথম পর্যায়ে জড়িত ছিলেন। পরবর্তী সময়ে তিনি দিল্লিতে ভারতীয় নেতৃবৃন্দকে বাংলাদেশের বাস্তব পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন। বৃটেনের রাজনৈতিক নেতৃবৃন্দকেও তিনি বাংলাদেশ পরিস্থিতি বিষয়ে ধারণা দেন। এছাড়া মার্কিন যুক্তরাষ্ট্রে গিয়ে সিনেটের উদ্বাস্ত বিষয়ক কমিটির প্রধান সিনেটর এডওয়ার্ড কেনেডিসহ বেশ কয়েকজন প্রতাবশালী আইন

প্রণেতার সাথে সাক্ষাত করেন তিনি। এ সময় অর্থনীতিবিদ নুরুল ইসলাম ও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। ফ্রান্স প্রবাসী লেখক সৈয়দ ওয়ালিউল্লাহ ও বিশৃঙ্খলিত বাঙালি স্থপতি ফজলুর রহমান খান বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে জনমত গড়ে তুলতে ভূমিকা রাখেন।

বাংলাদেশের মুক্তিযুদ্ধে আন্তর্জাতিক জনমত অর্জনের ক্ষেত্রে ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। ইন্দিরা গান্ধী বিশ্বের দরবারে বাঙালির সংগ্রামকে তার স্বাধীনতা অর্জনের প্রচেষ্টা হিসাবে বিবেচনার জন্য জোর কূটনৈতিক প্রচারণা চালান।

ইন্দিরা গান্ধী ১৯৭১ সালের ২৭ মার্চ বাঙালি শরণার্থীদের ভারতে আগমন ও অবস্থান প্রশ্নে তার নিজের ও নিজের মন্ত্রীসভার সমর্থন ব্যক্ত করেন। বাঙালির স্বাধীনতার সংগ্রামেও তিনি পূর্ণ সমর্থন জানান। বাংলাদেশ-ভারত সীমান্ত উন্মুক্ত করতে দেওয়া হয় যাতে শরণার্থীরা ভারতে এসে নিরাপদ আশ্রয় নিতে পারে। ইন্দিরা গান্ধী বাংলাদেশের পক্ষে প্রচারণার জন্য কূটনৈতিক প্রচেষ্টার অংশ হিসেবে ১৯৭১-এর শরতে পশ্চিম দেশগুলোতে প্রায় ১৯ দিন সফর করেন। তারই তৎপরতার ফলে ফ্রান্স ও যুক্তরাজ্য মার্কিন ব্লকের বাইরে এসে নিরাপত্তা পরিষদে পাকিস্তানের পক্ষে গৃহীত যে কোন সিদ্ধান্ত বিরোধীতার ঘোষণা দেয়। ৩১ অক্টোবর ইন্দিরা গান্ধী লন্ডনে ইন্ডিয়া লীগের এক সভায় বলেন, প্রতিদিন শিবিরে আসা শরণার্থীদের মুখে আমরা যে নৃশংসতা ও বর্বরতার কথা শুনেছি, তার নিদর্শন পৃথিবীতে বিরল। এর থেকে উত্তরণের সর্বোত্তম উপায়, সবচেয়ে মানবিক উপায় হচ্ছে রাজনৈতিক স্থিতিশীলতা এবং এ সমাধান সম্ভব কেবল বাংলাদেশের মানুষের নির্বাচিত নেতা ও স্বীকৃতি জনপ্রতিনিধিদের মাধ্যমে।’

মুক্তিবাহিনী ও ভারতীয় বাহিনীর যৌথ আক্রমণ

অক্টোবর থেকেই বাংলাদেশ পরিস্থিতি নিয়ে ভারত ও পাকিস্তানের কূটনৈতিক যুদ্ধ তীব্রতর হতে থাকে। ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী এই কূটনৈতিক উদ্যোগের অংশ হিসেবে বিদেশ সফর শুরু করেন এবং বাংলাদেশের মাটিতে পাক সেনাদের বর্বরতার ফলে যে মানবিক বিপর্যয় ঘটে চলেছে তা বিশ্ববাসীর কাছে তুলে ধরেন।

মূলত নভেম্বর থেকেই ভারতীয় সৈন্যরা মুক্তিযোদ্ধাদের সরাসরি সাহায্য শুরু করে। ভারী কামান ও ট্যাঙ্কের সাহায্যে পাক ঘাটিগুলোতে আক্রমণ করে তারা মুক্তিযোদ্ধাদের বিভিন্ন অপারেশনে সহায়তা দিয়ে আসছিল। কিছু যুদ্ধক্ষেত্রে মুক্তিবাহিনীর সদস্যরা ভারতীয় নিয়মিত সেনাবাহিনী থেকেও বেশি সাফল্য ও দৃঢ়তা দেখায়।

৩ ডিসেম্বর ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে পাকিস্তান ভারতের পশ্চিম সীমান্তের বিমান ঘাঁটিগুলো আক্রমণ করে। মূলত মার্কিন ও চীনের আশ্রয় ও সহায়তার উপর আস্থা রেখেই ইয়াহিয়া খান ভারতের বিপক্ষে সর্বাভূক যুদ্ধ শুরু করেন। পাকিস্তানের এই আগ্রাসন ঠেকাতে ভারত পূর্ব রণাঙ্গনে মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর সমন্বয়ে গড়ে তোলে যৌথ কমান্ড। জেনারেল নিয়াজী নিয়েছিল দুর্গ প্রতিরোধ কৌশল। কিন্তু যৌথবাহিনীর কমান্ড এই কৌশলের জবাব দিয়েছিল এক অনন্যসাধারণ সামরিক কৌশলে। যৌথ বাহিনী পাকিস্তানিদের কৌশলগত অবস্থানগুলোতে নিয়মিত বাহিনী দিয়ে টানা আক্রমণ চালিয়ে যায়, আবার গেরিলাদের সাহায্যেও এগিয়ে আসতে থাকে ঢাকার দিকে। এ সময় ভারতীয় নৌবাহিনীও বঙ্গোপসাগর থেকে পাক স্থাপনাগুলোর উপর আক্রমণ শুরু করে বিমানবাহী রণতরী ‘বিক্রান্ত’ থেকে।

ডিসেম্বরের শুরুতে দেশের ভূখন্ডের একটি বড় অংশ মুক্তিযোদ্ধাদের দখলে আসার পর সেখানে চালু হয় বাংলাদেশ সরকারের শাসন ব্যবস্থা। ৬ ডিসেম্বর মুক্তিবাহিনীর সাথে ভারতীয় মিত্র বাহিনী পাক হানাদারদের বিরুদ্ধে মুক্তিযুদ্ধে যোগ দেয় এবং বাংলাদেশের অভ্যন্তরে আক্রমণ পরিচালনা শুরু করে। একই সাথে ভারতীয় বিমান বাহিনী মুক্তিযোদ্ধাদের সাথে যোগাযোগ স্থাপন করে গুরুত্বপূর্ণ পাকিস্তানি ঘাঁটির ওপর আক্রমণ চালায়। বাংলাদেশ ও ভারতীয় নৌবাহিনীও এ অভিযানে অংশগ্রহণ করে। মুক্তিবাহিনী ও মিত্রবাহিনী ৭ ডিসেম্বর যশোর সেনানিবাস দখল করে। ৮ ডিসেম্বর মুক্ত যশোর স্টেডিয়ামে বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমেদ প্রথম বক্তৃতা করেন। ইতোমধ্যে সাতক্ষীরা দখল করে যৌথ বাহিনী খুলনার দিকে অগ্রসর হয় এবং অপর একটি দল টঙ্গী, জামালপুর, নরসিংদী, মুন্সিগঞ্জ মুক্ত করে ঢাকা অবরোধের চেষ্টা করে। যৌথবাহিনী এ সময় চারদিক থেকে ময়নামতি সেনানিবাস ঘিরে ফেলে। যুদ্ধের এই পর্যায়ে ভারত-বাংলাদেশ যৌথবাহিনীর লক্ষ্য ছিল যত দ্রুত সম্ভব ঢাকা আক্রমণ। এ কারণেই সীমান্তে নিয়মিত যুদ্ধের পাশাপাশি গেরিলা বাহিনীর সহায়তায় ভারতীয় সেনাবাহিনী দ্রুত ঢাকার দিকে এগিয়ে আসে।

বাংলাদেশ সরকারের অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম এবং প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমেদ দেশের অভ্যন্তরে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে ভাষণ দেন। ৯ ডিসেম্বরের মধ্যে মাগুরা, নড়াইল, ঝিনাইদহ যৌথ বাহিনীর দখলে আসে। বিদেশী নাগরিকদের ঢাকা ত্যাগের সুযোগ দিতে ১০ ডিসেম্বর সব ধরনের বিমান হামলা বন্ধ রাখা হয়।

পাকিস্তান যৌথবাহিনীর অগ্রযাত্রা রোধ করতে মরিয়্যা হয়ে কূটনৈতিক উদ্যোগ নিতে থাকে। পাকিস্তানের সমর্থনে চীন ভারতকে স্থলযুদ্ধের হুমকি দেয়। অন্যদিকে মার্কিন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন তার পুরনো বন্ধু ইয়াহিয়াকে বাঁচাতে বঙ্গোপসাগরে সপ্তম নৌবহর পাঠানোর নির্দেশ দেয়। ১২ ও ১৩ ডিসেম্বর যথাক্রমে কুষ্টিয়া, ময়মনসিংহ ও টাঙ্গাইল মুক্ত হয়।

ডিসেম্বরের চূড়ান্ত যুদ্ধের প্রথম মুহূর্তেই ভারতীয় বিমান বাহিনী ঢাকা ও কুর্মিটোলা বিমান বন্দরে হামলা চালায়। ফলে, পাকিস্তানি বাহিনী স্থলযুদ্ধের সবচেয়ে প্রার্থিত বিমান সহায়তা লাভের সুযোগ হারায়। কারণ, জঙ্গি বিমান থাকলেও ভারতীয় আক্রমণে বিমান বন্দরের রানওয়ে মোরামতের অযোগ্য হয়ে পড়ে। ভারতকে যুদ্ধের জন্য দায় করে মার্কিন যুক্তরাষ্ট্র এ সময় নিরাপত্তা পরিষদের বৈঠক আহ্বান করতে জাতিসংঘকে অনুরোধ করে। বৈঠকে অবিলম্বে যুদ্ধ বিরতির যে সিদ্ধান্ত নেয়া হয় তার বিপক্ষে ভেটো দেয় সোভিয়েত ইউনিয়ন। সোভিয়েত ইউনিয়নের এ সিদ্ধান্ত সমর্থন করে পোল্যান্ড।

এর আগে, ৫ ডিসেম্বর বাংলাদেশ পরিস্থিতির রাজনৈতিক সমাধানের যে প্রস্তাব সোভিয়েত ইউনিয়ন মার্কিন সশস্ত্র নৌবহরকে চাপে রাখতে ২০ টি যুদ্ধজাহাজ পাঠায় বঙ্গোপসাগরে আর সোভিয়েত-চীন-সীমান্তে সৈন্য সমাবেশ ঘটায়। বাংলাদেশ প্রসঙ্গে একে অপরের মুখোমুখি অবস্থান নেয় বিশ্বের সবচেয়ে শক্তিশালী দুটি দেশ সোভিয়েত ইউনিয়ন ও মার্কিন যুক্তরাষ্ট্র।

জাতিসংঘসহ আন্তর্জাতিক মহলে কূটনৈতিক লড়াই যখন জোরদার, ঠিক সেই সময় পুরোদমে লড়াই চলছিল বাংলার রণাঙ্গনগুলোতে। গেরিলা যুদ্ধের প্রভাবে পাকিস্তানি সৈন্যদের মানসিক দুরাবস্থার সবচেয়ে ভাল উদাহরণ ছিল যশোরের পতন। এদেশে পাকিস্তানিদের সবচেয়ে শক্তিশালী এই সামরিক ঘাঁটির পতন ঘটে প্রায় বিনা যুদ্ধে। যৌথ বাহিনীর আক্রমণের খবর পেয়েই পাকিস্তানিরা ঘাঁটি ফেলে পালিয়ে যায়।

৮ ডিসেম্বর থেকেই পাকিস্তানিদের আত্মসমর্পণের আহবান জানানো শুরু করেন ভারতীয় সেনাপতি স্যাম মানেকশ। গেরিলাদের উপর্যুপরি আক্রমণে পর্যুদস্ত পাক দখলদারদের লড়াইয়ের শেষ ইচ্ছেটুকু কর্পূরের মতো উবে যায় এই ঘোষণার পর থেকে। পাকিস্তানি তাবেদার গর্ভনর ডাঃ মালিক এসময় থেকেই আত্মসমর্পণের চেষ্টা শুরু করেন, কিন্তু সামরিক প্রধান জেনারেল নিয়াজি তখনও আশাবাদী ছিলেন। ১৪ ডিসেম্বর গভর্নর হাউজে জরুরি সভায় বসে পাকিস্তানী বাহিনী। বালাদেশ সরকারের অনুমতিতে ভারত সেখানে বোমা বর্ষণ করলে ডাঃ মালিক সেদিনই পদত্যাগ করেন। এর আগে ১৩ ডিসেম্বর ডাঃ মালিক ও মেজর জেনারেল রাও ফরমান আলী স্বাক্ষরিত এক বার্তায় জাতিসংঘের মাধ্যমে আত্মসমর্পণের চেষ্টা চালায় পাকিস্তানিরা, কিন্তু ইয়াহিয়া প্রশাসনের বিরোধিতায় প্রস্তাবটি জাতিসংঘে গৃহীত না হওয়ায় ডাঃ মালিক এ সময় আন্তর্জাতিক রেডক্রসের কাছে আশ্রয় চায়। তবে, বাস্তব পরিস্থিতি উপলব্ধি করে ১৫ তারিখেই জেনারেল নিয়াজি প্রেসিডেন্ট ইয়াহিয়াকে জানায় যে, ঢাকার পতন আসন্ন। এ পরিস্থিতিতে ইয়াহিয়ার পরামর্শে ভারতের প্রধান সেনাপতি স্যাম মানেকশর কাছে আত্মসমর্পণের প্রস্তাব পাঠায় নিয়াজি।

বিভীষিকা

২৫ মার্চ থেকে বিজয়ের আগ পর্যন্ত দেশটির দখল থাকে পাকিস্তানি হানাদারদের হাতে। তারা ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনাসহ দেশের বড় বড় শহরগুলোতে হামলা চালিয়ে ছাত্রাবাস, শিক্ষা প্রতিষ্ঠান, কলকারখানাসহ গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান জ্বালিয়ে দেয়। গ্রামে-গঞ্জে রাজাকার ও অন্যান্য দোসরদের সহযোগিতায় পুড়িয়ে দেয় মুক্তিযুদ্ধে অংশগ্রহনকারীদের বাড়িঘর। প্রায় পনের লাখ বাড়ি ঘর পুড়িয়ে দেয় পাকবাহিনী, ধ্বংস করে তিনশ রেল সেতু। সড়ক যোগাযোগ ব্যবস্থাও ক্ষতিগ্রস্ত করে। মোট ২৯ টি যুদ্ধ জাহাজ বিধবস্ত হয়ে ধ্বংসস্তুপে পরিণত হয় চট্টগ্রাম বন্দর।

বিখ্যাত ডেইলি এক্সপ্রেস পত্রিকার হিসেবে মার্চের ২৭ তারিখের মধ্যেই চল্লিশ হাজার মানুষকে হত্যা করে পাক দখলদার বাহিনী। এই গণহত্যার প্রথম শিকার হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক ও কর্মচারীরা। বাঙালীর স্বাধীনতার আন্দোলনে উচ্চকিত জনতার নেতৃত্ব দিয়েছিল এই ঢাকা বিশ্ববিদ্যালয়। ২৫ মার্চ রাতেই বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল ও ইকবাল হলে (বর্তমান সার্জেন্ট জহুরুল হক হল) পাকি বাহিনী হত্যা করে নিরস্ত্র ছাত্রদের। এ সময় থেকেই শুরু হয় বাঙালী বুদ্ধিজীবী হত্যা। ঢাকা বিশ্ববিদ্যালয়ে এই হত্যাযজ্ঞ চালায় সরাসরি পাক হানাদার বাহিনী। পরবর্তী সময়ে প্রতিক্রিয়াশীল রাজনৈতিক চক্র পাকিস্তানী সেনাবাহিনীর প্রত্যক্ষ সহযোগিতার জন্য গঠন করে শান্তি বাহিনী, শান্তি কাউন্সিল ও রাজাকার বাহিনী। বাঙলার মানুষের কাছে কসাই হিসেবে পরিচিত রাও ফরমান আলীর পরামর্শে মাওলানা মওদুদীর ভাবশিষ্য গোলাম আযম এর হাতে জামায়াতে ইসলামীর ছাত্র সংগঠন ইসলামী ছাত্র সংঘের সদস্যদের নিয়ে প্রতিষ্ঠিত হয় আল-বদর ও রাজাকার বাহিনী। যৌথবাহিনীর আক্রমণের মাত্রা তীব্রতর হলে জেনারেল রাও ফরমান আলী বুদ্ধিজীবী হত্যার নীল নকশা বাস্তবায়নে ব্যবহার করে আল-বদর বাহিনীর মতিউর রহমান নিজামী, আলী আহসান মুজাহিদ, আশরাফুজ্জামান, কামারুজ্জামান, মঈনুদ্দীন প্রমুখকে। ফরমান আলীর সরবরাহ করা তালিকা অনুযায়ী আল বদরের সদস্যরা বাড়ি বাড়ি তল্লাশি চালিয়ে ধরে নিয়ে যায় বিভিন্ন পেশার মেধাবী মানুষগুলোকে, তারপর অমানুষিক নির্যাতন করে হত্যা করে জাতির শ্রেষ্ঠ সন্তানদের। ডিসেম্বরের প্রথম সপ্তাহ থেকেই ঢাকায় আল বদরের ঘাতকরা বুদ্ধিজীবীদের হত্যা শুরু করে। তবে, ব্রাফনবাড়িয়া ছাড়া অন্যান্য গুরুত্বপূর্ণ শহরগুলোতে ঘাতকরা নিধনযজ্ঞ চালাতে সক্ষম হয়নি। কারণ, ডিসেম্বরের প্রথম থেকেই যৌথবাহিনীর আক্রমণে পাক বাহিনী সীমান্তবর্তী ঘাঁটিগুলি ছেড়ে জড়ো হচ্ছিল ঢাকায়। স্বাধীনতার মাত্র দুদিন আগে ১৪ ডিসেম্বর ঢাকায় আল বদরের ঘাতকরা হত্যা করে বুদ্ধিজীবীদের একটি বড় অংশকে। এ যুদ্ধের নির্মম শিকার হতে হয় নারীদের, তাদের ওপর চলে অমানুষিক নির্যাতন ও অত্যাচার। প্রায় সাড়ে ৪ লাখ নারী ধর্ষণের শিকার হয়। বিজয়ের পর দেশের বিভিন্ন স্থানে পাক বাংকার থেকে উদ্ধার করা হয় নারীদের মৃতদেহ।

বিজয়

ডিসেম্বর রাত দুইটায় জেনারেল নিয়াজি বেতারের মাধ্যমে বাংলাদেশের সর্বত্র অবস্থানরত পাকিস্তান সেনাবাহিনীকে আত্মসমর্পণের নির্দেশ দেয়। তবে আগের দিন যুদ্ধ বিরতির প্রস্তাব করে তারা সরাসরি ভারতীয় সেনাবাহিনীর কাছে আত্মসমর্পণের চেষ্টা করে। কিন্তু শেষ পর্যন্ত ভারত ও বাংলাদেশের যৌথবাহিনীর কাছেই আত্মসমর্পণে বাধ্য হয় তারা।

১৬ ডিসেম্বর বিকেল ৪ টা ৫৫ মিনিটে পাকিস্তান বাহিনীর অধিনায়ক লেফটেনেন্ট জেনারেল নিয়াজী ৯৩ হাজার সৈন্য ও অস্ত্রসম্পদ সোহরাওয়ার্দী উদ্যানে যৌথ কমান্ডের কাছে আত্মসমর্পণ করে। শেষ হয় নয় মাসের দখলদারিত্ব, অভ্যুদয় ঘটে সার্বভৌম বাংলাদেশের। বিশ্বের মানচিত্রে সংযোজিত হয় একটি নতুন ও স্বাধীন ভূখণ্ড, এগিয়ে চলা শুরু করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

কনসার্ট ফর বাংলাদেশ

১ আগস্ট ১৯৭১-এ পণ্ডিত রবি শংকর ও তাঁর বন্ধু বিটলস এর জর্জ হ্যারিসনের উদ্যোগে নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত হয় 'কনসার্ট ফর বাংলাদেশ'। কনসার্টে অংশ নেন বব

ডিলান, এরিক ক্ল্যাপটন, জোয়ান বায়েজ, ওস্তাদ আলী আকবর খাঁন ও ওস্তাদ আল্লারাখা খাঁন, রিংগো স্টার, বিল প্রেসটন, লিওন রাসেল, জিম কেটনার প্রমুখ শিল্পী। বাংলাদেশে পাকিস্তানি বাহিনীর নির্যাতনের শিকার সাধারণ মানুষদের জন্য মানবিক সাহায্যের আবেদন জানান শিল্পীরা।”

এ পর্যায়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (সর্বশেষ সংশোধনীসহ মুদ্রিত, এপ্রিল, ২০১৬)

এর পঞ্চম তফসিল নিম্নে অনুলিখিত হইলঃ-

“পঞ্চম তফসিল

[১৫০ (২) অনুচ্ছেদ]

১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ঐতিহাসিক ভাষণ

ভাইয়েরা আমার,

আজ দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে আপনাদের সামনে হাজির হয়েছি। আপনারা সবই জানেন এবং বোঝেন। আমরা আমাদের জীবন দিয়ে চেষ্টা করেছি। কিন্তু দুঃখের বিষয় আজ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুরে আমার ভাইয়ের রক্তে রাজপথ রঞ্জিত হয়েছে। আজ বাংলার মানুষ মুক্তি চায়, বাংলার মানুষ বাঁচতে চায়, বাংলার মানুষ তার অধিকার চায়। কি অন্যায় করেছিলাম? নির্বাচনের পর বাংলাদেশের মানুষ সম্পূর্ণভাবে আমাকে ও আওয়ামী লীগকে ভোট দেন। আমাদের ন্যাশনাল অ্যাসেম্বলি বসবে, আমরা সেখানে শাসনতন্ত্র তৈরি করবো এবং এদেশকে আমরা গড়ে তুলবো। এদেশের মানুষ অর্থনীতি, রাজনীতি ও সাংস্কৃতিক মুক্তি পাবে। কিন্তু দুঃখের বিষয়, আজ দুঃখের সালে বলতে হয় ২৩ বছরের করুণ ইতিহাস বাংলার অত্যাচারের, বাংলার মানুষের রক্তের ইতিহাস। ২৩ বৎসরের ইতিহাস মুমূর্ষ নর-নারীর আর্তনাদের ইতিহাস। বাংলার ইতিহাস এদেশের মানুষের রক্ত দিয়ে রাজপথ রঞ্জিত করা ইতিহাস।

১৯৫২ সালে রক্ত দিয়েছি। ১৯৫৪ সালে নির্বাচনে জয়লাভ করেও আমরা গদিত্তে বসতে পারিনি। ১৯৫৮ সালে আইয়ুব খান ‘মার্শাল ল’ জারী করে ১০ বছর পর্যন্ত আমাদের গোলাম করে রেখেছে। ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলনে ৭ জুনে আমার ছেলের গুলি করে হত্যা করা হয়েছে। ১৯৬৯ সালের আন্দোলনে আইয়ুব খানের পতন হওয়ার পরে যখন ইয়াহিয়া খান সাহেব সরকার নিলেন, তিনি বললেন দেশে শাসনতন্ত্র দেবেন-গণতন্ত্র দেবেন, আমরা মেনে নিলাম। তার অনেক ইতিহাস হয়ে গেল, নির্বাচন হলো। আমি প্রেসিডেন্ট ইয়াহিয়া হান সাহেবের সাথে দেখা করেছি।

আমি, শুধু বাংলার নয়, পাকিস্তানের মেজরিটি পার্টির নেতা হিসেবে তাকে অনুরোধ করলাম, ১৫ ফেব্রুয়ারী তারিখে আপনি জাতীয় পরিষদের অধিবেশন দেন। তিনি আমার কথা রাখলেন না, তিনি রাখলেন ভুট্টো সাহেবের কথা। তিনি বললেন, প্রথম সপ্তাহে মার্চ মাসে হবে। আমি বললাম, ঠিক আছে আমরা অ্যাসেম্বলিতে বসবো। আমি বললাম অ্যাসেম্বলির মধ্যে আলোচনা করবো-এমনকি আমি এ পর্যন্তও বললাম, যদি কেউ ন্যায্য কথা বলে, আমরা সংখ্যায় বেশি হলেও একজন যদিও সে হয় তার ন্যায্য কথা আমরা মেনে নেব।

ভুট্টো সাহেব এখানে এসেছিলেন, আলোচনা করলেন। বলে গেলেন যে, আলোচনার দরজা বন্ধ নয়, আরো আলোচনা হবে। তারপর অন্যান্য নেতাদের সঙ্গে আমরা আলোচনা করলাম-আপনারা আসুন, বসুন, আমরা আলাপ করে শাসনতন্ত্র তৈরী করবো। তিনি বললেন, পশ্চিম পাকিস্তানের মেম্বাররা যদি এখানে আসে তাহলে কসাইখানা হবে অ্যাসেম্বলি। তিনি বললেন, যে যাবে তাকে মেরে ফেলা হবে, যদি কেউ অ্যাসেম্বলিতে

আসে তাহলে পেশোয়ার থেকে করাচী পর্যন্ত দোকান জোর করে বন্ধ করা হবে। আমি বললাম, অ্যাসেম্বলি চলবে। তার হঠাৎ ১ তারিখে অ্যাসেম্বলি বন্ধ করে দেয়া হলো।

ইয়াহিয়া খান প্রেসিডেন্ট হিসেবে অ্যাসেম্বলি ডেকেছিলেন। আমি বললাম, আমি যাবো। ভুট্টো বললেন, তিনি যাবেন না, ৩৫ জন সদস্য পশ্চিম থেকে এখানে আসলেন। তার হঠাৎ বন্ধ করে দেওয়া হলো, দোষ দেওয়া হলো বাংলার মানুষকে, দোষ দেওয়া হলো আমাকে। বন্ধ করার পর এদেশের মানুষ প্রতিবাদমুখর হয়ে উঠল।

আমি বললাম, শান্তিপূর্ণভাবে আপনারা হরতাল পালন করুন। আমি বললাম, আপনারা কলকারখানা সবকিছু বন্ধ করে দেন। জনগণ সাড়া দিল। আপনার ইচ্ছায় জনগণ রাস্তায় বেরিয়ে পড়লো, তারা শান্তিপূর্ণভাবে সংগ্রাম চালিয়ে যাবার জন্য স্থির প্রতিজ্ঞাবদ্ধ হলো। কি পেলাম আমরা? আমরা পয়সা দিয়ে অস্ত্র কিনেছি বহিঃশত্রুর আক্রমণ থেকে দেশকে রক্ষা করার জন্য, আজ সেই অস্ত্র ব্যবহার হচ্ছে আমার দেশের গরিব-দুঃখী নিরস্ত্র মানুষের বিরুদ্ধে-তার বুকের উপর হচ্ছে গুলি। আমরা পাকিস্তানে সংখ্যাগুরু -আমরা বাঙালিরা যখনই ক্ষমতায় যাবার চেষ্টা করেছি তখনই তারা আমাদের উপর ঝাপিয়ে পড়েছে।

টেলিফোনে আমার সাথে তার কথা হয়। তাকে আমি বলেছিলাম, জেনারেল ইয়াহিয়া খান সাহেব, আপনি পাকিস্তানের প্রেসিডেন্ট, দেখে যান কীভাবে আমার গরিবের উপর, আমার মানুষের বুকের উপর গুলি করা হয়েছে। কী করে আমার মায়ের কোল খালি করা হয়েছে, কী করে মানুষকে হত্যা করা হয়েছে, আপনি আসুন, দেখুন, বিচার করুন। তিনি বললেন, আমি নাকি স্বীকার করেছি ১০ তারিখে রাউন্ড টেবিল কনফারেন্স হবে।

আমি তো অনেক আগেই বলে দিয়েছি কীসের রাউন্ড টেবিল, কার সাথে বসবো? যারা আমার মানুষের বুকের রক্ত নিয়েছে, তাদের সাথে বসবো? হঠাৎ আমার সাথে পরামর্শ না করে পাঁচ ঘণ্টার গোপন বৈঠক করে যে বক্তৃতা তিনি করেছেন তাতে সমস্ত দোষ তিনি আমার উপর দিয়েছেন, বাংলার মানুষের উপর দিয়েছেন।

ভাইয়েরা আমার,

২৫ তারিখে অ্যাসেম্বলি কল করেছে। রক্তের দাগ শুকায় নাই। আমি ১০ তারিখে সিদ্ধান্ত নিয়েছি ঐ শহীদের রক্তের উপর পাড়া দিয়ে আটটিসিতে মুজিবুর রহমান যোগদান করতে পারে না। অ্যাসেম্বলি কল করেছেন, আমার দাবি মানতে হবে। প্রথমে সামরিক আইন 'মার্শাল ল' withdraw করতে হবে। সমস্ত সামরিক বাহিনীর লোকদের ব্যারাকে ফেরত যেতে হবে। যেভাবে হত্যা করা হয়েছে তার তদন্ত করতে হবে। আর জনগণের প্রতিনিধির হাতে ক্ষমতা হস্তান্তর করতে হবে। তারপর বিবেচনা করে দেখবো, আমরা অ্যাসেম্বলিতে বসতে পারবো কি পারবো না। এর পূর্বে অ্যাসেম্বলিতে বসতে আমরা পারি না।

আমি প্রধানমন্ত্রিত্ব চাই না। আমরা এদেশের মানুষের অধিকার চাই। আমি পরিষ্কার অক্ষরে বলে দেবার চাই যে, আজ থেকে এই বাংলাদেশে কোর্ট-কাছারি, আদালত-ফৌজদারী, শিক্ষা প্রতিষ্ঠান অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকবে। গরিবের যাতে কষ্ট না হয়, যাতে আমার মানুষ কষ্ট না করে সেজন্য সমস্ত অন্যান্য যে জিনিসগুলো আছে, সেগুলোর হরতাল কাল থেকে চলবে না। রিক্সা, গরুর গাড়ি, রেল চলবে, লঞ্চ চলবে-শুধু সেক্রেটারীয়েট, সুপ্রীমকোর্ট, হাইকোর্ট, জজকোর্ট, সেমি-গভর্নমেন্ট দপ্তর, ওয়াপদা, কোনোকিছু চলবে না।

২৮ তারিখে কর্মচারীরা গিয়ে বেতন নিয়ে আসবেন। এরপর যদি বেতন দেয়া না হয়, আর যদি একটা গুলি চলে, আর যদি আমার লোককে হত্যা করা হয়-তোমাদের কাছে অনুরোধ রইল, প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোলো। তোমাদের যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবিলা করতে হবে এবং জীবনের তরে রাস্তাঘাট যা যা আছে সবকিছু- আমি যদি হুকুম দিবার নাও পারি, তোমরা বন্ধ করে দেবে। আমরা ভাতে মারবো, আমরা পানিতে মারবো।

তোমরা আমার ভাই, তোমরা ব্যারাকে থাকো, কেউ তোমাদের কিছু বলবে না। কিন্তু আর আমার বুকের উপর গুলি চালাবার চেষ্টা করো না। ৭ কোটি মানুষকে দাবায়ে রাখতে পারবা না। আমরা যখন মরতে শিখেছি তখন কেউ আমাদের দাবাতে পারবে না।

আর যে সমস্ত লোক শহীদ হয়েছে, আঘাতপ্রাপ্ত হয়েছে, আমরা আওয়ামী লীগের থেকে যত্ন পাবি তাদের সাহায্য করতে চেষ্টা করবো। যারা পারেন আমার রিলিফ কমিটিকে সামান্য টাকা-পয়সা পৌঁছে দিবেন। আর এই ৭ দিনের হরতালের যে সমস্ত শ্রমিক ভাইয়েরা যোগদান করেছে, প্রত্যেক শিল্পের মালিক তাদের বেতন পৌঁছে দিবেন। সরকারি কর্মচারীদের বলি, আমি যা বলি তা মানতে হবে। যে পর্যন্ত আমার এই দেশের মুক্তি না হচ্ছে, ততদিন খাজনা ট্যাক্স বন্ধ করে দেওয়া হলো- কেউ দেবে না। গুনন, মনে রাখবেন, শত্রুবাহিনী ঢুকেছে নিজেদের মধ্যে আত্মকলহ সৃষ্টি করবে, লুটতরাজ করবে। এই বাংলায়-হিন্দু-মুসলমান, বাঙালি, অ-বাঙালি যারা আছে তারা আমাদের ভাই, তাদের রক্ষার দায়িত্ব আপনাদের উপর, আমাদের যেন বদনাম না হয়।

মনে রাখবেন, রেডিও-টেলিভিশনের কর্মচারীরা যদি রেডিওতে আমাদের কথা না শোনে তাহলে কোন বাঙালি রেডিও স্টেশনে যাবেন না। যদি টেলিভিশনে আমাদের নিউজ না দেয়, কোন বাঙালি টেলিভিশনে যাবেন না। ২ ঘন্টা ব্যাংক খোলা থাকবে, যাতে মানুষ তাদের মাইনেপত্র নিতে পারে। পূর্ববাংলা থেকে পশ্চিম পাকিস্তানে এক পয়সাও চালান হতে পারবে না। টেলিফোন, টেলিগ্রাফ আমাদের এই পূর্ব বাংলায় চলবে এবং বিদেশের সাথে দেয়ানেয়া চলবে না।

কিন্তু যদি এই দেশের মানুষকে খতম করার চেষ্টা করা হয়, বাঙালিরা বুঝেবুঝে কাজ করবেন। প্রত্যেক গ্রাম, প্রত্যেক মহল্লায় আওয়ামী লীগের নেতৃত্বে সংগ্রাম পরিষদ গড়ে তোল এবং তোমাদের যা কিছু আছে, তাই নিয়ে প্রস্তুত থাকো। মনে রাখবা, রক্ত যখন দিয়েছি, রক্ত আরো দেবো। এই দেশের মানুষকে মুক্ত করে ছাড়বো ইনশাআল্লাহ। এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। জয় বাংলা।

এ পর্যায়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (সর্বশেষ সংশোধনীসহ মুদ্রিত, এপ্রিল, ২০১৬)

এর ষষ্ঠ তফসিল নিম্নে উদ্ধৃত হলঃ

ষষ্ঠ তফসিল

[১৫০ (২) অনুচ্ছেদ]

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

কর্তৃক প্রদত্ত

বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা

১৯৭১ সালের ২৫ মার্চ মধ্য রাত শেষে অর্থাৎ ২৬ মার্চ প্রথম পহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত স্বাধীনতার ঘোষণা (অনূদিত)

“ইহাই হয়ত আমার শেষ বার্তা আজ হইতে বাংলাদেশ স্বাধীন। আমি বাংলাদেশের জনগণকে আহ্বান জানাইতেছি যে, যে যেখানে আছ, যাহার যা কিছু আছে, তাই নিয়ে রুখে দাঁড়াও, সর্বশক্তি দিয়ে হানাদার বাহিনীকে প্রতিরোধ করো। পাকিস্তানী দখলদার বাহিনীর শেষ সৈন্যটিকে বাংলার মাটি হইতে বিতাড়িত না করা পর্যন্ত এবং চূড়ান্ত বিজয় অর্জন না করা পর্যন্ত লড়াই চালিয়ে যাও।

শেখ মুজিবুর রহমান

২৬ মার্চ, ১৯৭১”

স্বাধীন সার্বভৌম বাংলাদেশের শাসনতান্ত্রিক ভিত্তি রচিত হয়েছিল ১৯৭১ সালের ১০ই এপ্রিল।

এই ১০ই এপ্রিলের ঘোষণাটি তথা Proclamation of Independence (স্বাধীনতার ঘোষণাপত্র)

অন্তর্বর্তীকালীন Constitution হিসেবে পরিচিত হয়। অর্থাৎ ‘স্বাধীনতার ঘোষণাপত্র’ বা The Proclamation of Independence বাংলাদেশের প্রথম সাংবিধানিক দলিল। বাংলাদেশের সংবিধান রচিত হওয়ার পূর্ব পর্যন্ত স্বাধীনতার ঘোষণাপত্র বা The Proclamation of Independence এবং অস্থায়ী সংবিধান আদেশ, ১৯৭২ সংবিধানের স্থান দখল করেছিল।

এ পর্যায়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (সর্বশেষ সংশোধনীসহ মুদ্রিত, এপ্রিল, ২০১৬) এর “সপ্তম তফসিল” নিম্নে উদ্ধৃত হলঃ

সপ্তম তফসিল

[১৫০ (২) অনুচ্ছেদ]

১৯৭১ সালের ১০ ই এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র

যেহেতু একটি সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে প্রতিনিধি নির্বাচনের জন্য ১৯৭০ সনের ৭ই ডিসেম্বর হইতে ১৯৭১ সনের ১৭ই জানুয়ারী পর্যন্ত বাংলাদেশে অবাধ নির্বাচন অনুষ্ঠিত হয়,

এবং

যেহেতু এই নির্বাচনে বাংলাদেশের জনগণ ১৬৯ জন প্রতিনিধির মধ্যে আওয়ামী লীগ দলীয় ১৬৭ জনকে নির্বাচিত করেন,

এবং

যেহেতু সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে জেনারেল ইয়াহিয়া খান জনগণের নির্বাচিত প্রতিনিধিগণকে ১৯৭১ সনের ৩রা মার্চ তারিখে মিলিত হইবার জন্য আহ্বান করেন,

এবং

যেহেতু এই আহ্বত পরিষদ-সভা স্বেচ্ছাচারী ও বেআইনীভাবে অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়,

এবং

যেহেতু পাকিস্তানী কর্তৃপক্ষ তাহাদের প্রতিশ্রুতি রক্ষার পরিবর্তে এবং বাংলাদেশের প্রতিনিধিগণের সহিত আলোচনা অব্যাহত থাকা অবস্থায় একটি অন্যায় ও বিশ্বাসঘাতকতামূলক যুদ্ধ ঘোষণা করে,

এবং

যেহেতু এইরূপ বিশ্বাসঘাতকতামূলক আচরণের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের জনগণের আত্মনিয়ন্ত্রণের আইনানুগ অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৭১ সনের ২৬ শে মার্চ তারিখে ঢাকায় যথাযথভাবে স্বাধীনতার ঘোষণা প্রদান করেন এবং বাংলাদেশের মর্যাদা ও অখণ্ডতা রক্ষার জন্য বাংলাদেশের জনগণের প্রতি উদাত্ত আহ্বান জানান,

এবং

যেহেতু একটি বর্বর ও নৃশংস যুদ্ধ পরিচালনায় পাকিস্তানী কর্তৃপক্ষ, অন্যান্যদের মধ্যে, বাংলাদেশের বেসামরিক ও নিরস্ত্র জনগণের উপর নজীরবিহীন নির্যাতন ও গণহত্যার অসংখ্য অপরাধ সংঘঠন করিয়াছে এবং এখনও অনবরত করিয়া চলিতেছে,

এবং

যেহেতু পাকিস্তান সরকার একটি অন্যায় যুদ্ধ চাপাইয়া দিয়া, গণহত্যা করিয়া এবং অন্যান্য দমনমূলক কার্যকলাপের মাধ্যমে বাংলাদেশের প্রতিনিধিগণের পক্ষে একত্রিত হইয়া একটি সংবিধান প্রণয়ন এবং নিজেদের মধ্যে একটি সরকার প্রতিষ্ঠা করা অসম্ভব করিয়া তুলিয়াছে,

এবং

যেহেতু বাংলাদেশের জনগণ তাহাদের বীরত্ব, সাহসিকতা ও বিপ্লবী উদ্দীপনার মাধ্যমে বাংলাদেশের ভূখন্ডের উপর তাহাদের কার্যকর কর্তৃত্ব প্রতিষ্ঠা করিয়াছে,

এবং

সেহেতু আমরা বাংলাদেশের নির্বাচিত প্রতিনিধিগণ, বাংলাদেশের সর্বোচ্চ ক্ষমতার অধিকারী জনগণ কর্তৃক আমাদিগকে প্রদত্ত কর্তৃত্বের মর্যাদা রক্ষার্থে, নিজেদের সমন্বয়ে যথাযথভাবে একটি গণপরিষদরূপে গঠন করিলাম, এবং পারস্পরিক আলোচনা করিয়া, এবং

বাংলাদেশের জনগণের জন্য সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক সুবিচার নিশ্চিত করণার্থে, সার্বভৌম গণপ্রজাতন্ত্ররূপে বাংলাদেশের প্রতিষ্ঠা ঘোষণা করিলাম এবং তদ্বারা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ইতিপূর্বে ঘোষিত স্বাধীনতা দৃঢ়ভাবে সমর্থন ও অনুমোদন করিলাম, এবং

এতদ্বারা দৃঢ়ভাবে ঘোষণা ও সিদ্ধান্ত গ্রহণ করিতেছি যে, সংবিধান প্রণীত না হওয়া পর্যন্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি থাকিবেন এবং সৈয়দ নজরুল ইসলাম প্রজাতন্ত্রের উপ-রাষ্ট্রপতি থাকিবেন, এবং রাষ্ট্রপতি প্রজাতন্ত্রের সকল সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক হইবেন, ক্ষমা প্রদর্শনের ক্ষমতাসহ প্রজাতন্ত্রের সকল নির্বাহী ও আইন প্রণয়ন ক্ষমতা প্রয়োগ করিবেন, একজন প্রধানমন্ত্রী নিয়োগ এবং তাঁহার বিবেচনায় প্রয়োজনীয় অন্যান্য মন্ত্রী নিয়োগ ক্ষমতার অধিকারী হইবেন, কর আরোপণ ও অর্থ ব্যয়ন ক্ষমতার অধিকারী হইবেন, গণপরিষদ আহ্বান ও মূলতবিকরণ ক্ষমতার অধিকারী হইবেন, এবং বাংলাদেশের জনগণকে একটি নিয়মতান্ত্রিক ও ন্যায্যনুগ সরকার প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় অন্যান্য সকল কার্য করিতে পারিবেন। আমরা বাংলাদেশের জনগণের নির্বাচিত প্রতিনিধিগণ আরও সিদ্ধান্ত গ্রহণ করিতেছি যে, কোন কারণে রাষ্ট্রপতি না থাক বা রাষ্ট্রপতি তাঁহার কার্যভার গ্রহণ করিতে অসমর্থ হওয়া বা তাঁহার ক্ষমতা প্রয়োগ করিতে অসমর্থ হওয়ার ক্ষেত্রে, রাষ্ট্রপতির উপর এতদ্বারা অর্পিত সমুদয় ক্ষমতা, কর্তব্য ও দায়িত্ব উপ-রাষ্ট্রপতির থাকিবে এবং তিনি উহা প্রয়োগ ও পালন করিবেন। আমরা আরও সিদ্ধান্ত গ্রহণ করিতেছি যে, এই দলিল কার্যকর করার লক্ষ্যে এবং রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতির শপথ পরিচালনার জন্য আমরা অধ্যাপক ইউসুফ আলীকে আমাদের যথাযথ ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি নিয়োগ করিলাম।

অধ্যাপক ইউসুফ আলী
বাংলাদেশের গণপরিষদের ক্ষমতাবলে ও
তদধীনে যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি।

স্বাধীনতার ঘোষণাপত্র দ্বারা প্রবর্তিত সাংবিধানিক কাঠামো বা constitutional framework অনুযায়ী রাষ্ট্রপতি এককভাবে সকল রাষ্ট্রীয় ক্ষমতার অধিকারী ছিলেন। রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১০ জানুয়ারী ১৯৭২ পাকিস্তানী কারাগার থেকে প্রথমে লন্ডন ও পরে নয়াদিল্লী হয়ে স্বদেশ প্রত্যাবর্তনের পর দিনই ‘অস্থায়ী সংবিধান আদেশ, ১৯৭২’ নামের একটি আইন জারী করেন, যা বাংলাদেশের সাংবিধানিক ইতিহাসে এক নতুন যাত্রা। এ আইন দেশে সংসদীয় সরকার ব্যবস্থা প্রবর্তন করে। ইহা বাংলাদেশের দ্বিতীয় অন্তর্বর্তীকালীন সংবিধান। ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর পর্যন্ত এই অস্থায়ী সংবিধান আদেশ ‘শাসনতন্ত্র’ বা ‘সংবিধান’ হিসেবে কাজ করেছে।

অস্থায়ী সংবিধান আদেশ, ১৯৭২ বা The Provisional Constitutional Order, 1972

—নিম্নে উদ্ধৃত হলঃ

**“THE PROVISIONAL CONSTITUTION
OF BANGLADESH ORDER 1972
reads as follows;**

WHEREAS by the proclamation of Independence Order, dated the 10th April, 1971 provisional arrangements were made for the government of the People’s Republic of Bangladesh.

AND WHEREAS by he said proclamation the President is invested with all executive and legislative authority and the power to appoint a Prime Minister;

AND WHEREAS the unjust and treacherous war as referred to in the said Proclamation has now ended;

AND WHEREAS it is the manifest aspiration of the people of Bangladesh that a parliamentary democracy shall function in Bangladesh;

AND WHEREAS in pursuance of the said objective it is necessary immediately to make certain provisions in that behalf.

Now *THEREFORE* in pursuance of the Proclamation of Independence Order, dated the 10th April, 1971 and all other powers enabling him in that behalf the President is pleased to make and promulgate the following Order;

- (1) This order may be called the Provisional Constitution of Bangladesh Order, 1972.
 - (2) It extends to the whole of Bangladesh
 - (3) It shall come into force at once
 - (4) Definition:
“Constituent Assembly” referred to in this Order means the body comprising of the elected representatives of the people of Bangladesh returned to the N.A. and P.A. seats in the elections held in December, 1970, January, 1971 and March, 1971 not otherwise disqualified by or under any law.
 - (5) There shall be a Cabinet of Ministers, with Prime Minister at the head
 - (6) The President shall in exercise of all his functions act in accordance with the advice of the Prime Minister.
 - (7) The President shall commission as Prime Minister a member of the Constituent Assembly. Who commands the confidence of the majority of the members of the Constituent Assembly. All other Ministers, Ministers of State and Deputy Ministers shall be appointed by the President on the advice of the Prime Minister.
 - (8) In the event of a vacancy occurring in the Office of the President at any time prior to the framing of the Constitution by the Constituent Assembly, the Cabinet shall appoint as President a citizen of Bangladesh who will hold the office of President until another President enters upon the office in accordance with the Constitution as framed by the Constituent Assembly.
 - (9) There shall be a High Court of Bangladesh consisting of a Chief Justice and so many other Judges as may be appointed from time to time.
 - (10) The Chief Justice of the High Court of Bangladesh shall administer an oath of office to the President shall administer an oath of office to the Prime Minister, other Ministers, Ministers of State and Deputy Ministers. The form of the oath shall be as prescribed by the Cabinet.
- Dated this eleventh day of January, One thousand nine hundred and seventy two, being the twenty sixth day of Poush, One thousand three hundred and seventy eight.

The 11th January, 1972

DACCA SHEIKH MUJIBUR RAHMAN
President of the People's Republic of Bangladesh.”

অতঃপর বাংলাদেশের জন্য একটি স্থায়ী শাসনতন্ত্র রচনার উদ্দেশ্যে ১৯৭২ সালের ২২শে মার্চ বাংলাদেশের রাষ্ট্রপতি “বাংলাদেশ গণপরিষদ আদেশ” (The Constituent Assembly Order of Bangladesh) জারি করেন, যা নিম্নে উদ্ধৃত হলঃ

“THE CONSTITUENT ASSEMBLY OF BANGLADESH

ORDER, 1972

MINISTRY OF LAW AND PARLIAMENTARY AFFAIRS

(Law Division)

NOTIFICATION

No. 272-Pub-23rd March, 1972- The following Order made by the President, on the advice of the Prime Minister, of the People's Republic of Bangladesh on the 22nd March, 1972, is hereby published for general information:-

The CONSTITUENT ASSEMBLY OF BANGLADESH

ORDER, 1972

(President's Order No. 22 of 1972)

WHEREAS it is necessary to make provisions for the functioning of the Constituent Assembly constituted by the Proclamation of Independence;

NOW, THEREFORE, in pursuance of the Proclamation of Independence of Bangladesh, read with the Provisional Constitution of Bangladesh Order, 1972, and in exercise of all powers enabling him in that behalf, the President is pleased to made the following Order:-

1. (1) *This Order may be called the Constituent Assembly of Bangladesh Order 1972.*
 (2) *It extends to the whole of Bangladesh.*
 (3) *It shall come into force at once and shall be deemed to have come into force on the 26th day of March, 1972.*
2. *This Order shall have effect notwithstanding anything to the contrary contained in any other law for the time being in force.*
3. *In this Order, unless there is anything repugnant in the subject or context,-*
 - (i) *“Assembly” means the Constituent Assembly of Bangladesh;*
 - (ii) *“Member” means the member of the Assembly;*
 - (iii) *“President” means the President of the People’s Republic of Bangladesh;*
 - (iv) *“Republic” means the People’s Republic of Bangladesh; and*
 - (v) *“Speaker” means the Speaker of the Assembly and includes any person for the time being acting as the Speaker.*
4. *The Constituent Assembly of Bangladesh shall consist of the elected representatives of the people of Bangladesh returned to the N.E. and P.E. Seats in the elections held on different dates between the seventh day of December, One thousand nine hundred and seventy and the first day of March, One thousand nine hundred and seventy-one (both days inclusive) who are not disqualified by or under any law.*
5. *Where a seat in the Assembly fell vacant before the commencement of this Order or falls vacant subsequent to this Order, an election to fill the vacancy shall be held in accordance with the law for the time being in force.*
6. (1) *Except as provided in this Article, a person is qualified to be elected as, and to be, a member of the Assembly if-*
 - (a) *his name appears in the electoral roll for any electoral unit in Bangladesh;*
 - (b) *he is not less than twenty-five years of age;*

(2) A persn is disqualified from being elected as, and from being, a member of the Assembly if-

(a) he holds an office of profit in the service of Bangladesh, other than an office which is not a whole –time office or one which is declared by law not to disqualify its holder;

(b) he is of unsound mind and stands so declared by a competent Court;

(c) he is an undischarged insolvent;

(d) he is not a citizen of Bangladesh, or has acquired the citizenship of a foreign State or has affirmed or acknowledged allegiance to a foreign state;

(e) he has been on conviction for any offence, involving moral turpitude, sentenced after the 11th day of January, 1972, to transportation for any term or to imprisonment for a term of not less than two years or for any term under the Bangladesh Collaborators (Special Tribunals) Order, 1972, unless a period of five years has elapsed his release;

(f) he, whether by himself or by any person or body of person in trust for him or for his benefit or on his account or as a member of a Hindu undivided family, has any share or interest in a contract, not being a contract between a co-operative society and Government for the supply of goods to, or for the execution of any contract or the performance of any service undertaken by Government:

Provided that the disqualification under sub-clause (f) shall not apply to a person-

(i) where the share or interest in the contract devolves on him by inheritance or succession or as a legatee, executor or administrator until the expiration of six months after it has so developed on him or such longer period as the President may, in any particular case, allow; or

(ii) where the contract has been entered into by or on behalf of a public company as defined in the Companies Act, 1913 (VII of 1913), of which he is a shareholder but is neither a director holding an office of profit under the company nor a managing agent; or

(iii) where he is a member of a Hindu undivided family and the contract has been entered into by any other member of that family in the course of carrying on a separate business in which he has no share or interest;

(g) he is otherwise disqualified from being a member by or under any law passed after the 11th day of January 1972.

(3) If any question arises whether a member of the Assembly has, after his election, become disqualified from being a member of the Assembly, the question shall be referred to the Chief Election Commissioner and, if the Chief Election Commissioner is of the opinion that the member has become disqualified, the member shall cease to be member.

7. The Assembly shall frame a Constitution for the Republic.

8. A member of the Assembly may resign his seat by notice in writing under his hand addressed to the Speaker.

9. If a member of the Assembly is absent from the Assembly, without leave of the Assembly, for sixty consecutive sitting days his seat shall become vacant.

10. (1) A member of the Assembly, shall, before taking seat make and subscribe, before a person presiding at a meeting of the Assembly or before a person nominated by the Speaker, an oath or affirmation in the following form, namely:-

“I.....do solemnly swear (or affirm) that I will bear true faith and allegiance to the People’s Republic of Bangladesh and that I will faithfully discharge the duty upon which I am about to enter.”

(2) If a member fails to make and subscribe an oath in accordance with clause (1) within the period of seven days from the date of the first meeting of the Assembly, his seat shall become vacant;

Provided that the Assembly may, before the expiration of the said period, for good cause shown, extend the period.

11. The President may, on the advice of the Prime Minister summon, prorogue or dissolve the Assembly and shall, when summoning the Assembly, fix the time and place of the meeting.

Provided that nothing in this clause shall be construed as preventing the President from summoning the Assembly on the ground that all the seats of the members have not been filled.

12. (1) The Assembly shall, as soon as may be, choose two of its members to be respectively the Speaker and Deputy Speaker thereof and shall so often as the office of the

Speaker or Deputy Speaker becomes vacant, choose another member to be the Speaker or, as the case may be, Deputy Speaker.

(2) Until the Speaker and Deputy Speaker are chosen, a member nominated by the President shall preside at the meeting of the Assembly and perform the function of Speaker.

(3) Where the office of the Speaker is vacant, the Deputy Speaker, or if the office of the Deputy is also vacant, such member as may be determined by the Rules of Procedure of the Assembly shall perform the functions of the Speaker.

(4) Where the Speaker is unable to perform the function of his office due to illness or any other cause, the Deputy Speaker shall act as Speaker, and if the Deputy Speaker is also unable to act as Speaker due to illness or any other cause, such member as may be determined by the Rules of Procedure of the Assembly shall perform the functions of the Speaker.

(5) During the absence of the Speaker from any meeting of the Assembly, the Deputy Speaker or, if the Deputy Speaker is also absent, such member as may be determined by the Rules of Procedure of the Assembly shall perform the functions of the Speaker.

13.(1) At any sitting of the Assembly, while any resolution for the removal of the Speaker from his office is under consideration, the Speaker, or while any resolution for the removal of the Deputy Speaker from his office is under consideration, the Deputy Speaker, shall not, though he is present, preside, and the provisions of clause (5) of Article 12 shall apply in relation to every such sitting as they apply in relation to a sitting from which the Speaker, or as the case may be, the Deputy Speaker, is absent.

(2) The Speaker shall have the right to speak in and otherwise to take part in the proceedings of the Assembly while any resolution for his removal from office is under consideration in the Assembly and shall be entitled to vote only as a member.

14. A member holding the office of Speaker or Deputy Speaker shall cease to hold that office-

(a) if he ceases to be a member of the Assembly;

(b) if he resigns his office by writing under his hand addressed to the President; or

(c) if a resolution expressing want of confidence in him is moved in the Assembly after not less than fourteen days notice of the intention to move it and passed by a majority of the total number of the Assembly;

15. (1) *The procedure of the Assembly shall be regulated by the Rules of procedure made by the Assembly.*

(2) *Until such rules are framed the procedure of the Assembly shall be regulated by the Rules of Procedure made by the President.*

(3) *Subject to the provision of clause(c) of Article 14 a decision in the Assembly shall be taken by a majority of the members present and voting, but the decision relating to the making of the Constitution shall be taken by a majority of the total number of members of the Assembly; and the person presiding shall not vote except when there is an equality of votes, in which case he shall have and exercise a casting vote.*

(4) *The Assembly shall have power to act, notwithstanding any vacancy in the membership thereof, and any proceedings in the Assembly shall not be invalid only for the reason that some person who was not entitled to do so, sat or voted or otherwise took part in the proceedings.*

(5) *If at any time during a meeting of the Assembly the attention of the person presiding is drawn to the fact that less than one hundred members are present, it shall be the duty of the person presiding either to adjourn the Assembly, or to suspend the meeting until at least one hundred members are present.*

16. (1) *The validity of any proceedings in the Constituent Assembly shall not be questioned in any Court.*

(2) *An officer or member of the Constituent Assembly in whom powers are vested for the regulation of procedure, the conduct of business or the maintenance of order in the Assembly shall not, in relation to the exercise by him of any of those power, be subject to the jurisdiction of any Court.*

(3) *A member of, or a person entitled to speak in, the Constituent Assembly shall not be liable to any proceedings in any Court in respect of anything said by him, or any vote given by him, in the Assembly or in any committee of the Assembly.*

(4) *A person shall not be liable to any proceedings in any Court in respect of the publication by or under the authority of the Constituent Assembly of any report, paper, vote or proceedings.*

(5) No process issued by a Court or other authority shall, except with the leave of the Speaker of the Constituent Assembly, be served or executed within the precincts of the place where a meeting of Constituent Assembly is being held.

(6) If a member is arrested or detained on any criminal charge other than a charge under the Bangladesh Collaborators (Special Tribunals) Order, 1972, and the Court before which any such case is pending against such member is duly informed by the member that he has been summoned to attend any session of the Constituent Assembly or any Committee thereof, such Court shall, if the charge against such member relates to a bailable offence, release such member on his personal recognisance in sufficient time to enable him to attend the session of the Assembly or a meeting of any Committee thereof, as the case may be:

‘Provided that the provisions of this section shall not be construed as exempting any such member from attending such Court on the day or days which the Court may in usual course fix for the trial of the case against such member.

(7) No member shall be required to appear in person in any Civil or Revenue Court, or before any Election Tribunal, during a session, and for a period of fourteen days before and fourteen days after session.

(8) Notwithstanding anything to the contrary contained in any law for the time being in force, no Civil or Revenue Court, and no Election Tribunal shall proceed, during a session and for a period of fourteen days before and fourteen days after the session, with any matter before it in which a Member is a party.

(9) Subject to this Article, the privileges of the Assembly, the committees and members thereof, may be determined by the Assembly.

17. The Speaker, the Deputy Speaker and other members shall be entitled to receive such salaries and allowances as may, from time to time, be determined by the Assembly by law and until provision in this respect is so made, as the president may, by order, prescribe.

DACCA;
The 22nd March, 1972.

A.S. CHOWDHURY
President of the
People’s Republic of Bangladesh.

F.K.M.A. MUNIM.
Secretary”

গণপরিষদ কর্তৃক সংবিধান প্রণয়নের লক্ষ্যে যে ৩৪ জন সদস্য নিয়ে সংবিধান প্রণয়ন কমিটি গঠিত হয় সেই সংবিধান কমিটির সদস্যবৃন্দরা হলেন :

“The Names of the Committee Members are:

1. Syed Nazrul Islam
2. Mr. Tajuddin Ahmed
3. Khandaker Mostaq Ahmed
4. Mr. A.H.M. Kamruzzaman
5. Mr. M Abdur Rahim (PE-29, Dinajpur)
6. Mr. Abdur Rouf
7. Mr. Md. Lutfor Rahman
8. Mr. Abdul Momen Talukder
9. Prof. Abu Sayeed
10. Mr. Md. Boitullah
11. Mr. Amirul Islam
12. Mr. Badal Rashid, Bar-at-Law
13. Khandaker Abdul Hafiz
14. Mr. Md. Nurul Islam Monju
15. Mr. Saukat Ali Khan
16. Mr. Md. Humayun Khalid
17. Mr. Asaduzzaman Khan
18. Mr. A.K. Mosarraf Hossain Akhand.
19. Mr. Abdul Momin
20. Mr. Shamsuddin Mollah
21. Sheikh Abdur Rahman
22. Mr. Fakir Shahabuddin Ahmed
23. Mr. Abdul Muntakin Chowdhury
24. Prof. Md. Khorshed Alam
25. Mr. Serajul Huq
26. Dewan Abdur Abbas
27. Hafez Habibur Rahman
28. Mr. Mohammad Abdur Rashid
29. Sree Suranjit Sen Gupta
30. Mr. Nurul Islam Chowdhury
31. Mr. Mohammad Khalid
32. Mrs. Razia Banu
33. Dr. Khitish Chandra Mondal
34. Dr. Kamal Hossain (Chairman of the Committee)”

এ পর্যায়ে প্রসঙ্গের প্রয়োজনে খোন্দকার আবদুল হক মিয়া’র “সংসদীয় রীতি ও পদ্ধতি” বই থেকে ‘বাংলাদেশ গণপরিষদ’ শীর্ষক অংশটুকু নিম্নে উদ্ধৃত হলঃ

“ ‘গণপরিষদ আদেশ’ ১৯৭২’ বা Constituent Assembly of Bangladesh Order, 1972 (১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নম্বর ২২) দ্বারা গণপরিষদের সদস্যপদ, দায়িত্ব, সদস্যপদের অযোগ্যতা, পদত্যাগ, শপথ গ্রহণ, অধিবেশন-আহবান, স্পীকার ও ডেপুটি স্পীকার নির্বাচন ও তাঁদের সম্পর্কে অন্যান্য বিধান, স্পীকার ও ডেপুটি স্পীকার নির্বাচনের পূর্বে গণপরিষদের বৈঠক পরিচালনা, কার্যপ্রণালী-বিধি প্রণয়ন, গণপরিষদে সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য প্রয়োজনীয় সদস্য-সংখ্যা, গণপরিষদের বিশেষ অধিকার প্রভৃতি বিষয়ে বিধান করা হয়।

গণপরিষদের সদস্যপদ

গণপরিষদের সদস্যপদ সম্পর্কে গণপরিষদ আদেশ, ১৯৭২-এর বিধানটি নিম্নে উদ্ধৃত করা হলোঃ-

‘4. The Constituent Assembly of Bangladesh shall consist of the elected representatives of the people of Bangladesh returned to the N.E. and P.E. seats in the elections held on different dates between the seventh day of December, one thousand nine hundred and seventy and the first day of March, one thousand nine hundred and seventy-one (both days inclusive) who are not disqualified by or under any law.’

অর্থাৎ ১৯৭০ সালের ডিসেম্বর মাসের ৭ তারিখ থেকে ১৯৭১ সালের মার্চ মাসের ১ তারিখ পর্যন্ত সময়ে বিভিন্ন তারিখে (উভয় তারিখ অন্তর্ভুক্ত) এন,ই এবং পি,ই আসনে নির্বাচিত জনপ্রতিনিধিদের মধ্যে যাঁরা কোনো আইন দ্বারা বা আইনের অধীন অযোগ্য ঘোষিত হন নি তাঁদের নিয়ে গণপরিষদ গঠিত হবে।

এ আইনটিতে উল্লেখিত সময়ের মধ্যে বাংলাদেশ মোট ৪৬৯ টি আসনে নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। এগুলোর মধ্যে এন,ই (National East) ও পি,ই (Provincial East) আসনের সংখ্যা ছিল যথাক্রমে ১৬৯ এবং ৩০০। ১৬৯ টি এন,ই, আসনের মধ্যে ৭ টি আসন মহিলাদের জন্য সংরক্ষিত ছিল। ৩০০ টি পি,ই, আসনের অতিরিক্ত ১০ টি আসন মহিলাদের জন্য সংরক্ষিত ছিল। কিন্তু ঐ ১০ টি পি,ই, আসনে উপর্যুক্ত সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হয়নি। এ আইনটিতে উল্লেখিত সময়ের মধ্যে দু'টি উপনির্বাচনও অনুষ্ঠিত হয়।

নির্বাচনে দলগত অবস্থান

আওয়ামী লীগ ঐ নির্বাচনে ১৬৯ টি এন, ই আসনের মধ্যে ১৬৭ টি আসনে জয়ী হয়। এই তথ্যটি স্বাধীনতা ঘোষণাপত্রের প্রস্তাবনায় উল্লেখ করা হয়েছে। অপর দু'টি আসনের একটিতে পাকিস্তান ডেমোক্রেটিক পার্টি (পিডিপি) এর একজন প্রার্থী এবং অপর আসনে একজন নির্দলীয় প্রার্থী জয় লাভ করেন। পি,ই, আসনগুলোর মধ্যে আওয়ামী লীগ ২৮৮টি, পিডিপি ২টি, ন্যাশনাল আওয়ামী পার্টি ১টি, জমিয়তে উলামায়ে ইসলাম (নিজাম-ই-ইসলামসহ) ১টি, জামায়াতে ইসলামী ১টি ও স্বতন্ত্র প্রার্থীগণ ৭ টি আসন লাভ করেন।

গণপরিষদে শূন্য আসন

বাংলাদেশ গণপরিষদ আদেশ, ১৯৭২ দ্বারা গণপরিষদের সদস্য হওয়ার ক্ষেত্রে কয়েকটি অযোগ্যতার বিধান করা হয়। এ সব বিধানের মধ্যে যে সব বিধান কয়েকজন সদস্যের ক্ষেত্রে প্রযুক্ত হয়, সেগুলো নিম্নে উল্লেখ করা হলোঃ-

- (১) প্রজাতন্ত্রের লাভজনক পদে নিযুক্ত কোনো ব্যক্তি গণপরিষদ সদস্য হওয়ার যোগ্য হবেন না, তবে পদটি সার্বক্ষণিক পদ না হলে, কিংবা কোনো পদে নিযুক্ত ব্যক্তিকে আইন দ্বারা গণপরিষদের সদস্য হওয়ার অযোগ্য নন বলে ঘোষণা করা হলে এ বিধানটি প্রযোজ্য হবে না।
- (২) কোনো ব্যক্তি বাংলাদেশের নাগরিক না হলে কিংবা বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণ করলে কিংবা বিদেশী রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করলে গণপরিষদের সদস্য হতে পারবেন না।
- (৩) গণপরিষদের প্রথম বৈঠকের সাতদিনের মধ্যে কোনো সদস্য শপথ গ্রহণে ব্যর্থ হলে গণপরিষদে তাঁর আসন শূন্য হয়ে যাবে। তবে ঐ সাতদিনের মধ্যে উপযুক্ত কারণ দর্শানো হলে গণপরিষদ এই সময়সীমা বাড়াতে পারবে।

এন,ই ও পি,ই আসনে নির্বাচিত ব্যক্তিবর্গের মধ্যে ১ জন সদস্য প্রজাতন্ত্রের লাভজনক পদ গ্রহণ করায়, ৫ জন সদস্য আইনে নির্ধারিত সময়ের মধ্যে শপথ গ্রহণে ব্যর্থ হওয়ায় এবং ২ জন সদস্য বিদেশী রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করায় সদস্য হওয়ার বা থাকার অযোগ্য হয়ে পড়েন।

অপর একটি আইন Bangladesh Constituent Assembly Members (Cessation of Membership) Order, 1972 দ্বারা গণপরিষদ সদস্যদের সদস্যপদ রদ হওয়া সম্পর্কে বিধান করা হয়। এ আইনের মূল বিধানটি ছিলঃ-

“If any person who is a Member of the Constituent Assembly on the basis of an election in which he was a candidate on the basis of his having been nominated and granted a ticket by a political party;

- (i) resigns from it; or
- (ii) is expelled by such political party;

he shall cease to be a member of the Constituent Assembly for the unexpired period of his term as such member.”

অর্থাৎ কোনো রাজনৈতিক দলের প্রার্থীরূপে মনোনীত কোনো ব্যক্তি গণপরিষদের সদস্য নির্বাচিত হওয়ার পর যদি ঐ দল থেকে পদত্যাগ করেন বা বহিস্কৃত হন তা’হলে অবশিষ্ট মেয়াদের জন্য তিনি আর গণপরিষদের সদস্য থাকবেন না। নির্বাচনে মনোনয়নদানকারী রাজনৈতিক দল থেকে বহিস্কৃত হওয়ায় এ আইনের বিধান অনুযায়ী গণপরিষদের ৪৩ জন সদস্যের সদস্য-পদ রদ হয়ে যায়।

গণপরিষদের ৯ জন সদস্য মুক্তিসংগ্রাম চলাকালে কিংবা তার আগে মৃত্যুবরণ করেন। গণপরিষদের প্রথম বৈঠক (১০ই এপ্রিল, ১৯৭২) থেকে এর শেষ বৈঠক (১৫ই ডিসেম্বর ১৯৭২) পর্যন্ত সময়ে গণপরিষদের প্রথম স্পীকার শাহ আবদুল হামিদ ও অন্য তিনজন সদস্য মৃত্যুবরণ করেন। এ চারজন সদস্যের মধ্যে একজন অসুস্থতার জন্য আইনে নির্ধারিত সময়ের মধ্যে শপথ গ্রহণ করতে পারেন নি। তবে তিনি শপথ গ্রহণের সময় বাড়ানোর আবেদন জানালে গণপরিষদ তাঁর শপথ গ্রহণের সময় গণপরিষদের পরবর্তী অধিবেশন পর্যন্ত বাড়িয়ে দিতে সম্মত হয়। কিন্তু পরবর্তী অধিবেশন শুরু হওয়ার আগেই তিনি ইন্তেকাল করেন। গণপরিষদের দু’জন সদস্য গণপরিষদের সদস্য হিসাবে পদত্যাগ করেন। সংশ্লিষ্ট আইনের অধীন গণপরিষদের সদস্য হওয়ার অযোগ্যতা অর্জন, সদস্যপদ রদ হওয়া, নির্ধারিত সময়ের মধ্যে শপথ গ্রহণের ব্যর্থতা, মৃত্যুবরণ প্রভৃতি কারণে সংবিধানে স্বাক্ষরের সময় পর্যন্ত ৪৬৯ টি আসনের মধ্যে ৬৬টি আসন শূণ্য হয়ে পড়ে। সংবিধান স্বাক্ষরের সময় গণপরিষদে ৪০৩ জন সদস্য ছিলেন।

শূণ্য আসনে নির্বাচন

গণপরিষদ আদেশ ১৯৭২ এর ৫ অনুচ্ছেদ বিধান ছিল যে-

‘5. Where a seat in the Assembly fell vacant before the commencement of this Order or falls vacant subsequent to this Order, an election to fill the vacancy shall be held in accordance with the law for the time being in force.’

অর্থাৎ গণপরিষদের কোনো আসন এ আদেশ প্রবর্তনের পূর্বে শূণ্য হয়ে থাকলে কিংবা এ আদেশ জারীর পর শূণ্য হলে ঐ আসন বা আসনসমূহ পূরণের জন্য প্রচলিত আইন অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হবে।

গণপরিষদ আদেশ, ১৯৭২ রাষ্ট্রপতির দ্বারা ২২ শে মার্চ, ১৯৭২ তারিখে প্রণীত হয় এবং পরদিন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। একই দিন প্রণীত এবং ২৩ শে মার্চ ১৯৭২ বাংলাদেশ গেজেটে প্রকাশিত অপর একটি আইন The Bangladesh Election Commission Order, 1972 (P.O. No. 25 of 1972) দ্বারা বাংলাদেশ নির্বাচন কমিশন গঠন করা হয়। কিন্তু নির্বাচন পরিচালনার জন্য প্রয়োজনীয় আইন-প্রণয়নে বিলম্ব ঘটে। একটি সদ্য স্বাধীন যুদ্ধ-বিধ্বস্ত দেশে এরূপ আইন-প্রণয়নে বিলম্ব হওয়া অস্বাভাবিক নয়। সম্ভবতঃ নির্বাচন পরিচালনার আইনের অনুপস্থিতিতে গণপরিষদের কোনো শূণ্য আসনে নির্বাচন অনুষ্ঠিত হয় নি।

উল্লেখ্য, গণপরিষদ আদেশ, ১৯৭২-এর ১১ অনুচ্ছেদের শর্ত অংশে এরূপ বিধান ছিল যে, ... nothing in this clause shall be construed as preventing the President from summoning the Assembly on the ground that all the seats of the members have not been filled.'

আসন শূণ্য থাকার কারণে গণপরিষদ স্বীয় দায়িত্ব পালনে আইনগত কোনো বাধার সম্মুখীন হয়নি। বিষয়টি স্পষ্টায়নের জন্য ঐ আদেশটির ১৫(৪) অনুচ্ছেদের বিধানটি এখানে উদ্ধৃত করা যায়ঃ-

'15(4). The Assembly shall have power to act, notwithstanding any vacancy in membership thereof,...

সুতরাং দেখা যায় যে, কয়েকটি আসন শূণ্য থাকার কারণে গণপরিষদ স্বীয় দায়িত্ব পালনের ক্ষেত্রে কোনো আইনগত প্রতিবন্ধকতার সম্মুখীন হয়নি।

গণপরিষদের দায়িত্ব ও কার্যপদ্ধতি

গণপরিষদের একমাত্র দায়িত্ব ছিল সংবিধান প্রণয়ন। সংবিধান প্রণয়নের ক্ষেত্রে গণপরিষদ সার্বভৌম ক্ষমতার অধিকারী ছিল। এক্ষেত্রে অন্য কোনো রাষ্ট্রীয় কর্তৃপক্ষের ওপর গণপরিষদের কোনোরূপ নির্ভরশীলতা ছিল না। আইনসভায় কোনো বিল পাশ হলে বিলাটিতে রাষ্ট্রপ্রধানের সম্মতির প্রয়োজন হয়। সম্মতিদানের আগে রাষ্ট্রপ্রধান বিলাটি পুনর্বিবেচনার জন্য আইনসভায় ফেরত পাঠাতে পারেন। কিন্তু বাংলাদেশ গণপরিষদ গৃহীত 'সংবিধান বিল' রাষ্ট্রপতির সম্মতির জন্য তাঁর কাছে পেশ করার কোনো বিধান ছিল না। এখানে গণপরিষদ আদেশ, ১৯৭২ থেকে উদ্ধৃতি দেয়া যায়ঃ-

'7. The Assembly shall frame a Constitution for the Republic.'

অন্য কথায় বলা যায় যে, সংবিধান প্রণয়নের ক্ষেত্রে গণপরিষদ চূড়ান্ত কর্তৃপক্ষ ছিল।

ঐ আদেশের অন্য একটি অনুচ্ছেদে বিধান করা হয়েছিলো যে, গণপরিষদের কার্য-পদ্ধতি গণপরিষদ দ্বারা প্রণীত কার্যপ্রণালী-বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং গণপরিষদ অনুরূপ বিধিমালা প্রণয়ন না করা পর্যন্ত গণপরিষদের কার্য-পদ্ধতি রাষ্ট্রপতি দ্বারা প্রণীত কার্যপ্রণালী-বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে। এ ছাড়া কার্যপদ্ধতি বিষয়ক এবং কার্যপদ্ধতির সাথে সম্পৃক্ত কিছু বিধান ঐ আদেশটিতেই ছিলো। সেগুলোর মধ্যে নিম্নে কয়েকটি উল্লেখ করা হলোঃ-

- (১) সংবিধান প্রণয়ন সম্পর্কিত সকল প্রশ্নের সিদ্ধান্ত গণপরিষদের মোট সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটে গ্রহন করা হবে;
- (২) সংবিধান প্রণয়নের কাজ ব্যতীত অপরাপর বিষয়ে উপস্থিত ও ভোটদানকারী সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে সিদ্ধান্ত গৃহীত হবে;
- (৩) সম-সংখ্যক ভোটের ক্ষেত্রে ব্যতীত গণপরিষদের সভাপতিকারী ব্যক্তি ভোটদান করবেন না এবং অনুরূপ ক্ষেত্রে তিনি নির্ণায়ক (casting) ভোট প্রদান করবেন;
- (৪) গণপরিষদের বৈঠক চলাকালে কোনো সময়ে উপস্থিত সদস্য সংখ্যা এক'শোর কম রয়েছে বলে যদি সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হয় তা হ'লে তিনি অনন্য এক'শো সদস্য উপস্থিত না হওয়া পর্যন্ত বৈঠক স্থগিত রাখবেন কিংবা মূলতবী করবেন;
- (৫) প্রধানমন্ত্রীর পরামর্শক্রমে রাষ্ট্রপতি গণপরিষদ আহ্বান, স্থগিত ও বিলুপ্ত করতে পারবেন এবং গণপরিষদ আহ্বানকালে তিনি বৈঠকের সময় ও স্থান নির্ধারণ করবেন;

(৬) গণপরিষদের স্পীকার ও ডেপুটি স্পীকার নির্বাচিত না হওয়া পর্যন্ত গণপরিষদের দ্বারা মনোনীত একজন সদস্য গণপরিষদের স্পীকারের দায়িত্ব পালন করবেন। অনুরূপভাবে মনোনীত ব্যক্তি প্রথমে নিজে সদস্য হিসাবে শপথ গ্রহণ করবেন; এবং

(৭) স্পীকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব পাশের জন্য গণপরিষদের মোট সদস্য সংখ্যার সংখ্যা গরিষ্ঠ ভোটের প্রয়োজন হবে।

গণপরিষদের প্রথম অধিবেশনের দ্বিতীয় বৈঠকে গণপরিষদের কার্যপদ্ধতি সম্পর্কে রিপোর্ট প্রদানের জন্য বিধি কমিটি নামে একটি কমিটি গঠিত হয়। এবং ঐ কমিটি পরবর্তী অধিবেশনে রিপোর্ট পেশ করে। রিপোর্টের সাথে প্রদত্ত 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ গণপরিষদের বিধি-পদ্ধতি' গণপরিষদে গৃহীত হয়।

গণপরিষদের বিশেষ অধিকার

স্বীয় দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য গণপরিষদকে বিশেষ অধিকার নির্ণয়ের ক্ষমতা দেয়া হয়। তা ছাড়া, গণপরিষদ আদেশ, ১৯৭২ দ্বারা কয়েকটি বিশেষ অধিকার নির্ণয় করা হয়। এ আদেশে গণপরিষদ, গণপরিষদের কমিটিসমূহ ও সদস্যবৃন্দ এবং সংশ্লিষ্ট ব্যক্তিগণকে প্রদত্ত বিশেষ অধিকারের মধ্যে কয়েকটি নিম্নে উল্লেখ করা হলোঃ-

(১) গণপরিষদের কার্য-ধারার বৈধতা সম্পর্কিত কোনো প্রশ্ন কোনো আদালতে উত্থাপন করা যাবে না।

(২) গণপরিষদের যে সদস্য বা কর্মকর্তার উপর গণপরিষদের কার্য-প্রণালী নিয়ন্ত্রণ কার্য পরিচালনা বা শৃংখলা রক্ষার ক্ষমতা ন্যস্ত থাকবে, তিনি এসব ক্ষমতা প্রয়োগ সম্পর্কিত কোনো ব্যাপারে আদালতের অধীন হবেন না।

(৩) গণপরিষদ বা গণপরিষদের কোনো কমিটিতে কিছু বলা বা ভোটদানের জন্য গণপরিষদের কোনো সদস্যের বিরুদ্ধে কিংবা গণপরিষদে বক্তব্য রাখতে পারেন এমন কোনো ব্যক্তির বিরুদ্ধে আদালতে কোনোরূপ কার্য-ধারা গ্রহণ করা যাবে না।

(৪) গণপরিষদ কর্তৃক বা গণ-পরিষদের কর্তৃত্বে কোন রিপোর্ট, কাগজপত্র, ভোট বা কার্যধারা প্রকাশের জন্য কোনো ব্যক্তির বিরুদ্ধে আদালতে কোনো কার্য-ধারা গ্রহণ করা যাবে না।

(৫) গণপরিষদের স্পীকারের অনুমতি ব্যতীত গণপরিষদের সীমার মধ্যে কোনো আদালতের পরোয়ানা জারী করা যাবে না।

(৬) Bangladesh Collaborators (Special Tribunal) Order, 1972- এর অধীন ব্যতীত অন্য কোনো ফৌজদারী অপরাধে অভিযুক্ত গণপরিষদের কোনো সদস্য গ্রেপ্তার বা আটক হওয়ার পর যদি সংশ্লিষ্ট কোর্টকে এ মর্মে অবহিত করেন যে, তিনি গণপরিষদের বা এর কোনো কমিটির বৈঠকে যোগদানের জন্য আহত হয়েছেন, তবে এই কোর্ট জামিনযোগ্য অপরাধের ক্ষেত্রে তাঁকে ঐ বৈঠকে যোগদানের জন্য মুক্ত করবেন। অবশ্য এ বিধানটির এরূপ অর্থ হবে না যে, কোর্ট দ্বারা স্বাভাবিকভাবে নির্ধারিত বিচারের দিনে অনুরূপভাবে মুক্ত কোনো সদস্যকে কোর্টে হাজির হওয়া থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

(৭) গণ-পরিষদের অধিবেশন শুরুর ১৪ দিন পূর্ব থেকে অধিবেশন চলাকালে এবং অধিবেশন সমাপ্তির ১৪ দিন পর পর্যন্ত কোনো দেওয়ানী বা রাজস্ব আদালত বা কোনো নির্বাচনী ট্রাইব্যুনাল কোনো সদস্যের বিরুদ্ধে কোনো শুনানী ধার্য করবে না।

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, গণপরিষদের বিশেষ অধিকার সম্পর্কিত বিধি প্রণয়নের ক্ষমতা গণপরিষদের উপর ন্যস্ত করা হয়। গণপরিষদের প্রথম অধিবেশনের দ্বিতীয় বৈঠকে গণপরিষদ, গণপরিষদের কমিটিসমূহ ও সদস্যবৃন্দের বিশেষ অধিকার সম্পর্কে রিপোর্ট পেশ করার জন্য একটি পাঁচ-সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। গণপরিষদের দ্বিতীয় অধিবেশনে বিশেষ অধিকার কমিটি

রিপোর্ট পেশ করে এবং কমিটি কর্তৃক সুপারিশকৃত 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ গণপরিষদ' ইহার কমিটি ও সদস্যগণের বিশেষ অধিকার বিধি' গণপরিষদে গৃহীত হয়।

গণপরিষদ সদস্যদের বেতন ও ভাতা

গণপরিষদ সদস্যদের বেতন ও ভাতা সম্পর্কে গণপরিষদ আদেশ, ১৯৭২ এর বিধানটি প্রথমে উদ্ধৃত করা যায়ঃ-

"17. The Speaker, the Deputy Speaker and other members shall be entitled to receive such salaries and allowances as may, from time to time, be determined by the Assembly by law and until provision in this respect is so made, as the President may, by order, prescribe."

অর্থাৎ গণপরিষদের স্পীকার, ডেপুটি স্পীকার ও অন্যান্য সদস্যগণ গণপরিষদ কর্তৃক সময়ে সময়ে আইন দ্বারা নির্ধারিত পরিমাণ বেতন ও ভাতা প্রাপ্য হবেন এবং অনুরূপ কোনো বিধান প্রণীত না হওয়া পর্যন্ত রাষ্ট্রপতির আদেশ দ্বারা নির্ধারিত পরিমাণ বেতন ও ভাতা প্রাপ্য হবেন।

সংবিধান প্রণয়নের ক্ষেত্রে গণপরিষদের সার্বভৌমত্বের কথা বিবেচনায় রেখেই সম্ভবতঃ গণপরিষদ কর্তৃক আইন প্রণয়নের মাধ্যমে স্পীকার, ডেপুটি স্পীকার ও সদস্যদের বেতন ও ভাতা নির্ধারণের বিধান করা হয়েছিল। ঐ সময় আইন প্রণয়ন ক্ষমতা রাষ্ট্রপতির উপর ন্যস্ত থাকায় গণপরিষদকে আইন-প্রণয়নের সাথে সম্পৃক্ত করার বিধানটিকে ব্যতিক্রমধর্মী না বলে উপায় নেই। তবে উল্লেখ্য যে, এ আদেশের বিধানবলে গণপরিষদ স্পীকার, ডেপুটি স্পীকার ও সদস্যদের বেতন ও ভাতা নির্ধারণের লক্ষ্যে কোনো আইন প্রণয়ন করেন নি।

গণপরিষদ সদস্য (বেতন ও ভাতা) আদেশ, ১৯৭২ শিরোনামের একটি আইন (পি, ও, নম্বর ২৪) দ্বারা রাষ্ট্রপতি গণপরিষদ সদস্যদের বেতন ও অন্যান্য সুবিধার বিধান করেন। এ আইনের বিধান অনুযায়ী প্রত্যেক গণপরিষদ সদস্য মাসিক বেতন, সংসদের অধিবেশন বা কমিটির বৈঠকে যোগদানের জন্য রেল, বিমান, স্টীমার প্রভৃতিতে সর্বোচ্চ শ্রেণীতে ভ্রমণ সুবিধা, অধিবেশন বা বৈঠকের স্থানে অবস্থানের জন্য দৈনিক ও যাতায়াত ভাতা, চিকিৎসা সুবিধা ও একটি টেলিফোনের সুযোগ প্রাপ্ত হন।

The Speaker and Deputy Speaker (Remuneration and Privileges) Order, 1972, শীর্ষক অপর একটি আইন দ্বারা রাষ্ট্রপতি, স্পীকার ও ডেপুটি স্পীকারের মাসিক বেতন, মাসিক আপ্যায়ন ভাতা, সরকারী খরচে একটি গাড়ী, বিনা ভাড়ায় সরকারী বাসস্থানে অবস্থান প্রভৃতি বিষয়ে বিধান করেন। অপর একটি আইন The Bangladesh (Whips) Order, ১৯৭২ দ্বারা একজন প্রধান হুইপ ও ২ জন হুইপের বিধান করা হয় এবং তাঁদের দায়িত্ব ও অন্যান্য কতিপয় বিষয় সম্পর্কে ঐ আইনে বিধান করা হয়।

সংবিধান প্রণয়ন

গণপরিষদের প্রথম অধিবেশন

গণপরিষদ দু'টি অধিবেশনে মিলিত হয়ে সংবিধান প্রণয়নের দায়িত্ব সম্পাদন করে। স্বল্প স্থায়ী প্রথম অধিবেশনে দু'টি বৈঠক অনুষ্ঠিত হয়। প্রথম দিনের বৈঠকে গণপরিষদ সংবিধান রচনার দায়িত্ব আনুষ্ঠানিকভাবে গ্রহণ করে।

গণপরিষদ আদেশ, ১৯৭২-এ বিধান করা হয়েছিল যে, গণপরিষদের স্পীকার ও ডেপুটি স্পীকার নির্বাচিত না হওয়া পর্যন্ত রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত একজন ব্যক্তি গণপরিষদে সভাপতিত্ব করবেন। কিন্তু কিছু দিনের মধ্যেই এ আদেশটি সংশোধন করে বিধান করা হয় যে, গণপরিষদের স্পীকার নির্বাচিত না হওয়া পর্যন্ত সংসদ কর্তৃক মনোনীত একজন ব্যক্তি গণপরিষদে সভাপতিত্ব করবেন। এই বিধান অনুযায়ী পরিষদ-নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম অধিবেশনের প্রথম বৈঠকের সূচনায় পরিষদের মনোনয়ন ঘোষণা করেন। তিনি বলেন,

“এই পরিষদ স্পীকার ও ডেপুটি স্পীকার মনোনীত না হওয়া পর্যন্ত পরিষদের বৈঠকে সভাপতিত্ব করার জন্য এবং পরিষদের অন্যান্য দায়িত্ব পালন করার পরিষদ-সদস্যদের মধ্যে প্রবীণতম পরিষদ-সদস্য মওলানা আবদুর রশিদ তর্কবাগীশকে মনোনীত করিতেছে।”

এই ঘোষণার পর সভাপতি তাঁর আসন গ্রহণ করে আইনের বিধান অনুযায়ী তিনি প্রথমে নিজে গণপরিষদ-সদস্য হিসাবে শপথ গ্রহণ করেন এবং পরে উপস্থিত সকল সদস্যকে শপথ পাঠ করান। এরপর আইনমন্ত্রীর প্রস্তাবক্রমে গণপরিষদ কর্তৃক কার্যপ্রণালী-বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সময়ের জন্য রাষ্ট্রপতি কর্তৃক প্রণীত কার্যপ্রণালী-বিধি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

স্পীকার ও ডেপুটি স্পীকার নির্বাচন

কার্যপ্রণালী-বিধি গৃহীত হওয়ার পর স্পীকার ও ডেপুটি স্পীকার পদে নির্বাচনের জন্য সভাপতি মনোনয়ন আহ্বান করেন। উভয় পদে নির্বাচনের জন্য একটি করে প্রস্তাব উত্থাপিত হয়। প্রস্তাব অনুযায়ী সর্বসম্মতিক্রমে শাহ আবদুল হামিদ ও জনাব মুহম্মদউল্লাহ যথাক্রমে স্পীকার ও ডেপুটি স্পীকার নির্বাচিত হন। এ নির্বাচনের পর মওলানা আবদুর রশিদ তর্কবাগীশ আসন ত্যাগ করেন এবং নির্বাচিত স্পীকার শাহ আবদুল হামিদ আসন গ্রহণ করেন।

সংবিধান প্রণয়নের দায়িত্ব গ্রহণ

এ পর্যায়ে স্বাধীনতা ঘোষণা ও সংবিধান প্রণয়নের দায়িত্ব গ্রহণ সম্পর্কীয় একটি প্রস্তাব উত্থাপিত হলে তা সংশোধিত আকারে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

“বঙ্গবন্ধুর আহ্বানে ও আওয়ামী লীগের নেতৃত্বে ঐতিহাসিক স্বাধীনতা সংগ্রামে বাংলাদেশের যে বিপ্লবী জনতা, কৃষক, শ্রমিক, ছাত্র, যুবক, বুদ্ধিজীবী, বীরাদ্রা, প্রতিরক্ষা বিভাগের বাঙ্গালীরা, সাবেক ই.পি.আর, পুলিশ, আনসার, মুজাহিদ ও রাজনৈতিক নেতা ও কর্মী ও বীর মুক্তি যোদ্ধারা নিজেদের রক্ত দিয়ে আমাদের স্বাধীনতা অর্জন করেছেন আজকের দিনে বাংলাদেশের জনগণের ভোটে যথাযথভাবে নির্বাচিত বাংলাদেশ গণপরিষদ সশ্রদ্ধচিত্তে তাঁদের স্মরণ করছে।

১৯৭১ সালের ২৬ শে মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার যে ঘোষণা করেছিলেন এবং যে ঘোষণা মুজিবনগর থেকে ১৯৭১ সালের ১০ই এপ্রিল স্বীকৃত ও সমর্থিত হয়েছিল এই সঙ্গে এই গণপরিষদ তাতে একাত্মতা প্রকাশ করছে।

স্বাধীনতা সনদের মাধ্যমে যে গণপরিষদ গঠিত হয়েছিল আজ সে সনদের সঙ্গেও এ পরিষদ একাত্মতা ঘোষণা করছে।

এক্ষেণে এই পরিষদ বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের আশা-আকাঙ্ক্ষার সেই সব মূর্ত আদর্শ, যথা, জাতীয়তাবাদ, গণতন্ত্র, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা, যা শহীদান ও বীরদের স্বাধীনতা সংগ্রামে আত্মত্যাগে উদ্ধুদ্ধ করেছিল, তার ভিত্তিতে দেশের জন্য একটি উপযুক্ত সংবিধান প্রণয়নের দায়িত্ব গ্রহণ করছে।”

খসড়া সংবিধান প্রণয়ন ও অন্যান্য কমিটি

১৯৭২ সালের ১১ ই এপ্রিল তারিখে অনুষ্ঠিত গণপরিষদের প্রথম অধিবেশনের দ্বিতীয় বৈঠকে নিম্নরূপ ৪টি কমিটি গঠিত হয়ঃ-

- (১) সংবিধানের খসড়া প্রণয়নের জন্য ৩৪ সদস্য বিশিষ্ট খসড়া সংবিধান প্রণয়ন কমিটি;
- (২) গণপরিষদের খসড়া-কার্যপ্রণালী বিধি প্রণয়নের জন্য ২১ সদস্য বিশিষ্ট বিধি কমিটি;
- (৩) গণপরিষদ, এর কমিটিসমূহ ও সদস্যগণের বিশেষ অধিকার সম্পর্কে একটি রিপোর্ট পেশ করার জন্য ৫-সদস্য বিশিষ্ট বিশেষ কমিটি; এবং
- (৪) ঢাকায় অবস্থানকালে গণপরিষদের সদস্যবৃন্দের আবাসিক সংস্থান, খাদ্য, চিকিৎসা, আপ্যায়ন ও গ্রন্থাগার সম্পর্কে সুযোগ-সুবিধা বিধান ও এগুলোর তত্ত্বাবধানের উদ্দেশ্যে ১৫-সদস্য বিশিষ্ট পরিষদ কমিটি।

গণপরিষদের দ্বিতীয় অধিবেশন

গণপরিষদের প্রথম অধিবেশনের পর স্পীকার শাহ আবদুল হামিদ মৃত্যুবরণ করেন এবং গণপরিষদ আদেশ ১৯৭২ এর একটি বিধানবলে ডেপুটি স্পীকার অস্থায়ী স্পীকার হিসাবে দায়িত্ব লাভ করেন। দ্বিতীয় অধিবেশনের সূচনায় স্পীকার ও ডেপুটি স্পীকার পদে নির্বাচন অনুষ্ঠিত হয়। এ অধিবেশনের শুরুতেই পূর্ববর্তী অধিবেশনে গঠিত ৪ টি কমিটির মধ্যে ৩টি কমিটির রিপোর্ট পেশ করা হয় এবং রিপোর্টগুলো সম্পর্কে ব্যবস্থা গৃহীত হয়। পরিষদ কমিটির ওপর প্রশাসনিক

দায়িত্ব ন্যস্ত থাকায় ঐ কমিটির কোন রিপোর্ট উপস্থাপনের কোনো প্রয়োজনীয়তা ছিল না। নিম্নে বিধি কমিটির রিপোর্ট এবং বিশেষ কমিটির রিপোর্ট সম্পর্কে সংক্ষেপে এবং খসড়া সংবিধান প্রণয়ন কমিটির রিপোর্ট কিছুটা বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।

বিধি কমিটির রিপোর্টঃ গণপরিষদের কার্যপ্রণালী-বিধি প্রণয়নের উদ্দেশ্যে গঠিত বিধি কমিটির সভাপতি ঐ কমিটির রিপোর্ট পেশ করেন। গণপরিষদে উপস্থাপিত বিধি কমিটির রিপোর্টের সাথে ‘গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ গণপরিষদের বিধি-পদ্ধতি’ শিরোনামের ১৩-অধ্যায় বিশিষ্ট ৯০ টি বিধি সম্বলিত একটি কার্য-প্রণালী-বিধি গণপরিষদের অনুমোদনের জন্য পেশ করা হলে আলোচনার পর তা সংশোধিত আকারে গৃহীত হয়।

বিশেষ কমিটির রিপোর্টঃ গণপরিষদ, গণপরিষদের কমিটিসমূহ ও সদস্যবৃন্দের বিশেষ অধিকার সম্পর্কিত বিশেষ কমিটির চেয়ারম্যান ঐ কমিটির রিপোর্ট পেশ করেন। রিপোর্টের সাথে পেশকৃত বিধিসমূহ আলোচনার পর সংশোধিত আকারে গৃহীত হয়।

খসড়া সংবিধান প্রণয়ন কমিটির রিপোর্টঃ খসড়া সংবিধান প্রণয়ন কমিটির সভাপতি ঐ কমিটির রিপোর্ট পেশ করেন। রিপোর্টের সাথে কমিটি কর্তৃক প্রণীত সংবিধান বিল সংযোজিত ছিল। খসড়া সংবিধান প্রণয়ন কমিটির রিপোর্টে উল্লিখিত প্রধান প্রধান বিষয়গুলো ছিল নিম্নরূপঃ-

(১) এই কমিটি ১৭ই এপ্রিল তারিখে প্রথম বৈঠকে মিলিত হয়ে কমিটির কার্যপদ্ধতি নির্ধারণ করে এবং সংবাদ পত্র, বেতার ও টেলিভিশনের মাধ্যমে সংবিধান সম্পর্কে প্রস্তাব ও পরামর্শ প্রদানের জন্য জনসাধারণকে আমন্ত্রণ জানায়। এসব প্রস্তাব পাঠানোর সর্বশেষ তারিখ ছিল ৮ই মে, ১৯৭২। এ আমন্ত্রণের সাড়ায় কমিটি ৯৮ টি স্মারকলিপি লাভ করে।

(২) ১৭ই এপ্রিল থেকে ২৯ শে এপ্রিল পর্যন্ত একাদিক্রমে কমিটির বৈঠক অনুষ্ঠিত হয় এবং কয়েকদিনের জন্য মূলতবীর পর ১০ই মে থেকে ২৫শে মে পর্যন্ত আবার একাদিক্রমে কমিটির বৈঠক চলতে থাকে। এসব বৈঠকে প্রস্তাবিত সংবিধানের প্রতিটি খসড়া বিধান নিয়ে পুঙ্খানুপুঙ্খভাবে আলোচনা হয় এবং বিভিন্ন দেশের সংবিধান পর্যালোচনা করা হয়। খসড়া সংবিধান প্রণয়ন কমিটি মোট ২৯টি বৈঠকে মিলিত হয়।

(৩) ২৫ মে তারিখে অনুষ্ঠিত বৈঠকে খসড়া সংবিধান প্রণয়ন কমিটি সিদ্ধান্ত গ্রহণ করে যে, সংবিধানের খসড়া বিধানগুলো সম্পর্কে এ পর্যন্ত কমিটিতে গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে সংবিধানের একটি পূর্ণাঙ্গ খসড়া প্রণয়ন করা হবে। ৩ রা জুন তারিখে অনুষ্ঠিত কমিটির বৈঠকে ঐ খসড়া পেশ করা হলে কমিটি খসড়াটির দফাওয়ারী আলোচনা করে এবং বেশ কিছু সংশোধনসহ ১০ই জুন, ৭২ তারিখে খসড়াটি অনুমোদন করে।

(৪) সংবিধানের খসড়া অনুমোদনকালে কমিটি এ মত প্রকাশ করে যে, খসড়ার অন্তর্গত মূল বিষয়বস্তু অনুমোদিত হলেও ভাষাগত উন্নতিসাধনের জন্য খসড়াটি টেকনিক্যাল ড্রাফটসম্যান এবং বাংলা ভাষায় পণ্ডিত ব্যক্তিদের দ্বারা পরীক্ষিত হওয়া উচিত। এ মতামতের পরিপ্রেক্ষিতে একটি ভাষা বিশেষজ্ঞ কমিটি খসড়াটি পরীক্ষা করে এবং ভাষাগত উন্নতিসাধনের জন্য পরামর্শদান করে। তাদের পরামর্শ ১০ই আগস্ট তারিখে অনুষ্ঠিত কমিটির বৈঠকে উপস্থাপন করা হলে কমিটি ঐ দিন থেকে ১লা সেপ্টেম্বর পর্যন্ত এবং ৯ই সেপ্টেম্বর থেকে ৩রা অক্টোবর পর্যন্ত বৈঠকে মিলিত হয়ে খসড়া সংবিধান পর্যালোচনা করে এবং চূড়ান্তভাবে গ্রহণ করে।

(৫) খসড়া সংবিধানের প্রস্তাবনায় উল্লিখিত মূল নীতিসমূহ সংবিধানের বিধানসমূহে প্রতিফলনের লক্ষ্যে কমিটি খুবই উদ্যোগী ও সচেতন ছিলেন।

(৬) সংবিধানের এ খসড়ায় প্রজাতন্ত্রের আইন-প্রণয়ন ক্ষমতা সংসদের উপর ন্যস্ত করা হয়। নির্বাহী ক্ষমতা প্রয়োগের ভার প্রধানমন্ত্রী ও তাঁর নেতৃত্বে গঠিত মন্ত্রিসভার উপর অর্পিত হয় এবং মন্ত্রিসভাকে যৌথভাবে সংসদের কাছে দায়ী রাখা হয়। এ খসড়ায় রাষ্ট্রপতিকে প্রজাতন্ত্রের সাংবিধানিক প্রধান করা হয় এবং তাঁর ক্ষমতা ও দায়িত্ব লিপিবদ্ধ করা হয়।

(৭) এ খসড়ায় নিরপেক্ষ বিচার বিভাগ প্রতিষ্ঠার এবং রাষ্ট্রের নির্বাহী অংশসমূহ থেকে বিচার বিভাগকে পৃথক করার ব্যবস্থা করা হয়। সংসদীয় গণতন্ত্রের সুষ্ঠু পরিচালনার জন্য অপরিহার্য বলে বিবেচিত কয়েকটি সাংবিধানিক পদ ও দপ্তর সৃষ্টির ব্যবস্থা করা হয়। এর মধ্যে এ্যাটর্নী জেনারেল, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, নির্বাচন কমিশন ও সরকারী কর্ম কমিশন উল্লেখযোগ্য।

(৮) সমাজতান্ত্রিক অর্থ ব্যবস্থা প্রতিষ্ঠাকল্পে যে সব আইন প্রণীত হবে সেগুলোকে বিচার বিভাগীয় পর্যালোচনার আওতাভুক্ত করা হয়নি। ‘রাষ্ট্র পরিচালনার মূলনীতি শিরোনামায়’ সমাজতান্ত্রিক ব্যবস্থার লক্ষ্য সম্বলিত সুনির্দিষ্ট সাংবিধানিক নির্দেশনাবলী এই খসড়ায় অন্তর্ভুক্ত করা হয়।

রিপোর্ট সম্পর্কে মতানৈক্যমূলক মন্তব্যঃ খসড়া সংবিধান প্রণয়ন কমিটির নিম্নোক্ত ৬ জন সদস্য অন্যান্য সদস্যদের সাথে কমিটির রিপোর্টে স্বাক্ষর করা সত্ত্বেও খসড়া সংবিধানের কয়েকটি বিধান সম্পর্কে ভিন্নমত পোষণ করে ‘মতানৈক্যমূলক মন্তব্য’ প্রদান করেনঃ-

- ১। জনাব আছাদুজ্জামান খান;
- ২। জনাব এ.কে. মোশাররফ হোসেন আখন্দ;
- ৩। জনাব আবদুল মুক্তাকীম চৌধুরী;
- ৪। জনাব হাফিজ হাবিবুর রহমান;
- ৫। শ্রী সুরঞ্জিত সেনগুপ্ত; এবং
- ৬। ডাঃ ক্ষিতীশ চন্দ্র মন্ডল।

তাদের মতানৈক্যমূলক মন্তব্য রিপোর্টের সাথে সংযুক্ত করা হয়।

সংবিধান বিল উত্থাপন

‘খসড়া সংবিধান প্রণয়ন কমিটি’র রিপোর্ট ও তার সাথে সংবিধানের খসড়াটি সংবিধান বিল হিসাবে গণপরিষদে পেশ করার পর ভারপ্রাপ্ত -সদস্য সংবিধান বিল গণপরিষদে উত্থাপন করেন। বিলটি উত্থাপনের পূর্বে তিনি খসড়া সংবিধানের কয়েকটি বৈশিষ্ট্য উল্লেখ করে বক্তব্য রাখেন।

সংবিধান বিল একবার কমিটি রিপোর্টের সাথে ‘পেশ করা’ এবং পরবর্তীকালে একই বিল গণপরিষদে ‘উত্থাপন করা’ প্রসঙ্গে একটু ব্যাখ্যা দেয়া প্রয়োজন। গণপরিষদের বিধি-পদ্ধতিতে ‘পেশ’ ও ‘উপস্থাপন’ শব্দ দুটি গণপরিষদের জ্ঞাতার্থে কোনো বিষয় উপস্থাপন অর্থে ব্যবহৃত হয়েছে। অন্যদিকে, ‘উত্থাপন’ শব্দটি কোনো বিষয় গণপরিষদের বিবেচনার জন্য উত্থাপন অর্থে ব্যবহৃত হয়েছে। কোনো রিপোর্ট বা কাগজপত্র গণপরিষদে উপস্থাপনের ক্ষেত্রে পেশ বা উপস্থাপন কথাটি ব্যবহার করা হয়েছে। অন্যদিকে, কোনো বিল বা কোনো প্রস্তাব গণপরিষদে বিবেচনার ক্ষেত্রে ‘উত্থাপন’ শব্দটি ব্যবহৃত হয়েছে। উল্লেখ্য যে, জাতীয় সংসদের কার্যপ্রণালী-বিধিতেও এ শব্দগুলো একই অর্থ বহন করে। খসড়া সংবিধান প্রণয়ন কমিটির সভাপতি প্রথমে ঐ কমিটির রিপোর্টের সাথে রিপোর্টের অংশ হিসেবে সংবিধান বিলটি গণপরিষদের জ্ঞাতার্থে পেশ করেন। এক্ষেত্রে তিনি ঐ কমিটির সভাপতি হিসাবে তাঁর দায়িত্ব পালন করেন। পরে তিনি সংবিধান বিলটি আইন-প্রণয়ন প্রক্রিয়ার অংশ হিসাবে সংসদের বিবেচনার জন্য উত্থাপন করেন। এক্ষেত্রে তিনি গণপরিষদের বিধি-পদ্ধতিতে বর্ণিত “ভারপ্রাপ্ত সদস্য” এর দায়িত্ব পালন করেন।

সংবিধান বিল উত্থাপনের জন্য অনুমতি-প্রস্তাব এর প্রয়োজন ছিল না। গণপরিষদের বিধি- পদ্ধতির ২৩ বিধির শর্ত অংশে বিধান ছিল যে,

“তবে, পরিষদ যদি প্রস্তাব আকারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জন্য একটি খসড়া সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে কোন খসড়া কমিটি নিযুক্ত করেন, তাহা হইলে কমিটি বিলের আকারে একটি খসড়া সংবিধানসহ কমিটির রিপোর্ট পেশ করিবেন। কমিটির চেয়ারম্যান বা তাঁহার অনুপস্থিতিতে কমিটি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন সদস্য কমিটিতে যেভাবে স্থির হইয়াছে, সেইভাবে বিলটি উত্থাপন করিতে পারিবেন; তবে এইরূপ একটি বিল উত্থাপনের জন্য অনুমতি- প্রস্তাব উত্থাপনের প্রয়োজন হইবে না।”

সংবিধান বিলের উপর সাধারণ আলোচনা

সংবিধান বিলের ভারপ্রাপ্ত সদস্য প্রস্তাব করেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ গণপরিষদে উত্থাপিত বিলটি অবিলম্বে বিবেচনার জন্য গ্রহণ করা হোক। এই প্রস্তাবটির দ্বারা সংবিধান বিলের মূলনীতি ও সাধারণ বিধানগুলো সম্পর্কিত আলোচনার সূত্রপাত হয়। তাঁর এ প্রস্তাবটির পর অন্য একজন সদস্য প্রস্তাব করেন যে, সংবিধান বিলটি ১৯৭২ সালের ৩০ অক্টোবরের মধ্যে জনমত যাচাইয়ের জন্য প্রচার করা হোক। এ উভয় প্রস্তাব একই সাথে আলোচনার পক্ষে দুজন সদস্য বক্তব্য রাখেন। অন্যদিকে জনমত যাচাইয়ের প্রস্তাবটির

বিরোধীতা করে এবং বিলটি অবিলম্বে বিবেচনার প্রস্তাব সমর্থন করে অন্য ৪ জন সদস্য বক্তব্য রাখেন। আলোচনার এক পর্যায়ে অন্য একজন সদস্য পদ্ধতিগত বিষয়ে মতামত প্রদান করে বলেন যে, জনমত যাচাইয়ের প্রস্তাবটির ওপর প্রথম ভোট গ্রহণ করা হবে এবং প্রস্তাবটি গৃহীত হলে জনমত যাচাইয়ের জন্য বিলটি প্রচার করা হবে, কিন্তু জনমত যাচাইয়ের প্রস্তাব প্রত্যাখ্যাত হলে মূল প্রস্তাবটি অর্থাৎ অবিলম্বে বিবেচনার প্রস্তাবটি ভোটে দেয়া হবে এবং তা গৃহীত হলে বিলটির দফাওয়ারী বিবেচনা শুরু হবে। উত্থাপনের পরের দিন জনমত যাচাইয়ের প্রস্তাবটি ভোটে দেয়া হলে তা নাকচ হয়ে যায়। এদিকে ঐ দিন এবং ৩০ অক্টোবর তারিখ পর্যন্ত অনুষ্ঠিত আরো ছ'টি বৈঠকে মূল প্রস্তাবটির উপর আলোচনা অব্যাহত থাকে। শেষোক্ত তারিখের বৈঠকে সংবিধান বিলটি অবিলম্বে বিবেচনার প্রস্তাবটি ভোটে দেয়া হয় এবং বিলটি অবিলম্বে বিবেচনার জন্য গণপরিষদে গৃহীত হয়।

সংবিধান বিলের দফাওয়ারী বিবেচনা

সংবিধান বিলটি অবিলম্বে বিবেচনার প্রস্তাব গণপরিষদে গৃহীত হওয়ার পর স্পীকার গণপরিষদকে অবহিত করে বলেন যে, খসড়া সংবিধানের দফাওয়ারী আলোচনা পর দিন থেকে শুরু হবে। সংবিধান বিলের দফাওয়ারী বিবেচনাকালে অনুসৃত পদ্ধতির প্রধান কয়েকটি বৈশিষ্ট্য নিম্নে উল্লেখ করা হলোঃ-

১. খসড়া সংবিধানের প্রস্তাবনা অংশটি সংবিধানের সূচনায়ই সন্নিবেশিত হওয়া সত্ত্বেও অনুচ্ছেদ ও তফসিলগুলো গৃহীত হওয়ার পর তা সংসদের ভোটে দেওয়া হয়।
২. স্পীকার খসড়া সংবিধানের অনুচ্ছেদগুলোর একম অনুযায়ী সেগুলো একে একে সংসদে পেশ করেন।
৩. যে সব অনুচ্ছেদে কোনো সংশোধনীর নোটিশ ছিল না, সে সব অনুচ্ছেদ তিনি সরাসরি ভোটে দেন। এ সব অনুচ্ছেদের উপর কোনো আলোচনার প্রয়োজন হয়নি।
৪. যে সব অনুচ্ছেদে আনীত সংশোধনীর নোটিশ বিধি বহির্ভূত বলে স্পীকার ঘোষণা করেছেন, ঐ সব অনুচ্ছেদে বিধিসম্মত অন্য কোনো সংশোধনী না থাকলে স্পীকার সেগুলো সরাসরি ভোটে দিয়েছেন।
৫. যে সব অনুচ্ছেদে সংশোধনীর বিধি সম্মত নোটিশ ছিল, সে সব ক্ষেত্রে-

(ক) স্পীকার প্রথমেই নোটিশদাতা সদস্যকে তাঁর সংশোধনীটি উত্থাপনের আহ্বান জানান এবং এ পর্যায়ে সদস্য শুধু তাঁর প্রস্তাবিত সংশোধনীটি পাঠ করে শোনান।

(খ) নোটিশদাতা সদস্যের প্রস্তাবিত সংশোধনীটি স্পীকার নিজে পাঠ করেন এবং এর পক্ষে বক্তব্য রাখার জন্য সদস্যকে আহ্বান জানান।

(গ) স্পীকারের আহ্বানে নোটিশদাতা সদস্য তাঁর সংশোধনীর পক্ষে বক্তব্য রাখেন। এ পর্যায়ে সদস্য সাধারণতঃ দু'মিনিট সময় পান। সদস্যকে তাঁর বক্তব্য সংশোধনীটির আওতাভুক্ত বিষয়ে সীমাবদ্ধ রাখতে হয়।

(ঘ) স্পীকারের আহ্বানে ভারপ্রাপ্ত সদস্য বক্তব্য রাখেন।

(ঙ) ভারপ্রাপ্ত সদস্যের বক্তব্যের পর স্পীকার সংশোধনীটি ভোটে দেন।

৬. কোনো অনুচ্ছেদে একাধিক সংশোধনী থাকলে একটির পর একটি সংশোধনীর ক্ষেত্রে স্পীকার উপর্যুক্ত পদ্ধতি অনুসরণ করেন সব ক'টি সংশোধনী একে একে ভোটে দেন। কোনো সংশোধনী গৃহীত হলে স্পীকার সংবিধানের মূল অনুচ্ছেদটি সংশোধিত আকারে গ্রহণের প্রশ্নটি পরিষদে পেশ করেন। কিন্তু কোনো অনুচ্ছেদের সংশোধনী নাকচ হলে মূল অনুচ্ছেদটি পরিষদের ভোটে পেশ করেন।

৭. কোনো কোনো ক্ষেত্রে সংশোধনী উত্থাপনকারী সদস্য বক্তব্য রাখার পর অপর এক বা একাধিক সদস্যকে সংশোধনীটির পক্ষে বা বিপক্ষে বক্তব্য রাখার সুযোগ দেয়ার পর ভারপ্রাপ্ত সদস্যকে বক্তব্য রাখার আহ্বান জানান।

খসড়া সংবিধানের ১৫৩ টি অনুচ্ছেদের মধ্যে ৮২ টি অনুচ্ছেদে কোনো সংশোধনী ছিল না, ১২ টি অনুচ্ছেদের ওপর আনীত সংশোধনী আলোচনার পর গণপরিষদে নাকচ হয়, ৬টি অনুচ্ছেদের ওপর প্রদত্ত সংশোধনী বিধিবহির্ভূত বলে স্পীকার ঘোষণা করেন এবং ৩টি অনুচ্ছেদের ওপর আনীত সংশোধনী উত্থাপিত হয়নি। অবশিষ্ট ৫০ টি অনুচ্ছেদে মোটে ৬২ টি সংশোধনী (কোনো কোনো অনুচ্ছেদে একাধিক সংশোধনী গৃহীত হয়) সংবিধানের প্রথম ও দ্বিতীয় তফসিলে ১টি করে মোটে ২ টি সংশোধনী, তৃতীয় তফসিলে ২টি সংশোধনী, চতুর্থ তফসিলে ১৬টি সংশোধনী এবং সংবিধানের প্রস্তাবনায় ১টি সংশোধনী অর্থাৎ সর্বমোট ৮৪টি সংশোধনী গৃহীত হয়। গৃহীত সংশোধনীগুলির মধ্যে একমাত্র বিরোধীদলীয় সদস্যের ১টি সংশোধনী অন্তর্ভুক্ত।

এসব সংশোধনী দ্বারা অধিকাংশ ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধানটিকে স্পষ্টায়নের জন্য ভাষাগত পরিবর্তন সাধন করা হয়। তবে যে কয়েকটি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন সাধিত হয় সেগুলোর মধ্যে নিম্নে কয়েকটি উল্লেখ করা হলোঃ-

১. খসড়া সংবিধানে নাগরিকত্ব সম্পর্কে বিধান ছিল যে,

“৬। বাংলাদেশের নাগরিকত্ব আইনের দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত হইবে।”

এ বিধানটি নিম্নরূপ সংশোধিত আকারে গৃহীত হয়ঃ-

“৬। বাংলাদেশের নাগরিকত্ব আইনের দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত হইবে; বাংলাদেশের নাগরিকগণ বাঙালী বলিয়া পরিচিত হইবেন।”

একজন সদস্য এ সংশোধনীটি সম্পর্কে তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেন।

২. খসড়া সংবিধানের ৫৬ অনুচ্ছেদে বিধান করার প্রস্তাব করা হয়েছিলো যে, শুধুমাত্র সংসদ-সদস্যগণই মন্ত্রী পদে নিযুক্ত হতে পারবেন। কিন্তু ঐ অনুচ্ছেদে নিম্নোক্ত (৪) দফা সংযোজন করে অনুচ্ছেদটি গৃহীত হয়ঃ-

“(৪) মন্ত্রী পদে নিযুক্ত হইবার সময়ে কোনো ব্যক্তি সংসদ-সদস্য না থাকিলে যদি তিনি অনুরূপ নিয়োগের তারিখ হইতে ছয় মাসের মধ্যে সংসদ-সদস্য নির্বাচিত না হন তাহা হইলে তিনি মন্ত্রী থাকিবেন না।”

৩. খসড়া সংবিধানের ৭০ অনুচ্ছেদে এরূপ বিধানের প্রস্তাব করা হয়েছিলো যে, কোনো নির্বাচনে কোনো রাজনৈতিক দলের প্রার্থীরূপে মনোনীত হয়ে কোনো ব্যক্তি সংসদ-সদস্য নির্বাচিত হওয়ার পর তিনি যদি ঐ দল থেকে পদত্যাগ করেন বা বহিস্কৃত হন তাহলে সংসদে তাঁর আসনটি শূন্য হবে। এ বিধানটি নিম্নোক্ত সংশোধিত আকারে গৃহীত হয়ঃ-

“৭০। কোন নির্বাচনে কোন রাজনৈতিক দলের প্রার্থীরূপে মনোনীত হইয়া কোন ব্যক্তি সংসদ-সদস্য নির্বাচিত হইলে তিনি যদি

(ক) উক্ত দল হইতে পদত্যাগ করেন; অথবা

(খ) সংসদে উক্ত দলের বিপক্ষে ভোটদান করেন,

তাহা হইলে সংসদে তাঁহার আসন শূন্য হইবে, তবে তিনি সেই কারণে পরবর্তী কোন নির্বাচনে সংসদ-সদস্য হইবার অযোগ্য হইবেন না।”

একমাত্র বিরোধীদলীয় সদস্যের একটি সংশোধনী গৃহীত হয়। তাঁর প্রস্তাবে সংবিধানের ৭৩ অনুচ্ছেদের নিম্নোক্ত (৩) দফা সংযোজন করা হয়ঃ-

“(৩) রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত ভাষণ শ্রবণ বা প্রেরিত বানী প্রাপ্তির পর সংসদ উক্ত ভাষণ বা বাণী সম্পর্কে আলোচনা করিবেন।”

গণপরিষদে সংবিধান বিল গৃহীত

৪ঠা নভেম্বর ১৯৭২ মোতাবেক ১৮ কার্তিক ১৩৭৯ বাংলাদেশের সাংবিধানিক ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ দিন। ঐ দিন সংবিধান বিলের ভারপ্রাপ্ত-সদস্য প্রস্তাব করেন যে,

“গণপ্রজাতন্ত্রী বাংলাদেশকে একটি সংবিধান প্রদানের উদ্দেশ্যে পরিষদে স্থিরকৃত-আকারে সংবিধান বিলটি গ্রহণ করা হোক।”

এ প্রস্তাবটির উপর পরিষদ-নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও অন্য দুজন সদস্য বক্তব্য রাখেন। পরিষদ-নেতা তাঁর বক্তব্যে ইংরেজ শাসনামল থেকে ১৯৭১ সালের মুক্তিসংগ্রাম পর্যন্ত বাঙ্গালী জাতির সংগ্রামী ইতিহাস পর্যালোচনা করেন এবং বলেন যে, “আমাদের রাষ্ট্রের অন্যতম মূল লক্ষ্য হবে গণতান্ত্রিক পদ্ধতিতে এমন এক শোষণমুক্ত সমাজতান্ত্রিক সমাজের প্রতিষ্ঠা, যেখানে সকল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সাম্য, স্বাধীনতা ও সুবিচার নিশ্চিত হবে।.....” তাঁদের বক্তব্যের পর ভারপ্রাপ্ত সদস্যের প্রস্তাবটি স্পীকার ভোটে দেন এবং ভোট গ্রহণের পর ঘোষণা করেন যে, “পরিষদে স্থিরীকৃত আকারে সংবিধান বিল পাশ হলো।” উল্লেখ্য যে, সংবিধানের প্রস্তাবনা অংশে বলা হয়েছে-

“এতদ্বারা আমাদের এই গণপরিষদে, অদ্য তের শত উনআশী বংগাব্দের কার্তিক মাসের আঠার তারিখ, মোতাবেক উনিশ শত বাহাজুর খ্রীষ্টাব্দের নভেম্বর মাসের চার তারিখে, আমরা এই সংবিধান রচনা ও বিধিবদ্ধ করিয়া সমবেতভাবে গ্রহণ করিলাম।”

স্বাধীন সার্বভৌম বাংলাদেশের সংবিধান গণপরিষদে গৃহীত হওয়া উপলক্ষে পরিষদ-নেতার প্রস্তাবক্রমে একজন সদস্যের পরিচালনায় মুনাজাত করা হয়।

স্পীকার ১৪ই ডিসেম্বর ১৯৭২ পর্যন্ত গণপরিষদের বৈঠক মূলতবী করেন। ১২ই অক্টোবর থেকে ১৫ই ডিসেম্বর, ১৯৭২ পর্যন্ত বিস্তৃত দ্বিতীয় অধিবেশনে গণপরিষদ সংবিধান প্রণয়নের দায়িত্ব সম্পন্ন করে। প্রকৃতপক্ষে ৪ঠা নভেম্বর তারিখেই গণপরিষদে সংবিধান গৃহীত হয়। ঐ দিনের পর ১৪ই ডিসেম্বর পর্যন্ত বৈঠক মূলতবী হয়ে যায়। ১৪ ও ১৫ই ডিসেম্বর তারিখে অনুষ্ঠিত বৈঠক দুইটিতে সদস্যবৃন্দ হস্তলিখিত সংবিধানে স্বাক্ষরদান করেন।

সংবিধান স্বাক্ষর ও প্রবর্তন এবং গণপরিষদের বিলুপ্তি

বাংলাদেশ গণপরিষদের শেষ দুটি বৈঠকে সদস্যবৃন্দ সংবিধানের বাংলা ও ইংরেজী পাঠে স্বাক্ষরদান করেন। স্বাক্ষরদান অনুষ্ঠান শুরু হলে সংবিধান বিলের ভারপ্রাপ্ত-সদস্যের নিম্নোক্ত প্রস্তাবটি গণপরিষদে গৃহীত হয়ঃ-

“সকল সংশোধনী ও লেখনীগত ত্রুটির শুদ্ধি অন্তর্ভুক্ত করার পর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের মূল বাংলা পাঠ এবং ইংরেজীতে অনূদিত একটি অনুমোদিত পাঠ এখন স্পীকার কর্তৃক নির্ভরযোগ্য বলে সার্টিফিকেট প্রদান করা হোক এবং গণপরিষদ-সদস্যগণ কর্তৃক সংবিধান ও তাহার ইংরেজী অনুবাদের স্বাক্ষরিত একটি করে পাঠ জাতীয় যাদুঘরে সংরক্ষিত করা হউক।”

প্রস্তাবটি গৃহীত হওয়ার পর পরিষদ-নেতা ও প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বপ্রথম সংবিধানে স্বাক্ষরদান করেন। এরপর মন্ত্রিসভার সদস্যগণকে এবং পরিষদ কক্ষে সদস্যগণের আসনের ক্রমিক নম্বর অনুসারে সদস্যবৃন্দকে স্পীকার একে একে সংবিধানের বাংলা ও ইংরেজী পাঠে স্বাক্ষরদানের আহ্বান করেন। সংবিধানে স্বাক্ষরের এ প্রক্রিয়া ১৫ই ডিসেম্বর ১৯৭২ তারিখে সমাপ্ত হয়। সংবিধানে স্বাক্ষরের সময় গণপরিষদে ৪০৩ জন সদস্য ছিলেন। তাঁদের মধ্যে ৩৯৯ জন সদস্য সংবিধানে স্বাক্ষর করেন। এই ৩৯৯ জন সদস্যের স্বাক্ষর সম্বলিত সংবিধানের মূল বাংলা পাঠ ও অনুমোদিত ইংরেজী পাঠ গণপরিষদে গৃহীত পূর্বে প্রস্তাব অনুযায়ী জাতীয় জাদুঘরে সংরক্ষনের জন্য প্রেরণ করা হয়। গণপরিষদের সদস্যবৃন্দ কর্তৃক সংবিধানে স্বাক্ষরদান অনুষ্ঠানের শেষ দিন অর্থাৎ ১৫ ডিসেম্বর ১৯৭২ পর্যন্ত কয়েকজন সদস্য সংবিধানে স্বাক্ষরদান করতে পারেন নি বা করেন নি। এ বিষয়ে পরিষদ-নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেন যে,

“..... আমার মনে হয়, কয়েকজন সদস্য হজ্জ করতে গেছেন আর দু’ একজন অসুস্থতাবশতঃ আসতে পারেন নাই। আর যদি দস্তখত করার জন্য আসতে না পেরে থাকেন তাতে কিছু আসে যায় না। আপনি পরেও তাঁদের দস্তখত নিতে পারেন। এটা এই হাউজের পক্ষ থেকে অনুরোধ করেছিলাম এবং আপনি সে অনুরোধ মেনে নিয়েছেন।”

পরের দিন অর্থাৎ ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর তারিখে “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান” বলবৎ হয়। সংবিধান বলবৎ হওয়াকে সংবিধানে “সংবিধান-প্রবর্তন” বলে উল্লেখ করা হয়েছে। সংবিধান-প্রবর্তনের সাথে সাথে গণপরিষদ বিলুপ্ত হয়। ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর তারিখে প্রবর্তিত বাংলাদেশের মূল সংবিধান এ বইয়ে পরিশিষ্ট খ হিসেবে সন্নিবেশ করা হয়েছে। সংবিধানে স্বাক্ষরদানকারী সদস্যবৃন্দের নামের তালিকা এ বইয়ে পরিশিষ্ট গ হিসাবে পরিবেশন করা হয়েছে।

গণপরিষদের প্রথম বৈঠক থেকে মাত্র ৮ মাস সময়ের মধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সংবিধান প্রবর্তিত হয়। সংবিধান প্রণয়নের ক্ষেত্রে অন্যান্য দেশের অভিজ্ঞতা বিচার করে নিঃসন্দেহে বলা যায় যে, বাংলাদেশ গণপরিষদ অত্যন্ত দ্রুততার সাথে স্বীয় দায়িত্ব সম্পাদন করে। ভারতীয় গণপরিষদ ১৯৪৭ সালে স্বাধীনতা লাভের কয়েকদিনের মধ্যেই সংবিধান রচনার কাজ শুরু করলেও

১৯৫০ সালের পূর্বে এ দায়িত্ব সম্পন্ন করতে পারেনি। পাকিস্তানের প্রথম সংবিধান রচনার প্রক্রিয়া ১৯৫৬ সালে সমাপ্ত হয়। ইতোমধ্যে প্রথম গণপরিষদ বিলুপ্ত হয় এবং দ্বিতীয় গণপরিষদ এ দায়িত্ব সম্পাদন করে। ১৯৫৮ সালে সামরিক আইন জারীর পর ঐ সংবিধান বাতিল করা হয়। ১৯৬২ সনে প্রধান সামরিক শাসনকর্তা এককভাবে একটি সংবিধান চাপিয়ে দেন। ১৯৬৯ সনে এ সংবিধানও বাতিল হয়। বাংলাদেশ প্রতিষ্ঠার সময় পাকিস্তানের কোনো সংবিধান ছিল না।

গণপরিষদে সম্পাদিত অন্যান্য কাজ

শোক-প্রস্তাব

গণপরিষদের প্রথম অধিবেশনের প্রথম বৈঠকে পরিষদ-নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মুক্তিযুদ্ধ চলাকালে মৃত্যুবরণকারী নয়জন সদস্য এবং নির্বাচনের পর পরই এন,ই- ১৫৪-চট্টগ্রাম-২ আসন থেকে নির্বাচিত জনাব এম, এ, আজিজের মৃত্যুতে গণপরিষদের প্রথম বৈঠকে শোক-প্রস্তাব উত্থাপন করেন। শোক-প্রস্তাবটি উত্থাপনের পর পরিষদ-নেতার প্রস্তাব অনুযায়ী সদস্যবৃন্দ দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন এবং পরে মুনাজাত করেন। এই শোক প্রস্তাবটি উত্থাপনের মাধ্যমে গণপরিষদে তথা পরবর্তীকালে জাতীয় সংসদে শোক-প্রস্তাব উত্থাপনের রীতি প্রবর্তিত হয়। উল্লেখ্য যে, গণপরিষদের বিধি-পদ্ধতিতে বা পরবর্তীকালে জাতীয় সংসদের কার্যপ্রণালী-বিধিতে শোক-প্রস্তাব উত্থাপনের কোনো লিখিত বিধান নেই। তবে বিশ্বের প্রায় সব আইন-সভায়ই সংসদীয় পরিমন্ডলের কোনো ব্যক্তি তথা জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কোনো ব্যক্তির মৃত্যুতে শোক-প্রস্তাব উত্থাপন করার রেওয়াজ প্রচলিত রয়েছে।

গণপরিষদের প্রথম অধিবেশনের পর স্পীকার শাহ আবদুল হামিদ, সদস্য জনাব এম, এ, গফুর ও সদস্য জনাব কফিল উদ্দিন চৌধুরী মৃত্যুবরণ করেন। গণপরিষদের দ্বিতীয় অধিবেশনের প্রথম বৈঠকে (১২ অক্টোবর ১৯৭২) অস্থায়ী স্পীকার তিনটি শোক-প্রস্তাব উত্থাপন করেন। এই প্রস্তাবটি দ্বারা শোক-প্রস্তাব উত্থাপনের ক্ষেত্রে একটি পরিবর্তন সূচিত হয়। এর পর থেকে প্রায় সকল ক্ষেত্রে স্পীকার কর্তৃক শোক-প্রস্তাব উত্থাপনের রেওয়াজ প্রবর্তিত হয়। অস্থায়ী স্পীকার তাঁর উত্থাপিত প্রত্যেকটি শোক-প্রস্তাবের সূচনায় প্রয়াত সদস্যের সংক্ষিপ্ত জীবনী সন্নিবেশ করে শোক-প্রস্তাবের যে ফরম্যাট প্রবর্তন করেন তা পরবর্তীকালে জাতীয় সংসদে অনুসৃত হয়ে আসছে। শোক-প্রস্তাবগুলোর উপর পরিষদ-নেতা বক্তব্য রাখেন। নীরবতা শেষে প্রয়াত সদস্যদের আত্মার মাগফেরাত কামনা করে মুনাজাত করা হয়।

গণপরিষদের দ্বিতীয় অধিবেশন চলাকালে পরিষদ-সদস্য জনাব এন, এ, হামিদুর রহমান (নির্বাচনী এলাকা পি,ই, ৪৩-রাজশাহী-২) ২০ অক্টোবর ১৯৭২ তারিখে মৃত্যুবরণ করেন। পরদিন ২১ শে অক্টোবর অনুষ্ঠিত সংসদের বৈঠকে স্পীকার তাঁর মৃত্যুতে একটি শোক-প্রস্তাব উত্থাপন করেন। ঐ দিনের বৈঠকে অন্য কোনো বিষয়ের উপর আলোচনা স্থগিত রাখা হয় এবং মরহুমের আত্মার প্রতি সম্মান প্রদর্শন করে ঐ দিনের জন্য বৈঠক মুলতবী করা হয়। ঐ দিনের বৈঠক মুলতবীর এই সিদ্ধান্ত দ্বারা বিদ্যমান সংসদের কোনো সদস্য অধিবেশন চলাকালে মৃত্যুবরণ করলে তাঁর মৃত্যুর পর অনুষ্ঠিত প্রথম বৈঠকে শোক-প্রস্তাব উত্থাপন ব্যতীত সংসদে অন্য কোনো কার্য সম্পাদন স্থগিত রাখার রীতি প্রবর্তিত হয়। রীতিটি এখন পর্যন্ত অনুসৃত হয়ে আসছে। সম্প্রতি সপ্তম জাতীয় সংসদে রীতি প্রবর্তিত হয়েছে যে, বিদ্যমান সংসদের কোনো সদস্য সংসদ অধিবেশনকালে বা তার বাইরে অন্য কোনো সময়ে মৃত্যুবরণ করলে তার পর অনুষ্ঠিত সংসদের প্রথম বৈঠকে শোক-প্রস্তাব ব্যতীত অন্য কোনো কার্য সম্পাদন স্থগিত থাকবে। তবে, এই রীতিটি বছরের প্রথম বৈঠকের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

পরিষদ-কক্ষে জাতির পিতার ছবি

সদস্য জনাব আশরাফুল ইসলাম মিয়া পরিষদ-কক্ষে জাতির পিতার ছবি না টাংগানো পর্যন্ত হাউস মুলবতী রাখার প্রস্তাব করলে স্পীকার বলেন যে, হাউসে ফটো রাখার নিয়ম নেই। তবে সদস্যগণ যদি ইচ্ছা করেন, তাহলে ব্যবস্থা করা হবে। পরে পরিষদ-কক্ষে জাতির পিতার ছবি টাংগানো হয়।

অভিনন্দন প্রস্তাব

বিশ্ব শান্তি পরিষদ কর্তৃক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বিশ্বশান্তির জন্য জুলিও কুরি পুরস্কার প্রদান করায় দ্বিতীয় অধিবেশনের প্রথম বৈঠকে তাঁকে অভিনন্দন জানিয়ে আনিত একটি প্রস্তাব গৃহীত হয়।

সভাপতিমন্ডলী মনোনয়ন

পরিষদের কার্যপ্রণালী-বিধির সংশ্লিষ্ট বিধি স্থগিত করে স্পীকার ও ডেপুটি স্পীকারের অনুপস্থিতিতে পরিষদে সভাপতিত্ব করার জন্য ৪ জন পরিষদ-সদস্যের একটি প্যানেল মনোনয়নের বিষয়টি গণপরিষদের প্রথম বৈঠকের পরিবর্তে দ্বিতীয় বৈঠকে দিনের কার্যসূচীতে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। গণপরিষদের প্রথম অধিবেশনের দ্বিতীয় বৈঠকে স্পীকার সভাপতিমন্ডলীর সদস্য হিসেবে চার জন সদস্যকে মনোনীত করেন। স্পীকার ও ডেপুটি স্পীকারের অনুপস্থিতিতে এ তালিকাভুক্ত ৪ জন সদস্যের মধ্যে যাঁর নাম

সর্বোচ্চ থাকবে তিনি স্পীকারের আসন গ্রহণ করবেন। দ্বিতীয় অধিবেশনেও অনুরূপ দায়িত্ব পালনের জন্য ঐ সদস্য চতুর্থ আবারও মনোনীত হন।

সংসদীয় রীতি-নীতি সম্পর্কিত অন্যান্য বিষয়

গণপরিষদের বিভিন্ন বৈঠকে উত্থাপিত অন্যান্য বিষয়ের মধ্যে কয়েকটি নিম্নে উল্লেখ করা হলোঃ-

১। এক জন সদস্যের বৈতথ্য প্রশ্নের জবাবে সভাপতি মওলানা আবদুর রশীদ তর্কবাগীশ এই মর্মে সিদ্ধান্ত দেন যে, পরিষদের বৈঠক চলাকালে পরিষদ কক্ষে ধূমপান নিষিদ্ধ।

২। একজন সদস্যের বৈতথ্য প্রশ্নে স্পীকার সিদ্ধান্ত দেন যে, পরিষদ-নেতা যখন কথা বলার জন্য দাঁড়াবেন তখন অন্য কেউ কথা বলবেন না।

৩। পরিষদ-নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেন যে, স্পীকার হাউসে আসার সময় পার্লামেন্টারী কনভেনশন অনুসারে ঘোষণা করা দরকার। ঘোষণার পর স্পীকার আসবেন এবং সদস্যরা দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করবেন।

৪। অধিবেশন সমাপ্তির পূর্বে পরিষদ-নেতা তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে মত প্রকাশ করেন যে, গণপরিষদে কারও প্রতি কটাক্ষ করে কথা বলা উচিত নয়। কোনো সদস্য অন্য কোনো সদস্যকে সম্বোধন করে কথা বলতে পারেন না। সব সদস্যকেই জনাব স্পীকারকে সম্বোধন করতে হবে।

৫। ঐ বক্তব্যে পরিষদ-নেতা আরও বলেন যে, গণপরিষদে একজন মাত্র ন্যাপের সদস্য আছেন, তিনি কিছু বেশী সুযোগ পেতে পারেন। সেজন্য অন্য সদস্যদের মনে করার কিছু নেই। তাঁকে কিছু বেশী সুযোগ দেয়া উচিত এবং তিনি সে সুযোগ পেয়েছেন। তিনি ভবিষ্যতেও নিশ্চয়ই আরও সুযোগ পাবেন।

৬। দ্বিতীয় অধিবেশনের প্রথম বৈঠকে পরিষদ-নেতা ও কয়েকজন সদস্য প্রথমে স্পীকারকে অভিনন্দন জানালে স্পীকার পরিষদ-নেতা ও পরিষদের সদস্যগণকে ধন্যবাদ জানান। পরে ডেপুটি কয়েকজন সদস্য ডেপুটি স্পীকারকে অভিনন্দন জানালে সদস্যের আসন থেকে দাঁড়িয়ে জনাব বায়তুল্লাহ পরিষদ-নেতা এবং পরিষদের সদস্যগণকে ধন্যবাদ জানান।

এ পর্যায়ে খোন্দকার আবদুল হক মিয়া'র “সংসদীয় রীতি ও পদ্ধতি” বই থেকে মূল সংবিধানে স্বাক্ষরদানকারী গণপরিষদ সদস্যবৃন্দের নাম সম্বলিত ‘পরিশিষ্ট-গ’ (পাতা-৬১৫) শীর্ষক অংশটুকু নিম্নে উদ্ধৃত হলঃ

১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, এন.ই. ১১১-ঢাকা-৮ ২। সৈয়দ নজরুল ইসলাম, এন.ই. ৯২-ময়মনসিংহ-১৭ ৩। জনাব তাজউদ্দীন আহমদ, এন.ই. ১০৮-ঢাকা-৫ ৪। জনাব মোহাম্মদ মনসুর আলী, পি.ই. ৫৯ পাবনা-১ । ৫। খন্দকার মোশতাক আহমেদ, এন.ই. ১৩৮- কুমিল্লা -৮ । ৬। জনাব মোহাম্মদ আবদুস সামাদ, এন.ই. ১২৯- সিলেট-১০ । ৭। জনাব এ. এইচ. এম. কামরুজ্জামান, এন.ই. ৩৫- রাজশাহী -৬ । ৮। শেখ আবদুল আজিজ, এন.ই. ৫১- খুলনা-২ । ৯। অধ্যাপক মোহাম্মদ ইউসুফ আলী, এন.ই. ১৬- দিনাজপুর -৪। ১০। জনাব জহুর আহম্মদ চৌধুরী, পি.ই. ২৮৮- চট্টগ্রাম -৮ । ১১। জনাব মুহাম্মদুল্লাহ, পি.ই. ২৭৫- নোয়াখালী-৯ । ১২। শ্রী ফনি মজুমদার, পি.ই. ২১৯-ফরিদপুর -১৯। ১৩। ডঃ কামাল হোসেন, এন.ই. ১১২- ঢাকা-৯। ১৪। জনাব মোস্তাফিজুর রহমান সিদ্দিকী, এন.ই. ১৫৩ -চট্টগ্রাম -১। ১৫। জনাব শামসুল হক, এন.ই. ১১১-ঢাকা-৮, এন.ই. ১০৭-ঢাকা-৪। ১৬। জনাব মতিউর রহমান, এন.ই. ১০ -রংপুর -১০ । ১৭। জনাব আবদুল মালেক উকিল, এন.ই. ১৪৮-নোয়াখালী -৪। ১৮। মোল্লা জালাল উদ্দিন আহমদ, এন.ই. ৯৯- ফরিদপুর -৬। ১৯। জনাব মহম্মদ সোহরাব হোসেন, এন.ই. ৪৮- যশোর -৬। ২০। শাহ মোয়াজ্জেম হোসেন, এন.ই. ১৭৫-ঢাকা-৫ । ২১। জনাব মোহাম্মদ মিজানুর রহমান চৌধুরী, এন.ই. ১৪৪-কুমিল্লা -১৪ । ২২। জনাব আবদুল মান্নান, এন.ই. ৭১-টাঙ্গাইল -১ । ২৩। জনাব আবদুর রব ছেরনিয়াবাত, এন.ই. ৫৮-বাবরগঞ্জ-১। ২৪। জেনারেল মহম্মদ আতাউল গনী ওসমানী, এন.ই. ১২৫- সিলেট-৬ । ২৫। ডঃ মাফিজ চৌধুরী, এন.ই. ১৯-বরগুনা-১ । ২৬। জনাব আজার উদ্দিন মিয়া, পি.ই. ২১০-ফরিদপুর -১০। ২৭। জনাব আকবর আলী খান চৌধুরী, এন.ই. ২১- বগুড়া-৩ । ২৮। জনাব আখতার উদ্দিন বিশ্বাস, পি.ই. ১৭২ ঢাকা-২ । ২৯। ডাঃ আখলাকুল হোসাইন আহমেদ, এন.ই. ১৬০- ময়মনসিংহ-২২। ৩০। জনাব আছাদুজ্জামান খান,

এন.ই. ৯০-ময়মনসিংহ-১৫। ৩১। জনাব আজিজুর রহমান, এন.ই. ২৩৫-সিলেট-১৬। ৩২। জনাব আজিজুর রহমান আককাস, এন.ই. ৪০-কুষ্টিয়া-২। ৩৩। জনাব আতাউর রহমান খান, এন.ই. ১৫৯-চট্টগ্রাম-৭। ৩৪। জনাব আফজল হোসেন, পি.ই. ১৯৯-ঢাকা-২৯। ৩৫। জনাব আপতাবউদ্দিন ভূইয়া, এন.ই. ১১৪-ঢাকা-১১। ৩৬। ডাঃ আফতাব উদ্দিন মোল্লা, পি.ই. ২০৪-ফরিদপুর-৪। ৩৭। জনাব আফসার আলী আহমেদ, এন.ই. ১২-রংপুর-১২। ৩৮। জনাব আবদুর রইছ, পি.ই. ২২২-সিলেট-৩। ৩৯। জনাব আবদুর রউফ চৌধুরী, পি.ই. ৭২- কুষ্টিয়া-২। ৪০। জনাব আবদুর রশীদ, পি.ই. ২৪৯- কুমিল্লা-৯। ৪১। জনাব আবদুর রহমান, পি.ই. ৬৫-পাবনা-৭। ৪২। জনাব আবদুর রহমান চৌধুরী, পি.ই. ১-রংপুর-১। ৪৩। জনাব আবদুর রহিম, এন.ই. ১২৬-সিলেট-৭। ৪৪। জনাব আঃ রাজ্জাক ভূইয়া, এন.ই. ১১৫- ঢাকা -১২। ৪৫। জনাব আবদুল আউয়াল, এন.ই. ১৪১-কুমিল্লা-১১। ৪৬। জনাব আবদুল আউয়াল, পি.ই. ২৫৮-কুমিল্লা-১৮। ৪৭। জনাব আবদুল আজিজ খন্দকার, পি.ই. ১১০-পটুয়াখালী-৬। ৪৮। জনাব আবদুল আজিজ খান, পি.ই. ২৫২-কুমিল্লা-১২। ৪৯। জনাব আবদুল ওহাব, পি.ই. ২৮৫-চট্টগ্রাম-৫। ৫০। জনাব আবদুল করিম পাটওয়ারী, পি.ই. ২৬৪-কুমিল্লা-২৪। ৫১। জনাব আবদুল করিম বেপারী, এন.ই. ১১৯-ঢাকা-১৬। ৫২। জনাব আবদুল করিম সরদার, পি.ই. ১২৪-বাকেরগঞ্জ-১৩। ৫৩। জনাব আবদুল কাদের, পি.ই. ১৬৮-ময়মনসিংহ-৩০। ৫৪। জনাব আবদুল খালেক, পি.ই. ১৬৩-ময়মনসিংহ-২৫। ৫৫। জনাব আবদুল বারেক, পি.ই. ১১১-পটুয়াখালী-৭। ৫৬। জনাব আবদুল মজিদ (তারা মিয়া), পি.ই. ১৫৮-ময়মনসিংহ-২০। ৫৭। জনাব আবদুল মান্নান হাওলাদার, এন.ই. ৬২-বাকেরগঞ্জ-৫। ৫৮। জনাব আবদুল মমিন, এন.ই. ৮৮-ময়মনসিংহ-১৩। ৫৯। জনাব আবদুল মমিন তালুকদার, এন.ই. ২৬-পাবনা-৩। ৬০। জনাব আবদুল মালেক, পি.ই. ১৪২-ময়মনসিংহ-৪। ৬১। শাহজাদা আবদুল মালেক খান, পি.ই. ১০৬-পটুয়াখালী-২। ৬২। জনাব আবদুল মুস্তাকিম চৌধুরী, এন.ই. ১২৪-সিলেট-৫। ৬৩। জনাব মোঃ আবদুল লতিফ, পি.ই. ২২৯-সিলেট-১০। ৬৪। জনাব আবদুর রউফ, এন.ই. ১১-রংপুর-১১। ৬৫। জনাব আবদুল লতিফ খান, পি.ই. ৯৪- খুলনা-৪। ৬৬। জনাব আবদুল লতিফ সিদ্দিকী, পি.ই. ১৩৩-টাঙ্গাইল-৪। ৬৭। ডাঃ আবদুল হাই, পি.ই. ১২৭-বাকেরগঞ্জ-১৬। ৬৮। জনাব মোঃ আবদুল হাকিম, পি.ই. ১৩-রংপুর-১৩। ৬৯। জনাব এম আবদুল হাকিম, পি.ই. ১৫৩-কুমিল্লা-১৩। ৭০। জনাব আবদুল হাকিম চৌধুরী, পি.ই. ২২০-সিলেট-১। ৭১। জনাব আবদুল হামিদ, এন.ই. ৯৩-ময়মনসিংহ-১৮। ৭২। জনাব আবদুল্লাহ -আল-হারুন, পি.ই. ২৮৬-চট্টগ্রাম-৬। ৭৩। জনাব আবদুল্লাহ সারওয়ারী, পি.ই. ১৫-রংপুর-১৫। ৭৪। জনাব আঃ সাত্তার ভূঞা, পি.ই. ২০০-ঢাকা-৩০। ৭৫। জনাব আবদুল সোবহান, পি.ই. ২৭১-নোয়াখালী-৫। ৭৬। জনাব আব্দাস আলী খান, পি.ই. ১৬১-ময়মনসিংহ-২৩। ৭৭। জনাব আবিদ আলী, পি.ই. ৫-রংপুর-৫। ৭৮। জনাব আবিদুর রেজা খান, এন.ই. ১০২-ফরিদপুর-৯। ৭৯। জনাব আবু ইউসুফ আমিনউদ্দিন আহমাদ, পি.ই. ২০৭-ফরিদপুর-৭। ৮০। জনাব আবু ছালেহ, এন.ই. ১৬০-চট্টগ্রাম-৮। ৮১। জনাব আবু নাহের চৌধুরী, পি.ই. ২৭০-নোয়াখালী-৪। ৮২। মিসেস তসলিমা বেগম, এন.ই. ১৬৮-মহিলা আসন-৬। ৮৩। মিসেস নূর জাহান মুরশিদ, এন.ই. ১৬৩-মহিলা আসন-১। ৮৪। মিসেস বদরুন্নেসা আহমেদ, এন.ই. ১৬৯-মহিলা আসন-৭। ৮৫। মিসেস মমতাজ বেগম, এন.ই. ১৬৬-মহিলা আসন-৪। ৮৬। মিসেস রাজিয়া বানু, এন.ই. ১৬৭-মহিলা আসন-৫। ৮৭। জনাব আবু মোহাম্মদ সুবিদ আলী, পি.ই. ১৮০-ঢাকা-১০। ৮৮। অধ্যাপক আবু সাইয়িদ, এন.ই. ২৮-পাবনা-৫। ৮৯। জনাব আবুল মনসুর আহমদ, পি.ই. ১৫৫-ময়মনসিংহ-১৭। ৯০। জনাব মোঃ আবুল হাশেম, পি.ই. ১৫৭-ময়মনসিংহ-১৯। ৯১। জনাব আবুল হাসনাত চৌধুরী, পি.ই. ৩৫ বগুড়া-৩। ৯২। আলহাজ্ব আবুল হাশেম, এন.ই. ১৩৯ কুমিল্লা-৯। ৯৩। জনাব আবুল হোসেন, পি.ই. ১৪ -রংপুর-১৪। ৯৪। জনাব আমিনুল ইসলাম (দানেশ মিয়া), পি.ই. ২১৫ ফরিদপুর-১৫। ৯৫। জনাব আমীরুল ইসলাম, এন.ই. ৩৯-কুষ্টিয়া-১। ৯৬। জনাব আমীর হোসেন, পি.ই. ১১৯-বাকেরগঞ্জ-৮। ৯৭। জনাব আমিরুল ইসলাম, পি.ই. ২৮০ -নোয়াখালী ১৪। ৯৮। মিসেস সাজেদা চৌধুরী, এন.ই. ১৬৫-মহিলা আসন-৩। ৯৯। জনাব আলতাফুর রহমান চৌধুরী, পি.ই. ২৩৪ সিলেট-১৫। ১০০। আলহাজ্ব আলী আকবর মজুমদার, পি.ই. ২৫৬ কুমিল্লা-১৬। ১০১। জনাব আলী আজম, এন.ই. ১৩২, কুমিল্লা-২। ১০২।

জনাব আলী আহমদ খান, পি,ই, ২১৭, ফরিদপুর-১৭। ১০৩। জনাব আশরাফ আলী চৌধুরী, এন,ই, ১০৯, ঢাকা-৬। ১০৪। জনাব আশরাফুল ইসলাম মিয়া, পি,ই, ৫৭ রাজশাহী-১৬। ১০৫। জনাব আসমত আলী সিকদার, এন,ই, ৭০-পটুয়াখালী-৪। ১০৬। ডাঃ আসহাব-উল হক, পি,ই, ৭৬ কুষ্টিয়া-৬। ১০৭। জনাব আহসান উল্লাহ, পি,ই, ৭৩-কুমিল্লা-৩। ১০৮। জনাব আহম্মদ আলী, পি,ই, ২৪৫-কুমিল্লা-৫। ১০৯। জনাব ইকবাল আনোয়ারুল ইসলাম, এন,ই, ৪৪-যশোর-২। ১১০। জনাব ইমাম উদ্দীন আহমদ, পি,ই, ২০৫-ফরিদপুর-৫। ১১১। জনাব ইলিয়াস আহম্মদ চৌধুরী, পি,ই, ২১৩-ফরিদপুর-১৩। ১১২। মিসেস রাফিয়া আখতার ডলি, এন,ই, ১৬৪-মহিলা আসন-২। ১১৩। আলহাজ্ব ক্যাপ্টেন ইসমাইল হোসেন চৌধুরী, পি,ই, ৪৭-রাজশাহী-৬। ১১৪। ডাঃ এ,এ,এম মেসবাহুল হক (বামুচ ডাক্তার), পি,ই, ৪৪, রাজশাহী-৩। ১১৫। জনাব এ,এন,এম নজরুল ইসলাম, এন,ই, ৮৫-ময়মনসিংহ-১০। ১১৬। জনাব এ,এম, আহমদ খালেক, এন,ই, ১৩৭-কুমিল্লা-৭। ১১৭। জনাব এ,কে মোশাররফ হোসেন আকন্দ, এন,ই, ৮১-ময়মনসিংহ-৬। ১১৮। জনাব এ,কে,এম ইসমাইল মিয়া, পি,ই, ১১৮-বাকেরগঞ্জ-৭। ১১৯। জনাব এ,কে,এম নুরুল হক, পি,ই, ১০৭ পটুয়াখালী-৩। ১২০। জনাব এ,কে,এম নুরুল করিম, পি,ই, ১২২ বাকেরগঞ্জ-১১। ১২১। জনাব এ,কে,এম, সামছুল হুদা, পি,ই, ১৭৮-ঢাকা-৮। ১২২। জনাব এ,কে,এম শামসুজ্জোহা, এন,ই, ১১৭, ঢাকা-১৪। ১২৩। জনাব এ,কে,এম, শামসুল হক, পি,ই, ১৬৪ ময়মনসিংহ-২৬। ১২৪। ফ্লাঃ লেফটেন্যান্ট এ,বি, সিদ্দিক, পি,ই, ২৬২-কুমিল্লা-২২। ১২৫। জনাব এ, বি, এম গোলাম মজিদ, পি,ই, ৭৯-যশোর-২। ১২৬। জনাব এ,বি,এম, মকসেদ আলী, এন,ই, ১৫-দিনাজপুর-৩। ১২৭। জনাব এনামুল হক, পি,ই, ২৩৬ সিলেট-১৭। ১২৮। জনাব মোঃ এনায়েত আলী সানা, পি,ই, ৯৮ খুলনা-৮। ১২৯। জনাব এম আবদুর রহিম, পি,ই, ২৯, দিনাজপুর-৭। ১৩০। ডাঃ এম, এ, কাসেম, এন,ই, ১০৩ ফরিদপুর-১০। ১৩১। জনাব এম, এ, খায়ের, এন,ই, ৫০, খুলনা -১। ১৩২। জনাব এম, এ, তালেব মিয়া, পি,ই, ১৮-রংপুর-১৮। ১৩৩। জনাব মোঃ আবদুল মজিদ, এন,ই, ১৫৪-চট্টগ্রাম-২। ১৩৪। ডাঃ এম, এ, মান্নান, পি,ই, ২৮৯ চট্টগ্রাম-৯। ১৩৫। জনাব মোঃ আবদুল মালেক, পি,ই, ২৫৫ কুমিল্লা-১৫। ১৩৬। জনাব এম, ওবাইদুল হক, পি,ই, ২৮৩ চট্টগ্রাম-৩। ১৩৭। জনাব এম, ওয়ালীউল্লাহ, এন,ই, ১৪৩-কুমিল্লা-১৩। ১৩৮। জনাব এ,বি,এম তালেব আলী, পি,ই, ২৬৯ নোয়াখালী-৩। ১৩৯। জনাব এম, মশারফ হোসেন চৌধুরী, এন,ই, ১৩-দিনাজপুর-১। ১৪০। জনাব এম, শামসুল হক, এন,ই, ৬৭ বাখরগঞ্জ-কাম-পটুয়াখালী। ১৪১। জনাব এস,এম ইউসুফ, পি,ই, ২৮-দিনাজপুর-৬। ১৪২। জনাব এস এম মতিউর রহমান, পি,ই, ৯০- যশোর-১৩। ১৪৩। জনাব ওয়ালী উর রহমান, পি,ই, ১৯-রংপুর-১৯। ১৪৪। জনাব এনায়েত হোসেন খান, এন,ই, ৬৬- বাকেরগঞ্জ-৯। ১৪৫। জনাব ওসমান সরওয়ার আলম চৌধুরী পি,ই, ২৯৮-চট্টগ্রাম-১৮। ১৪৬। জনাব কছিম উদ্দিন আহমেদ, পি,ই, ৩৪- বগুড়া-২। ১৪৭। কমরুদ্দিন আহম্মদ, পি,ই, ২৩- দিনাজপুর-১। ১৪৮। জনাব করিম উদ্দিন আহম্মদ, পি,ই, -৬-রংপুর -৬। ১৪৯। করিমুজ্জামান তালুকদার, এন,ই, ৭৭-ময়মনসিংহ-২। ১৫০। কাজী জহিরুল কাইউম, এন,ই, ১৩৬-কুমিল্লা-৬। ১৫১। জনাব কাজিমদার ওয়াসিমউদ্দীন আহমেদ, পি, ই, ৪৬- রাজশাহী-৫। ১৫২। কাজী আকবার উদ্দিন আহম্মদ, পি,ই, ২৪৬-কুমিল্লা-৬। ১৫৩। কাজী আবদুর রশীদ, পি,ই, ২০৯ ফরিদপুর-৯। ১৫৪। কাজী আবদুল মজিদ চৌধুরী, পি,ই, ৩২ দিনাজপুর-১০। ১৫৫। ডাঃ কাজী মোঃ খাদেমুল ইসলাম, পি,ই, ৭৮ যশোর -১। ১৫৬। কাজী সাহাবুদ্দিন, পি,ই, ১৯৬-ঢাকা -২৬। ১৫৭। জনাব কামরুজ্জামান, এন,ই, ৪৩-যশোর-১। ১৫৮। শ্রী কুবের চন্দ্র বিশ্বাস, পি,ই, ৯৫- খুলনা-৫। ১৫৯। জনাব কে এম ওবায়দুর রহমান, এন,ই, ৯৬ -ফরিদপুর-৩। ১৬০। খন্দকার নুরুল ইসলাম, এন,ই, ১০৬-ঢাকা-৩। ১৬১। খন্দকার মজহারুল হক, পি,ই, ১৭৩-ঢাকা-৩। ১৬২। জনাব খাজা আহমদ, এন,ই, ১৪৬-নোয়াখালী-২। ১৬৩। জনাব খালেদ মোহাম্মদ আলী, এন,ই, ১৫০-নোয়াখালী-৬। ১৬৪। জনাব খায়ের উদ্দিন আহম্মদ, পি,ই, ২৬৮- নোয়াখালী-২। ১৬৫। খান্দকার আবদুল হাফিজ, এন,ই, ৪৯- যশোর-৭। ১৬৬। গাজী গোলাম মোস্তফা, পি,ই, ১৮৩- ঢাকা-১৩। ১৬৭। গাজী ফজলুর রহমান, পি,ই, ১৯২-ঢাকা-২২। ১৬৮। শ্রী গোপাল কৃষ্ণ মহারত্ন, পি,ই, ২৩৯ সিলেট-২০। ১৬৯। ডাঃ গোলাম হুরওয়ার, পি,ই, ৩৯-বগুড়া-৭। ১৭০। জনাব গোলাম মোরশেদ, পি,ই, ২৬৩-কুমিল্লা-২৩। ১৭১। জনাব গোলাম হাসনায়ন, পি,ই, ৬২-

পাবনা-৪। ১৭২। শ্রী গৌরচন্দ্র বালা, পি.ই. ২০৩-ফরিদপুর-৩। ১৭৩। জনাব ছফির উদ্দিন আহাম্মদ, পি.ই. ১৮৬-ঢাকা-১৬। ১৭৪। সৈয়দ এমদাদুল বারী, পি.ই. ২৪৪-কুমিল্লা-৪। ১৭৫। জামালুর রহমান প্রধান, পি.ই. ২১-রংপুর-২১। ১৭৬। জনাব জিল্লুর রহমান, এন.ই. ৯১ ময়মনসিংহ-১৬। ১৭৭। জনাব জে কে এম এ আজিজ, পি.ই. ৮০-যশোর-৩। ১৭৮। জনাব জামাল উদ্দিন চৌধুরী, পি.ই. ১৭৬-ঢাকা-৬। ১৭৯। জনাব ডি.এম.এইচ. ওবায়দুর রেজা চৌধুরী, এন.ই. ১৩০-সিলেট-১১। ১৮০। জনাব কবির উদ্দিন আহাম্মদ, পি.ই. ১১৭-বাকেরগঞ্জ-৬। ১৮১। জনাব তাহের উদ্দিন ঠাকুর, এন.ই. ১৩১-কুমিল্লা-১। ১৮২। জনাব তোফায়েল আহমেদ, এন.ই. ৬৩-বাকেরগঞ্জ-৬। ১৮৩। জনাব তফিজুদ্দিন আহাম্মদ, পি.ই. ৬৭-পাবনা-৯। ১৮৪। জনাব তোয়াবুর রহিম, পি.ই. ২৩৩-সিলেট-১৪। ১৮৫। দেওয়ান আবুল আব্বাছ, এন.ই. ১৩৩-কুমিল্লা-৩। ১৮৬। দেওয়ান ফরিদ গাজী, এন.ই. ১২৭-সিলেট-৮। ১৮৭। জনাব নওয়াব আলী হুরওয়ার খান, পি.ই. ২৩২-সিলেট-১৩। ১৮৮। ডাঃ নাদিরুজ্জামান খান, পি.ই. ১৪৫-ময়মনসিংহ-৭। ১৮৯। জনাব নূরুল আহাম্মদ চৌধুরী (কালু চৌধুরী), পি.ই. ২৭৪-নোয়াখালী-৮। ১৯০। জনাব নূরুল ইসলাম চৌধুরী, এন.ই. ১৫৮-চট্টগ্রাম-৬। ১৯১। জনাব নিজাম উদ্দিন আহম্মদ, পি.ই. ১৪৪-ময়মনসিংহ-৬। ১৯২। জনাব নূরুল ইসলাম, পি.ই. ১৬-রংপুর-১৬। ১৯৩। জনাব নূরুল ইসলাম, পি.ই. ১২৮-বাকেরগঞ্জ-১৭। ১৯৪। জনাব নূর আহমদ, এন.ই. ১৬১-চট্টগ্রাম-৯। ১৯৫। জনাব নূরুল হক, এন.ই. ১৪৭-নোয়াখালী-৩। ১৯৬। ফকির সাহাব উদ্দিন আহমদ, পি.ই. ১৯০-ঢাকা-১০। ১৯৭। জনাব ফজলুর রহমান, এন.ই. ১১৩-ঢাকা-১০। ১৯৮। জনাব ফজলুর রহমান খান (ফারুক), পি.ই. ১৩৭-টাংগাইল-৮। ১৯৯। জনাব ফজলুল হক সরদার, পি.ই. ১০১-খুলনা-১১। ২০০। জনাব বদিউজ্জামান খান, পি.ই. ১৩১-টাংগাইল-২। ২০১। জনাব বাদল রশীদ, বার-এট-ল, এন.ই. ৪২-কুষ্টিয়া-৪। ২০২। ডাঃ বি.এম. ফয়েজুর রহমান, পি.ই. ২৯৩-চট্টগ্রাম-১৩। ২০৩। ডাঃ মইনউদ্দিন আহমেদ, পি.ই. ৪২-রাজশাহী-১। ২০৪। জনাব মনজুর আহমদ, পি.ই. ১৬৯-ময়মনসিংহ-৩১। ২০৫। ডাঃ মফিজুর রহমান, পি.ই. ২০-রংপুর-২০। ২০৬। জনাব মোঃ মমতাজ আহম্মদ সরদার, পি.ই. ১০৩-খুলনা-১৩। ২০৭। জনাব গোলাম কিবরিয়া, পি.ই. ৭৪-কুষ্টিয়া-৪। ২০৮। জনাব মোঃ নূরুল ইসলাম, পি.ই. ৮৪-যশোর-৭। ২০৯। জনাব মঃ মুজাফফর আলী, পি.ই. ২৪৮-কুমিল্লা-৮। ২১০। জনাব মহিউদ্দিন আহাম্মদ, পি.ই. ১২১-বাকেরগঞ্জ-১০। ২১১। কমান্ডেন্ট মানিক চৌধুরী, এন.ই. ১২২-সিলেট-৩। ২১২। মির্জা তোফাজ্জল হোসেন, পি.ই. ১৩৫, টাংগাইল-৬। ২১৩। মীর সাখাওয়াত আলী, (দারু), পি.ই. ৯৩-খুলনা-৩। ২১৪। জনাব মুজিবুর রহমান, এন.ই. ২০-বগুড়া-২। ২১৫। ডাঃ মুনসুর আলি, পি.ই. ৯৭-খুলনা-৭। ২১৬। ডাঃ মুহম্মদ আবদুল মালিক, পি.ই. ২২৭-সিলেট-৮। ২১৭। মীর হোসেন চৌধুরী, এডভোকেট, পি.ই. ২৫৭-কুমিল্লা-১৭। ২১৮। জনাব মুহাম্মদ ইকরামুল হক, পি.ই. ২৬-দিনাজপুর-৪। ২১৯। মির আবুল খায়ের, পি.ই. ১৭৪-ঢাকা-৪। ২২০। জনাব মুহঃ ইমাজ উদ্দিন প্রামাণিক, পি.ই. ৪৮ রাজশাহী-৭। ২২১। জনাব মুহাম্মদ আবদুর রশিদ, এন.ই. ১৫২-নোয়াখালী-৮। ২২২। জনাব মুহাম্মদ সিদ্দিকুর রহমান, পি.ই. ১৭১-ঢাকা-১। ২২৩। জনাব মোহলেম উদ্দিন খান, এন.ই. ১০৫-ঢাকা-২। ২২৪। জনাব মোজাফফর হোসেন, পি.ই. ৩৬-বগুড়া-৪। ২২৫। অধ্যক্ষ মোজাম্মেল হক সমাজী, পি.ই. ৬৮-পাবনা-১০। ২২৬। জনাব মোজাম্মেল হোসেন সিকদার, পি.ই. ১১৬-বাকেরগঞ্জ-৫। ২২৭। জনাব মোমিন উদ্দীন আহম্মদ, পি.ই. ৯৯-খুলনা-৯। ২২৮। জনাব মোসতাক আহমদ চৌধুরী, পি.ই. ২৯৭, চট্টগ্রাম-১৭। ২২৯। জনাব মোসলেহ উদ্দিন ভূঞা, পি.ই. ১৯৫-ঢাকা-২৫। ২৩০। জনাব মোস্তফা এম.এ. মতিন, পি.ই. ১৫৬-ময়মনসিংহ-১৮। ২৩১। জনাব দেলওয়ার হোসেন এডভোকেট, এন.ই. ১৪৯-নোয়াখালী-৫। ২৩২। জনাব মোস্তাফা আলী, এন.ই. ১২০-সিলেট-১। ২৩৩। জনাব মোস্তাফিজুর রহমান খান, পি.ই. ১৬৫-ময়মনসিংহ-২৭। ২৩৪। জনাব মোঃ আছাদ আলী, পি.ই. ২৩৭-সিলেট-১৮। ২৩৫। জনাব মোঃ আছাদুজ্জামান, পি.ই. ৮৭-যশোর-১০। ২৩৬। জনাব মোঃ আজিজুর রহমান মিয়া, এন.ই. ৩১-রাজশাহী-২। ২৩৭। জনাব মোঃ আজিজুল ইসলাম খাঁন, পি.ই. ৫০-রাজশাহী-৯। ২৩৮। জনাব মোঃ আনিসুর রহমান, এন.ই. ৭৯-ময়মনসিংহ-৪। ২৩৯। জনাব মোতাহার হোসেন তালুকদার, এন.ই. ২৪-পাবনা-১। ২৪০। জনাব মোঃ আবদুছ ছাত্তার, পি.ই. ১৬৬-ময়মনসিংহ-২৮। ২৪১। জনাব মোঃ আবদুজ্জহুর, পি.ই. ২২৪-সিলেট-৫। ২৪২।

জনাব মোঃ আবদুর রব, পি.ই, ৭০ পাবনা-১২। ২৪৩। জনাব মোঃ আবদুছ ছাত্তার, পি.ই, ২৬১-কুমিল্লা-২১। ২৪৪। জনাব মোঃ আবদুল আউয়াল, এন.ই, ৯ রংপুর-৯। ২৪৫। জনাব মোঃ আব্দুল কুদ্দুস, পি.ই ১৬৭-ময়মনসিংহ-২৯। ২৪৬। জনাব মোঃ আবদুল বাছিদ সিদ্দিকী, পি.ই ১৩২-টাংগাইল-৩। ২৪৭। জনাব মোঃ আনোয়ার জঙ্গ, পি.ই ১৮৮-ঢাকা-১৮। ২৪৮। জনাব মোঃ আবদুল হাই, পি.ই ১৪১-ময়মনসিংহ-৩। ২৪৯। জনাব মোঃ আবদুল হাকিম এডঃ এন, ই, ৭৮-ময়মনসিংহ-৩। ২৫০। জনাব মোঃ আবদুল হাকিম সরকার, এন.ই ৮০-ময়মনসিংহ-৫। ২৫১। ডাক্তার মোঃ আলাউদ্দিন, পি.ই. ৫৪-রাজশাহী-১৩। ২৫২। জনাব মোঃ ইউনুস আলী, পি.ই. ৭৭-কুষ্টিয়া-৭। ২৫৩। জনাব মোঃ ইসহাক, পি.ই, ২৮৭-চট্টগ্রাম-৭। ২৫৪। জনাব মোহাম্মদ ইদ্রিস, এন.ই, ১৫৫-চট্টগ্রাম-৩। ২৫৫। জনাব মোঃ ইমান আলী, মিঞা, পি.ই, ১৫২-ময়মনসিংহ-১৪। ২৫৬। জনাব মোঃ এলাহী বক্স সরকার, পি.ই, ৭-রংপুর-৭। ২৫৭। জনাব মোহাম্মদ ইলিয়াস, এন.ই, ১২৩-সিলেট-৪। ২৫৮। জনাব মোঃ কুদ্দত উল্লাহ, পি.ই, ১৪৭-ময়মনসিংহ-৯। ২৫৯। জনাব মোঃ খতিবুর রহমান, পি.ই, ৩০-দিনাজপুর-৮। ২৬০। জনাব মোঃ খালেদ আলী মিয়া, এন.ই, ৩৩-রাজশাহী-৪। ২৬১। জনাব মোঃ খায়রুল আনাম, পি.ই, ১০২-খুলনা-১২। ২৬২। অধ্যাপক মোঃ খোরশেদ আলম, এন.ই, ১৩৫-কুমিল্লা-৫। ২৬৩। জনাব মোঃ গাজী রহমান, পি.ই, ১১-রংপুর-১১। ২৬৪। জনাব মোঃ গিয়াস উদ্দিন সরদার, পি.ই, ৪৯-রাজশাহী-৮। ২৬৫। জনাব মোঃ ছিদ্দিক হোসেন, পি.ই, ৮-রংপুর-৮। ২৬৬। জনাব মোঃ আশরাফ হোসেন এডভোকেট, পি.ই, ১৩৯-ময়মনসিংহ-১। ২৬৭। জনাব মোঃ জহিরুল ইসলাম, পি.ই, ২৯৬-চট্টগ্রাম-১৬। ২৬৮। জনাব মোঃ জামাল উদ্দিন, পি.ই, ১৮৯-ঢাকা-১৯। ২৬৯। জনাব মোঃ তবিবুর রহমান সরদার, পি.ই, ৮২-যশোর-৫। ২৭০। জনাব মোঃ তৈমুছ আলী, পি.ই, ২৩১-সিলেট-১২। ২৭১। জনাব মোঃ নজরুল ইসলাম, পি.ই, ১১৩-বাকেরগঞ্জ-২। ২৭২। জনাব মোহাম্মদ নুরুল হক, এন.ই, ৮-রংপুর-৮। ২৭৩। ডাঃ শাহ বশিরুল হক চৌধুরী, পি.ই, ৪৫-রাজশাহী-৪। ২৭৪। জনাব মোহাম্মদ বয়তুল্লাহ, এন.ই, ৩২, রাজশাহী-৩। ২৭৫। জনাব মোঃ মঈনুদ্দিন মিয়াজী, পি.ই, ৮ ১-যশোর-৪। ২৭৬। জনাব মোঃ মজাহার হোসেন চৌধুরী, এন.ই, ১-রংপুর-১। ২৭৭। জনাব মোহাম্মদ নুরুল হক, পি.ই, ৭৫-কুষ্টিয়া-৫। ২৭৮। জনাব মোঃ মোজাম্মেল হক, পি.ই, ২৪১-কুমিল্লা-১। ২৭৯। জনাব মোহাম্মদ মহসিন, এন.ই ৫৪ খুলনা-৫। ২৮০। জনাব মোঃ মোতাহার উদ্দীন, পি.ই, ১১৪-বাকেরগঞ্জ-৩। ২৮১। জনাব মোঃ মেশাররফ হোসেন, পি.ই.-২৮১ চট্টগ্রাম-১। ২৮২। জনাব মোশাররফ হোসেন, পি.ই.-২০৬-ফরিদপুর-৬। ২৮৩। ডাঃ মোঃ মোশাররফ হোসেন, পি.ই.১৮৪-ঢাকা-১৪। ২৮৪। জনাব মোঃ মোসলেম উদ্দীন, পি.ই.১৫৪-ময়মনসিংহ-১৬। ২৮৫। মাষ্টার মোঃ রফিকুল্যা মিয়া, পি.ই.২৭২-নোয়াখালী-৬। ২৮৬। জনাব মোঃ শামসু মিয়া চৌধুরী, পি.ই.২২৩-সিলেট-৪। ২৮৭। জনাব মোঃ শামসুল হক চৌধুরী, পি.ই. ১২-রংপুর-১২। ২৮৮। জনাব মোঃ শামসুল হক মিয়া, পি.ই.১৭৭-ঢাকা-৭। ২৮৯। অধ্যাপক মোঃ শামসুল হুদা, এন.ই. ৮৬-ময়মনসিংহ-১১। ২৯০। জনাব মোঃ শামসুল হোসেন সরকার, এডভোকেট, পি.ই. ১৭-রংপুর-১৭। ২৯১। জনাব মোঃ লুৎফুর রহমান, এন.ই. ৪-রংপুর-৪। ২৯২। জনাব সহীদ আলি খান, পি.ই. ৮৯-যশোর-১২। ২৯৩। জনাব মোঃ সিরাজুল ইসলাম পি.ই. ১৮২-ঢাকা-১২। ২৯৪। জনাব মোঃ সিরাজুল ইসলাম, পি.ই. ২৭৯- নোয়াখালী-১৩। ২৯৫। ক্যাপটেন মোহাম্মদ সুজাত আলী(অবঃ) এন.ই, ১৪০-কুমিল্লা-১০। ২৯৬। জনাব মোঃ হামিদুজ্জামান সরকার, পি.ই. ১০-রংপুর-১০। ২৯৭। অধ্যক্ষ মোঃ হুমায়ুন খালিদ, এন.ই. ৭৩-টাংগাইল-৩। ২৯৮। জনাব মোহাম্মদ আবুল ইসলাম, পি.ই. ৮৩-যশোর-৬। ২৯৯। জনাব মোঃ সহর আলি মিঞা, এন.ই. ১১৬-ঢাকা-১৩। ৩০০। জনাব মোহাম্মদ আজিজুর রহমান, এন.ই. ৭-রংপুর-৭। ৩০১। জনাব মোহাম্মদ আজিজুর রহমান মিয়া, এন.ই. ১৪-দিনাজপুর-২। ৩০২। জনাব মোঃ আতোয়ার রহমান তালুকদার, এন.ই. ৩০-রাজশাহী-১। ৩০৩। মেজর জেনারেল মোহাম্মদ আবদুর রব (অবঃ), এন.ই. ১২১-সিলেট-২। ৩০৪। জনাব মোঃ আবদুর রাজ্জাক, পি.ই. ২১৮-ফরিদপুর-১৮। ৩০৫। জনাব মোহাম্মদ আবদুল হাদী, পি.ই. ৫২-রাজশাহী-১১। ৩০৬। জনাব মোহাম্মদ আবদুল হালিম, পি.ই. ১৪৬-ময়মনসিংহ-৮। ৩০৭। আলহাজ্ব মোহাম্মদ আবদুস সামাদ, এন.ই. ৭৬- ময়মনসিংহ-১। ৩০৮। জনাব মোহাম্মদ আবুল খায়ের, এন.ই. ৯৮-ফরিদপুর-৫। ৩০৯। জনাব মোঃ ইনসান আলী,

পি.ই. ১৩৪-টাংগাইল-৫। ৩১০। জনাব মোহাম্মদ খালেদ, এন.ই. ১৫৭-চট্টগ্রাম-৫। ৩১১। ডাঃ মোহাম্মদ ওয়াকিল উদ্দিন মন্ডল, এন.ই. ১৮-দিনাজপুর-৬। ৩১২। জনাব মোহাম্মদ গোলাম রহমান, পি.ই. ২৭-দিনাজপুর-৫। ৩১৩। জনাব মোঃ ছহিউদ্দিন, এন.ই. ৪১-কুষ্টিয়া-৩। ৩১৪। জনাব মোঃ জুবেদ আলী, এন.ই. ৮৯-ময়মনসিংহ-১৪। ৩১৫। জনাব মোঃ নজমুল হুদা, পি.ই. ১৫৯-ময়মনসিংহ-২১। ৩১৬। জনাব মোহাম্মদ ফজলুল করিম, পি.ই. ২৫-দিনাজপুর-৩। ৩১৭। জনাব মোহাম্মদ বিসমিল্লাহ মিয়া এ্যাডঃ, পি.ই. ২৭৬-নোয়াখালী-১০। ৩১৮। জনাব মোঃ মতিয়র রহমান মিয়া, পি.ই. ২১৬-ফরিদপুর-১৬, ৩১৯। জনাব মোঃ ময়েজউদ্দিন, পি.ই. ১৯১-ঢাকা-২১। ৩২০। জনাব মোঃ মোসলেম উদ্দিন মৃধা, পি.ই. ২০২ ফরিদপুর-২। ৩২১। জনাব মোহাম্মদ রওশন আলী, এন.ই. ৪৭-যশোর-৫। ৩২২। জনাব মোহাম্মদ হানিফ, এন.ই. ১৫১-নোয়াখালী-৭। ৩২৩। আলহাজ্ব রইসউদ্দীন আহম্মদ, এন.ই. ৩৪-রাজশাহী-৫। ৩২৪। জনাব রওশনুল হক, পি.ই. ৬১ পাবনা-৩। ৩২৫। জনাব রফিউদ্দীন আহম্মদ এ্যাডঃ, পি.ই. ১৭৯-ঢাকা-৯। ৩২৬। হাজী রমিজউদ্দিন আহম্মদ, পি.ই. ২৫১-কুমিল্লা-১১। ৩২৭। জনাব রাজিউদ্দিন আহম্মদ, পি.ই. ১৯৪-ঢাকা-২৪। ৩২৮। জনাব রাশেদ মোশারফ, পি.ই. ১৪০-ময়মনসিংহ-২। ৩২৯। জনাব রেজা-এ করিম চৌধুরী, পি.ই. ১১৫-বাকেরগঞ্জ-৪। ৩৩০। ক্যাপ্টেন ডাঃ মোঃ আবুল কাসেম, পি.ই. ২৯০-চট্টগ্রাম-১০। ৩৩১। জনাব রেয়াজউদ্দিন আহম্মদ, এন.ই. ২-রংপুর-২। ৩৩২। জনাব লুৎফর রহমান, এন.ই. ৫২-খুলনা-৩। ৩৩৩। জনাব লুৎফর রহমান, পি.ই. ২২৫-সিলেট-৬। ৩৩৪। জনাব লুৎফুল হাই, পি.ই. ২৪৩-কুমিল্লা-৩। ৩৩৫। জনাব শওকত আলী খান, এন.ই. ৭২-টাঙ্গাইল-৫। ৩৩৬। শ্রী শংকর গোবিন্দ চৌধুরী, পি.ই. ৫৬-রাজশাহী-১৫। ৩৩৭। জনাব শামসুর রহমান খান এ্যাডঃ, এন.ই. ৭৫-টাঙ্গাইল-৫। ৩৩৮। শাহ আবদুর রাজ্জাক, পি.ই. ৯-রংপুর-৯। ৩৩৯। শাহ মাহাতাব আহম্মদ, এন.ই. ১৭-দিনাজপুর-৫। ৩৪০। শাহ মোঃ জাফরুল্লা, এন.ই. ৩৬-রাজশাহী-৭। ৩৪১। শাহ হাদীউজ্জামান, পি.ই. ৮৫-যশোর-৮। ৩৪২। শেখ আবদুর রহমান, পি.ই. ৯২-খুলনা-২। ৩৪৩। শেখ আলি আহম্মদ, পি.ই. ৯১-খুলনা-১। ৩৪৪। ডাঃ শেখ নিজামুল ইসলাম, পি.ই. ১৩০-টাঙ্গাইল-১। ৩৪৫। জনাব মোহাম্মদ নুরুল ইসলাম মনজুর, এন.ই. ৬০-বাখরগঞ্জ-৩। ৩৪৬। শেখ মোহাম্মদ মোবারক হোসেন, এন.ই. ৩৮-রাজশাহী-৯। ৩৪৭। জনাব শামছুল হক, পি.ই. ১৪৮ ময়মনসিংহ-১০। ৩৪৮। জনাব সওগাতুল আলম (সগীর), পি.ই. ১২৯-বাখরগঞ্জ-১৮। ৩৪৯। সরদার আমজাদ হোসেন, পি.ই. ৫৩-রাজশাহী-১২। ৩৫০। সরদার মোশাররফ হোসেন, পি.ই. ৩১-দিনাজপুর-৯। ৩৫১। জনাব সহিদউদ্দিন এক্কেন্দার, পি.ই. ২৭৮-নোয়াখালী-১২। ৩৫২। ডাঃ সাদত আলী সিকদার, পি.ই. ১৯৭-ঢাকা-২৭। ৩৫৩। জনাব আহম্মত আলি খাঁ, পি.ই. ২১৪-ফরিদপুর-১৪। ৩৫৪। জনাব আবদুল আজিজ চৌধুরী, পি.ই. ২৪০-সিলেট-২১। ৩৫৫। জনাব আমির হোসেন, পি.ই. ২৫৪-কুমিল্লা-১৪। ৩৫৬। জনাব মহম্মদ রোসমত আলী খান, পি.ই. ১০৫-পটুয়াখালী-১। ৩৫৭। জনাব মোঃ আবদুল মোহাইমেন, পি.ই. ২৭৭-নোয়াখালী-১১। ৩৫৮। জনাব মোঃ আমিন, পি.ই. ২-রংপুর-২। ৩৫৯। জনাব মোঃ জিল্লুর রহমান, পি.ই. ৫৫-রাজশাহী-১৪। ৩৬০। জনাব মোহাম্মদ ফজলুল হক তালুকদার, পি.ই. ১২০-বাখরগঞ্জ-৯। ৩৬১। জনাব শামসুদ্দিন মোল্লা, এন.ই. ৯৭-ফরিদপুর-৪। ৩৬২। ডাঃ শাহ মোজাহারউদ্দিন আহম্মদ, পি.ই. ১২৫-বাখরগঞ্জ-১৪। ৩৬৩। শ্রী সতীশ বন্দ্র হালদার, পি.ই. ২১২-ফরিদপুর-১২। ৩৬৪। জনাব সাদাকাত হোসেন, এন.ই. ৩-রংপুর-৩। ৩৬৫। জনাব সামসুদ্দিন ভূঞা, পি.ই. ১৯৩-ঢাকা-২৩। ৩৬৬। জনাব সালাহউদ্দিন ইউসুফ এ্যাডঃ, এন.ই. ৫৫-খুলনা-৬। ৩৬৭। অধ্যাপক সালেহউদ্দিন কাইসার, এন.ই. ৫৯-বাখরগঞ্জ-২। ৩৬৮। ডাঃ সায়িদুর রহমান আহম্মদ, পি.ই. ৩৩-বগুড়া-১। ৩৬৯। জনাব সিরাজুল ইসলাম এল-এল.বি, পি.ই. ২৪-দিনাজপুর-২। ৩৭০। জনাব সিরাজুল ইছলাম চৌধুরী, পি.ই. ২৯৪-চট্টগ্রাম-১৪। ৩৭১। জনাব সিরাজুল ইসলাম পাটওয়ারী, পি.ই. ২৬৫-কুমিল্লা-২৫। ৩৭২। জনাব সিরাজুল হক এ্যাডঃ, এন.ই. ১৩৪-কুমিল্লা-৪। ৩৭৩। শ্রী সুবোধ কুমার মিত্র, এন.ই. ৪৬-যশোর-৪। ৩৭৪। জনাব সুলতান আহম্মদ, পি.ই. ২৯১-চট্টগ্রাম-১১। ৩৭৫। আলহাজ্ব সেকান্দার আলী, পি.ই. ২৬০-কুমিল্লা-২০। ৩৭৬। শেখ মোশাররফ হোসেন, পি.ই. ২১১-ফরিদপুর-১১। ৩৭৭। জনাব সেতাব আলী খান, পি.ই. ১৩৬-টাঙ্গাইল-৭। ৩৭৮। সৈয়দ কামরুল ইসলাম মহম্মদ সালেহউদ্দিন, এন.ই. ৯৫-ফরিদপুর-২। ৩৭৯। সৈয়দ কামাল বখত,

এন.ই. ৫৭-খুলনা-৮। ৩৮০। সৈয়দ মোঃ আবুল হাসেম, পি.ই. ১০৯-পটুয়াখালী-৫। ৩৮১। সৈয়দ মোহাম্মদ ফজলুল হক, এন.ই. ১৫৬-চট্টগ্রাম-৪। ৩৮২। সৈয়দ সিরাজুল ইসলাম এ্যাডঃ, পি.ই. ২৪২-কুমিল্লা-২। ৩৮৩। সৈয়দ হায়দার আলী, পি.ই. ৬০-পাবানা-২। ৩৮৪। সৈয়দ হায়দার হোসেন, পি.ই. ২০৮-ফরিদপুর-৮। ৩৮৫। জনাব হাবিবুর রহমান, পি.ই. ২২৮-সিলেট-৯। ৩৮৬। শ্রী হরনাথ বাইন, পি.ই. ১২৩-বাখরগঞ্জ-১২। ৩৮৭। জনাব হাতেম আলী তালুকদার, এন.ই. ৭৪-টাঙ্গাইল-৪। ৩৮৮। জনাব হাতেম আলী মিয়া, পি.ই. ১৪৯-ময়মনসিংহ-১১। ৩৮৯। জনাব হাদিছ উদ্দিন চৌধুরী, পি.ই. ১৬২-ময়মনসিংহ-২৪। ৩৯০। হাফেজ হাবিবুর রহমান, এন.ই. ১৪২-কুমিল্লা-১২। ৩৯১। অধ্যাপক হামিদুর রহমান, পি.ই. ১৮১-ঢাকা-১১। ৩৯২। জনাব হাসেন আলী সরকার, পি.ই. ৩৭-বগুড়া-৫। ৩৯৩। জনাব হেদায়েতউল ইসলাম, পি.ই. ১৮৫-ঢাকা-২৫। ৩৯৪। ডাঃ ক্ষিতীশ চন্দ্র মন্ডল, পি.ই. ১২৬-বাখরগঞ্জ-১৫। ৩৯৫। জনাব মোঃ আজহারুল ইসলাম, পি.ই. ৩-রংপুর-৩। ৩৯৬। জনাব সাদিরউদ্দিন আহমেদ, এন.ই. ৮৭-ময়মনসিংহ-১২। ৩৯৭। জনাব মুহাম্মদ রাজা মিয়া, পি.ই. ২৬৬-কুমিল্লা-২৬। ৩৯৮। জনাব মোহাম্মদ ইব্রাহিম, এন.ই. ৮২-ময়মনসিংহ-৭। ৩৯৯। মাওলানা আবদুর রশিদ তর্কবাগীশ, এন.ই. ২৫-পাবনা-২।

এখন আমরা দেখব সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত দ্রুত সময়ে বাংলাদেশকে একটি সুন্দর শাসনতন্ত্র তথা সংবিধান উপহার দিয়েছেন। বাঙালির মনে স্বাধিকার চেতনা ও স্বাধীনতার স্বপ্নের বীজ বুনে দিয়েছিলেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তাঁর দূরদর্শী ভাবনা, অসাধারণ রাজনৈতিক প্রজ্ঞা, অনন্য সাংগঠনিক দক্ষতা ও অসীম সাহস এই পরাধীন জাতিকে আত্মসচেতনতায় দীপ্ত করে এক ঐক্যে, এক অভিপ্রায়ে মিলিত করেছিল। ঐতিহাসিক ১৯৫২ সালের রাষ্ট্রভাষা আন্দোলনের মধ্য দিয়ে যে স্বাধিকারের উন্মেষ ঘটেছিল, তা পরে তিনি ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট, ১৯৫৮ সালে আইয়ুব খানের সামরিক শাসনবিরোধী আন্দোলন, ১৯৬২ সালের হামুদুর রহমান শিক্ষা কমিশন আন্দোলন, ১৯৬৬ সালের ছয় দফা (পরে যুক্ত হয়েছিল ছাত্র-জনতার ১১ দফা) এবং ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানসহ বিভিন্ন আন্দোলন হয়ে সম্প্রসারিত করেছিলেন স্বাধীনতা সংগ্রাম অবধি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে আওয়ামী লীগ স্বাধীনতার পর অতি দ্রুত ও অত্যন্ত দক্ষতার সাথে সংবিধান রচনা করেছিলেন যার দৃষ্টান্ত পৃথিবীতে বিরল। স্বাধীনতা প্রাপ্ত হওয়ার স্বল্প সময়ের মধ্যে সংবিধান রচনা বিশেষভাবে প্রশংসনীয় এই জন্য যে, আমাদের এই অঞ্চলে রাজনৈতিক ঐতিহ্য ছিল বিনা সংবিধানে যতদিন সম্ভব রাষ্ট্রীয় ক্ষমতা ধরে রাখা। পাকিস্তান স্বাধীনতা লাভের ৯ (নয়) বৎসর পর সংবিধান রচনা করতে সক্ষম হয়েছিল। এমনকি ভারতও সংবিধান রচনা সমাপ্ত করতে ৩ (তিন) বৎসর সময় নিয়েছিল।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ৭২ এর সংবিধান প্রণয়নে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নেতৃত্বে খসড়া সংবিধান প্রণয়ন কমিটির সম্মানিত সদস্যবৃন্দ প্রথম ১৭ই এপ্রিল বৈঠকে মিলিত হয়ে কমিটির কার্যপদ্ধতি নির্ধারণ করে এবং সংবাদ পত্র, বেতার ও টেলিভিশনের মাধ্যমে সংবিধান সম্পর্কে প্রস্তাব ও পরামর্শ প্রদানের জন্য জনসাধারণকে আমন্ত্রণ জানায়। এসব প্রস্তাব পাঠানোর সর্বশেষ তারিখ ছিল ৮ই মে, ১৯৭২। এ আমন্ত্রণের সাড়া হিসেবে কমিটি ৯৮ টি স্মারকলিপি লাভ করে। ১৭ ই এপ্রিল থেকে ২৯ শে এপ্রিল পর্যন্ত আবার একাদিক্রমে কমিটির বৈঠক অনুষ্ঠিত হয় এবং কয়েকদিনের জন্য মূলতবীর পর ১০ই মে থেকে ২৫ মে পর্যন্ত আবার একাদিক্রমে কমিটির বৈঠক চলতে থাকে। এসব

বৈঠকে প্রস্তাবিত সংবিধানের প্রতিটি খসড়া বিধান নিয়ে পুঙ্খানুপুঙ্খভাবে আলোচনা হয় এবং বিভিন্ন দেশের সংবিধান পর্যালোচনা করা হয়। খসড়া সংবিধান প্রণয়ন কমিটি মোট ২৯ টি বৈঠকে মিলিত হয়। ২৫ মে তারিখে অনুষ্ঠিত বৈঠকে খসড়া সংবিধান প্রণয়ন কমিটি সিদ্ধান্ত গ্রহণ করে যে, সংবিধানের খসড়া বিধানগুলো সম্পর্কে এ পর্যন্ত কমিটিতে গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে সংবিধানের একটি পূর্নাঙ্গ খসড়া প্রণয়ন করা হবে। ৩রা জুন তারিখে অনুষ্ঠিত কমিটির বৈঠকে ঐ খসড়া পেশ করা হলে কমিটি খসড়াটির দফাওয়ারী আলোচনা করে এবং বেশ কিছু সংশোধনীসহ ১০ই জুন, ৭২ তারিখে খসড়াটি অনুমোদন লাভ করে। কমিটি ১০ই আগষ্ট থেকে ১লা সেপ্টেম্বর পর্যন্ত এবং ৯ই সেপ্টেম্বর থেকে ৩রা অক্টোবর পর্যন্ত বৈঠকে মিলিত হয়ে খসড়া সংবিধান পর্যালোচনা করে এবং চূড়ান্তভাবে গ্রহণ করে। খসড়া সংবিধান প্রণয়ন কমিটির রিপোর্ট ও তার সাথে সংবিধানের খসড়াটি সংবিধান বিল হিসেবে গণপরিষদে পেশ করার পর ভারপ্রাপ্ত সদস্য সংবিধান বিল গণপরিষদে উত্থাপন করেন। খসড়া সংবিধানের ১৫৩টি অনুচ্ছেদের মধ্যে ৮২টি অনুচ্ছেদে কোন সংশোধনী ছিল না, ১২টি অনুচ্ছেদের ওপর আনীত সংশোধনী আলোচনার পর গণপরিষদে নাকচ হয়, ৬টি অনুচ্ছেদের ওপর প্রদত্ত সংশোধনী বিধিবর্হিভূত বলে স্পীকার ঘোষণা করেন এবং ৩টি অনুচ্ছেদের ওপর আনীত সংশোধনী উত্থাপিত হয় নি। কোন কোন অনুচ্ছেদে একাধিক সংশোধনী গৃহীত হয়। সংবিধানের প্রথম ও দ্বিতীয় তফসিলে ১টি করে মোট ২টি সংশোধনী, তৃতীয় তফসিলে ২টি সংশোধনী, চতুর্থ তফসিলে ১৬টি সংশোধনী এবং সংবিধানের প্রস্তাবনায় ১টি সংশোধনীসহ সর্বমোট ৮৪টি সংশোধনী গৃহীত হয়। গৃহীত সংশোধনীগুলির মধ্যে একমাত্র বিরোধীদলীয় সদস্যের ১টি সংশোধনী অন্তর্ভুক্ত। অতঃপর ৪ঠা নভেম্বর ১৯৭২ মোতাবেক ১৮ কার্তিক ১৩৭৯ বাংলাদেশের সংবিধানিক ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ দিন। এই দিন গণপরিষদ সংবিধান রচনা ও বিধিবদ্ধ করে সমবেতভাবে গ্রহণ করেন। অতঃপর স্পীকার ১৪ই ডিসেম্বর ১৯৭২ তারিখ পর্যন্ত গণপরিষদের বৈঠক মূলতবী করেন। ১২ই অক্টোবর থেকে ১৫ই ডিসেম্বর, ১৯৭২ পর্যন্ত বিস্তৃত দ্বিতীয় অধিবেশনে গণপরিষদ সংবিধান প্রণয়নের দায়িত্ব সম্পন্ন করে। প্রকৃতপক্ষে ৪ঠা নভেম্বর তারিখেই গণপরিষদে সংবিধান গৃহীত হয়। ঐ দিনের পর ১৪ই ডিসেম্বর পর্যন্ত বৈঠক মূলতবী হয়ে যায়। ১৪ ও ১৫ই ডিসেম্বর তারিখে অনুষ্ঠিত বৈঠক দুইটিতে সদস্যবৃন্দ হস্তলিখিত সংবিধানে স্বাক্ষর করেন। পরের দিন অর্থাৎ ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর তারিখে “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান” প্রবর্তন হয়।

উপর্যুক্ত আলোচনায় ইহা কাঁচের মতো স্বচ্ছ যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নেতৃত্বে খসড়া সংবিধান প্রণয়ন কমিটির বিজ্ঞ সদস্যবৃন্দ এবং গণপরিষদের ৪০৩ জন সদস্য অক্লান্ত পরিশ্রম করে সকল পক্ষ তথা সংবাদ পত্র, বেতার ও টেলিভিশনের মাধ্যমে সংবিধান সম্পর্কে প্রস্তাব ও পরামর্শ প্রদানের জন্য জনসাধারণকে আমন্ত্রণ জানিয়ে, তাদের মতামত নিয়ে গণপরিষদে বিস্তারিত আলোচনা করে এবং একমাত্র বিরোধীদলীয় সদস্যের ১টি সংশোধনী অন্তর্ভুক্ত করে আমাদের এই পবিত্র “সংবিধান” প্রণয়ন করেন। বঙ্গবন্ধুর নেতৃত্বে আওয়ামীলীগ স্বাধীনতা লাভের সাড়ে ৩ মাসের মধ্যে গণপরিষদের বৈঠক ডাকেন এবং সংবিধান রচনা কমিটি গঠন করেন। অতঃপর গণপরিষদ দ্বারা ৪ঠা

নভেম্বর ১৯৭২ তারিখ সংবিধান গৃহীত হয় এবং ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর তারিখ সংবিধান বলবৎ হয়। অর্থাৎ স্বাধীনতা লাভের ১(এক) বছরের মধ্যে সংবিধান রচনা, গ্রহণ ও প্রবর্তন হয়।

যদিও এত তাড়াতাড়ি সংবিধান রচনা করার কোন তাগিদ কোন পক্ষ থেকেই ছিল না। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যদি সংবিধান রচনা করতে ভারতের মত ৩ (তিন) বছর এবং পাকিস্তানের মত ৯ (নয়) বছর সময় নিতেন সকলে এটাকে স্বাভাবিক বলে ধরে নিত। ১৯৭০-৭১ সালের নির্বাচনে যেহেতু আওয়ামীলীগ নির্বাচিত হয়েছিল, সেহেতু আইনতঃ ১৯৭৪-৭৫ সাল পর্যন্ত দেশ পরিচালনা করতে আওয়ামী লীগের কোন অসুবিধা ছিল না। ১৯৭২ সালে সংবিধান রচনা না করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেটা ১৯৭৫ সালের পরে শুরু করতে পারতেন। কিন্তু আমরা দেখলাম, তিনি স্বাধীনতা লাভের ১(এক) বছরের মধ্যে এই সংবিধান প্রণয়ন করলেন এবং ১৯৭৩ সালে সাধারণ নির্বাচনও দিয়ে দিলেন।

যেহেতু সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গণতন্ত্রের অন্যতম মানষপুত্র ছিলেন, তাইতো তিনি নিজের এবং দলের ক্ষমতার চেয়ে দেশের জনগণের ক্ষমতায়নকে বিশ্বাস করতেন। তিনি জনগণের শাসন প্রতিষ্ঠার জন্য সমগ্র জীবন উৎসর্গ করেছিলেন। সেই জনগণের শাসন প্রতিষ্ঠার লক্ষ্যে তিনি এই দ্রুততম সময়ে তথা ১ (এক) বছরের মধ্যে দেশের শাসনতান্ত্রিক দলিল তথা সংবিধানিক দলিল প্রণয়ন করেছিলেন যার নজির বিশ্বে দ্বিতীয়টি নেই।

বঙ্গবন্ধু ছিলেন জনগণের আশা আকাঙ্ক্ষার প্রতীক। তিনি ছিলেন গণতন্ত্রের ধারক, বাহক এবং রক্ষক। তিনি ছিলেন গণতন্ত্রের মানসপুত্র। সেকারণেই তিনি দেশে শাসনতন্ত্র তথা সংবিধান দ্রুততম সময়ে প্রণয়ন করেন এবং ১৯৭৩ সালের মার্চে সাধারণ নির্বাচন দিয়ে জনগণের ভোটের অধিকার প্রতিষ্ঠা করে জনগণকে তার শাসন ক্ষমতা তুলে দিয়েছিলেন। এটা শুধুমাত্র সম্ভব হয়েছিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মত একজন মহান নেতার নেতৃত্বের কারণে।

গণপরিষদে আওয়ামী লীগই ছিল একমাত্র পার্টি। বিরোধী দল বলতে একজন সদস্য ছিলেন সুরঞ্জিত সেনগুপ্ত। গণপরিষদ সংবিধান রচনার পর এই গণপরিষদকেই সংসদে রূপান্তরিত করতে পারতেন। তারপর সেই সংসদের আয়ু কতদিন হবে নির্ধারণ করতে পারতেন এবং এসব ব্যাপারে তাদের সুবিধামত বিধান করে নিতে পারতেন। কিন্তু জাতির পিতা বঙ্গবন্ধুর নেতৃত্বে আওয়ামী লীগ এসব কিছুই করে নি বরং অবিলম্বে নির্বাচন দিয়ে সংসদীয় গণতান্ত্রিক দুনিয়ায় আদর্শ নজির স্থাপন করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে অবশেষে বাংলাদেশের জনগণ একটি স্বাধীন দেশ পেয়েছে, তেমনি তাঁর কাছ থেকেই মানব কল্যাণের জন্য তথা এদেশের সকল মানুষের জন্য উপযোগী একটি যুগোপযোগী সংবিধান আমরা পেলাম। জাতির পিতার ঐকান্তিক প্রচেষ্টা না থাকলে হয়ত আমাদের সংবিধান পেতে কমপক্ষে আরও ১০(দশ) বছর সময় লাগত।

বঙ্গবন্ধু এবং বাংলাদেশ এক এবং অভিন্ন। এই দেশটি বঙ্গবন্ধুর বাংলাদেশ। তাইতো মহান মুক্তিযুদ্ধের সময় সমগ্র বাঙ্গালির মুখে মুখে শ্লোগান ছিল “ এক নেতা এক দেশ বঙ্গবন্ধু বাংলাদেশ”, “জয় বাংলা”, “ জয় বঙ্গবন্ধু” । এইসব শ্লোগান আমাদের জাতীয় শ্লোগান। এই শ্লোগানকে রাস্তায়ভাবে সংরক্ষণ

করতে হবে। যারা এই শ্লোগানকে ধারণ করেন না তারা বাংলাদেশের স্বাধীনতা বিরোধী। আর যারা স্বাধীনতা বিরোধী তারা অবশ্যই বাংলাদেশের সংবিধানকে স্বীকার করেন না।

বঙ্গবন্ধু বাঙ্গালীকে স্বাধীনতার স্বপ্ন দেখিয়েছেন। তাইতো বঙ্গবন্ধুর নামে এ দেশের জনগণ অস্ত্র হাতে যুদ্ধ করেছিল। বঙ্গবন্ধুর কারণেই এ দেশের জনগণ স্বাধীন দেশ বাংলাদেশ পেয়েছে। বঙ্গবন্ধুর জন্ম না হলে হয়ত আগামী একশত বৎসরেও বাংলাদেশ স্বাধীনতা লাভ করতে পারত না, পাকিস্তানের একটি অঙ্গরাজ্য বা প্রদেশ হয়ে আমাদের থাকতে হত।

বাংলাদেশ যদি স্বাধীন না হত আমরা জেলা প্রশাসক কিংবা পুলিশ সুপার হতে পারতাম না, সচিব হতে পারতাম না। সেনাবাহিনীর প্রধান কিংবা নৌবাহিনীর প্রধান কিংবা বিমান বাহিনীর প্রধান হতে পারতাম না। বিচারপতি কিংবা প্রধান বিচারপতি হতে পারতাম না। মন্ত্রী কিংবা প্রধানমন্ত্রী হতে পারতাম না। রাষ্ট্রপতি হতে পারতাম না। কারণ তৎকালীন পাকিস্তানের কেন্দ্রীয় সরকার বাঙ্গালীদের সাথে বিমাতা সুলভ আচরণ করত। তারা বাঙ্গালীদের নির্বাচিত জনপ্রতিনিধিদেরকেই ক্ষমতা দেয় নি, বড় বড় পদের তো প্রশ্নই আসে না।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যদি বেঁচে থাকতেন, যদি ঘাতকরা তাদের ব্যক্তিগত ক্ষুদ্র স্বার্থসিদ্ধির জন্য জাতির পিতাকে নৃশংসভাবে হত্যা না করত, তাহলে আমরা সিঙ্গাপুর বা মালয়েশিয়ার থেকেও উন্নত রাষ্ট্রে উন্নীত হতাম। সুতরাং জাতির পিতার হত্যাকারীদের এবং তাদের সকল সহযোগীদের বাঙ্গালী জাতি চিরদিন ঘৃণাভরে জাতীয় শত্রু রূপে স্মরণ করবে।

বাংলাদেশ সৃষ্টির ইতিহাস জানা বাংলাদেশের প্রতিটি নাগরিকের মৌলিক অধিকার। সেই লক্ষ্যে বাংলাদেশের প্রতিটি স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শ এবং বাংলাদেশ সৃষ্টির ইতিহাস অবশ্য পাঠ হতে হবে। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় এবং যথাযথ ব্যবস্থা অতি দ্রুত গ্রহণ করবেন। আমি মনে করি, বাংলাদেশের প্রতিটি বিশ্ববিদ্যালয়ে “ জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও আদর্শ এবং বাংলাদেশ” নামে একটি বিভাগ খোলা এখন সময়ের দাবী। তাহলে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন, কর্ম এবং আদর্শ সম্পর্কে জ্ঞান লাভ করে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়তে নিজেদেরকে প্রস্তুত করতে পারবে।

বঙ্গবন্ধু সমগ্র বাঙ্গালী জাতির আদর্শ। তিনি বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ নেতা। তার জীবন, কর্ম এবং আদর্শ বাঙ্গালীসহ বিশ্বের অন্যান্য জাতি ও রাষ্ট্রের জন্য একটি অনন্য আদর্শ।

সুতরাং জাতির পিতার জীবন, কর্ম ও আদর্শ যিনি জানবেন না, তিনি কিভাবে বুঝবেন জাতির পিতা সংবিধানের প্রস্তাবনায় কি বলতে চেয়েছেন। জাতির পিতার জীবন কর্ম আদর্শ না জানলে এই সংবিধান এবং এর প্রস্তাবনাকে কখনোই বোঝা সম্ভব হবে না।

আমাদের সংবিধানকে ব্যাখ্যা বিশ্লেষণ করতে হলে কিংবা সংবিধানের যে কোন সংশোধন করতে হলে তা অবশ্যই করতে হবে সংবিধানের প্রস্তাবনার আলোকে। সংবিধানের প্রস্তাবনাকে বুঝতে হলে প্রস্তাবনায় উল্লিখিত “ জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রাম” এবং “ যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদগণকে প্রাণোৎসর্গ করতে উদ্বুদ্ধ করা

হয়েছিল” এই কথাগুলোর মর্ম বুঝতে হবে। জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রাম বুঝতে হলে ১৯৫২ সালের রাষ্ট্র ভাষা আন্দোলন, ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট, ১৯৫৮ সালের আইয়ুব খানের সামরিক শাসনবিরোধী আন্দোলন, ১৯৬২ সালের হামদুর রহমান শিক্ষা কমিশন আন্দোলন, ১৯৬৬ সালের দয় দফা (পরে যুক্ত হয়েছিল ছাত্র-জনতার ১১ দফা) এবং ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানকে বুঝতে হবে। যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদদিগকে প্রাণোৎসর্গ করতে উদ্বুদ্ধ করেছিলো তা বুঝতে হলে আমাদের জানতে হবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শ।

উপরের সংবিধান এবং সংবিধান প্রণয়নের ইতিহাস বিস্তারিতভাবে আলোচনা করা হল এ জন্য যে, যিনি উপর্যুক্ত সংবিধান প্রণয়নের ইতিহাস, জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রাম, যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদগণকে প্রাণোৎসর্গ করতে উদ্বুদ্ধ করেছিল সে সকল আদর্শসমূহ, ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ঐতিহাসিক ভাষণ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা, ১৯৭১ সালের ১০ই এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র, রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক অস্থায়ী সংবিধান আদেশ, ১৯৭২, গণপরিষদ আদেশ, ১৯৭২, জাতির পিতার কর্ম ও আদর্শ এবং সর্বোপরি স্বাধীনতার চেতনাকে ধারণ করবেন না-তার পক্ষে কোনভাবেই এই সংবিধানকে সঠিকভাবে অনুধাবন করা সম্ভব হবে না। তেমনি তার পক্ষে এই সংবিধানের সঠিক ব্যাখ্যা বিশ্লেষণ করা অসম্ভব; সেই বৈঠা ছাড়া নৌকার মত।

সুতরাং, উপরের আলোচনা হতে এটা নির্দিষ্ট বলা যায় যে, সংবিধানের প্রস্তাবনা মোতাবেক জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রাম এবং যে সকল মহান আদর্শকে ভিত্তি করে আমাদের জনগণ জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও প্রাণ উৎসর্গ করেছেন সে সকল আদর্শসমূহ এবং স্বাধীনতার মূল চেতনাকে ধারণ করে সাংবিধানিক পদাধিকারী ব্যক্তিগণ এই সংবিধানের ব্যাখ্যা বিশ্লেষণ করবেন এবং সংবিধান সংশোধন সহ সকল আইন প্রণয়ন সে আলোকেই করতে হবে। কোনভাবেই এর অন্যথা করা চলবে না।

আমাদের দেশ বাংলাদেশ পৃথিবীর একমাত্র দেশ যেখানে কিছু সংখ্যক ব্যক্তি, গোষ্ঠী এবং দল এই দেশের স্বাধীনতার বিরোধীতা করেছে। সংবিধানকে সঠিকভাবে জানতে হলে, বুঝতে হলে এবং স্বাধীনতার চেতনাকে ধারণ করতে হলে সেই সব ব্যক্তি গোষ্ঠী এবং দল সম্পর্কেও আমাদের জানতে হবে। সেই সব ব্যক্তি গোষ্ঠী এবং দল সম্পর্কে বিচারপতি এম, ইনায়েতুর রহিম তার ঐতিহাসিক রায়ে [মাওলানা সৈয়দ রেজাউল হক বনাম জামায়াতে ইসলাম এবং অন্যান্য নামে পরিচিত (Lawyers and Jurist Volumn-3 (2014) page-55)] বলেন যে,

“কিন্তু ইতিহাস, বাস্তবতা এবং এ দেশের সাধারণ জনগণের অভিজ্ঞতা কি বলে? নির্বাচন কমিশনের সম্পূর্ণক হলফনামার সংযুক্তি ৮ (পৃষ্ঠা ৬৩-৬৪) হতে প্রতীয়মান যে, তৎকালীন পূর্ব পাকিস্তান জামায়াতে ইসলামী’র আমীর জনাব গোলাম আযম ৬ই এপ্রিল ১৯৭১ সালে ‘খ’ অঞ্চলের সামরিক প্রশাসক লেঃ জেনারেল টি ১ খানের সাথে একটি প্রতিনিধি দল সঙ্গে নিয়ে

সাক্ষাৎ করেন। ঐ সাক্ষাৎের মাধ্যমে জনাব গোলাম আযম দখলদার পাক-সামরিক বাহিনী কর্তৃক গৃহীত ব্যবস্থার প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন এবং সার্বিক সহযোগীতার আশ্বাস প্রদান করেন।

ঐ সাক্ষাৎকারের কয়েকদিন পরেই ৯ই এপ্রিল ১৯৭১ সালে শান্তি কমিটি গঠন করা হয় এবং জনাব গোলাম আযম ঐ কমিটির অন্যতম সদস্য (৩ নং) নির্বাচিত হন। ঐ শান্তি কমিটি ২২ এপ্রিল এক বিবৃতিতে সকল দেশপ্রেমিক পূর্ব-পাকিস্তানীর প্রতি রাষ্ট্রবিরোধী লোকদের হিংসাত্মক এবং নাশকতামূলক কার্যকলাপ প্রতিরোধের এবং উদ্যম ও উৎসাহের সঙ্গে সর্বরকমভাবে সশস্ত্র বাহিনীকে সাহায্য করার আহবান জানিয়েছিলো। (দৈনিক পাকিস্তান, ২৩ এপ্রিল ১৯৭১; সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট হতে প্রকাশিত, পৃষ্ঠা-২৫০)

মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে জনাব গোলাম আযম বিভিন্ন সময়ে বিভিন্ন সভা-সমাবেশ ও সাংবাদিক সম্মেলনে বক্তৃতা-বিবৃতির মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের বিরোধীতা করে পাকিস্তান দখলদার বাহিনীর সকল বর্বর ও ন্যা মানবতা বিরোধী কর্মকাণ্ডকে সমর্থন জানিয়ে আসেন।

১৭ সেপ্টেম্বর, ১৯৭১ সালে ঢাকার মোহাম্মদপুর ফিজিক্যাল এ্যাডুকেশন সেন্টারে প্রশিক্ষণরত রাজাকার শিবির পরিদর্শনকালে জনাব গোলাম আযম তাঁর বক্তৃতায় পাকিস্তানের হেফাজতের জন্য রাজাকার, মুজাহিদ ও পুলিশ বাহিনীতে ভর্তি হয়ে সশস্ত্র হয়ার জন্য উৎসাহ প্রদান করেন এবং আরো বলেন যে, ‘রাজাকার বাহিনী কোন দলের নয়, তারা পাকিস্তানে বিশ্বাসী সকল দলের সম্পদা’ (দৈনিক সংগ্রাম, ১৮ সেপ্টেম্বর, ১৯৭১; সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট হতে প্রকাশিত, পৃষ্ঠা-২২১)”

বাংলাদেশে মুক্তিযুদ্ধ চলাকালে পূর্ব পাকিস্তানে গঠিত অবৈধ সরকারে নিযুক্ত জামায়াতের দুই মন্ত্রী জনাব আব্বাস আলী খান ও জনাব এ. কে. এম. ইউসুফ (তিনি রাজাকার বাহিনীর প্রতিষ্ঠাতাও ছিলেন)-এর সম্বর্ধনা অনুষ্ঠানে জনাব গোলাম আযম বলেনঃ

“জামায়াতে ইসলামী পাকিস্তান ও ইসলামকে এক এবং অভিন্ন মনে করে। পাকিস্তান সারাবিশ্ব মুসলিমের জন্য ইসলামের ঘর। কাজেই পাকিস্তান যদি না থাকে তাহলে জামায়াতের কর্মীরা দুনিয়াই বেঁচে থাকার কোন সার্থকতা মনে করে না। তিনি আরও বলেন, জামায়াতের কর্মীরা জীবন বিপন্ন করে পাকিস্তানের অস্তিত্ব ও অখণ্ডতা বজায় রাখার জন্য কাজ করছে।” সম্বর্ধনার জবাবে জামায়াত নেতা আব্বাস আলী খান বর্তমান সংকটজনক পরিস্থিতিতে চরম অগ্নিপরীক্ষা আখ্যায়িত করে বলেন যে, “প্রতিটি কারবালার পরেই ইসলাম জীবন্ত হয়ে ওঠে। আমাদের সামনে আরও কারবালা রয়েছে। তার জন্য প্রস্তুত থাকতে হবে। (দৈনিক সংগ্রাম ২৬ শে সেপ্টেম্বর, ১৯৭১; সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ২২১-২২২)

২৩ শে নভেম্বর, ১৯৭১-এ লাহোর বিমান বন্দরে সাংবাদিকদের সাথে আলাপ কালে জনাব গোলাম আযম পূর্ব পাকিস্তানে শান্তি রক্ষার উদ্দেশ্যে সকল দেশপ্রেমিক, শান্তি কমিটির সদস্য এবং রাজাকারদের উন্নতমানের ও স্বয়ংক্রিয় অস্ত্রে সজ্জিত করার দাবী জানান। (দৈনিক সংগ্রাম, ২৪ নভেম্বর, ১৯৭১; সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ২৩৩)

২৫ ও ২৬ শে নভেম্বর, ১৯৭১ লাহোরে অনুষ্ঠিত দুই দিন ব্যাপী জামায়াতের কার্যনির্বাহী কমিটির বৈঠকের এক প্রস্তাবে সশস্ত্র বাহিনীকে সমর্থন দেওয়ার জন্য পূর্ব পাকিস্তানের জনগণের প্রতি আহবান জানানো হয়। (দৈনিক সংগ্রাম ২৬ শে নভেম্বর, ১৯৭১; সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ২৩৬)

২৭ শে নভেম্বর, ১৯৭১-এ পিভি আইনজীবী সমিতির এক সভায় জনাব গোলাম আযম বলেনঃ

“শত্রুর হামলা মোকাবেলায় আত্মরক্ষামূলক ভূমিকা নয় বরং শত্রুর দেশে পাল্টা আক্রমণ চালানোই হচ্ছে সর্বোত্তম প্রতিরক্ষা। কোন জাতি যুদ্ধকালে প্রতিশোধ মূলক ব্যবস্থা ছাড়াই টিকে থাকতে পেরেছে এমন কোন নজির ইতিহাসে খুঁজে পাওয়া যাবে না।” (দৈনিক সংগ্রাম ২৮শে নভেম্বর, ১৯৭১; সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ২৩৮)

জনাব গোলাম আযম ২১শে জুন, ১৯৭১ সালে পশ্চিম পাকিস্তানে দলীয় কর্মীদের এক সভায় পাকিস্তানী সশস্ত্র বাহিনীর প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন; “সেনাবাহিনীর হস্তক্ষেপ ছাড়া দেশকে বিচ্ছিন্ন হতে রক্ষা করার অপর কোন বিকল্প কিছুই ছিল না।” (দৈনিক পাকিস্তান ২২শে জুন, ১৯৭১; সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ২০৩)

৪ ও ৫ অক্টোবর প্রাদেশিক জামায়াতের মজলিসে শূরার বৈঠকে গৃহীত এক প্রস্তাবে উল্লেখ করা হয় যে, তথাকথিত ‘বাংলাদেশ’ আন্দোলনের ছদ্মাবরণে ‘মুক্তি ফৌজের’ নামে ভারতীয় সেনাবাহিনী পাকিস্তানী এলাকায় মর্টারের গোলাবর্ষণ, সশস্ত্র অনুপ্রবেশ ও বিমান হামলা করেছে। (দৈনিক ইত্তেফাক ৭ অক্টোবর, ১৯৭১, সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ৩৯৬)

জনাব আযম ১লা সেপ্টেম্বর, ১৯৭১-এ করাচি-তে দলীয় কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে ভাষণ দান কালে পাকিস্তান রক্ষা ও মানুষের জীবনের নিরাপত্তার জন্য পাকিস্তান সেনাবাহিনীর প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন যে, “কোন ভাল মুসলমানই তথা কথিত ‘বাংলাদেশ আন্দোলনের সমর্থক হতে পারে না। পূর্ব-পাকিস্তানে বিচ্ছিন্নতাবাদীদের নির্মূল করার জন্য একমন ও দেশপ্রেমিক লোকেরা একত্রে কাজ করে যাচ্ছেন। রাজাকাররা খুবই ভাল কাজ করছেন।” (দৈনিক পাকিস্তান, ২ সেপ্টেম্বর, ১৯৭১, সূত্রঃ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিল প্রঃ সপ্তম খন্ড, পৃষ্ঠা-৬৮৬)

২ নং প্রতিপক্ষ ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে জামায়াতে ইসলামী’র ছাত্রফ্রন্ট পাকিস্তান ইসলামী ছাত্র সংঘের সভাপতি ছিলেন এবং ঘাতক আলবদর বাহিনী গঠনে নেতৃত্ব প্রদান করেন। বদর দিবস উপলক্ষে দৈনিক সংগ্রাম, ১৪ই নভেম্বর ১৯৭১-এ ২ নং প্রতিবাদীর লিখিত একটি নিবন্ধ প্রকাশ করে। ঐ নিবন্ধে তিনি লিখেছিলেনঃ

“দুর্ভাগ্যবশতঃ পাকিস্তানের কিছু মুনাফিক তাদের পক্ষ (হিন্দু বাহিনী) অবলম্বন করে ভেতর থেকে আমাদের দুর্বল করার ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। তাদের সকল ষড়যন্ত্র বানচাল করেই-পাকিস্তানের আদর্শ ও অস্তিত্ব রক্ষা করতে হবে। হিন্দু বাহিনীকে পর্যুদস্ত ও ভারতকে পদানত করেই পাকিস্তানের অস্তিত্ব রক্ষার সংকল্প গ্রহণ করতে হবে।। আমাদের পরম সৌভাগ্য বলতে হবে। পাক বাহিনীর সহায়তায় এ দেশের ইসলাম প্রিয় তরুন ছাত্র সমাজ বদর যুদ্ধের তিকে সামনে রেখে আলবদর বাহিনী গঠন করেছে। আমাদের বিশ্বাস সেদিন আর খুব বেশিদিন দূরে নয় যদি আলবদরের তরুন যুবকেরা আমাদের সশস্ত্র বাহিনীর পাশে দাঁড়িয়ে হিন্দু বাহিনীকে (মুক্তিযোদ্ধাদের প্রতি ইঙ্গিত পূর্বক) পর্যুদস্ত করে হিন্দুস্থানের অস্তিত্ব খতম করে ইসলামের বিজয় পতাকা উড্ডীন করবে। আর সেদিনই পূরন হবে বিশ্ব মুসলমানদের অন্তরের অপূর্ণ আকাঙ্ক্ষা।” (সূত্রঃ সংবাদপত্রে মুক্তিযুদ্ধের বিরোধীতাঃ বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত, পৃষ্ঠাঃ ৫৮৭-৫৮৮)

১৪ সেপ্টেম্বর, ১৯৭১ ‘আল-বদর’ শিরোনামে প্রকাশিত এক প্রতিবেদনে জামায়াতে ইসলামীর মুখপাত্র ‘দৈনিক সংগ্রাম’ লেখে: ‘আল-বদর একটি নাম! একটি বিস্ময়! আল-বদর একটি প্রতিজ্ঞা! যেখানে তথাকথিত মুক্তিবাহিনী আল-বদর সেখানেই। যেখানেই দুষ্কৃতিকারী আল-বদর

সেখানেই। ভারতীয় চর কিংবা দুষ্কৃতকারীদের কাছে আল-বদর সাক্ষাৎ আজরাইল।’ (সূত্রঃ মতিউর রহমান নিজামী-আলবদর থেকে মন্ত্রী, আলী আকবর টাবী, পৃষ্ঠাঃ ৩৯)

বিখ্যাত মার্কিন সাংবাদিক রবার্ট পেইন তাঁর সাড়া জাগানো ‘ম্যাসাকার নামক গ্রন্থে’ উল্লেখ করেছেন যে, “বুদ্ধিজীবী হত্যার দীর্ঘ তালিকা প্রস্তুত করা হয়েছিল আলবদর নামে ধর্মোন্মত্ত দলকে দিয়ে। এরা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রদের গোপনে হত্যার চক্রান্ত করে। শুধু গোপন চক্রান্তই নয় আলবদরা এসকল হত্যাকাণ্ড ঘটিয়েছিল লোকচক্ষুর অন্তরালে।” (ম্যাসাকার, রবার্ট পেইন, পৃষ্ঠাঃ ৩৫, সূত্রঃ মতিউর রহমান নিজামী-আলবদর থেকে মন্ত্রী, আলী আকবর টাবী, পৃষ্ঠাঃ ৪০)

জামায়াতে ইসলামী শুধু ১৯৭১-এ স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধে বিরোধীতা করেই ক্ষান্ত হয়নি স্বাধীনতার পর স্বাধীন বাংলাদেশকে বিভিন্ন মুসলিম রাষ্ট্র যাতে স্বীকৃতি প্রদান না করে সে বিষয়ে বিশ্বব্যাপী প্রচারণা অব্যাহত রেখেছিল। জনাব গোলাম আযমের নাগরিকত্ব সংক্রান্ত মামলায় সরকার কর্তৃক দাখিলকৃত হলফনামায় সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছিল যে, জনাব গোলাম আযম ১৯৭২ সালে ‘পূর্ব পাকিস্তান পুনরুদ্ধার কমিটি’ সংগঠিত করে পাকিস্তান, লন্ডন এবং বিভিন্ন ইসলামীক দেশে বাংলাদেশ বিরোধী ব্যাপক প্রচারণা চালান। একই বছর রিয়াদে ইসলামী যুব সম্মেলনে পূর্ব পাকিস্তান পুনরুদ্ধারে মুক্তি সংগ্রামের আহবান জানান এবং ১৯৭৩ সালে বেনগাজিতে ও. আই. সি. পররাষ্ট্র মন্ত্রীদের সম্মেলনে বাংলাদেশকে স্বীকৃতি না দেয়ার অনুরোধ জানান। বাংলাদেশকে স্বীকৃতি না দেয়ার অনুরোধ নিয়ে সৌদি বাদশার সাথে তিনি একাধিকবার সাক্ষাৎ করেন। [ডি. এল. আর. (এডি) পৃষ্ঠাঃ ১৯২, অনুচ্ছেদ ৫৮]

’৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে এবং বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠার পরে জামায়াতে ইসলামী এবং এর তৎকালীন আমীর জনাব গোলাম আযমের বাংলাদেশ বিরোধী তৎপরতা সম্পর্কে বিশদ একটি প্রতিবেদন প্রকাশিত হয় এক সময়ের বহুল প্রচারিত সাপ্তাহিক পত্রিকা বিচিত্রা’য় (১৫ বর্ষ ৮০ সংখ্যা ১৩ মার্চ ৮৭/২৮ ফাল্গুন ’৯৩)।

অধ্যাপক জনাব আনিসুজ্জামান-এর এ সংক্রান্ত একটি তথ্যবহুল লেখা প্রকাশিত হয় ১৪ই মার্চ ২০০৮-এ দৈনিক প্রথমআলো পত্রিকায়। (শুক্রবারের ক্রোড়পত্র; সাহিত্য সাময়িকী, পৃষ্ঠা-৪)

জামায়াতে ইসলামী পাকিস্তানের তৎকালীন ভারপ্রাপ্ত আমীর মিয়া তোফায়েল আহমেদ “বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করার অর্থ কি”-এই প্রশ্নের জবাবে তিনি বলেছিলেনঃ

“বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করার অর্থ হলো জাতির বিশ্বাসঘাতক ব্যক্তিকে বৈধ শাসক হিসেবে স্বীকার করে নেয়া আর পূর্ব পাকিস্তানের সেই লাখ লাখ দেশ প্রেমিক মানুষের তাগ-তিতিষ্কার প্রতি বিদ্রূপ করা যারা এখনও পাকিস্তানের সমর্থনে এই বিশ্বাসঘাতকের বিরুদ্ধে অতন্দ্র প্রহরীর মত দাঁড়িয়ে আছে। বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করলে কাশ্মীরের বিষয়ে আমাদের অবস্থান দুর্বল হয়ে যাবে। আর আমাদেরকে আজাদ কাশ্মীরও ভারতের হাতে তুলে দিতে হবে। বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করার পর জাতীয় সম্পত্তি বন্টন ও বিদেশী সাহায্যের বিষয়েও প্রশ্ন দেখা দিবে আর এসব ঋণ পাকিস্তানকে পরিশোধ করতে হবে। শেখ মুজিব শিল্প এবং কেন্দ্রীয় তহবীলের ক্ষেত্রে এবং উন্নয়নমূলক প্রকল্পসমূহে ক্ষতিপূরণ দাবী করবেন, ভারত ও বাংলাদেশ পাকিস্তানের কাছ থেকে যুদ্ধের ক্ষতিপূরণ পাবার আইগত অবস্থান লাভ করবে কেননা বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের সাথে সাথে আমাদের সেনা বাহিনী আপনা আপনি হানাদার বা দখলদার

সাব্যস্ত হবে। এভাবে এদেশের অবশিষ্ট অংশও ধ্বংস হয়ে যাবে।”
[জামায়াতে ইসলামী পাকিস্তানের মুখপাত্র ‘সাণ্ডাহিক এশিয়া’
পত্রিকা (লাহোর, ৪ ঠা জুন, ১৯৭২); নির্বাচন কমিশনের সম্পূরক
হলফনামা, পৃষ্ঠা-১০৭]

পত্রিকাটির ঐ সংখ্যার ১১তম পৃষ্ঠায় স্বাধীন সার্বভৌম বাংলাদেশকে
জামায়াতে ইসলামী কীভাবে মূল্যায়ন করে সে কথাও তুলে ধরা হয়েছে।
এখানে ধর্ম নিরপেক্ষ স্বাধীন বাংলাদেশকে মুরতাদ ও কাফের পর্যন্ত আখ্যা
দেয়া হয়। জামায়াতে ইসলামীর ঐ পত্রিকায় লেখা হয়েছিলঃ

“বাংলাদেশের বিষয়টি দক্ষিণ আফ্রিকা ও উত্তর আয়ারল্যান্ডের মত
দেশের একটি অংশের সাধারণ বিদ্রোহ হলে বিষয়টি ভিন্ন ছিল।
কিন্তু এর পেছনে কার্যকর যে সব উপকরণ বর্ণনা করা হচ্ছে সেটা
স্পষ্ট বলে দিচ্ছে, এটা কেবল একটি রাজনৈতিক বিদ্রোহ নয় বরং
আদর্শ ও দর্শনগত একটি ঔদ্ধত্য। বাংলাদেশ সরকার কেবল
নিজেদেরকে ধর্ম নিরপেক্ষ হিসেবে ঘোষণা করেনি বরং তা
ইসলামী জাতীয়তাবাদ পরিত্যাগ করে দেশীয় জাতীয়তাবাদ
অবলম্বন করেছে। ধর্মীয় দৃষ্টিকোন থেকে এটা ইরতেদাদ (অর্থাৎ
ধর্মত্যাগ) নয় তো কি? একজন মুসলমান ঘোষণা করেছে, সে
খোদার পক্ষ থেকে অবতীর্ণ আইনকে তার সামাজিক জীবনের জন্য
গ্রহণ করে না বরং সে জাগতিক আইন চায়-এটাকে কুফুরী ছাড়া
আর কি বলা যায়?” (নির্বাচন কমিশনের সম্পূরক হলফনামা,
পৃষ্ঠা-১০৭)

উপরোক্ত ঘটনা ও তথ্যসমূহ প্রমাণ করে যে, স্বাধীনতা পরবর্তী সময়েও
জামায়াতের বাংলাদেশ বিরোধী দৃঢ় অবস্থান লুকানো কোন বিষয় ছিল না।

এখানে উল্লেখ করা সঙ্গত হবে যে, আমাদের স্বাধীনতা সংগ্রাম এবং ‘৭১-
এর মহান মুক্তিযুদ্ধ’ এ দেশের সর্বস্তরের মানুষের কাছে গভীর এক আবেগের
বিষয়। একজন মানুষ হিসেবে একজন বিচারকেরও আবেগ আছে ও থাকবে
এটাই স্বাভাবিক। কিন্তু, একজন বিচারক আবেগ তড়িত হয়ে শুধুমাত্র
নৈতিকতার মানদণ্ডে বিচার করতে পারে না বা কাউকে শাস্তিও প্রদান করতে
পারে না। বিচারের ক্ষেত্রে আইন ও সংবিধানই হলো বিচারকের কাছে মুখ্য
বিষয়। কেননা, একজন বিচারক সংবিধান ও আইন অনুযায়ী বিচার কার্য
পরিচালনা করতে শপথবদ্ধ।

বর্তমান বাংলাদেশ জামায়াতে ইসলামী নামক রাজনৈতিক দলটির
‘জেনেসিস’ হল জামায়াত-ই-ইসলামী হিন্দ, যা ১৯৪১ সালে প্রতিষ্ঠিত
করেন সৈয়দ আবুল আলা মওদুদী, যিনি মাওলানা মওদুদী হিসেবে
সুপরিচিত।

একদিকে বীর বাঙ্গালী জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও প্রাণ উৎসর্গ করেছিলেন অপরদিকে
পাকিস্তানী হানাদার বাহিনীর সাথে এক যোগ হয়ে আমাদের দেশের জামায়াতে ইসলামী বাংলাদেশ দলটি
এবং তার সমর্থকরা স্বাধীনতার বিরোধীতা করেছে।

পৃথিবীর এমন কোন দেশ খুঁজে পাওয়া যাবে না যেখানে সে দেশের কিছু সংখ্যক জনগোষ্ঠী
তাদের স্বাধীনতার বিরোধীতা করেছে। একমাত্র আমাদের এই বাংলাদেশ ব্যতিক্রম। উপরের রায়টি
পর্যালোচনা করলে এটা কাচের মত পরিষ্কার যে, মুক্তিযুদ্ধের সময় আমাদের দেশের কিছু সংখ্যক ব্যক্তি,
জনগোষ্ঠী এবং দল, যার নেতৃত্বে ছিল জামায়াতে ইসলামী বাংলাদেশ, আমাদের দেশের স্বাধীনতার
বিরোধীতা করে এবং পাকিস্তানের সৈন্যবাহিনীকে সহযোগীতা করেছে। এর চেয়ে দুর্ভাগা দেশ আর আছে

কিনা-আমি জানি না। এখন ধরা যাক ঐ স্বাধীনতাবিরোধী জনগোষ্ঠীর মধ্য থেকে কোন একজনকে সুপ্রীম কোর্টে বিচারপতি নিয়োগ করা হল। এখন তাকে যদি সংবিধানের ব্যাখ্যা প্রদান করার জন্য বলা হয় তাহলে তিনি সংবিধানকে কোন আঙ্গিকে ব্যাখ্যা বিশ্লেষণ করবেন? অবশ্যই তিনি তার স্বাধীনতাবিরোধী মন মানসিকতার আঙ্গিকেই আমাদের এই মহান পবিত্র সংবিধানকে ব্যাখ্যা করবেন। বাংলাদেশের স্বাধীনতা বিরোধী মন মানসিকতা সম্পন্ন এই ধরনের বিচারক আমরা অতীতে দেখেছি।

স্বাধীনতার চার দশকেরও অধিককাল অতিবাহিত হওয়ার পরও কেন বাংলাদেশের জনগণ স্বাধীনতা বিরোধী চিন্তা চেতনার বিচারক দেখবে? ৩০ লক্ষ মুক্তিযোদ্ধার রক্তের উপর দাড়িয়ে স্বাধীনতাবিরোধী জামায়াতী বিচারপতিরা কেন বহাল থাকবে? কেন রাজাকার বিচারপতি বহাল থাকবে? কেন আলবদর বিচারপতি বহাল থাকবে? কেন স্বাধীনতাবিরোধী এবং স্বাধীনতার বিপক্ষে অবস্থানকারী বিচারপতি হিসেবে বহাল থাকবে? কেন ত্রিশ লক্ষ বাঙ্গালী হত্যাকারী ও দুই লক্ষ মা বোনের সম্ভ্রম হরণকারী জামায়াতী বিচারপতিরা বহাল থাকবে? আমাদের বীর মুক্তিযোদ্ধারা কি এই জন্য যুদ্ধ করেছিল? বীর বাঙ্গালী রক্ত দিয়ে দেশ স্বাধীন করেছে, স্বাধীনতাবিরোধীদেরকে বিচারপতি হিসেবে দেখার জন্য নয়।

বাংলাদেশের জনগণকে ধন্যবাদ তাঁরা এবার আমাদেরকে স্বাধীনতাবিরোধী তথা জামায়াতমুক্ত তথা রাজাকারমুক্ত জাতীয় সংসদ উপহার দিয়েছেন। সেই মহান জাতীয় সংসদের নিকট জনগণের চাওয়া বিচার বিভাগ থেকে স্বাধীনতাবিরোধী, রাজাকার, আলবদর এবং জামায়াতে ইসলামী নামক রাজনৈতিক দলটির আদর্শে বিশ্বাসী (যারা আমাদের স্বাধীনতা এবং সংবিধানকে বিশ্বাস করে না) বিচারপতিদের অপসারণ করে বিচার বিভাগ তথা জাতিকে কলংকমুক্ত করবেন। তা না হলে ঐসব বিচারপতিরা আমাদের পবিত্র সংবিধানকে তাদের স্বাধীনতাবিরোধী মানসিকতায় ইচ্ছামত ভুল ব্যাখ্যা করে জামায়াতে ইসলামী নামক দলটির সংবিধানে পরিণত করবেন।

সেই প্রেক্ষিতে আমি মনে করি, আমাদের সংবিধানকে এবং এর প্রস্তাবনাকে পরিপূর্ণভাবে বুঝতে সক্ষম না হলে এবং আমাদের প্রস্তাবনায় উল্লিখিত জাতীয় মুক্তির জন্য আমাদের যে ঐতিহাসিক সংগ্রাম সে সম্পর্কে পূর্ণ আস্থা এবং জ্ঞান না থাকলে এবং যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদগণকে প্রণোৎসর্গ করতে উদ্বুদ্ধ করেছিল সেই সকল মহান আদর্শ সমূহকে না জানলে ও অন্তরে ধারণ না করলে এবং স্বাধীনতা সংগ্রাম, মুক্তিযুদ্ধ এবং স্বাধীনতার চেতনা ধারণ না করলে ভবিষ্যতে কোন ব্যক্তিকে যেন বিচারপতি হিসেবে নিয়োগ প্রদান করা না হয়।

আমাদের সংবিধানের প্রস্তাবনায় উল্লিখিত জাতীয় মুক্তির জন্য আমাদের যে ঐতিহাসিক সংগ্রাম এবং যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদগণকে প্রণোৎসর্গ করতে উদ্বুদ্ধ করেছিল সেই সকল মহান আদর্শসমূহকে যিনি অন্তরে ধারণ করতে এবং হৃদয়ঙ্গম করতে পারবেন তিনিই কেবল এ সংবিধানকে সঠিকভাবে ব্যাখ্যা করতে সক্ষম হবেন।

সংবিধান, সংবিধানের প্রস্তাবনা, প্রস্তাবনায় উল্লিখিত জাতীয় মুক্তির জন্য আমাদের যে ঐতিহাসিক সংগ্রাম এবং যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদগণকে প্রণোৎসর্গ করতে উদ্বুদ্ধ করেছিল সেই সকল মহান আদর্শসমূহকে, মহান মুক্তিযুদ্ধ এবং

স্বাধীনতার চেতনাকে ধারণ করিতে পারেন নি বলেই জাতির পিতা বঙ্গবন্ধু ও তার পরিবারের সদস্যদের হত্যাকারীদের সাথে সহযোগী হয়ে জাতির পিতার রক্তের উপর দাড়িয়ে নিষ্ঠুর এবং নির্লজ্জভাবে সংবিধানকে দলিত মথিত করে বিচারপতি আবু সাইদ চৌধুরী (যিনি সংবিধানকে রক্ষা করার শপথ গ্রহণ করেছিলেন) ১৯৭৫ সালের ১৫ই আগস্ট জাতির পিতার হত্যাকারীদের দোসর হয়ে সন্ধ্যা ৬.০০ টায় স্বঘোষিত, অবৈধ, বেআইনী, অসাংবিধানিক এবং দখলদার রাষ্ট্রপতি খন্দকার মোস্তাক আহমেদ কর্তৃক অবৈধ, বেআইনী এবং অসাংবিধানিকভাবে প্রধানমন্ত্রীর পদ দখল করেন। অতপরঃ ৮ই নভেম্বর ১৯৭৫ তারিখ প্রাক্তন প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম জাতির পিতা বঙ্গবন্ধু ও তার পরিবারের সদস্যদের হত্যাকারীদের সাথে সহযোগী হয়ে জাতির পিতার রক্তের উপর দাড়িয়ে নিষ্ঠুর এবং নির্লজ্জভাবে ভাবে সংবিধানকে দলিত মথিত করে (যিনি সংবিধানকে রক্ষা করার শপথ গ্রহণ করেছিলেন) অবৈধভাবে রাষ্ট্রপতির পদ দখল করেছিলেন এবং সাড়ে সাত কোটি জনগণের নির্বাচিত ‘জাতীয় সংসদকে’ এক কলমের খোঁচায় বাতিল করার ধৃষ্টতা দেখিয়েছেন।

প্রধান বিচারপতিসহ সুপ্রীম কোর্টের আপীল/হাইকোর্ট বিভাগের বিচারকগণ এই মর্মে শপথ গ্রহণ করেন যে, “আমি বাংলাদেশের সংবিধান ও আইনের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব।”

১৯৭৫ সালের ১৫ ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধুকে স্বপরিবারে হত্যার এবং ৩ নভেম্বর কারাগারে আটক ৪ জাতীয় নেতাকে হত্যার পরবর্তীতে দেশ যখন সাংবিধানিক সংকটে নিপতিত হল তখন আমাদের তৎকালীন সুপ্রীমকোর্ট এবং এর বিচারকরা সংবিধান রক্ষা এবং এর নিরাপত্তা বিধান করতে ব্যর্থ হয়। আরও সহজভাবে বললে সেই সময়কার সুপ্রীমকোর্ট অবৈধ ক্ষমতা দখলদার এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ব্যর্থ হয়।

তার চেয়েও ভয়াবহ, যখন আমরা দেখি তৎকালীন প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম অবৈধভাবে রাষ্ট্রপতির পদ দখল করেন এবং অবৈধভাবে ৮ই নভেম্বর ১৯৭৫ তারিখে জনগণ কর্তৃক নির্বাচিত জাতীয় সংসদ ভেঙ্গে দেন। যেখানে বিচারপতিগণ সংবিধান ও আইনের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করবেন বলে শপথ পাঠ করেন, সেখানে আমরা দেখলাম আমাদের তৎকালীন প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম সংবিধান ও আইন এর চরম লংঘন করে অসাংবিধানিকভাবে রাষ্ট্রপতির পদ দখল করেন। এটি রাষ্ট্রদ্রোহীতা। জনগণ এইসব রাষ্ট্রদ্রোহী ব্যক্তিদের কখনও ক্ষমা করবে না। এই সব রাষ্ট্রদ্রোহী ব্যক্তিদের এবং তাদের অতীত জঘন্য কর্মকাণ্ডকে বাঙ্গালী জাতি কখনও ক্ষমা করবে না।

বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম বিচারকের পবিত্র কলমকে বেয়নেট (রাইফেলের মাথায় একপ্রকার ধারাল ছুরি) বানিয়ে আমাদের সংবিধানকে খুঁচিয়ে খুঁচিয়ে রক্তাক্ত করেছেন এবং সাড়ে সাত কোটি মানুষের ‘জনরায়’ কে তথা সাড়ে সাত কোটি মানুষের নির্বাচিত ‘জাতীয় সংসদ’কে তার কলমের বেয়নেটে কেটে রক্তাক্ত করেছেন। তার চেয়ে (সায়েম) বড় রাষ্ট্রদ্রোহী আর কে হতে পারে?

বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম একজন ‘জনরায় ছিনতাইকারী’। একজন মানুষকে অস্ত্রের মুখে রেখে তার টাকা পয়সা এবং মূল্যবান জিনিস ছিনিয়ে নেয়া যদি ছিনতাই হয় তবে সাড়ে সাত কোটি মানুষের নির্বাচিত জাতীয় সংসদকে ছিনিয়ে নেয়া ব্যক্তি ছিনতাইকারী নয়তো কি?

বিচারপতি আবু সাইদ চৌধুরী এবং প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের হত্যাকারী এবং জাতীয় ৪(চার) নেতার হত্যাকারীদের দোসর। বিচারপতি আবু সাইদ চৌধুরী জনগণের নির্বাচিত রাষ্ট্রপতি হত্যায় সমর্থন দিয়ে হত্যাকারীদের দোসর হয়ে হত্যার দিনই প্রধানমন্ত্রীর পদ দখল করেন। পৃথিবীতে আর একটি দেশও নেই যে দেশের বিচারপতি এ ধরনের জঘন্য কর্ম করেছে। বিচার বিভাগ তখন এ অসাংবিধানিক তৎপড়তার বিরুদ্ধে ন্যূনতম ব্যবস্থাও নেয়নি। বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের হত্যাকারী এবং জাতীয় ৪(চার) নেতার হত্যাকারীদের দোসর হয়ে হত্যাকারীদের রক্তাক্ত হাতের সাথে হাত মিলিয়ে সংবিধান রক্ষার শপথ ভঙ্গ করে রাষ্ট্রপতির পদ দখল করে এবং সাড়ে সাত কোটি জনগণের নির্বাচিত জাতীয় সংসদকে বাতিল করেন। এই ধরনের হত্যাকারীর দোসর সংবিধান ভঙ্গকারী ‘জনরায় ছিনতাইকারী’র বিচার কি হবেনা?

বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম জনগণের নির্বাচিত জাতীয় সংসদকে বাতিল করে আরো ভয়ংকর কাজ করেন এবং ২৯ শে নভেম্বর ১৯৭৬ তারিখে একজন আর্মি রুলস ভঙ্গকারী সরকারী কর্মচারী মেজর জেনারেল জিয়াউর রহমানকে দেশের রাষ্ট্রপতি বানিয়ে দেন। অবস্থাদৃষ্টে মনে হয় তিনি (সায়েম) যেন তখন ইচ্ছা পোষণ করলে একজন ডাকাতকেও দেশের রাষ্ট্রপতি বানিয়ে দিতে পারতেন। দেশের জনগণের তখন কোন ইচ্ছা অনিচ্ছা ছিলনা। জনগণ অবাক হয়ে দেখলো যিনি সংবিধান ও দেশকে রক্ষা করার শপথ নিয়েছিলেন বা যে বিভাগটিকে সংবিধানের অভিভাবক হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছিল তিনি এবং তারা সংবিধান তছনছ করেছেন। যাকে এক কথায় বলা যায় জংলী শাসন।

মেজর জেনারেল জিয়াউর রহমান বাক বাকুম করে ক্ষমতা নিয়ে নিলেন তথা রাষ্ট্রপতির পদ দখল করলেন। একবারও ভাবলেন না, তিনি একজন সরকারী কর্মচারী। সরকারী কর্মচারী হয়ে কিভাবে তিনি আর্মি রুলস ভঙ্গ করেন। ভাবলেন না তার শপথের কথা। ভাবলেন না, তিনি দেশকে রক্ষা করতে প্রয়োজনে মৃত্যুকে বরণ করার শপথ নিয়েছিলেন। ভাবলেন না, তিনি এবং তারা ব্যর্থ হয়েছিলেন দেশের নির্বাচিত রাষ্ট্রপতিকে রক্ষা করতে। ভাবলেন না, তিনি এবং তারা ব্যর্থ হয়েছেন জাতীয় চার নেতাকে রক্ষা করতে। জনগণ আশ্চর্য হয়ে দেখল মেজর জেনারেল জিয়াউর রহমান দেশের নির্বাচিত রাষ্ট্রপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের হত্যাকারী এবং জাতীয় চার নেতার হত্যাকারীদের দোসর হয়ে তাদের রক্তাক্ত হাতের সাথে হাত মিলিয়ে সম্পূর্ণ বেআইনী এবং অসাংবিধানিকভাবে রাষ্ট্রপতির পদ দখল করল। যাকে এক কথায় বলা যায় বন্দুক ঠেকিয়ে জনগণের প্রতিষ্ঠান দখল।

আমরা জানি ডাকাতরা সংঘবদ্ধভাবে ডাকাতি করে। ডাকাতদের যে নেতৃত্ব দেয় তাকে ডাকাত সর্দার বলে। ডাকাতি করার সময়ে ডাকাতরা বাড়িটি বা ঘরটি কিছু সময়ের জন্য অস্ত্রের মুখে দখল করে

এবং মূল্যবান দ্রব্যাদি লুণ্ঠন করে। বিচারপতি আবু সাইদ চৌধুরী, প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম, মেজর জেনারেল জিয়াউর রহমান গংরা দেশে নির্বাচিত প্রতিনিধি থাকা সত্ত্বেও অস্ত্র এবং অবৈধ কলমের খোঁচায় নির্বাচিত জাতীয় সংসদকে ভেঙ্গে ডাকাতদের মত অবৈধভাবে জোরপূর্বক জনগণের ক্ষমতা ডাকাতি করে দখল করেন। যে বিচার বিভাগ এবং এর বিচারকদের ওপর আইনগত দায়িত্ব ছিল সাংবিধানের সামান্যতম বিচ্যুতিকে রক্ষা করা, সংরক্ষণ করা এবং নিরাপত্তা প্রদান করা; সেই বিচার বিভাগ এবং এর তৎকালীন বিচারকরা সংবিধানকে এক কথায় হত্যা করলেন, জনগণের রায় ডাকাতি করে জনগণের নির্বাচিত সংসদকে বাতিল করলেন। অপরদিকে মেজর জেনারেল জিয়াউর রহমান নিজে একজন সরকারী কর্মচারী হয়েও আর্মি বুলস ভঙ্গ করে জনগণের রায়ে নির্বাচিত জাতীয় সংসদকে হত্যা করে দেশের সংবিধানকে হত্যা করে অস্ত্রের মুখে অন্যায়ভাবে অসৎভাবে হত্যাকারীদের দোসর হয়ে জনগণকে চরম অবজ্ঞা করে ক্ষমতা দখল করেন। একজন মুক্তিযোদ্ধা হয়ে মেজর জেনারেল জিয়াউর রহমান মুক্তিযুদ্ধের বিরোধী তথা স্বাধীনতাবিরোধী রাজাকার, আলবদর, আল-শামস এবং জামায়াতে ইসলামীকে এদেশে পুনর্বাসন করেন। তাদেরকে রাজনীতি করার অধিকার দেন। তাদেরকে নাগরিকত্ব দেন। (যে নাগরিকত্বকে আমাদের তথাকথিত জামায়াতী এবং স্বাধীনতা বিরোধী মানসিকতার বিচারকরা বৈধ বলেন)। তিনি স্বাধীনতাবিরোধী এবং মানবতাবিরোধী অপরাধীদের সংসদ সদস্য করেন এবং তাদেরকে মন্ত্রী বানিয়ে তাদের গাড়িতে বাংলাদেশের পতাকা দিয়ে ত্রিশ লক্ষ শহীদের রক্তের সাথে এবং দুই লক্ষ মা বোনের সন্মের সাথে বেইমানী করেন। এর পরেও কি বাংলাদেশের জনগণ মেজর জেনারেল জিয়াউর রহমানকে মুক্তিযোদ্ধা বলতে পারে?

মেজর জেনারেল জিয়াউর রহমান শুধু জাতির পিতা ও তার পরিবারের এবং জাতীয় চার নেতা হত্যাকারীদের শুধু দোসরই হন নি, বরং তিনি জাতির পিতা ও তার পরিবারের হত্যাকারীদের পুরস্কৃত করেছেন রাষ্ট্রদূত, সংসদ সদস্য ইত্যাদি বানিয়ে। তিনি আরও জঘন্য যে কাজটি করেন তা হল তিনি জনগণের নির্বাচিত রাষ্ট্রপতি জাতির পিতা ও তার পরিবারের হত্যাকারীদের হত্যার বিচার বন্ধ করে দায়মুক্তি আইন প্রণয়ন করেন। অর্থাৎ তিনি জাতির পিতা ও তার পরিবারের হত্যাকে এই দায়মুক্তি আইন দ্বারা সমর্থন দিয়ে প্রমাণ করেন তিনিও জাতির পিতা ও তার পরিবারের হত্যাকারী এবং জাতীয় চার নেতার হত্যাকারীদেরই একজন।

আবু সাইদ চৌধুরী, আবু সাদাত মোহাম্মদ সায়েম, মেজর জেনারেল জিয়াউর রহমান গংরা সহ যারা ১৯৭৫ সালের ১৫ই আগস্ট জাতির পিতা ও তার পরিবারের হত্যাকারী এবং জাতীয় চার নেতা হত্যাকারীদের সাহায্য সহযোগীতা এবং লালন পালন করেছেন বাঙালী জাতি তাদের প্রত্যেকের দৃষ্টান্তমূলক বিচার দাবি করে এবং এদের পদ পদবী সকল কিছু প্রত্যাহার এখন সময়ের দাবি। তাই মহান জাতীয় সংসদকে এমন দৃষ্টান্তমূলক আইন প্রণয়ন করতে হবে যেন ভবিষ্যতে এ ধরনের কোন জঘন্য অপরাধের চিন্তাও কারও মনে উদয় না হয়।

যারা জনগণের বিরুদ্ধে দাড়ায় এবং যারা আমাদের পবিত্র সংবিধানকে তাদের ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করার জন্য ইচ্ছে মতো তছনছ করে, সংবিধানকে সামরিক ফরমান এর নিচে স্থান দেয়- এই

ধরণের ব্যক্তিদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা জরুরী। মহান জাতীয় সংসদ এই বিষয়ে আইন প্রণয়ন করবেন বলে আমি আশা করি। মহান জাতীয় সংসদ কর্তৃক উপরে উল্লিখিত আইনটি প্রণয়ন না হওয়া পর্যন্ত আপততঃ একটি “ঘৃণা চক্র” স্থাপন করা জরুরী, যেখানে গিয়ে সাধারণ জনগণ ঐ সব ব্যক্তিদের প্রতি তাদের ঘৃণা প্রকাশ করে আসতে পারবে। একমাত্র তাহলেই ভবিষ্যতে আর কেউ বিচারপতি আবু সাইদ চৌধুরী এবং প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম এবং মেজর জেনারেল জিয়াউর রহমান এর মত ঘৃণ্য কাজ করার সাহস পাবে না।

জনগণ আরো অবাক হয়ে দেখে, হালিমা খাতুন বনাম বাংলাদেশ গং [৩০ ডি.এল.আর (এস.সি) ১৯৭৮ পাতা ২০৭] মামলায় সুপ্রীম কোর্টের বিচারপতি ফজলে মুনিম সংবিধানকে প্রক্লামেশনের তথা সামরিক ফরমানের নিচে স্থান দেন তথা ‘সংবিধানকে’ সামরিক ফরমান এবং আদেশের নিচে মর্মে ঘোষণা করেন। তিনি বলেন, “No Constitutional provision can claim to be sacrosanct and immutable. The present Constitutional provision may, however, claim superiority to any law other than a Regulation or Order made under the Proclamation.” যাকে মাননীয় প্রধান বিচারপতি এ, বি, এম, খায়রুল হক ঐতিহাসিক ‘সিদ্দিক আহমেদ বনাম বাংলাদেশ সরকার’ [সংবিধান (সপ্তম সংশোধন) আইন ১৯৮৬] মামলায় বলেছেন “Seditious”।

রাষ্ট্র বনাম হাজী জয়নাল আবেদিন এবং অন্যান্য [৩২ ডি.এল.আর (এ.ডি) ১৯৮০ পাতা ১১০] মামলায় বিচারপতি রুহুল ইসলাম বলেন,

“From a consideration of the features noted above it leaves no room for doubt that the Constitution though not abrogated, was reduced to a position subordinate to the Proclamation, inasmuch as, the unamended and unsuspending constitutional provisions were kept in force and allowed to continue subject to the proclamation and Martial Law Regulation or orders and other orders; and the Constitution was amended from time to time by issuing Proclamation. In the face of the facts stated above I find it difficult to accept the arguments advanced in support of the view that the Constitution as such is still in force as the supreme law of the country, untrammelled by the Proclamation and Martial Law Regulation.”

যাকে মাননীয় প্রধান বিচারপতি এ, বি, এম, খায়রুল হক তাঁর ঐতিহাসিক মামলা ‘সিদ্দিক আহমেদ বনাম বাংলাদেশ সরকার’ [সংবিধান (সপ্তম সংশোধন) আইন ১৯৮৬] মামলায় বলেছেন “Seditious”।

আমরা আরো দেখি নাছিরউদ্দিন বনাম বাংলাদেশ সরকার ৩২ ডি.এল.আর (এ.ডি.) ১৯৮০ পাতা ২১৬ মামলায় সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি কামাল উদ্দিন হোসেন বলেন যে,

“In view of the changed circumstances, the question arose whether the decisions of the Martial Law Courts have become amenable to writ jurisdiction of the High Court Division. After careful consideration of all the relevant proclamations and Regulations and enactments and considering all aspects of the question, this Division has expressed the opinion that such decisions or orders passed by the Martial Law Court or any authority under such Regulation during the Martial Law period are protected from being challenged under the writ jurisdiction of the High Court Division except in case of want of jurisdiction or coram non judice or mala fide.”

উপরের রায় সম্পর্কে প্রধান বিচারপতি এ, বি, এম, খায়রুল হক ইতিহাস সৃষ্টিকারী ‘সিদ্দিক আহমেদ বনাম বাংলাদেশ সরকার [সংবিধান (সপ্তম সংশোধন) আইন ১৯৮৬] মামলায় বলেন যে,

“ The decisions and orders passed by the various Martial Law Courts are at all protected. Those Courts being begotten out of void provisions, lack jurisdiction altogether and it is the duty of the High Court Division, any, it is imperative on its part to say so. It did so in the Fifth Amendment Case.

We have already held that the Constitution is the supreme law of Bangladesh and the Supreme Court is empowered by the Constitution to look into any illegality or irregularity of any authority. The views of the Appellate Division in this case, upholding the vain supremacy of the Martial Law Proclamations etc. and the Martial Law Courts were erroneous and inconsistent with the Constitution, as such with greatest respect for the learned Judges, we are constrained to overrule it.”

আমরা আরো দেখি আনোয়ার হোসেন চৌধুরী বনাম বাংলাদেশ সরকার {(অষ্টম সংশোধনী মামলা) ১৯৮৯ বি,এল,ডি (বিশেষ সংখ্যা)} মামলায় প্রধান বিচারপতি শাহাবুদ্দিন আহমেদ বলেন যে,

“332. In spite of these vital changes from 1975 by destroying some of the basic structures of the constitution, nobody challenged them in court after revival of the Constitution; consequently, they were accepted by the people, and by their acquiescence have become part of the Constitution. In the case of Golak Nath, the Indian Supreme Court found three past amendments of the their Constitution invalid on the ground alteration of the basic structures, but refrained from declaring them void in order prevent chaos in the

national life and applied the Doctrine of Prospective Invalidation for the future. In our case also the past amendments which were not challenged have become part of the Constitution by general acquiescence.”

উপরের রায় সম্পর্কে প্রধান বিচারপতি এ, বি, এম, খায়রুল হক ঐতিহাসিক ‘সিদ্দিক আহমেদ বনাম বাংলাদেশ সরকার [সংবিধান (সপ্তম সংশোধন) আইন ১৯৮৬] মামলায় বলেন যে,

“This is not so and the observation that ‘the past amendments which were not challenged have become part of Constitution by general acquiescence’ with respect, are misconceived.

The Constitution is the Supreme law and its any violation is void and illegal and remains so for all time to come. The plea of waiver or acquiescence is not available in respect of violation of any law. If it is violated, the Court is bound to say so, no matter when it is raised. There is no period of limitation, no waiver, no acquiescence in this respect:”

বিচারপতি আবু সাইদ চৌধুরী, প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম, বিচারপতি ফজলে মুনিম, বিচারপতি রুহুল ইসলামসহ অন্যরা সংবিধানের প্রস্তাবনায় উল্লিখিত জাতীয় মুক্তির জন্য আমাদের যে ঐতিহাসিক সংগ্রাম এবং যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তির সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদগণকে প্রাণোৎসর্গ করতে উদ্বুদ্ধ করেছিল সেই সকল মহান আদর্শ সমূহকে এবং স্বাধীনতার চেতনাকে ধারণ করতে ব্যর্থ হয়েছেন বিধায় সংবিধানকে সামরিক ফরমানের নিচে মর্মে ঘোষণা করেছিলেন। অথচ তারা সকলে এই মর্মে শপথ গ্রহণ করেছিলেন যে, “ আমি বাংলাদেশের সংবিধান ও আইনের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান করিব” এবং অনুমেয় তারা ব্যর্থ হয়েছিলেন তাদের সাংবিধানিক দায়িত্ব পালনে তথা ‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ সম্বলিত অনুচ্ছেদ ৯৬ সংবিধানের মূল কাঠামো (basic structure), বিচার বিভাগের স্বাধীনতা এবং সংবিধানের বিধানাবলীর পরিপন্থী মর্মে ঘোষণা করতে।

১৯৬৭ সালে গোলকনাথ মামলায় (*Golaknath v. State of Punjab*” AIR 1967 SC 1643) ভারতীয় সুপ্রীম কোর্টের ১১ (এগার) জন বিচারপতি সংখ্যাগরিষ্ঠ (৬-৫) মতামতের ভিত্তিতে বলেন যে, মৌলিক অধিকারের (fundamental rights) এর সাথে সাংঘর্ষিক সকল আইন অবৈধ। (ভারতীয় সুপ্রীম কোর্ট বলেন যে, “law within the meaning of Article 13 (2) includes an amendment of the Constitution and as such it is void if it conflicts with any provision guaranteeing fundamental rights. All the three previous Amendments were found invalid; but these previous Amendments, which already became part of the Constitution by acquiescence of the of the people for a long time were not disturbed and the “doctrine of prospective overruling” was applied from the date

of this decision, that is Parliament would have no power in future to amend any provision of Part III so as to take away or abridge the fundamental rights”)

১৯৭৬ সালে কেশবানন্দ মামলায় (***Kesavanda v. State of Kerala, AIR 1973 SC 1461***) ভারতীয় সুপ্রীম কোর্টের ১৩ (তের) জন বিচারপতি সংখ্যাগরিষ্ঠ (৭- ৬) মতামতের ভিত্তিতে বলেন যে, মৌলিক অধিকার (fundamental rights) হরণ (abrogate) করে অথবা সংবিধানের স্বকীয়তা/নিজস্বতা (fundamental features of the constitution) ধ্বংস করে যে কোন আইন প্রণয়ন পার্লামেন্টের এখতিয়ার বহির্ভূত (without jurisdiction)। (ভারতীয় সুপ্রীম কোর্ট বলেন যে, *Summary of the majority decision is: “The expression “amendment of the Constitution” does not enable Parliament to abrogate the fundamental rights or to completely alter the fundamental features of the Constitution so as to destroy its identity; though the power to amend cannot be narrowly construed and it extends to all the articles of the Constitution, it is not unlimited so as to include the power to abrogate the Constitution or destroy its basic structure or frame –work; subject to retention of the basic structure the power of amendment is plenary and includes the power to amend any provisions of the Constitution; majority decision in Golak Nath’s case (an earlier case) that the law in Article 13(2) includes a Constitutional amendment was held to be incorrect.”*)

১৯৮০ সালে মিনারভা মিল মামলায় (***Minerva Mills Ltd. V. Union of India” AIR 1980, SC 1789***) ভারতীয় সুপ্রীম কোর্ট বলেছেন সুপ্রীম কোর্টের রিভিউ পাওয়ার (Review power) হরণ (abrogate) হল সংবিধানের মূল কাঠামো বা স্বকীয়তা (basic or essential features) ধ্বংসের সামিল। (ভারতীয় সুপ্রীম কোর্ট বলেন যে, *the amendment invalid observing that Sec.55 of the 42nd Amendment Act is beyond the amending power of the Parliament and is void since it removed all limitation on the power of the Parliament to amend the Constitution and conferred upon it power to amend the Constitution so as to damage or destroy its basic or essential features or its structures.*)

অর্থাৎ, ভারতের পার্লামেন্ট সংবিধান সংশোধনের ক্ষেত্রে সম্পূর্ণ স্বাধীন নয়। ভারতের পার্লামেন্ট সংবিধানের মূল কাঠামো (basic structure), স্বকীয়তা (basic or essential features) এবং মৌলিক অধিকারের (fundamental rights) পরিপন্থী কোন আইন প্রণয়ন করতে পারেন না।

উপর্যুক্ত রায়গুলো পর্যালোচনায় ইহা কাটের মত পরিষ্কার যে, ভারতের সুপ্রীম কোর্ট সে দেশের জনগণের নির্বাচিত রাষ্ট্রপতির হত্যাকারীদের প্রণীত কোন আইনকে বৈধ বলেনি। ভারতের সুপ্রীম কোর্ট সে দেশের সংবিধান ভঙ্গকারী এবং ‘জনরায় ছিনতাইকারী’ কোন একক ব্যক্তির খেয়ালখুশিমত প্রণীত কোন আইনকে বৈধ বলেনি। ভারতের সুপ্রীম কোর্টের কোন বিচারপতি সংবিধান ভঙ্গ করে হত্যাকারীদের দোসর হয়ে প্রধানমন্ত্রী কিংবা রাষ্ট্রপতির পদ দখল করেন নি। সুতরাং ভারতের সুপ্রীম কোর্টের উপরে উল্লিখিত পবিত্র রায়গুলিকে এনে বর্তমান মামলা তথা জনগণের রাষ্ট্রপতি হত্যাকারী ‘জনরায় ছিনতাইকারী’ কর্তৃক

প্রণীত ‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ সম্বলিত সংবিধানের ৯৬ অনুচ্ছেদটি সংবিধানে সন্নিবেশিত করার আইনের সাথে তুলনা করা উপর্যুক্ত মহান পবিত্র রায়গুলোর অবমাননা। ভারতের সুপ্রীম কোর্ট কোনদিনই হত্যাকারী, জনরায় ছিনতাইকারী, সংবিধান ভঙ্গকারী কর্তৃক প্রণীত কোন আইনকে কখনই স্বীকৃতি দেয়নি।

এখন বাংলাদেশের সংবিধান সংশোধন সংক্রান্ত ঐতিহাসিক রায়সমূহকে পর্যালোচনা করব। এ যাবৎ অত্র মামলাসহ সংবিধানের পাঁচ (৫) টি সংশোধনীর বৈধতা নিয়ে আমাদের সুপ্রীম কোর্টে মামলা হয়েছে।

প্রথম মামলাটি হল আনোয়ার হোসেন চৌধুরী গং বনাম বাংলাদেশ [(৪১ ডিএলআর (এডি) (১৯৮৯) পাতা ১৬৫], যা সংবিধান অষ্টম সংশোধনী মামলা হিসেবে বিখ্যাত। দ্বিতীয় মামলাটি হল বাংলাদেশ ইটালিয়ান মার্বেল ওয়ার্কস লি. বনাম বাংলাদেশ সরকার ও অন্যান্য [১৪ বি.এল.টি. (বিশেষ সংখ্যা ২০০৬), যা সংবিধান পঞ্চম সংশোধনী মামলা হিসেবে বিখ্যাত। তৃতীয় মামলাটি হল আব্দুল মান্নান খান বনাম বাংলাদেশ [২০১২ (বিশেষ সংখ্যা) বিএলটি(এডি)০১], যা সংবিধান ত্রয়োদশ সংশোধনী মামলা হিসেবে বিখ্যাত এবং চতুর্থ মামলাটি হল সিদ্দিক আহম্মেদ বনাম বাংলাদেশ [(২০১১) ৬৩ ডিএলআর ৫৬৪], যা সংবিধান সপ্তম সংশোধনী মামলা হিসেবে বিখ্যাত।

প্রথমেই আনোয়ার হোসেন মামলা, যা সংবিধান অষ্টম সংশোধন মামলা হিসেবে বিখ্যাত বা সুপরিচিত [আনোয়ার হোসেন চৌধুরী গং বনাম বাংলাদেশ [(৪১ ডিএলআর (এডি) (১৯৮৯) পাতা ১৬৫]। এই মামলা আমাদের বিচার বিভাগের ইতিহাসে এ জন্য বিখ্যাত যে, এই মামলায় প্রথম জাতীয় সংসদ কর্তৃক প্রণীত একটি সংবিধান সংশোধন আইনের বৈধতা নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। এই মামলায় প্রথম আমাদের সুপ্রীম কোর্ট সংসদ কর্তৃক প্রণীত একটি সংবিধান সংশোধন আইনকে সংবিধানের মৌলিক কাঠামো (basic structure) এর পরপন্থী বলে ঘোষণা করে আইনটি অসাংবিধানিক মর্মে ঘোষণা করেন এবং বাতিল (stick down) করেন।

সুপ্রীম কোর্টের সাংবিধানিক দায়িত্ব মূল সংবিধানের প্রতিস্থাপন (restoration) করা। অষ্টম সংশোধনী মামলায় বিচারপতি বদরুল হায়দার চৌধুরী বলেছেন “ *conscious as we are of the heavy responsibility which in a final analysis fall upon this court while we have decided to strick down in amended article 100 we consider it our lawful duty to restore Article 100 in this original position.....* ”

বিচারপতি বদরুল হায়দার চৌধুরীর অষ্টম সংশোধনী মামলার উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে বলা যায়, ‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ সম্বলিত ৯৬ অনুচ্ছেদ সংবিধান থেকে উপরে ফেলে মূল সংবিধানের অনুচ্ছেদ ৯৬ প্রতিস্থাপন করা সুপ্রীম কোর্টের আইনগত দায়িত্ব। কারণ, ‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ সম্বলিত ৯৬ অনুচ্ছেদটি জাতীয় সংসদ প্রণয়ন করেনি। সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল সম্বলিত ৯৬ অনুচ্ছেদটি সংবিধানে অন্তর্ভুক্ত করেছে আর্মি রুলস ভঙ্গ করে বেআইনীভাবে এবং অসাংবিধানিকভাবে রাষ্ট্রপতির পদ দখলকারী মেজর জেনারেল জিয়াউর রহমান। সুতরাং, সংবিধান মোতাবেক সুপ্রীম কোর্টের আইনগত দায়িত্ব ৭২ এর সংবিধানের ৯৬ অনুচ্ছেদটি পুনঃস্থাপন (restore) করা।

অতঃপর বিচার বিভাগের ইতিহাসে সবচেয়ে উজ্জ্বলতম দিন ২৯ শে আগস্ট ২০০৫। এই দিন বিচার বিভাগের সূর্য সন্তান বিচারপতি এ, বি, এম, খায়রুল হক তাঁর সংবিধান পঞ্চম সংশোধনী নামে বিখ্যাত [বাংলাদেশ ইটালিয়ান মার্বল ওয়ার্কস লি. বনাম বাংলাদেশ সরকার ও অন্যান্য [১৪ বি.এল.টি. (বিশেষ সংখ্যা ২০০৬)] মামলায় ঐতিহাসিক রায়ের মাধ্যমে সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সালের ১ নং আইন) কে অবৈধ ঘোষণা করেন। উক্ত রায়ের মাধ্যমে তিনি আমাদের বিচার বিভাগকে মহিমাম্বিত করেছেন। মাননীয় বিচারপতি এ,বি,এম, খায়রুল হকের এই রায়ের মাধ্যমে বিচার বিভাগ তার সঠিক আইনানুগ দায়িত্ব পালনে সক্ষম হয়েছে, তথা বিচার বিভাগ কলংকমুক্ত হয়েছে।

উপর্যুক্ত রায়ের মাধ্যমে তিনি ১৯৭৫ সালের ১৫ই আগস্ট থেকে ১৯৮৯ সালের ৯ই এপ্রিল তারিখের মধ্যে প্রণীত সকল ফরমান, আদেশ, সামরিক আইন, প্রবিধান এবং উক্ত মেয়াদের মধ্যে অনুরূপ কোন ফরমান দ্বারা এই সংবিধানের যে সকল সংশোধন, সংযোজন, পরিবর্তন ও বিলোপসাধন করে যে সকল কার্যক্রম, যা সংবিধান “পঞ্চম সংশোধনী” আইন, ১৯৭৯ দ্বারা বৈধতা প্রদান করা হয়েছিল, তা অসাংবিধানিক মর্মে ঘোষণা করে সংবিধান (পঞ্চম সংশোধনী) আইন, ১৯৭৯ (১৯৭৯ সালের ১ নং আইন) কে অসাংবিধানিক, বেআইনী এবং বাতিল আইন মর্মে ঘোষণা করেন।

এই পঞ্চম সংশোধনী মামলা বিচার বিভাগের ইতিহাসে সবচেয়ে গুরুত্বপূর্ণ মামলা। কারণ ১৫ই আগস্ট ১৯৭৫ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্বপরিবারে হত্যার পরবর্তীতে যে অবৈধ, অসাংবিধানিক সরকার ক্ষমতা দখল করেছিল তাদের বিরুদ্ধে সংবিধানের অভিভাবক, রক্ষক, সমর্থক এবং নিরাপত্তা বিধানকারী বিভাগটি তথা বিচার বিভাগ দীর্ঘদিন তাদের আইনগত দায়িত্ব পালন করতে পারেনি। ১৫ই আগস্ট ১৯৭৫ থেকে ২৯ শে আগস্ট ২০০৫ তারিখ পর্যন্ত সময়ে বিচার বিভাগ ব্যর্থ হয়েছে বেআইনী, হত্যাকারী এবং অসাংবিধানিক সরকারকে অবৈধ ঘোষণা করতে। বিচারপতি এ, বি, এম, খায়রুল হক তার সাহসী রায়ের মাধ্যমে বিচার বিভাগকে অন্ধকার যুগ থেকে আলোর পথে নিয়ে আসেন এবং ২৯শে আগস্ট ২০০৫ ইং তারিখ থেকে বিচার বিভাগ আবার তার গৌরবোজ্জ্বল পথে ফিরে আসে। বাঙ্গালী জাতি অবশ্যই চিরকাল বিচারপতি এ, বি, এম, খায়রুল হককে তার দুঃসাহসী এবং ঐতিহাসিক পঞ্চম সংশোধনী মামলার রায়ের জন্য স্মরণ করবে। পরবর্তীতে উক্ত রায়ে সংক্ষুদ্ধ হয়ে খন্দকার দেলোয়ার হোসেন (তৎকালীন সেক্রেটারী, বি এন পি) এবং মুন্সী আহসান কবির এবং অন্যরা আপীল বিভাগে যথাক্রমে সি.পি নং ১০৪৪/২০০৯ এবং সি.পি. নং ১০৪৫/২০০৯ দাখিল করেন। উক্ত সিভিল পিটিশন ফর লীভ টু আপীল দুইটি মাননীয় প্রধান বিচারপতি মোঃ তাফাজ্জাল ইসলাম মহোদয়ের নেতৃত্বে মহামান্য আপীল বিভাগ এর পূর্ণাঙ্গ বেঞ্চে একত্রে শুনানী অন্তে বিগত ১ লা ফেব্রুয়ারী ২০১০ তারিখে খারিজ করেন।

অতঃপর তৃতীয় মামলাটি হল আব্দুল মান্নান খান বনাম বাংলাদেশ [২০১২ (বিশেষ সংখ্যা) বিএলটি(এডি)০১], যা সংবিধান ত্রয়োদশ সংশোধনী মামলা হিসেবে বিখ্যাত। উক্ত মামলায় প্রধান বিচারপতি এ, বি, এম, খায়রুল হক এর নেতৃত্বে আপীল বিভাগ সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন,

১৯৯৬, রাষ্ট্রের মূল ভিত্তি-জনগণের সার্বভৌমত্ব, রাষ্ট্রের প্রজাতান্ত্রিক ও গণতান্ত্রিক পরিচয় ও বিচার বিভাগের স্বাধীনতা খর্ব করেছে বিধায় ইহা অসাংবিধানিক তথা অবৈধ বলে ঘোষণা করেন।

অতঃপর চতুর্থ মামলাটি হল সিদ্দিক আহম্মেদ বনাম বাংলাদেশ [(২০১১) ৬৩ ডিএলআর ৫৬৪], যা সংবিধান সপ্তম সংশোধনী মামলা হিসেবে বিখ্যাত। উক্ত মামলায় বিচারপতি এ, এইচ, এম, শামসুদ্দিন চৌধুরী বলেন যে,

“Why is the Constitution

(Seventh Amendment) Act, 1986 ultra-vires the Constitution ?

287. Having dissected the authorities pronounced in the Fifth Amendments case and in Asma Jilani case, we are swayed to the introspective and irreversible equation that the Constitution (Seventh Amendment) Act 1986, miserably failed to cross the threshold of constitutionality and, is as such void ab-initio, because of the under cited reasons:

(1) The said Act purportedly enacted Paragraph 19 to inject it into Fourth Schedule to the Constitution with a view to accord ratification, confirmation and validation to the martial Law instruments, issued during the period between 24th March, 1982 and 10th November 1986, which instruments having been void, and illegal from the very beginning, there was nothing before the Parliament to ratify, confirm or validate and, as such, the purported ratification, confirmation or validation was an action in wilderness, having no existence at all in the eye of law, and,

(2) because, the Martial Law proclamation, dated 24th March 1982, and all subsequent Martial Law instruments that followed, which were purportedly validated by the Constitution (Seventh Amendment) Act 1986, were totally barren of any lawful authority, as they were purportedly made/ issued by the person who, in total derogation to the constitutional device, by resorting to muscle power, illegally assumed the state power, de-facto, as a usurper, illegally suspending the Constitution, the sacrosanct document that represents the solemn will of the people, and,

(3) because as all the instruments that were purportedly validated and ratified by the Parliament through the subject Act, were illegal, being bereft of lawful authority, it was beyond the Parliament's competence to ratify and validate them and, then infuse them into the Fourth Schedule to the Constitution through the legality

nonexistent device of paragraph 19. Obviously our controlled Parliament, with Constitutional limitation on legislation, cannot pass a law to accord validity to something, which it could itself not pass, because the legislature cannot validate an invalid law, the principle governing validation being that validation itself is legislation, one could not validate what one could not legislate upon, and,

(4) because of the maxim 'quad initio no valet, fraction temporize non valet' (What is void in the beginning does not become valid through efflux of time. Obviously the dead entitles, the Martial Law Instruments, cannot be resurrected; they being dead from their inception, and,

(5) because ratification, validation and confirmation does not fall within the contemplation of Article 142, as the phrase 'amendment' therein cannot presuppose ratification, validation or confirmation et: the phrase amendment has its own meaning and peculiarity- it is incapable of importing any new theme, unknown to it, not associated with it and, (6) because, as B H Chowdhury, J, citing Hart's, explicated in Eighth Amendment case, supra, that an 'amendment' of the constitution is not a Grund norm because it has to be according to the method provided in the Constitution, and as S. Ahmed J, stated that an amendment means change or alteration subject to retention of the basic structures of the constitution, and as it has been held in Kandon –vs- Us (193 Us 457-48 ED. 747) that power to amend must not be confounded with power to create, the Constitution (Seventh Amendment) Act 1986 cannot be ranked as an amending Act; and,

(7) because, through the said purported action, the Parliament, only in order to appease the whim of the person who diabolically usurped the governmental power, showing scant regard to the Order of the Constitution, perpetrated fraud upon the people at large, and their sacred Constitution, and,

(8) because, the person, the author of the abhorrent instruments, who previously ravaged the Constitution, cannot, at a later stage, take in aid the same Constitution to legalise his outrageous acts and deeds,

nor can he seek salvation under the Constitution, he tried to tear apart, and,

(9) because, endorsing the said purported enactment would render the Constitution unsafe as such an action may allure future reprobates, adventurists, to follow suit, and

(10) because, the purported amendment was not in compliance with Article 142 as the mandatory 'long title' was missing, and

(11) because, the purported amendment can not pass the 'touch stone' of either Article 7 or of the Preamble, and,

(12) because, by deceitfully procuring the passage of the subject Act, the military tyrant simply tried to get away with the sin and the delinquency he committed by heinously suspending the Constitution, something that he cannot obtain from the very same Constitution, and,

(13) because, the Fourth Schedule to the Constitution, was illegally used by the usurpers, Our above finding that the Constitution (Seventh Amendment) Act 1986 is and has always been void for being affronting and repugnant to the Constitution, necessarily follow that all deeds done, all actions taken, inclusive of the formation of the so called Martial Law Courts of all kind, were also barren of lawful authority.

.....

The Ultimate Summing Up

309. Our judgment may be summed up in following terms;

1) Martial Law is totally alien a concept to our Constitution and hence, what Dicey commented about it, is squarely applicable to us as well.

2) A fortiori, usurpation of power by General Mohammad Ershad, flexing his arms, was void ab-initio, as was the authoritarian rule by Mushtaque-Zia duo, before Ershad, and shall remain so through eternity. All Martial law instruments were void ab-initio, As corollary, action purportedly shedding validity through the Constitution (Seventh Amendment) Act 1986, constituted a stale, moribund attempt, having no effect through the vision of law, to grant credibility to the frenzied concept, and the same must be cremated without delay.

3) *The killing of the Father of the Nation, which was followed by successive military rules, with a few years of intermission, was not an spontaneous act-it resulted from a well intrigued plot, harboured over a long period of time which was aimed not only to kill of Father of the Nation and his family, but also to wipe out the principles on which the Liberation War was fought.*

4) *During the autocratic rule of Khandaker Mushtaque and General Ziaur Rahman, every efforts were undertaken to erase the memory of the Liberation War against Pakistan.*

5) *Two military regimes, the first being with effect from 15th August, 1975, and the second one being between 24th March 1982, and 10th November 1986, put the country miles backward. Both the martial laws devastated the democratic fabric, as well as the patriotic aspiration of the country. During Ziaur Rahman's martial law, the slogan of the Liberation War, "Joy Bangla" was hacked to death. Many other Bengali words such as Bangladesh Betar, Bangladesh Biman were also erased from our vocabulary. Suharwardy Uddyan, which stands as a relic of Bangabandhu's 7th March Declaration as well as that of Pakistani troops' surrender, was converted into a children's park. Top Pakistani collaborator Shah Azizur Rahman was given the second highest political post of the Republic, while other reprehensible collaborators like Col. Mustafiz (IO in Agartala conspiracy case), ASM Suleiman, Abdul Alim etc. were installed in Zia's cabinet. Many collaborators, who fled the country towards the end of the Liberation War, were allowed, not only to return to Bangladesh, but were also greeted with safe haven, were deployed in important national positions. Self-confessed killers of Bangabandhu were given immunity from indictment through a notorious piece of purported legislation. They were also honoured with prestigious and tempting diplomatic assignments abroad. The original Constitution of the Republic of 1972 was mercilessly ravaged by General Ziaur Rahman who crased from it, one of the basic features, Secularism and allowed communal politics, proscribed by Bangabandhu, to stage a comeback.*

6) During General Ershad's Martial Law also democracy suffered devastating havoc. The Constitution was kept in abeyance. Doors of communal politics, wide opened by General Zia, were remained so during his period. Substitution of Bengali Nationalism by communally oriented concept of Bangladeshi Nationalism was also allowed longevity during Ershad's Martial Law period.

7) By the judgment in the Fifth Amendment Case all the misdeeds perpetrated by Mushtaque-Zia duo have been eradicated and the Constitution has been restored to its original position as it was framed in 1972.

8) It is about time that the relics left behind by Martial Law perpetrators be completely swept away for good.

9) Step should be taken by the government to remove the impeding factors, the Appellate Division cited, in order to restore original Article 6, i.e. Bangalee Nationalism.

10) Those who advised Ershad, including his law minister and Attorney General during his Martial Law period to keep the Constitution suspended, should also be tried.

Rule made absolute in part

310. For the reasons assigned above, the Rule is made absolute in part. The Constitution (Seventh Amendment) Act 1986 is hereby declared to be thoroughly illegal, without lawful authority, void ab-initio and the same is, hence invalidated forthwith through this judgment, subject however, to the condonation catalogued above, where they would apply.

311. Paragraph 19 of Fourth Schedule to the Constitution, is hereby declared extinct wherefor the same must be effaced from the Constitution without delay.

312. The Respondents are further directed, having regard to the Appellate Division's modifying Order in the Fifth Amendment case, to take steps to clear the impediments, cited by the Appellate Division, with a view to eventual restoration of original Article 6.

313. The Respondent No. 1 is directed to reflect this judgment by re-printing the Constitution.

314. No Order, however, is made to interfere with the petitioner's conviction or the sentence for the reasons stated above and hence he must surrender to his bail.

315. The learned Counsel for the petitioner applied for certificate under Article 103(2)(a) of the Constitution and, as the case raises a substantial question of law as to the interpretation of the Constitution, we have no hesitation to issue the certificate asked for, which is hereby issued.

There is however, no Order as to cost.”

উপরের রায়গুলো পর্যালোচনায় এটা সুস্পষ্ট যে, উপর্যুক্ত প্রত্যেকটি মামলায় আমাদের সুপ্রীম কোর্ট সংবিধানের সাথে অসামঞ্জস্যপূর্ণ হওয়ার কারণে উপর্যুক্ত সংবিধান সংশোধন সংক্রান্ত আইনগুলিকে বেআইনী মর্মে ঘোষণা করে বাতিল করেন। অষ্টম সংশোধনী রায় ব্যতিরেকে বাকি তিনটি সংশোধনী মামলায় আমাদের সুপ্রীম কোর্ট সকল প্রকার সামরিক ফরমান ও সে সম্পর্কিত বেআইনী কার্যকলাপকে অবৈধ ঘোষণা করেছেন। শুধুমাত্র অষ্টম সংশোধনী মামলায় প্রকারান্তরে অবৈধ দখলদার সরকারকে পরোক্ষ বৈধতা প্রদান করা হয়েছে।

সংবিধানের অনুচ্ছেদ ৭ মোতাবেক প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ এবং জনগণের পক্ষে সেই ক্ষমতার প্রয়োগ কেবল এই সংবিধানের অধীন ও কর্তৃত্বে কার্যকর হবে। জনগণের অভিপ্রায়ের পরম অভিব্যক্তিরূপে এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন এবং অন্য কোন আইন যদি এই সংবিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ হয় তাহা হলে সেই আইনের যতখানি অসামঞ্জস্যপূর্ণ ততখানি বাতিল হবে। এছাড়া, প্রস্তাবনার ৪র্থ প্যারা মোতাবেক বাংলাদেশের জনগণের অভিপ্রায়ের অভিব্যক্তিরূপ এই সংবিধানের প্রাধান্য অক্ষুণ্ণ রাখার এবং উহার রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান বাংলাদেশের প্রতিটি নাগরিকের পবিত্র কর্তব্য।

কিন্তু দুর্ভাগ্যের বিষয় সংবিধান অষ্টম সংশোধনী খ্যাত আনোয়ার হোসেন মামলায় আমাদের আপীল বিভাগ সংবিধানের ৭ অনুচ্ছেদকে বুঝতে ব্যর্থ হয়েছেন। যদি সংবিধানের ৭ অনুচ্ছেদ বুঝতে পারতেন তাহলে প্রধান বিচারপতি সাহাবুদ্দিন আহমেদ বলতে পারতেন না “in spite of these vital changes from 1975 by destroying some of the basic structure of the constitution, nobody challenged them in court after revival of the constitution; consequently, they were accepted by the people, and by their acquiescence have become part of the constitution.”

যেখানে আমাদের আপীল বিভাগ জাতীয় সংসদ কর্তৃক প্রণীত সংবিধান অষ্টম সংশোধন আইনকে সংবিধানের মৌলিক কাঠামো (basic structure) এর পরপন্থী বলিয়া ঘোষণা করে আইনটি অসাংবিধানিক মর্মে ঘোষণা করেন এবং বাতিল (stick down) করেন, সেখানে একজন সরকারী কর্মচারী যিনি আর্মি রুলস ভঙ্গ করে বেআইনী এবং অসাংবিধানিক ভাবে রাষ্ট্রপতির পদ দখল করেছিলেন

(মেজর জেনারেল জিয়াউর রহমান), তিনি তার একক ইচ্ছায় যখন সংবিধানের মূল কাঠামো (basic structure) এবং সংবিধানের স্বকীয়তা (basic or essential features) ভঙ্গ করে ‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ সম্বলিত সংবিধানের অনুচ্ছেদ ৯৬ টি রাতের আধারে প্রণয়ন করেন, সে ব্যাপারে তৎকালীন আপীল বিভাগ উক্ত সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল সম্বলিত ৯৬ অনুচ্ছেদটিকে অসাংবিধানিক এবং বাতিল মর্মে ঘোষণা করতে পারেনি।

আইনের শাসন গণতন্ত্রের অন্যতম মুখ্য শর্ত। আইনের শাসন প্রতিষ্ঠা ছাড়া গণতন্ত্র প্রতিষ্ঠা করা যায় না। আর আইনের শাসন প্রতিষ্ঠা তখনই সম্ভব হবে যখন রাষ্ট্রের তিনটি বিভাগ সংবিধান মোতাবেক নিজ নিজ অধিক্ষেত্রের মধ্যে থেকে যার যার দায়িত্ব সঠিক এবং ন্যায্যনুগতভাবে পালন করবে। কিন্তু আমরা কি দেখলাম? আমরা দেখলাম ১৯৭৫ সালে ১৫ই আগষ্ট সংবিধানসম্মতভাবে দেশের জনগণ কর্তৃক নির্বাচিত রাষ্ট্রপতিকে তথা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে একদল চাকরীচ্যুত প্রাক্তন সামরিক বাহিনীর লোক যখন স্বপরিবারে নির্মমভাবে হত্যা করে তখন আমাদের সুপ্রীম কোর্ট নিরবে সেই হত্যাকাণ্ড অবলোকন করে। আমাদের জনগণের আশা-আকাঙ্ক্ষার সর্বশেষ আশ্রয়স্থল সুপ্রীম কোর্টকে আমরা সেদিন কোন রুল ইস্যু করতে দেখি নি। বরং আমরা অবাক বিস্ময়ে দেখি যিনি সংবিধানকে রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান করবেন বলে শপথ গ্রহণ করেছিলেন, সেই বিচারপতি আবু সাইদ চৌধুরী তার শপথ ভঙ্গ করে বঙ্গবন্ধুর খুনীদের সহযোগী হয়ে ঐদিন তথা ১৫ই আগষ্ট ১৯৭৫ সন্ধ্যা ৬.০০ টায় বেআইনীভাবে, অসাংবিধানিক ভাবে দেশের প্রধানমন্ত্রীর পদ দখল করেন। এবং আমরা আরো দেখি কিভাবে একটি দেশের প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম খুনীদের দোসর হয়ে সংবিধান প্রদত্ত তার দায় দায়িত্ব পালন না করে অবৈধভাবে সংবিধানকে পদদলিত করে দেশের রাষ্ট্রপতির পদ দখল করেন এবং তার চেয়েও জঘন্যভাবে দেশের জনগণের দ্বারা নির্বাচিত ‘জাতীয় সংসদ’কে বাতিল করেন। এরা জাতীয় শত্রু তথা জাতীয় শত্রু তথা রাষ্ট্রদ্রোহী তথা জনগণের রায় হত্যাকারী। এদের বিচার অবশ্যই হতে হবে। আমি আশা করি সেই ব্যাপারে মহান জাতীয় সংসদ প্রয়োজনীয় আইন প্রণয়ন করবেন। বাংলাদেশের প্রতিটি বাঙ্গালী এদেরকে চিরজীবন ঘৃণাভরে স্মরণ করবে।

১৯৭৫ সালের ১৫ই আগষ্ট এর মর্মান্তিক ঘটনার পরবর্তী প্রতিটি সাংবিধানিক সংকটে আমাদের তৎকালীন সুপ্রীম কোর্ট তার সাংবিধানিক দায় দায়িত্ব পালনে সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। আমাদের সুপ্রীম কোর্ট সে সব সাংবিধানিক ক্রান্তিলগ্নে সংবিধান তথা দেশকে রক্ষা করতে পারে নি। অথচ এদেশের রাজনৈতিক নেতৃবৃন্দ, আইনজীবী নেতৃবৃন্দ, সাংস্কৃতিক নেতৃবৃন্দ, সাংবাদিক নেতৃবৃন্দ, ছাত্র নেতৃবৃন্দ, শ্রমিক নেতৃবৃন্দ এদেশের বীর জনগণকে সাথে নিয়ে দেশের প্রত্যেকটি রাজনৈতিক সংকট এবং সাংবিধানিক সংকটে রক্ত দিয়ে এবং নিয়মতান্ত্রিক আন্দোলন সংগ্রামের মাধ্যমে দেশকে সংকটমুক্ত করে পুনরায় দেশকে সাংবিধানিক ধারাবাহিকতায় ফিরিয়ে এনেছেন।

প্রকৃতিগতভাবে প্রত্যেক ক্ষমতাই আগ্রাসী। এই মানবিক ক্রটি থেকে বিচার বিভাগও মুক্ত নয়। এ প্রসঙ্গে Union of India –vs- Hindustan Development Corporation (AIR 1994

Supreme Court 988) মামলায় বিচারপতি K. Jayachandra Reddy পাতা ১০১৮ এ বলেন যে,

“In Attorney General for New South Wales’ case (1990(64) Aus LJR 327), it is observed as under:

“Some advocates of judicial intervention would encourage the courts to expand the scope and purpose of judicial review, especially to provide some check on the Executive Government which nowadays exercise enormous powers beyond the capacity of the Parliament to supervise effectively. Such advocacy is misplaced. If the courts were to assume a jurisdiction to review administrative acts or decisions which are “unfair” in the opinion of the court-not the product of procedural fairness, but unfair on the merits-the courts would be assuming a jurisdiction to do the very thing which is to be done by the repository of an administrative power, namely, choosing among the courses of action upon which reasonable minds might differ.

XXXXX XXXXX

If judicial review were to trespass on the merits of the exercise of administrative power, it would put its own legitimacy at risk. The risk must be acknowledged for a reason which Frankfurter, J. stated in Trop v. Dulles, (1958) 356 US 86 at 119:

“All power is, in Madison’s phrase, ‘of an encroaching nature’Judicial power is not immune against this human weakness. It also must be on guard against encroaching beyond its proper bounds, and not the less so since the only restraint upon it is self-restraint.”

বিচার বিভাগকে অবশ্যই তার সীমানা তথা অধিক্ষেত্র সম্বন্ধে সবিশেষ সজাগ থাকতে হবে। বিচার বিভাগ তার নিজস্ব সীমানা কখনই অতিক্রম করবে না। বিচার বিভাগকে “নিজেকে নিয়ন্ত্রণ নীতি” বা “আত্মনিয়ন্ত্রণ নীতি” অনুসরণ করতে হবে। কারণ বিচার বিভাগ জনগণের শেষ আশ্রয়স্থল।

আইন প্রণেতারা কি উদ্দেশ্যে আইনটি প্রণয়ন করেছেন তা নিয়ে প্রশ্ন করা যাবে না। বিচারিক ক্ষমতা এই নয় যে বিচারকদের ইচ্ছাকে বাস্তবায়ন করা। বিচারিক ক্ষমতা হলো মহান জাতীয় সংসদ কর্তৃক প্রণীত আইন যেন সকলে সঠিক এবং যথাযথভাবে তথা অক্ষরে অক্ষরে প্রতিপালন করে। মহান জাতীয় সংসদের আইনকে এমনভাবে ব্যাখ্যা এবং বিশ্লেষণ করতে হবে, যেন সকলের নিকট মনে হয় আইনটির ব্যাখ্যা এবং বিশ্লেষণ মহান জাতীয় সংসদে সম্মানিত সদস্যবৃন্দ নিজেরা করেছেন। মহান জাতীয় সংসদের প্রণীত কোন আইনে অসাধনতাবশত কোন শব্দ বাদ পড়েছে বলে আদালতের নিকট প্রতীয়মান হলেও আদালত বিচারিক ব্যাখ্যা প্রদান করার নামে উক্ত শব্দ যোগ করার অধিকারী নয়।

কমিশনার অব সেলস ট্যাক্স বনাম পারসন টুলস এবং প্লান্টস [(1975) 4 SCC 22] মামলায় ভারতের সুপ্রীম কোর্ট অভিমত প্রদান করে যে;

“The will of the legislature is the supreme law which demands absolute obedience. Judicial power is not to be exercised to give effect to the will of the judges, but to give effect to the will of the legislature, in other words, to the will of the law. So, where the legislature clearly declares its intent in the scheme and language of a statute, the duty of the court is to give full effect to the same without scanning its wisdom on policy, and without engrafting, adding or implying anything which is not congenial to or consistent with such well-expressed intent of the law givers. If the legislature wilfully omits to incorporate something in a statute, or even if there is a casus omissus in statute, the language of which is otherwise plain and unambiguous, the court is not competent to supply the omission under the guise of interpretation, something what it thinks to be a general principle of justice and equity. The primary function of a court of law being jus dicere and not jus dare the paramount rule of interpretation of legislative intent should be applied by the courts.”

আইনের ব্যাখ্যা প্রদানের ক্ষেত্রে আদালতের ভূমিকার বিষয়ে ভারতীয় সুপ্রীম কোর্ট নাসিরউদ্দিন বনাম সীতা রাম (*Nasiruddin v. Sita Ram, AIR 2003 SC 1543*) মামলায় অভিমত প্রকাশ করেন যে,

“The Court’s jurisdiction to interpret a statute can be invoked when the same is ambiguous. It is well known that in a given case the Court can iron out of the fabric. It cannot change the texture of the fabric. It cannot enlarge the scope of legislation or intention when the language of the provision is plain and unambiguous. It cannot add to or subtract words to a statute or read something into it which is not there. It cannot re-write or recast legislation. It is also necessary to determine that there exists a presumption that the Legislature has not used any superfluous words. It is well settled that the real intention of the legislation must be gathered from the language used. It may be true that use of the expression ‘shall or may’ is not decisive for

arriving at a finding as to whether a statute is directory or mandatory. But the intention of the Legislature must be found out from the scheme of the Act. It is also equally well-settled that when negative words are used the Court will presume that the intention of the Legislature was that the provisions are mandatory in character.

আদালতের প্রাথমিক কাজ “*jus dicere and not jus dare*”—“*to speak the law not to give law*” অর্থাৎ আইন কি বলছে সেটা বলা আইন প্রণয়ন করা নয়। আদালতের দায়িত্ব হল আইনের ব্যাখ্যা প্রদানের সময় সংশ্লিষ্ট আইনকে আইন প্রণেতাদের চিন্তা চেতনা ধারণ করে ব্যাখ্যা করতে হবে। আইন প্রণেতাদের আইন প্রণয়নের উদ্দেশ্য নিয়ে কোন প্রশ্ন বা ব্যাখ্যা আদালতের এখতিয়ার বহির্ভূত। আইনের ব্যাখ্যার সময় আদালতকে গুরুত্বের সাথে খেয়াল রাখতে হবে যে, আইনের ব্যাখ্যা করতে যেয়ে আদালত যেন অসাবধানতাবশতঃ আইন প্রণয়ন করে না ফেলেন।

বিচার বিভাগের স্বাধীনতা কি? বিচার বিভাগের স্বাধীনতা হল বিচারকগণের নির্ভয়ে কাজ করার স্বাধীনতা। প্রধান বিচারপতি বা বিচারকগণ নিম্ন বর্ণিত শপথ পাঠ করেনঃ

“আমি, , প্রধান বিচারপতি (বা ক্ষেত্রমত সুপ্রীম কোর্টের আপীল/হাইকোর্ট বিভাগের বিচারক) নিযুক্ত হইয়া সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী ও বিশুদ্ধতার সহিত আমার পদের কর্তব্য পালন করিব;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব;

আমি বাংলাদেশের সংবিধান ও আইনের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব;

এবং আমি **ভীতি** বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের **বশবর্তী** না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব।”

অর্থাৎ, বিচারপতিগণ ভীতির বশবর্তী না হয়ে সকলের প্রতি আইন অনুযায়ী যথাবিহিত আচরণ করবেন বলে শপথ পাঠ করেন। সেক্ষেত্রে কোন ভীতিই বিচারককে তাঁর আইন অনুযায়ী যথাবিহিত কাজ করার ক্ষেত্রে বাধা হতে পারে না। অর্থাৎ যিনি ভীতির কাছে নতি স্বীকার করেন তিনি আর বিচারক থাকেন না। জনগণের সাংবিধানিক অধিকার রক্ষা করার যে শপথ নিয়েছেন তা পালন করতে বিচারকগণ সর্বদাই নির্ভয়ে কাজ করবেন। বিচারক যদি নিজে স্বাধীন না হন তাহলে তাকে কেউ বা কোন আইনই স্বাধীনতা দিতে পারবে না। যে বিচারক স্বাধীন মনের অধিকারী সে বিচারক কখনই তাঁর দায়িত্ব পালনে তথা সংবিধান মোতাবেক তার উপর অর্পিত আইনগত দায়িত্ব ও কর্তব্য পালনে পিছপা হন না।

জনপ্রিয়তা নয়, দুষ্টির দমন ও শিষ্টির পালন এবং জনগণের সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠা করা বিচার বিভাগের একমাত্র আইনগত দায়িত্ব ও কর্তব্য। এই আইনগত দায়িত্ব ও কর্তব্য পালন করতে যেয়ে বিচার বিভাগকে এখন পর্যন্ত কোন বিরূপ পরিস্থিতির তথা কোন বিচারককে অপসারণ কিংবা অপসারণ এর

উদ্যোগ এখন পর্যন্ত একটিও হয়নি। অর্থাৎ আমরা এটা বলতে পারি সাধারণ মানুষের অধিকার রক্ষা করতে যেয়ে কিংবা সাধারণ মানুষের সাংবিধানিক অধিকার রক্ষা করতে যেয়ে আমাদের বিচার বিভাগের একজন বিচারককেও তার পদ হারাতে হয়নি।

সাধারণ মানুষের অধিকার রক্ষা করতে কিংবা সাধারণ মানুষের সাংবিধানিক অধিকার রক্ষা করতে যেয়ে যদি কোন বিচারককে পদ হারাতে হয় তা সেই বিচারকের জন্য গৌরবেরই বিষয় হবে।

সুতরাং একজন বিচারকের মানসিক শক্তিই বিচার বিভাগের প্রকৃত স্বাধীনতা। বিচারকের মানসিক শক্তির ভিত্তি হলো তার সততা, সত্যিকার শিক্ষা, নিরপেক্ষতা, ন্যায়পরায়নতা এবং মুক্তিযুদ্ধের মহান আদর্শসমূহকে ধারণ এবং স্বাধীনতার চেতনায় বিশ্বাস।

সংবিধান অনুচ্ছেদ ৭ মোতাবেক প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ এবং জনগণের পক্ষে সেই ক্ষমতার প্রয়োগ কেবল এই সংবিধানের অধীন ও কর্তৃত্বে কার্যকর হবে। জনগণের পক্ষে একসাথে বসে দেশ শাসন করা সম্ভব নয়। তাই জনগণ রাষ্ট্র পরিচালনার জন্য তার প্রতিনিধি নির্বাচন করেন নির্বাচনের মাধ্যমে। জনগণের প্রতিনিধিকে সাংসদ বলা হয়। অর্থাৎ জনগণ দ্বারা নির্বাচিত সাংসদগণ হলেন জনগণের প্রতিনিধি। জনগণের প্রতিনিধিরা জনগণের কল্যাণে আইন প্রণয়ন করেন। আইন প্রণয়নের ক্ষেত্রে জাতীয় সংসদ একমাত্র সাংবিধানিক প্রতিষ্ঠান।

এখন আমাদের সামনে প্রশ্ন হলো জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর নেতৃত্বে খসড়া সংবিধান প্রণয়ন কমিটির ৩৪ জন বিজ্ঞ সদস্যবৃন্দ এবং গণপরিষদের ৪০৩ জন সদস্যবৃন্দ অক্লান্ত পরিশ্রম করে সংবাদ পত্র, বেতার ও টেলিভিশনের মাধ্যমে জনগণের প্রস্তাব ও পরামর্শ গ্রহণ করে এবং তা গণপরিষদে বিস্তারিত আলোচনা করে যে সংবিধান প্রণয়ন করেছিলেন, যেখানে সংসদ কর্তৃক বিচারক অপসারণ সম্বলিত ৯৬ অনুচ্ছেদ ছিল, তা সংবিধানসম্মত; না একজন অবৈধ শাসকের বেয়নটের খোঁচায় প্রণীত সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল সম্বলিত বিচারক অপসারণ প্রক্রিয়া সংবিধানসম্মত?

এ পর্যায়ে মোঃ আব্দুল হালিম কর্তৃক লিখিত ‘সংবিধান, সাংবিধানিক আইন ও রাজনীতিঃ বাংলাদেশ প্রসঙ্গ’ গ্রন্থ এর পাতা ৩৩৯-এ “সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল পদ্ধতি প্রণয়নের কারণ ও সংবিধানে ইহার পূর্ববর্তী অবস্থা” শীর্ষক অধ্যায়টি নিয়ে উদ্ধৃত হলোঃ

“সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল পদ্ধতি প্রণয়নের কারণ ও সংবিধানে ইহার পূর্ববর্তী অবস্থা

“মূল সংবিধানে সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল সংক্রান্ত কোন বিধান ছিল না। মূল সংবিধানে বিধান ছিল যে, কোন বিচারককে অসামর্থতা ও অসদাচারের কারণে অপসারণ করতে হলে উক্ত অসদাচরণ বা অসামর্থ্যতা সম্পর্কিত প্রস্তাব সংসদে দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় পাশ হতে হবে। মূল সংবিধানের এই বিধানটি উন্নত ও গণতান্ত্রিক ছিল। কারণ সংবিধান পরিবর্তন করতে যে পদ্ধতি প্রয়োজন একজন বিচারপতিকে অপসারণ করতেও সেই একই পদ্ধতি প্রয়োজন। তাছাড়া দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করা খুবই কষ্টকর। সুতরাং সরকার ইচ্ছে করলেই কোন বিচারককে অপসারণ করতে পারত না।

পটভূমিঃ ১৯৭৫ সালে ১৫ আগস্ট সারাদেশে সামরিক আইন জারি করা হয়; প্রেসিডেন্ট হলেন খন্দকার মোশতাক আহমেদ। কিন্তু সামরিক আইন জারি করা হলেও তিনি সংসদ ভেঙে দেননি। ১৯৭৫ সালের ৮ই নভেম্বর তারিখে প্রেসিডেন্ট সায়েম রাষ্ট্রপতি পদে অধিষ্ঠিত হলেন। তিনি ১৯৭৬ সালের ২৮শে মে দ্বিতীয় ফরমান (সপ্তম সংশোধন) আদেশের মাধ্যমে সংবিধানে ৪৪ ও ১০২ অনুচ্ছেদ পুনঃপ্রতিষ্ঠিত করলেন। সুপ্রীম কোর্টের দুটি

বিভাগ- আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগ থাকার পরিবর্তে সুপ্রীম কোর্ট ও হাইকোর্টকে আলাদা আদালত করার বিধান করেন এবং বিচারকদের নিয়োগ ও অপসারণের জন্য মূল সংবিধানের সকল বিধানকে পুনঃস্থাপন করেন। ১৯৭৬ সালের ৮ই নভেম্বর তারিখে রাষ্ট্রপতি সায়েম সংসদ ভেংগে দিলেন। এ পরিস্থিতিতে প্রশ্ন দেখা দিল যে, সংসদের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় একজন বিচারককে অপসারণ করা যায় কিন্ত সংসদ যদি ভেংগে যায় বা জীবিত না থাকে তাহলে বিচারকদের অপসারণের বিষয়টি কিভাবে সমাধান করা হবে। এরূপ পরিস্থিতির কথা বিবেচনা করে জিয়াউর রহমান ২৭শে নভেম্বর, ১৯৭৭ দ্বিতীয় ফরমান (দশম সংশোধনী) আদেশের মাধ্যমে বিচারকদের অপসারণের বিষয়ে সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিলের বিধান প্রবর্তন করেন। রাষ্ট্রপতি সায়েম সুপ্রীম কোর্ট ও হাইকোর্ট নামে দু'ধরনের যে আদালতের সৃষ্টি করেছিলেন তাও এই আদেশের দ্বারা রহিত করে মূল সংবিধানের নিয়ম পুনঃস্থাপন করা হয়। কিন্ত ৯৫ অনুচ্ছেদে বিচারকদের নিয়োগের ক্ষেত্রে প্রধান বিচারপতির সাথে রাষ্ট্রপতির যে পরামর্শের বিধান ছিল তা বাদ দেয়া হয়। ১০৯ অনুচ্ছেদে দেশের সকল ট্রাইব্যুনালের উপর হাইকোর্ট বিভাগের যে নিয়ন্ত্রণগত ক্ষমতা ছিল তাও এই আদেশের দ্বারা বাদ দেয়া হয়। উল্লেখ্য, ৯৬ অনুচ্ছেদের অধীনে আজ পর্যন্ত কোন বিচারককে বাংলাদেশে অপসারণ করা হয়নি। অবশ্য মার্শাল ল' চলাকালীন সময়ে কিছু বিচারককে অপসারণ করা হয়েছিল, কিন্ত সেটা সংবিধানের ৯৬ অনুচ্ছেদের আওতায় নয়; মার্শাল ল' আদেশের আওতায়। ”

বর্তমান মামলার বিষয়বস্তু হলো সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ (২০১৪ সনের ১৩ নং আইন) সংবিধানসম্মতভাবে প্রণীত হয়েছে কিনা তথা সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ (২০১৪ সনের ১৩ নং আইন) সংবিধানের বিধানাবলী-সাপেক্ষে প্রণীত হয়েছে কিনা।

বর্তমান মামলার বিষয়বস্তু এই নয় যে, ‘সংসদ কর্তৃক বিচারক অপসারণ প্রক্রিয়া’ ভাল না ‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ কর্তৃক বিচারক অপসারণ প্রক্রিয়া ভাল। কিংবা ‘সংসদ কর্তৃক বিচারক অপসারণ প্রক্রিয়া’ বিচার বিভাগের স্বাধীনতার পরিপন্থী না ‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ কর্তৃক বিচারক অপসারণ প্রক্রিয়া বিচার বিভাগের স্বাধীনতা রক্ষা করবে-এইসব অত্র রুলের বিষয়বস্তু নয়।

বিচারপতিগণ এই মর্মে শপথ গ্রহণ করেন যে, **“আমি বাংলাদেশের সংবিধান ও আইনের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান করিব।”**

অর্থাৎ বিচারপতিগণ সংবিধানের রক্ষণ, সমর্থন, ও নিরাপত্তা বিধান করবেন। সংবিধান কিরূপভাবে সংশোধিত হলে ভাল হয় সে সম্পর্কে জাতীয় সংসদকে কোন নির্দেশ বা পরামর্শ বিচারপতিগণ দিতে পারেন না।

বিচার বিভাগের আইনগত দায়িত্ব হল জাতীয় সংসদ সংবিধান সংশোধন আইন বা অন্য যে কোন আইন সংবিধানের বিধানাবলী-সাপেক্ষে প্রণয়ন করছে কিনা তা নিরূপন করা। যদি সংসদ এমনটি করতে ব্যর্থ হয়ে থাকে তা হলে সুপ্রীম কোর্টের বিচারকগণের অবশ্য কর্তব্য হল সে আইনকে সংবিধান বহির্ভূত মর্মে ঘোষণা করে বাতিল করা। তথা শপথ অনুযায়ী সংবিধান এর রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান করা।

সুতরাং অত্র রুলটিতে আমাদের সামনে একমাত্র বিচার্য বিষয় হলো সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ (২০১৪ সনের ১৩ নং আইন) সংবিধানসম্মতভাবে তথা সংবিধানের বিধানাবলী সাপেক্ষে প্রণীত হয়েছে কিনা।

এ প্রসঙ্গে আমরা সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ (২০১৪ সনের ১৩ নং আইন) এর ধারা ২ উল্লেখ করা প্রয়োজন বিধায় নিম্নে উদ্ধৃত হলঃ

২। সংবিধানের ৯৬ অনুচ্ছেদের সংশোধন।- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৬ অনুচ্ছেদের দফা (২), (৩), (৪), (৫), (৬), (৭), ও (৮) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২), (৩), ও (৪) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“(২) প্রমাণিত অসদাচরণ বা অসামর্থ্যের কারণে সংসদের মোট সদস্য-সংখ্যার অন্যান্য দুই-তৃতীয়াংশ গরিষ্ঠতার দ্বারা সমর্থিত সংসদের প্রস্তাবক্রমে প্রদত্ত রাষ্ট্রপতির আদেশ ব্যতীত কোন বিচারককে অপসারিত করা যাইবে না।

(৩) এই অনুচ্ছেদের (২) দফার অধীন প্রস্তাব সম্পর্কিত পদ্ধতি এবং কোন বিচারকের অসদাচরণ বা অসামর্থ্য সম্পর্কে তদন্ত ও প্রমাণের পদ্ধতি সংসদ আইনের দ্বারা নিয়ন্ত্রণ করিতে পারিবেন।

(৪) কোন বিচারক রাষ্ট্রপতিকে উদ্দেশ্য করিয়া স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।”

উপরের ধারা ২ বিশ্লেষণে ইহা পরিষ্কার যে, সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ (২০১৪ সনের ১৩ নং আইন) টি শুধুমাত্র সংবিধানের ৯৬ অনুচ্ছেদকে নিয়ে। মোটাদাগে বলা যায়, অনুচ্ছেদ ৯৬ বিচারকদের অপসারণ সংক্রান্তে। অর্থাৎ সুপ্রীম কোর্টের বিচারকরা কি প্রকারে অপসারিত হবেন সে সম্পর্কে এই অনুচ্ছেদ।

এখন আমরা দেখবো সংবিধানের ৯৬ অনুচ্ছেদটি সংবিধান প্রণয়নের সময় তথা ৭২ এর প্রথম সংবিধানে কিরূপ ছিল। এ প্রেক্ষিতে ৭২ এর সংবিধানে বিধৃত ৯৬ অনুচ্ছেদটি নিম্নে উদ্ধৃত হলঃ

“ অনুচ্ছেদ ৯৬ঃ বিচারকদের পদের মেয়াদ-(১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন বিচারক বাষট্টি বৎসর পূর্ণ হওয়া পর্যন্ত স্বীয় পদের বহাল থাকিবেন।

(২) প্রমাণিত অসদাচরণ বা অসামর্থ্যের কারণে সংসদের মোট সদস্য সংখ্যার অন্যান্য দুই-তৃতীয়াংশ গরিষ্ঠতার দ্বারা সমর্থিত প্রস্তাবক্রমে প্রদত্ত রাষ্ট্রপতির আদেশ ব্যতীত কোন বিচারককে অপসারিত করা করা যাইবে না।

(৩) এই অনুচ্ছেদের (২) দফার অধীন প্রস্তাব সম্পর্কিত পদ্ধতি এবং কোন বিচারকের অসদাচরণ বা অসামর্থ্য সম্পর্কে তদন্ত ও প্রমাণের পদ্ধতি সংসদ আইনের দ্বারা নিয়ন্ত্রণ করিতে পারিবেন।

(৪) কোন বিচারক রাষ্ট্রপতিকে উদ্দেশ্য করিয়া স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।”

অতঃপর ১৯৭৫ সালের ১৫ ইং আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধুকে স্বপরিবারে হত্যার পর হত্যাকারীরা দেশে বেআইনী তথা অসাংবিধানিকভাবে সামরিক আইন জারি করে। বেআইনী ভাবে প্রথমে খন্দকার মোস্তাক আহমেদ পরবর্তীতে তৎকালীন প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম রাষ্ট্রপতির ক্ষমতা দখল করেন। প্রধান বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম অতঃপর অসাংবিধানিকভাবে এবং অবৈধভাবে ৮ ইং নভেম্বর ১৯৭৫ তারিখ জনগণ কর্তৃক নির্বাচিত জাতীয় সংসদ ভেঙ্গে দেন। অতঃপর, The second Proclamation (Seventh Amendment) Order, 1976 (Second Proclamation Order No. IV of 1976) নামীয় সামরিক ফরমান দ্বারা অবৈধ রাষ্ট্রপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম সংবিধান অবৈধভাবে সংশোধন করতঃ ১০৫ অনুচ্ছেদের

মাধ্যমে ১৯৭২ সালের মূল সংবিধানের ৯৬ অনুচ্ছেদ নিম্নরূপভাবে পুনঃস্থাপন করেন, যা ১৩.০৮.১৯৭৬ তারিখ হতে তথাকথিতভাবে কার্যকর করা হয়।

CHAPTER IV

General provisions as to Supreme Court and High Court.

105. Tenure of office of Judges of Supreme Court and High Court . – (1) Subject to the provisions of this

artilce.- (a) a judge of the Supreme Court shall hold office until he attains the age of sixty-five years.

(b) a judge of the High Court Shall hold office until he attains the age of sixty-two years.

(2) A Judge of the Supreme Court or of the High Court shall not be removed from his office except by an order of the President made pursuant to a resolution of Parliament passed by a majority of not less than two thirds of the total number of mebers of Parliament on the ground of proved misbehaviour, or incapacity.

(3) Parliament may by law regulate the procedure in relation to a resolution under clasuee (2) and for invstigation and proof of the misbehaviour or incapacity of a Judge of the Supreme Court or of the High Court.

(4) A judge of Supreme Court or of the High Court may resign his office by writing under his hand addressed to the President.

অতঃপর তথাকথিত বেআইনী রাষ্ট্রপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম একজন প্রজাতন্ত্রের বেতনভুক্ত কর্মচারীকে তথা মেজর জেনারেল জিয়াউর রহমানকে রাষ্ট্রপতির পদ বেআইনীভাবে অর্পন করেন এবং মেজর জেনারেল জিয়াউর রহমান আর্মি রুলস এর রুল ৮ মোতাবেক শপথ গ্রহণ করে চাকুরিতে যোগদান করা সত্ত্বেও সেই শপথ ভঙ্গ করে বেআইনী ভাবে রাষ্ট্রপতির পদ দখল করেন। অর্থাৎ মেজর জেনারেল জিয়াউর রহমান জনগণকে তথা রাষ্ট্রকে প্রদত্ত শপথ ভঙ্গ করে বেআইনী এবং সংবিধান বর্হিভূতভাবে ক্ষমতা দখল করেন।

অতঃপর The Proclamations (Amendment) Order, 1977 (Proclamations Order No. I of 1977) নামীয় সামরিক ফরমান এর মাধ্যমে মেজর জেনারেল জিয়াউর রহমান উপর্যুক্ত ১০৫ অনুচ্ছেদ পুনরায় সংশোধন করে ১৯৭২ সালের সংবিধানে অবৈধভাবে সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল সৃষ্টি করে নিম্নরূপে প্রতিস্থাপন করেনঃ

“(e) in entry 13 as so renumbered, in Chapter 1B as substituted by that entry.

(i) in article 105, for clauses (2), (3) and (4) the following shall be substituted, namely:-

“(2) A Judge of the Supreme Court or the High Court shall not be removed from office except in accordance with the following provisions of this article.

(3) There shall be a Supreme Judicial Council, in this article referred to as the Council, which shall consist of the Chief Justice of Bangladesh, and the two next senior Judges of the Supreme Court;

Provided that if, at any time, the Council is inquiring into the capacity or conduct of a Judge who is a member of the Council, or a member of the Council is absent or is unable to act due to illness or other cause, the Judge of the Supreme Court who is next in seniority to those who are members of the Council shall act as such member,

(4) The functions of the Council shall be-

(a) to prescribe a Code of Conduct to be observed by the Judges of the Supreme Court and of the High Court: and

(b) to inquire into the capacity or conduct of a Judge of the Supreme Court or of the High Court or of any other functionary who is not removable from office except in like manner as a Judge of the Supreme Court or of the High Court.

(5) Where, upon any information received from the Council or from any other source, the President has reason to apprehend that a Judge of the Supreme Court or of the High Court-

(a) may have ceased to be capable of properly performing the functions of his office by reason of physical or mental incapacity, or

(b) may have been guilty of gross misconduct,

The President may direct the Council to inquire into the matter and report its finding.

(6) If, after making the inquiry, the Council reports to the President that in its opinion the Judge has ceased to be capable of properly performing the functions of his office or has been guilty of gross misconduct, the President shall, by order, remove the Judge from office.

(7) For the purpose of an inquiry under this article, the Council shall regulate its procedure and shall have, in respect of issue and execution of process, the same power as the Supreme Court.

(8) *A Judge of the Supreme Court or of the High Court may resign his office by writing under his hand addressed to the President.*” And

(ii) *in article 107, in clause (1), after the word “period” at the end, the words and commas “as an ad hoc Judge and such Judge, while so sitting, shall exercise the same jurisdiction, powers and functions as a Judge of the Supreme Court” shall be added;*”

এইভাবে আর্মি রুলস ভঙ্গকারী একজন সরকারী কর্মচারী অবৈধভাবে ক্ষমতা দখলপূর্বক তার একক ইচ্ছায় সামরিক ফরমান এর মাধ্যমে “সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিলের” জন্ম দেন ১৯৭৭ সালে।

অতঃপর, The Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. I of 1977) এর মাধ্যমে অবৈধভাবে ক্ষমতা দখলকারী জেনারেল জিয়াউর রহমান পুনরায় সংবিধান সংশোধন করেন এবং অবৈধভাবে সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিলসহ নতুন এক ৯৬ অনুচ্ছেদ সংবিধানে প্রতিস্থাপিত করেন, যা নিম্নরূপঃ

“96. *Tenure of office of Judges. – (1) Subject to the other provisions of this article, a Judge shall hold office until he attains the age of sixty two years.*

(2) *A Judge shall not be removed from office except in accordance with the following provisions of this article.*

(3) *There shall be a Supreme Judicial Council, in this article referred to as the Council, which shall consist of the Chief Justice of Bangladesh, and the two next senior Judge.*

Provided that if, at any time, the Council is inquiring into the capacity or conduct of a Judge who is a member of the Council, or a member of the Council is absent or is unable to act due to illness or other cause, the Judge who is next in seniority to those who are members of the Council shall act as such member.

(4) *The functions of the Council shall be-*

(a) *to prescribe a Code of Conduct to be observed by the Judge; and*

(b) *to inquire into the capacity or conduct of a Judge or of any other functionary who is not removable from office except in like manner as a Judge.*

(5) *Where, upon any information received from the Council or from any other source, the President has reason to apprehend that a Judge-*

(a) may have ceased to be capable of properly performing the functions of his office by reason of physical or mental incapacity, or

(b) may have been guilty of gross misconduct, the President may direct the Council to inquire into the matter and report its finding.

(6) If, after making the inquiry, the Council reports to the President that in its opinion the Judge has ceased to be capable of properly performing the functions of his office or has been guilty of gross misconduct, the President shall, by order, remove the Judge from office.

(7) For the purpose of an inquiry under this article, the Council shall regulate its procedure and shall have, in respect of issue and execution of processes, the same power as the Supreme Court.

(8) A Judge may resign his office by writing under his hand addressed to the President.”

উপর্যুক্ত অবৈধ বিধান ১৯৭৭ সালের ১ ডিসেম্বর হতে কার্যকর করা হয়। এইভাবে সামরিক ফরমান এর মাধ্যমে একজন অবৈধ শাসকের খেয়ালখুশী ও মর্জি মারফিক সম্পূর্ণ এখতিয়ারবিহীন ও অসাংবিধানিকভাবে সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিলের সৃষ্টি, যাকে পরবর্তীতে সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সালের ১ নং আইন) এর মাধ্যমে তথাকথিতভাবে বৈধতা প্রদান করা হয়।

অতঃপর বাংলাদেশের বিচারবিভাগের ইতিহাসে অন্যতম উজ্জ্বলতম দিন ২৯.০৮.২০০৫। এই দিন বিচারবিভাগের সূর্যসন্তান বিচারপতি এ,বি,এম, খায়রুল হক তাঁর সাহসি এবং ঐতিহাসিক রায়ের মাধ্যমে সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সালের ১ নং আইন) কে অবৈধ ও বেআইনী ঘোষণা করেন। তার সুযোগ্য সহযোদ্ধা হয়েছিলেন মাননীয় বিচারপতি এ, টি, এম, ফজলে কবীর {[বাংলাদেশ ইটালিয়ান মার্বেল ওয়ার্কস লি. বনাম বাংলাদেশ সরকার ও অন্যান্য [১৪ বি.এল.টি. (বিশেষ সংখ্যা ২০০৬)]}। মাননীয় বিচারপতি এ, বি, এম, খায়রুল হক তার এই ঐতিহাসিক রায়ের মাধ্যমে আমাদের বিচার বিভাগকে মহিমাম্বিত করেছেন। মাননীয় বিচারপতি এ,বি,এম, খায়রুল হকের এই রায়ের মাধ্যমে বিচার বিভাগ তার আইনগত দায়িত্ব পালনে এবং সম্মান পুনরুদ্ধার করতে সক্ষম হয়েছে, তথা বিচার বিভাগ কলংকমুক্ত হয়েছে। মাননীয় বিচারপতি এ, বি, এম, খায়রুল হক তাঁর ঐতিহাসিক রায়ে দ্ব্যর্থহীনভাবে বলেন যে,

“We have held earlier held in general that there was no legal existence of Martial Law and consequently of no Martial Law Authorities, as such, all Proclamations etc. were illegal, void ab initio and non est in the eye of law. This we have held strictly in accordance with the dictates of the Constitution, the supreme law to which all Institutions including the Judiciary owe its existence. We are bound to declare what have to be declared, in vindication of our oath taken in accordance with the Constitution, otherwise, we ourselves would be violating the Constitution and the oath taken to protect the Constitution and

thereby betraying the Nation. We had no other alternative, rather we are obliged to act strictly in accordance with the provisions of the Constitution.

The learned Advocates for the respondents raised the possibility of chaos or confusion that may arise if we declare the said Proclamations, MLRs and MLOs and the acts taken thereunder as illegal, void ab initio and non est. We are not unmindful of such an apprehension although unlikely but we have no iota of doubts about the illegalities of those Proclamations etc. What is wrong and illegal shall remain so forever. There cannot be any acquiescence in case of an illegality. It remains illegal for all time to come. A Court of Law cannot extend benefit to the perpetrators of the illegalities by declaring it legitimate. It remains illegitimate till eternity. The seizure of power by Khandaker Moshtaque Ahmed and his band of renegades, definitely constituted offences and shall remain so forever. No law can legitimize their actions and transactions. The Martial Law Authorities in imposing Martial Law behaved like an alien force conquering Bangladesh all over again, thereby transforming themselves as usurpers, plain and simple.

Be that as it may, although it is very true that illegalities would not make such continuance as a legal one but in order to protect the country from irreparable evils flowing from convulsions of apprehended chaos and confusion and in bringing the country back to the road map devised by its Constitution, recourse to the doctrine of necessity in the paramount interest of the nation becomes imperative. In such a situation, while holding the Proclamations etc. as illegal and void ab initio, we provisionally condone the Ordinances, and provisions of the various Proclamations, MLRs and MLOs save and except those are specifically denied above, on the age old principles, such as, *Id quod Alias Non Est Licetum, Necessitas Licetum Facit* (That which otherwise is not lawful, necessity makes lawful), *Salus populi suprema lex* (safety of the people is the supreme law) and *salus republicae est suprema lex* (safety of the State is the supreme law).

In this connection it may again be reminded that those Proclamations etc. were not made by the Parliament but by the usurpers and dictators. To them, we would use Thomas Fuller's warning sounded over 300 years ago: 'be you ever so high, the law is above you.' (Quoted from the Judgment of Lord Denning's *M.R. Gouriet V. Union of Post Office Workers* (1977) 1 QB 729 at page-762).

Fiat justitia, ruat caelum.

PART XXXVI: Summary

To summarise, we hold:

1. Bangladesh is a Sovereign Democratic Republic, governed by the Government of laws and not of men.
2. The Constitution of Bangladesh being the embodiment of the will of the Sovereign People of the Republic of Bangladesh, is the supreme law and all other laws, actions and proceedings. Must conform to it and any law or action or proceeding, in whatever form and manner, if made in violation of the Constitution, is void and non est.
3. The Legislature, Executive and the Judiciary are the three pillars of the Republic, created by the

Constitution, as such are bound by its provisions. The Legislature makes the law, the Executive runs the government in accordance with law and the Judiciary ensures the enforcement of the provisions of the Constitution.

4. *All Functionaries of the Republic and all services of the Republic, namely, Civil Service, Defence Services and all other services, owe its existence to the Constitution and must obey its edicts.*
5. *State of emergency can only be declared by the President of the Republic on the advice of the Prime Minister, in case of imminent danger to the security or economic life of the Republic.*
6. *The Constitution stipulates a democratic Republic, run by the elected representatives of the people of Bangladesh but any attempt by any person or group of persons, how high so ever, to usurp an elected government, shall render themselves liable for high treason.*
7. *A proclamation can only be issued to declare an existing law under the Constitution, but not for promulgating a new law or offence or for any other purpose.*
8. *There is no such law in Bangladesh as Martial Law and no such authority as Martial Law Authority, as such, if any person declares Martial Law, he will be liable for high treason against the Republic. Obedience to superior orders is itself no defence.*
9. *The taking over of the powers of the Government of the People's Republic of Bangladesh with effect from the morning of 15th August, 1975, by Khandaker Mushtaque Ahmed, an usurper, placing Bangladesh under Martial Law and his assumption of the office of the President of Bangladesh, were in clear violation of the Constitution, as such, illegal, without lawful authority and without jurisdiction.*
10. *The nomination of Mr. Justice Abusadat Mohammad Sayem, as the President of Bangladesh, on November, 6, 1975, and his taking over of the Office of President of Bangladesh and his assumption of the powers of the Chief Martial Law Administrator and his appointment of the Deputy Chief Martial Law Administrators by the Proclamation issued on November 8, 1975, were all in violation of the Constitution.*
11. *The handing over of the Office of Martial Law Administrator to Major General Ziaur Rahman B.U., PSC., by the aforesaid Justice Abusadat Mohammad Sayem, by the Third proclamation issued on November 29, 1976, enabling the said Major General Ziaur Rahman, to exercise all the powers of the Chief Martial Law Administrator, was beyond the ambit of the Constitution.*

12. *The nomination of Major General Ziaur Rahman, B.U., to become the President of Bangladesh by Justice Abusadat Mohammad Sayem, the assumption of office of the President of Bangladesh by Major General Ziaur Rahman, B.U., were without lawful authority and without jurisdiction.*
13. *The Referendum Order, 1977 (Martial Law Order No.1 of 1977), published in Bangladesh Gazette On 1st May, 1977, is unknown to the Constitution, being made only to ascertain the confidence of the people of Bangladesh in one person, namely, Major General Ziaur Rahman, B.U.*
14. *All Proclamations, Martial Law Regulations and Martial Law Orders made during the period from August 15, to April 9, 1979, were illegal, void and non est because:*

- i) *Those were made by persons without lawful authority, as such without jurisdiction,*
- ii) *The Constitution was made subordinate and subservient to those Proclamations, Martial Law Regulations and Martial Law Orders,*
- iii) *Those provisions disgraced the Constitution which is the embodiment of the will of the people of Bangladesh, as such disgraced the people of Bangladesh also,*
- iv) *From August, 15, 1975 to April 7, 1979, Bangladesh was ruled not by the representatives of the people but by the usurpers and dictators, as such, during the said period the people and their country, the Republic of Bangladesh, lost its sovereign republic character and was under the subjugation of the dictators,*
- v) *The Proclamations etc., destroyed the basic character of the Constitution, such as, change of the secular character, negation of Bangalee nationalism, negation of Rule of law, ouster of the jurisdiction of Court, denial of those constitute seditious offence.*

15. *Paragraph 3A was illegal, firstly because it sought to validate the Proclamations, MLRs and MLOs which were illegal, and secondly, Paragraph 3A, made by the Proclamation Orders, as such, itself was void.*
16. *The Parliament may enact any law but subject to the Constitution. The Constitution (Fifth Amendment) Act, 1979 is ultra vires, because:*

Firstly, Section 2 of the Constitution (Fifth Amendment) Act, 1979, enacted Paragraph 18, for its insertion in the Fourth Schedule to the Constitution, in order to ratify, confirm and validate the Proclamations, MLRs and MLOs etc. during the period from August 15, 1975 to April 9, 1979. Since those Proclamations, MLRs, MLOs etc., were illegal and void, there were nothing for the Parliament to ratify, confirm and validate.

Secondly, the Proclamations etc., being illegal and constituting offence, its ratification, confirmation and validation, by the Parliament were against common right and reason.

Thirdly, the Constitution was made subordinate and subservient to the Proclamations etc.

Fourthly, those Proclamations etc. destroyed its basic features.

Fifthly, ratification, confirmation and validation do not come within the ambit of 'amendment' in Article 142 of the Constitution.

Sixthly, lack of long title which is a mandatory condition for amendment, made the amendment void.

Seventhly, the Fifth Amendment was made for a collateral purpose which constituted a fraud upon the people of Bangladesh and its Constitution.

17. The Fourth Schedule as envisaged under Article 150 is meant for transitional and temporary provisions, since Paragraph 3A and 18, were neither transitional nor temporary, the insertion of those paragraphs in the Fourth Schedule are beyond the ambit of Article 150 of the Constitution.

18. The turmoil or crisis in the country is no excuse for any violation of the Constitution or its deviation on any pretext. Such turmoil or crisis must be faced and quelled within the ambit of the Constitution and the laws made thereunder, by the concerned authorities, established under the law for such purpose.

*19. Violation of the Constitution is a grave legal wrong and remains so for all time to come. It cannot be legitimized and shall remain illegitimate forever, however, on the necessity of the State only, such legal wrongs can be condoned in certain circumstances, invoking the maxims, *Id quod Alias Non Est Licitum, Necessitas Licitum Facit, salus populi est suprema lex and salus republicae est suprema lex.**

20. As such, all acts and things done and actions and proceedings taken during the period from August 15, 1975 to April 9, 1979, are condoned as past and closed transactions, but such condonations are made not because those are legal but only in the interest of the Republic in order to avoid chaos and confusion in the society, although distantly apprehended, however, those remain illegitimate and void forever.

21. Condonations of provisions were made, among others, in respect of provisions, deleting the various provisions of the Fourth Amendment but no

condonation of the provisions was allowed in respect of omission of any provision enshrined in the original Constitution. The Preamble, Article 6,8,9,10,12,25, and 142 remain as it was in the original Constitution. No condonation is allowed in respect of change of any of these provisions of the Constitution. Besides, Article 95, as amended by the Second Proclamation Order No. IV of 1976, is declared valid and retained.

We further declare:

- i) *The Constitution (Fifth Amendment) Act, 1979 (Act 1 of 1979) is declared illegal and void ab initio, subject to condonations of the provisions and actions taken thereon as mentioned above.*
- ii) *The “ratification and confirmation” of The Abandoned Properties (Supplementary Provisions) Regulation, 1977 (Martial Law Regulation No. VII of 1977) and Proclamations (Amendment) Order, 1977 (Proclamation Order No. 1 of 1977) with regard to insertion of Paragraph 3A to Fourth Schedule of the Constitution by Paragraph 18 of the Fourth Schedule of the Constitution added by the Constitution (Fifth Amendment) Act, 1979 (Act 1 of 1979), is declared to have been made without lawful authority and is of no legal effect.*

We further direct the respondents to handover the physical possession of the premises, known as moon Cinema Hall at 11, Wiseghat, Dhaka, in favour of the Petitioners, within 60 (Sixty) days from the date of receipt of the copy of this Judgment and Order.

In the result, the Rule is made absolute but without any order as to costs.

Before, parting with the case, I would like to express my deep gratitude to the learned Advocates appearing in this case for their unfailing assistance to us. I have enriched my knowledge by their profound learning and experience. I would like to put it on record my deep appreciation for all of them.”

উপরের রায়টি পর্যালোচনায় ইহা কাঁচের মত পরিস্কার যে, উপরিউক্ত ঐতিহাসিক রায়ের মাধ্যমে বিচারপতি এ,বি,এম খায়রুল হক আর্মি রুলস ভঙ্গকারী দখলদার অবৈধ রাষ্ট্রপতি মেজর জেনারেল জিয়াউর রহমান কর্তৃক নিজের খেয়ালখুশি মোতাবেক সংবিধান সংশোধন করে ‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ সম্বলিত সংবিধানের যে ৯৬ অনুচ্ছেদটি প্রবর্তন করেন তা সম্পূর্ণরূপে বেআইনী এবং বাতিল মর্মে ঘোষণা করেন।

পরবর্তীতে উক্ত রায়ে সংশ্লিষ্ট হয়ে খন্দকার দেলোয়ার হোসেন (তৎকালীন সেক্রেটারী, বি এন পি) এবং মুন্সী আহসান কবির এবং অন্যরা আপীল বিভাগে সি.পি নং ১০৪৪/২০০৯ এবং সি.পি. নং ১০৪৫/২০০৯ যথাক্রমে দাখিল করেন। উক্ত সিভিল পিটিশন ফর লীভ টু আপীল দুইটি মাননীয় প্রধান

বিচারপতি মোঃ তাফাজ্জাল ইসলাম মহোদয়ের নেতৃত্বে মহামান্য আপীল বিভাগ এর পূর্ণাঙ্গ বেঞ্চে একত্রে শুনানী অন্তে বিগত ১ লা ফেব্রুয়ারী ২০১০ তারিখে নিম্নরূপভাবে খারিজ করেনঃ

“353. We, therefore, sum up as under:

1. Both the leave petitions are dismissed;

2. The judgment of the High Court Division is approved subject to the following modifications:-

(a) All the findings and observations in respect of Article 150 and the Fourth Schedule in the judgment of the High Court Division are hereby expunged, and the validation of Article 95 is not approved;

3. In respect of condonation made by the High Court Division, the following modification is made and condonations are made as under:

(a) all executive acts, things and deeds done and actions taken during the period from 15th August 1975 to 9th April, 1979 which are past and closed;

(b) the actions not derogatory to the rights of the citizens;

(c) all acts during that period which tend to advance or promote the welfare of the people;

(d) all routine works done during the above period which even the lawful government could have done.

(e) (i) the Proclamation dated 8th November, 1975 so far it relates to omitting part VIA of the Constitution;

(i) the proclamations (Amendment) Order 1977 (Proclamations Order No.1 of 1977) relating to Article 6 of the Constitution.

(ii) (iii) the Second Proclamation (Seventh Amendment) Order, 1976 (Second Proclamation Order IV of 1976) and the Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No.1 of 1977) so far it relates to amendment of English text of Article 44 of the Constitution;

(iv) the Second Proclamation (Fifteenth Amendment) Order, 1978 (Second Proclamation Order No. IV of 1978) so far it relates to substituting Bengali text of Article 44;

(v) The Second Proclamation (Tenth Amendment) Order, 1977 (Second Proclamation Order No. 1 of 1977) so far it relates to inserting Clauses (2), (3), (4), (5), (6) and (7) of the Article 96 i.e. provisions relating to Supreme Judicial Council and also clause (1) of Article 102 of the Constitution, and

(f) all acts and legislative measures which are in accordance with, or could have been made under the original Constitution.

354. While dismissing the leave petitions we are putting on record our total disapproval of Martial Law and suspension of the Constitution or any part thereof in any form. The perpetrators of such illegalities should also be suitably punished and condemned so that in future no adventurist, no usurper, would dare to defy the people, their Constitution, their Government, established by

them with their consent. However, it is the Parliament which can make law in this regard. Let us bid farewell to all kinds of extra constitutional adventure forever.”

উপর্যুক্ত রায় পর্যালোচনায় দেখা যায় যে, মাননীয় আপীল বিভাগ “সুপ্রিম জুডিসিয়াল কাউন্সিল” সম্বলিত সংবিধানের ৯৬ অনুচ্ছেদটি মার্জনা (condoned) করেন। অতঃপর মাননীয় আপীল বিভাগের মতামতের প্রতি শ্রদ্ধা রেখে জাতীয় সংসদ ‘সুপ্রিম জুডিসিয়াল কাউন্সিল’ সম্বলিত সংবিধানের ৯৬ অনুচ্ছেদটি রেখে (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) পাস করেন, যা ৩রা জুলাই ২০১১ তারিখ থেকে কার্যকর হয়।

ইতোমধ্যে মাননীয় আপীল বিভাগের উক্ত রায়ের বিরুদ্ধে সিভিল রিভিউ দরখাস্ত নং ১৭-১৮/২০১১ দায়ের করা হয়। মাননীয় আপীল বিভাগ বিগত ২৯.০৩.২০১১ ইং তারিখে উক্ত সিভিল রিভিউ আবেদন নিষ্পত্তি করে আদেশ প্রদান করেন। উক্ত আদেশের মাধ্যমে আপীল বিভাগ আর্মি রুলস ভঙ্গকারী অবৈধ দখলদার রাষ্ট্রপতি মেজর জেনারেল জিয়াউর রহমান কর্তৃক সংযোজিত ‘সুপ্রিম জুডিসিয়াল কাউন্সিল’ সম্বলিত সংবিধানের অনুচ্ছেদ ৯৬ সীমিত সময়ের জন্য তথা ৩১ শে ডিসেম্বর ২০১২ পর্যন্ত মার্জনা (Condoned) করেন। ফলশ্রুতিতে ৩১শে ডিসেম্বর ২০১২ তারিখের পর হতে আপীল বিভাগের রায় মোতাবেক ‘সুপ্রিম জুডিসিয়াল কাউন্সিল’ সম্বলিত সংবিধানের ৯৬ অনুচ্ছেদটি আপনা আপনি বিলুপ্ত তথা বাতিল হয়ে গিয়েছে।

আরো সুস্পষ্টভাবে বলা যায়, মাননীয় আপীল বিভাগের সিভিল রিভিউ দরখাস্তের বিগত ২৯.০৩.২০১১ তারিখের রায় মোতাবেক আর্মি রুলস ভঙ্গকারী দখলদার রাষ্ট্রপতি মেজর জেনারেল জিয়াউর রহমান বেয়নেটের খোঁচায় সংবিধান সংশোধন করতঃ “ সুপ্রিম জুডিসিয়াল কাউন্সিল” সম্বলিত যে অনুচ্ছেদ ৯৬ প্রবর্তন করে, ১লা জানুয়ারী ২০১৩ ইং তারিখ থেকে তার কবর রচনা হয় এবং এর মাধ্যমে মাননীয় আপীল বিভাগ সর্বকালের সর্ব শ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার ছুপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর নেতৃত্বে সংবিধান প্রণয়ন কমিটির বিজ্ঞ সদস্য ও গণপরিষদের ৪০৩ জন সদস্যের অক্লান্ত পরিশ্রমে প্রণীত আমাদের মূল সংবিধানকে রক্ষা করেন। কারণ সংসদ কর্তৃক বিচারপতি অপসারণ সম্বলিত সংবিধানের ৯৬ অনুচ্ছেদটি প্রণয়ন করেছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে খসড়া সংবিধান প্রণয়ন কমিটির বিজ্ঞ সদস্যবৃন্দ এবং গণপরিষদের ৪০৩ জন সদস্য। আমাদের সুরণ রাখা কর্তব্য যে, আমাদের এই সংবিধান ত্রিশ লক্ষ শহীদের রক্তের বিনিময়ে এবং দুই লক্ষ মা-বোনের সম্মতের বিনিময়ে অর্জিত।

সুপ্রীম কোর্টের আইনগত দায়িত্ব একজন আর্মি রুলস ভঙ্গকারী অবৈধ দখলদার রাষ্ট্রপতি মেজর জেনারেল জিয়াউর রহমান কর্তৃক তার একক খেয়ালখুশি মোতাবেক সংবিধান সংশোধন করে ‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ কর্তৃক বিচারক অপসারণ প্রক্রিয়া সংবিধানের ৯৬ অনুচ্ছেদে অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত সামরিক ফরমানকে উপড়ে ফেলা তথা অবৈধ এবং অসাংবিধানিক মর্মে ঘোষণা করে বাতিল করা, যা আমাদের তৎকালীন সুপ্রীম কোর্ট করতে ব্যর্থ হয়েছে। আমাদের সুপ্রীম কোর্টকে সেই লজ্জা থেকে তথা কলঙ্ক থেকে মুক্ত করেছেন বিচারপতি এ, বি, এম, খায়রুল হক তার পঞ্চম সংশোধনী মামলায় রায়ের

মাধ্যমে ২০০৫ সালে। পরবর্তীতে প্রধান বিচারপতি মোঃ তাফাজ্জাল ইসলাম ঐর নেতৃত্বে আমাদের আপীল বিভাগ ২৯.০৩.২০১১ তারিখে সিভিল রিভিউ দরখাস্ত নং ১৭-১৮/২০১১ এর রায়ে কফিনের শেষ পেরেকটি ঠুকে সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল সম্বলিত ৯৬ অনুচ্ছেদটি কবরস্ত করেন। সুতরাং এটা সুস্পষ্ট যে, আমাদের মহান জাতীয় সংসদ সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ (২০১৪ সনের ১৩ নং আইন) প্রণয়ন করে আমাদের সংবিধানকে কলঙ্কমুক্ত করেন, বিচার বিভাগের সত্যিকার স্বাধীনতা পুনঃপ্রতিষ্ঠা করেন। ত্রিশ লক্ষ বাঙ্গালীর আত্মত্যাগের বিনিময়ে এবং দুই লক্ষ মা-বোনের সম্মত বিনিময়ে আমাদের অর্জিত সংবিধানকে আমরা ফেরৎ পেলাম। সে কারণে আমি বর্তমান মহান জাতীয় সংসদকে বিচার বিভাগের পক্ষ থেকে সশ্রদ্ধ কৃতজ্ঞতা প্রকাশ করছি।

দরখাস্তকারীর অত্র রীট পিটিশনটি পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করে দেখলাম। অত্র রীট পিটিশানের কোথাও সুস্পষ্টভাবে দরখাস্তকারী বলেন নি যে সংবিধানের কোন্ বিধান তথা কোন্ অনুচ্ছেদ এর ব্যত্যয় ঘটিয়ে মহান জাতীয় সংসদ বর্তমান সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ প্রণয়ন করেন। অর্থাৎ দরখাস্তকারী প্রমাণ করতে ব্যর্থ হয়েছেন যে, সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ আইনটি সংবিধানের বিধানাবলীর সহিত অসামঞ্জস্যপূর্ণ তথা অসাংবিধানিক।

সুতরাং এটা নির্দিষ্ট বলা যায় যে, বেয়নেটের খোঁচায় আর্মি রুলস ভঙ্গকারী অবৈধ দখলদার রাষ্ট্রপতি মেজর জেনারেল জিয়াউর রহমানের একক ইচ্ছায় প্রণীত ‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ সম্বলিত সংবিধান ৯৬ অনুচ্ছেদটি সংবিধান পরিপন্থী এবং মাননীয় আপীল বিভাগের রায়ের পরিপন্থী এবং সর্বোপরি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে খসড়া সংবিধান প্রণয়ন কমিটির বিজ্ঞ সদস্যবৃন্দ এবং গণপরিষদের ৪০৩ জন সদস্যবৃন্দের কর্ম, আদর্শকে অবমূল্যায়ন করার সামিল; তথা সংবিধানের প্রস্তাবনার পরিপন্থী তথা সংবিধান পরিপন্থী তথা বাতিল আইন।

সংসদ কর্তৃক বিচারক অপসারণ ব্যবস্থা আমেরিকা, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, কানাডা এবং ভারতসহ উন্নত দেশগুলোতে বিরাজমান। অপরদিকে ‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ শুধুমাত্র পাকিস্তানে বিরাজমান।

‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ সম্বলিত ৯৬ অনুচ্ছেদটি অবৈধভাবে সংবিধান সংশোধন করে সংবিধানে সংযোজন করেছে সামরিক শৃংখলা ভংগকারী তথা আর্মি রুলস ভঙ্গকারী অবৈধ রাষ্ট্রপতি মেজর জেনারেল জিয়াউর রহমান তার বেয়নেটের খোঁচায়। অপরদিকে সংসদ কর্তৃক বিচারক অপসারণ ব্যবস্থা সম্বলিত ৯৬ অনুচ্ছেদটি মূল সংবিধানে প্রণয়ন করেছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নেতৃত্বে খসড়া সংবিধান প্রণয়ন কমিটির বিজ্ঞ সদস্যবৃন্দ এবং গণপরিষদের ৪০৩ জন সদস্যবৃন্দ।

সুতরাং এটা নির্দিষ্ট বলা যায় যে, সামরিক জাল্টা কর্তৃক বেয়নেটের খোঁচায় প্রণীত ‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ বিচার বিভাগের স্বাধীনতার পরিপন্থী। সংবিধানের প্রস্তাবনায় বর্ণিত মহান আদর্শ সমূহের পরিপন্থী তথা অসাংবিধানিক এবং সংবিধানের মূল কাঠামোর পরিপন্থী।

তাইতো আমরা দেখি তথাকথিত ‘সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল’ এর আওতায় বিচার বিভাগ এতই স্বাধীন ছিল যে, ‘হালিমা খাতুন বনাম বাংলাদেশ গং’ (৩০ ডি.এল.আর (এস.সি) ১৯৭৮ পাতা

২০৭) মামলায় সুপ্রীম কোর্টের বিচারপতি ফজলে মুনিম, ‘রাষ্ট্র বনাম হাজী জয়নাল আবেদিন এবং অন্যান্য’ (৩২ ডি.এল.আর (এ.ডি) ১৯৮০ পাতা ১১০) মামলায় বিচারপতি রুহুল ইসলাম সংবিধানকে প্রক্লামেশনের তথা সামরিক ফরমানের নিচে স্থান দেন তথা সংবিধানকে সামরিক ফরমান এবং আদেশের নিচে মর্মে ঘোষণা করেন।

আমাদের সংবিধান লিখিত এবং প্রায় অপরিবর্তনীয়। শুধুমাত্র এবং একান্তভাবে অপরিহার্য হলে সংবিধান, সংবিধানের প্রস্তাবনা, প্রস্তাবনায় উল্লিখিত জাতীয় মুক্তির জন্য আমাদের যে ঐতিহাসিক সংগ্রাম এবং যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদগণকে প্রণোৎসর্গ করতে উদ্বুদ্ধ করেছিল সেই সকল মহান আদর্শসমূহকে, মহান মুক্তিযুদ্ধ এবং স্বাধীনতার চেতনাকে ধারণ করে এবং এর সাথে সামঞ্জস্য রেখে এবং সংবিধানের দ্বিতীয় ভাগে বর্ণিত রাষ্ট্র পরিচালনার মূলনীতির সাথে সামঞ্জস্য রেখে এবং মৌলিক অধিকারসমূহকে ন্যূনতম বা বিন্দুমাত্র ক্ষতিগ্রস্ত না করে সংবিধান সংশোধন করা যেতে পারে।

উপর্যুক্ত আলোচনা এবং পর্যালোচনায় আমার মতামত হল, মহান জাতীয় সংসদ সংবিধানসম্মত ভাবেই সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ (২০১৪ সনের ১৩ নং আইন) প্রণয়ন করেছেন। সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ (২০১৪ সনের ১৩ নং আইন) সংবিধান সম্মত। বিচার বিভাগের সত্যিকার স্বাধীনতা সমুন্নত থাকবে সংসদ কর্তৃক বিচারপতি অপসারণ প্রক্রিয়া সম্বলিত ৯৬ অনুচ্ছেদটি বিদ্যমান থাকলে। কারণ সংসদ কর্তৃক বিচারপতি অপসারণ প্রক্রিয়া সম্বলিত ৯৬ অনুচ্ছেদটি হল আমাদের মূল সংবিধান এর অংশ তথা সংবিধানের মূল কাঠামো।

যেহেতু অভিজ্ঞ বিচারকের সংকট দিন দিন প্রকট আকার ধারণ করছে, সেহেতু আমি মনে করি সুপ্রীম কোর্টের বিচারকদের বয়স ৭৫ বৎসরে উন্নীত করা একান্তভাবে প্রয়োজন এবং অপরিহার্য হয়ে পড়েছে। সেই লক্ষ্যে আমি মহান জাতীয় সংসদের নিকট সংবিধানের ৯৬ অনুচ্ছেদের (১) উপ-ধারা সংশোধনপূর্বক বিচারকদের বয়স ৬৭ এর স্থলে ৭৫ করার প্রস্তাব করছি।

আমি বিচারক অপসারণ সংক্রান্ত “ বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিচারকদের অসদাচরণ বা অসামর্থ (তদন্ত ও প্রমাণ) আইন, ২০১৬” শীর্ষক বিলের খসড়া পর্যালোচনা করলাম। “বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিচারকদের অসদাচরণ বা অসামর্থ (তদন্ত ও প্রমাণ) আইন, ২০১৬” শীর্ষক বিলটি জনগুরুত্বপূর্ণ বিধায় উক্ত বিলটির বিষয়ে সংবিধানের অনুচ্ছেদ ১০৬ মোতাবেক মহামান্য রাষ্ট্রপতি সুপ্রীম কোর্টের মতামত গ্রহণের নিমিত্ত মহামান্য আপীল বিভাগের বিবেচনার জন্য প্রেরণ করলে মহামান্য আপীল বিভাগ স্বীয় বিবেচনায় উপযুক্ত শুনানীর পর বিলটি সম্পর্কে মহামান্য রাষ্ট্রপতিকে সুপ্রীম কোর্টের মতামত প্রেরণ করতে পারবেন। তাহলে বিষয়টি সবচেয়ে সুন্দরভাবে সকলের নিকট গ্রহণযোগ্যভাবে নিষ্পত্তি হবে বলে আমার বিশ্বাস। সংবিধানের অনুচ্ছেদ ১০৬ নিম্নরূপঃ

“সুপ্রীম কোর্টের উপদেষ্টামূলক
এখতিয়ার

১০৬. যদি কোন সময়ে রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হয় যে,
আইনের এইরূপ কোন প্রশ্ন উত্থাপিত হইয়াছে বা উত্থাপনের
সম্ভাবনা দেখা দিয়াছে, যাহা এমন ধরনের ও এমন
জনগুরুত্বসম্পন্ন যে, সেই সম্পর্কে সুপ্রীম কোর্টের মতামত গ্রহণ

করা প্রয়োজন, তাহা হইলে তিনি প্রশ্নটি আপীল বিভাগের বিবেচনার জন্য প্রেরণ করিতে পারিবেন এবং উক্ত বিভাগ স্বীয় বিবেচনায় উপযুক্ত শুনানীর পর প্রশ্নটি সম্পর্কে রাষ্ট্রপতিকে স্বীয় মতামত জ্ঞাপন করিতে পারিবেন।”

সুতরাং উপর্যুক্ত আলোচনা ও পর্যালোচনায় ইহা সুস্পষ্ট যে, বর্তমান দরখাস্তকারী সংবিধান এবং আইন এর বিষয়ে ভ্রান্ত ধারণায় পতিত হয়ে রীট মোকদ্দমাটি দায়ের করেছেন, যা সংবিধান এর সাথে সাংঘর্ষিক বিধায় রুলটি খারিজযোগ্য বলে আমার অভিমত।

অতএব,

ফলাফল, অত্র রুলটি বিনা খরচায় খারিজ করা হল।

উভয় পক্ষের বিজ্ঞ আইনজীবীবৃন্দ এবং বিশেষ করে বিজ্ঞ *Amicus Curiae* আইনজীবীবৃন্দকে তাদের গভীর প্রজ্ঞাময় সহায়তার জন্য ধন্যবাদ প্রদান করা হল।